-----------------------------------	--	--	--	--	--	--	-------	-------

অংশ 'খ'

ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদধারীগণের সিলেকশন খেডের জন্য
সাঁট-লিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি।

cɕ`i bvg	muvUwjwc		gy`avŋi	
	BsɕiRxɕZ me©wbgœ MwZ (cÖwZ wgwbɕU)	evsjvq me©wbgœ MwZ (cÖwZ wgwbɕU)	BsɕiRxɕZ me©wbgœ MwZ (cÖwZ wgwbɕU)	evsjvq me©wbgœ MwZ (cÖwZ wgwbɕU)
e`w³MZ Kg©KZ©v	100 kã	70 kã	35 kã	30 kã
muvU- gy`avŋwiK/ Kwɔ́DUvi AcvɕiUi	80 kã	50 kã	30 kã	25 kã

ব্যাখ্যা :

- (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি শ্লোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।
- (৫) ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদে সিলেকশন গ্রেড প্রাপ্তির জন্য অংশ-খ প্রযোজ্য হইবে।

তফসিল-৫

অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি।

çî'î bvg	B sîiRxçZ ne©wbgœ MwZ (cÖwZ wgwb†U)	evsjv†Z ne©wbgœ MwZ (cÖwZ wgwb†U)	BsîiRx gy`ªv¶i cix¶ivq †gvU bª¶i	evsjv gy`ªv¶i cix¶ivq †gvU bª¶i	cÖwZ wel†q cvm bª¶i	Mo cvm bª¶i	BsîiRx cix¶iv mgq	evsjv cix¶iv mgq
Awdm mnKvix- Kvg gy`ªv¶iwik/ WvUv Gw>U ^a Acv†iUi	20 kã	20 kã	50	50	40%	50%	10 wgwbU	10 wgwbU

ব্যাখ্যা :

- (৬) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি শ্লোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (৭) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

৩৬০

(৮) সৰ্বনিম্ন গতিকে পাস নম্বৰ (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এফ এম সোলায়মান চৌধুরী
সচিব।

৩৬১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সওব্য অনুবিভাগ

প্রজ্ঞাপন

নং সম/সওব্য/টিম-১(সংস্থাপন-সাংকাঃ)-২৪/৯৪-১৭০, তারিখ, ১৩-৯-৯৫ইং/২৯-৫-১৪০২বাং

সরকার বাংলাদেশ সচিবালয়ের সহকারী সচিব'এর ফিডার পদে কর্মরত নিম্নেবর্ণিত কর্মচারীগণের পদবী বর্তমান পদের দায়িত্ব, সুবিধাদি/বেতন স্কেল, কর্মপরিধি ও পদমর্যাদা অপরিবর্তিত রাখিয়া নিম্নরূপভাবে পরিবর্তন করিলেন ঃ—

বর্তমান পদবী	পরিবর্তিত পদবী
১। (ক) প্রধান সহকারী (খ) শাখা সহকারী (গ) উচ্চমান সহকারী (ঘ) বাজেট পরীক্ষক	প্রশাসনিক কর্মকর্তা Administrative Officer (A.O.)
২। সাঁটলিপিকার	ব্যক্তিগত কর্মকর্তা Personal Officer (P.O.)

এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

নং সম(প্রঃ-১)-৭৩/২০০০(অংশ)-১১৪১, তারিখ, ১৫ অগ্রহায়ণ, ১৪১৩/২৯ নভেম্বর, ২০০৬

সরকার বাংলাদেশ সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ফিডার পদে কর্মরত নিম্নেবর্ণিত কর্মচারীগণের পদবী বর্তমান পদের দায়িত্ব, সুবিধাদি/বেতন স্কেল, কর্মপরিধি ও পদমর্যাদা অপরিবর্তিত রেখে নিম্নরূপভাবে পরিবর্তন করিলেন ঃ—

বর্তমান পদবী	পরিবর্তিত পদবী
১। (ক) অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক (খ) মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী (গ) মুদ্রাক্ষরিক	অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত নন-গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ জারীকৃত প্রজ্ঞাপনের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এএফএম সোলায়মান চৌধুরী
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই ফেব্রুয়ারী ১৯৯৫/২রা ফাল্গুন ১৪০১

নং এস,আর,ও ২৪-আইন/৯৫-সম/বিধি-১/আর-৫৯/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা;
- (চ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিসি হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ছ) “স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বা স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে ঃ—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে;
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না;

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড, অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত হইয়া থাকে ও তদন্তে ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্ফুরে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, বাস্ফুর নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।
- (৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাকে, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—
 - (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং
 - (খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—
 - (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং
 - (আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ—মন্ত্রণালয়/বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১	হিসাব রক্ষণ কর্মকর্তা		(১) নিম্ন বর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমেঃ (ক) অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা; (খ) হিসাব রক্ষক; (গ) কোষাধ্যক্ষ; এবং (ঘ) সহকারী হিসাব রক্ষক (২) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে শ্রেণিতে বদলীর মাধ্যমে।	(ক) অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর চাকুরী; (খ) হিসাব রক্ষক পদে অথবা হিসাব রক্ষক ও অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা উভয় পদে কমপক্ষে ৬(ছয়) বৎসর চাকুরী; (গ) কোষাধ্যক্ষ পদে অথবা কোষাধ্যক্ষ, হিসাব রক্ষক ও অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা সকল পদে কমপক্ষে ৮(আট) বৎসর চাকুরী। (ঘ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষক, কোষাধ্যক্ষ ও সহকারী হিসাব রক্ষক এর সকল পদে কমপক্ষে ১০(দশ) বৎসর চাকুরী;
২	অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা	-	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমেঃ (ক) হিসাব রক্ষক; (খ) কোষাধ্যক্ষ; (গ) সহকারী হিসাব রক্ষক এবং;	(১) পদোন্নতির ক্ষেত্রে ঃ (ক) হিসাব রক্ষণ পদে কমপক্ষে ৩(তিন) বৎসর চাকুরী; (খ) কোষাধ্যক্ষ পদে অথবা কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক উভয় পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর চাকুরী; (গ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা সহকারী হিসাব রক্ষক, কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক সকল পদে কমপক্ষে ৭(সাত) বৎসর চাকুরী;

১	২	৩	৪	৫
			(ঘ) ক্যাশিয়ার।	(ঘ) ক্যাশিয়ার পদে অথবা হিসাব রক্ষক/ কোষাধ্যক্ষ/ সহকারী হিসাব রক্ষক/ ক্যাশিয়ার সকল পদে কমপক্ষে ৯(নয়) বৎসর চাকুরী;
	২১ হইতে ৩০ বৎসর		(২) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী।
৩	হিসাব রক্ষক	-	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমেঃ— (ক) কোষাধ্যক্ষ; (খ) সহকারী হিসাব রক্ষক; এবং (গ) ক্যাশিয়ার।	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) কোষাধ্যক্ষ পদে কমপক্ষে ২(দুই) বৎসর চাকুরী; (খ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার উভয় পদে কম পক্ষে ৪(চার) বৎসরের চাকুরী; (গ) ক্যাশিয়ার পদে অথবা কোষাধ্যক্ষ, সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার সকল পদে কমপক্ষে ৬(ছয়) বৎসরের চাকুরী;
	অনূর্ধ্ব ৩০ বৎসর		(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৪	কোষাধ্যক্ষ		(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমেঃ— (ক) সহকারী হিসাব রক্ষক; এবং (খ) ক্যাশিয়ার	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) সহকারী হিসাব রক্ষক পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী (খ) ক্যাশিয়ার পদে অথবা সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার উভয় পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী;

১	২	৩	৪	৫
	অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৫	সহকারী হিসাব রক্ষক	-	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে :- (ক) ক্যাশিয়ার এবং (খ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক	(১) পদোন্নতির ক্ষেত্রে : (ক) ক্যাশিয়ার পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী; (খ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদে অথবা ক্যাশিয়ার ও নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক উভয় পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী;
	অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
৬	ক্যাশিয়ার	-	(১) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(১) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী;
	অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
৭	নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক	-	নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, পেণ্ডইন পেপার কপিয়ার, ডুপিণ্ডকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি অনুযায়ী।	

১	২	৩	৪	৫
৮	ক্যাশ সরকার	-	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে ঃ— (ক) রেকর্ড সাপণ্টাইয়ার ও দপ্তরী; এবং (খ) এম,এল,এস,এস।	(১) পদোন্নতির ক্ষেত্রে ঃ রেকর্ড সাপণ্টাইয়ার এবং/অথবা দপ্তরী পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী; (খ) এম,এল,এস,এস পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর চাকুরী;
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৯	মোহরার	অনূর্ধ্ব ৩০ বৎসর	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে ঃ— (ক) রেকর্ড সাপণ্টাইয়ার ও দপ্তরী, এবং (খ) এম,এল,এস,এস।	(১) পদোন্নতির ক্ষেত্রে ঃ রেকর্ড সাপণ্টাইয়ার এবং/অথবা দপ্তরী পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী; (খ) এম,এল,এস,এস পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর চাকুরী;
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১০	রেকর্ড সাপ- ইয়ার	-	(১) এম,এল,এস,এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	(১) পদোন্নতির ক্ষেত্রে ঃ ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী;
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

হাবিবুর রহমান
সচিব।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

CABINET SECRETARIAT

Establishment Division

Regulation Wing

Section II

NOTIFICATION

No.S.R.O.275-L/78/ED(R-II) R-10/78-63, dated the 24th October, 1978.

In exercise of the powers conferred by the proviso to Article 133 of the Constitution of the People's Republic of Bangladesh, and in supersession of all rules made in this behalf, the President, after consultation with the Bangladesh Public Service Commission as required by clause (2) of Article 140 of that Constitution, is pleased to make the following rules namely :

1. Short title.—These rules may be called the Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978.

2. Definitions.—In these rules, unless there is anything repugnant in the subject or context,

(a) "Appointing authority" means the Head of Ministries, Division or attached Departments and includes any officer authorised in this behalf;

(b) "Commission" means the Bangladesh Public Service Commission;

(c) "Examination" means an examination to be conducted by Commission for the purpose of recruitment to a post;

(d) "Post" means a post of Typist in a Ministry, Division or attached Department ;

(e) "Probationer" means a person appointed on probation to a against substantive vacancy;

(f) "Recognised Board" means a Board of Intermediate and secondary Education established by or under any law for the time being force and includes any other Board declared by the Government to be a recognised Board for the purpose of these rules; and

(g) "Schedule" means the Schedule annexed to these rules.

3. Procedure for recruitment.-Appointment to the posts shall be made by direct recruitment through the Commission.

4. Examination.—(1) For the purpose of selection for appointment to a post, the Commission shall conduct a competitive examination and test in the subjects as detailed in either Group of Part of the Schedule.

(2) No candidate shall qualify in the examination unless he secures the marks, or has a speed, as specified in either Group of Part 'B' the Schedule :

Provided that a candidate who fails to secure the marks specified Part 'B' of the Schedule as pass mark in each subject and pass mark in the aggregate shall be ineligible for appointment to the post.

5. Particulars of examination to be announced by the Commission.—The commission shall announce the particulars relating to the date, time table, place and such other particulars as it considers necessary, of the examination.

6. Application, examination fees, etc.-(1) An application for admission to an examination shall be submitted to the Commission on or before such date as the Commission may announce in this behalf.

(2) No person shall be eligible for an examination unless—

(a) he applied in such form, accompanied by such fee and on or before such date, as was notified by the Commission while inviting application for the post; and

(b) in the case of a person already in Government service or in the service of a local authority, he has applied through his official superior.

7. Educational qualification.-A candidate must have passed the Secondary School Certificate Examination of a recognised Board in order to be eligible for admission to an examination.

8. Age limit.—No person shall be eligible to appear at an examination if his age is less than 18 years and more than 25 years on the date specified by the Commission :

Provided that the upper limit of age of a candidate already working in a post shall be relaxed by the number of years he has been putting in continuous service in that post. A certificate in this behalf from the Head office should be enclosed with the application for the purpose.

9. Selection of candidates by the Commission.—(1) The Commission shall select persons from amongst the candidates and send the appointing authority a list of candidates found qualified in order of merit for appointment.

(2) Appointment to the permanent and temporary post shall be made by the appointing authority strictly in order of merit.

10. Appointment.—(1) No appointment to a post shall be made except upon the recommendation of the Commission.

(2) No person shall be eligible for appointment to a post if he—

(a) is not a citizen of Bangladesh ;

(b) is married to, or has entered into a promise of marriage with a person who is not a citizen of Bangladesh.

(3) No appointment to a post shall be made until—

(a) the person selected for appointment is certified by a Medical Officer not below the rank of Civil Surgeon to be medically fit for such appointment and that he does not suffer from any such organic defect as is likely to interfere with the discharge of the duties of the post;

(b) the antecedents of the person so selected have been verified through appropriate agencies and found to be such as do not render him unfit for appointment in the service of the Republic.

11. Probation.—(1) Persons selected for substantive appointment to a permanent post shall be appointed on probation for a period of two years from the date of such appointment :

Provided that the appointing authority may, for reasons to be recorded in writing extend the period of probation by a period or periods so that the extended periods does not exceed two years in the aggregate.

(2) After the completion of the period of probation including the extended period, if any, the appointing authority :

(a) If it is satisfied that the conduct and work of the probationer during the period of his probation has been satisfactory, shall confirm him; and

(b) If it is of opinion that the conduct and work of the probationer during that period was not satisfactory, may terminated his service.

THE SCHEDULE

PART-A

Sl. No	Subjects	Total Marks	Time
For English Group			
1.	Eassy writing in English	50	1 hour.
2.	Type writing in English	50	10 minutes.
For Bengali Group			
1.	Eassy writing in Bengali	50	1 hour.
2.	Type writing in Bengali	50	10 minutes.

PART-B

Name of the Post	Minimum typing speed per minute.	Minimum pass marks in each subject	Minimum pass marks in the aggregate
For English Group			
Typist	30 words	40%	50%
For Bengali Group			
	20 words	40%	50%

By order of the President

FAYEZUDDIN AHMED

20-10-1978

Secretary

Establishment Division.

সোমবার, ডিসেম্বর ১৪, ১৯৮৭

৩৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে অগ্রহায়ণ, ১৩৯৪/১৪ই ডিসেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৮৬-আইন/৮৭ সঃম/বিধি-১/আর-৩০/৮৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, Typist (ministries, Divisions and attached Departments) Recruitment rules, 1978 এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরিউক্ত Rules এর Schedule এর Part B এর পরিবর্তে নিম্নরূপ Part B প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“Part-B

Name of the post	Minimum typing speed per minute	Minimum pass marks in each subject
Typist	For English Group 28 words	40%
	For Bengali Group 20 words	40% ”

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুল হক চিশ্তী
সচিব।

MINISTRY OF ESTABLISHMENT**Establishment Division****Regulation Wing****Section-II****NOTIFICATION**

No. S. R. O. 205-L/79ED(R-III)R-31/78-57, Dated Dacca, the 14th July, 1979.

In exercise of the powers conferred by the proviso to article 133 of the Constitution of the People's Republic of Bangladesh, and in supersession of all rules made in this behalf, the Vice-President exercising the powers as delegated to him by the President under the President's Secretariat. President's Division (Public) Notification No. PS/Admn/8(24)/780-1569. dated the 20th November, 1978, and after consultation with the Bangladesh Public Service Commission as required by clause (2) of article 140 of that Constitution, is pleased to make the following rules, namely :—

1. **Short title.**—These rules may be called the Lower Division Assistant (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1979.

2. **Definitions.**—In these rules, unless there is anything repugnant in the subject or context,—

(a) “appointing authority” means the Heads of Ministries, Divisions and Attached Departments and includes any officer authorised in this behalf;

(b) “Commission” means the Bangladesh Public Service Commission;

(c) “examination” means an examination to be conducted by the Commission for the purpose of recruitment to a post;

(d) “post” means a post of Lower Division Assistant in a Ministry, Division or Attached Department;

(e) “probationer” means a person appointed on probation to a post against a substantive vacancy;

(f) “recognised Board” means a Board of Intermediate and Secondary Education established by or under any law for the time being in force and includes any other Board declared by the Government to be a recognised Board for the purpose of these rules; and

(g) “Schedule” means the Schedule annexed to these rules.

3. **Procedure for recruitment.**—Appointment to the posts shall be made by direct recruitment through the Commission.

4. Examination.—(1) For the purpose of selection of candidate for appointment to a post, the Commission shall conduct a competitive examination and test in the subjects as detailed in the Schedule.

(2) No candidate shall qualify in the examination unless he secures the minimum marks in each subject as specified in the Schedule :

Provided that a candidate who fail to secure the minimum marks specified in the Schedule and minimum 50% marks in aggregate in each subject shall be ineligible for appointment to the post.

5. Particulars of examination to be announced by the Commission.—The Commission shall announce the date, time table, place and such other particulars as it considers necessary of the Examination.

6. application, examination fees etc.—(1) An application for admission to an examination shall be submitted to the Commission on or before such date as the Commission may announce in this behalf.

(2) No person shall be eligible for an examination unless.—

- (a) he applied in such form, accompanied by such fee and on or before such date, as was notified by the Commission, while inviting application for the post; and
- (b) in the case of a person already in Government service or in the service of a local authority, he has applied through his official superior.

7. Educational qualification.—A candidate must have passed the Higher Secondary Certificate Examination of a recognised Board in order to be eligible for admission to an examination.

8. Age limit.—No person shall be eligible to appear at an examination if his age is less than 18 years and more than 25 years on the date appointed by the Commission :

Provided that the upper limit of age of a candidate already working in a post shall be relaxed by the number of years he has been putting in continuous service in that post. A certificate in this behalf from the Head of office should be enclosed with the application for the purpose.

9. Selection of candidates by the Commission.—(1) The Commission shall select persons from amongst the candidates and send to the appointing authority a list of candidates found qualified in order of merit for appointment :

(2) appointment to the permanent and temporary posts shall be made by the appointing authority strictly in order of merit.

10. **Appointment.**—(1) No appointment to a post shall be made except upon the recommendation of the Commission.

(2) No person shall be eligible for appointment to a post if he—

(a) is not a citizen of Bangladesh or a permanent resident of, or domiciled in, Bangladesh;

(b) is married to, or has entered into a promise of marriage with, a person who is not a citizen of Bangladesh.

(3) No appointment to a post shall be made until—

(a) the person selected for appointment is certified by a Medical Officer not below the rank of Civil Surgeon to be medically fit for such appointment and that he does not suffer from any such organic defect as is likely to interfere with the discharge of the duties of the post; and

(b) the antecedents of the person so selected have been verified through appropriate agencies and found to be such as do not render him unfit for appointment in the service of the Republic.

11. **Probation.**—(1) Persons selected for substantive appointment to a permanent post shall be appointed on probation for a period of two years from the date of such appointment :

Provided that the appointing authority may, for reasons to be recorded in writing, extend the period of probation by a period or periods so that the extended period does not exceed two years in the aggregate.

(2) After the completion of the period of probation including the extended period if any, the appointing authority—

(a) if it is satisfied that the conduct and work of the probationer during the period of his probation has been satisfactory, shall confirm him; and

(b) if it is of opinion that the conduct and work of the probationer during that period was not satisfactory, may terminate his service.

SCHEDULE

৪৮—

[See rule 4]

Name of Subjects	Total Marks	Time	Minimum marks in each
------------------	-------------	------	-----------------------

			subject
1	2	3	4
I. Bengali—	100	3 hours	40%
(a) Essay	30 marks		
(b) Summary writing	20 ”		
(c) Translation from English to Bengali	25 ”		
(d) Official & other correspondence	25 ”		
II. English—	50	1.5 hours	40%
(a) Summary writing	15 marks		
(b) Translation from Bengali to English	20 ”		
(c) Official & other correspondence	15 ”		
III. Elementary Mathematics—	100	3 hours	40%
(a) Arithmetic	50 marks		
(b) Arithmetical problem involving test of intelligence	50 ”		
IV. General Paper—	100	3 hours	40%
(a) General knowledge	50 marks		
(b) Elementary knowledge of the organisation of Bangladesh together with administration of public bodies.	50 ”		

Sd./ FAYEZUDDIN AHMED

9-7-1979

Secretary

Establishment Division.

৩৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সওব্য অনুবিভাগ

প্রজ্ঞাপন

নং সম/সওব্য/টিম-১(সংস্থাপন-সাংকাঃ)-২৪/৯৪-১৭১, তারিখ, ১৩-৯-১৯৯৫/২৯-৫-১৪০২

সরকার বর্তমান পদের দায়িত্ব সুবিধাদি/বেতন স্কেল, কর্মপরিধি, পদমর্যাদা অপরিবর্তিত রাখিয়া সরকারী অফিস সমূহের যে সকল পদের সাথে 'নিম্নমান' শব্দ জড়িত আছে তাহা পরিবর্তন করিয়া 'অফিস' শব্দটি প্রতিস্থাপন করিলেন।

এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুর রহমান
সচিব।

Government of the people's Republic of Bangladesh
Ministry of Finance
Implementation Division

No-F(ID)V/R(G)-6/78/1031, Dated 10.8.1981

OFFICE MEMORANDUM

Sub : **The Services (Grades, Pay & Allowances) Order, 1977.**

In supersession of this Division's Order No. MF(ID)R-12/77/Part-II/19 dated 6.1.1981 on the subject mentioned above, the undersigned is directed to say that the Government, on review, have been pleased to place the following category post of Bangladesh Secretariat on the New National Scale of Pay as shown below :

Name of office	Name of Post	Scale on 30.6.73 (Taka)	National Gr. & Scale of Pay (Taka)	New National Scale of Pay (Taka)	Remarks
1	2	3	4	5	6
Ministries/ Division	Section Asstt. (U.D.A.)	225-550	VII 310-670	<u>400-825</u> 425-1035	(b) $33\frac{1}{3}$ % Selection Grade of the Total Posts.
	Budget Examiner	-do-	-do-	-do-	-do-
	Record Keeper (L.D.A.)	120-275	VIII 220-420	<u>300-540</u> 325-610	(c) $33\frac{1}{3}$ % Selection Grade of the Total Posts.

2. Necessary amendment to the annexure, Part-II(common category post as other than the name mentioned in part-I) to this divisions notification No. MF(ID)-I-3/77/850

୭୭୬

dated 20-12-77 is being made separately. In the meantime the pay of the incumbents of the posts may be fixed and disbursed accordingly.

This order shall deem to have taken effect from 1st July, 1977.

Sd/-

(**K. A. Mannan**)
Deputy Secretary.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.....মন্ত্রণালয়

.....বিভাগ

শাখা

প্রজ্ঞাপন

ঢাকা,২০০ ইং/.....১৪১৫ বাংলা।

নং এস,আর, ওগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উলিখিত কোন পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উলিখিত যোগ্যতা;
- (চ) “শিক্ষানবীশ” অর্থ কোন পদে শিক্ষানবীশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ছ) “স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃতি প্রাপ্ত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে ঃ—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে;
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগ-ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

৪। সরাসরি নিয়োগ।—

- (১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।
- (২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।
- (৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—
 - (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;
 - (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।
- (৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—
 - (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং
 - (খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত হইয়া থাকে ও তদন্তে ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।
- (৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—
 - (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;
 - (খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—

- (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। শিক্ষানবীশী।—

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবীশী স্ভূরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবীশীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবীশীর শিক্ষানবীশীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবীশীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবীশীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবীশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবীশীর আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবীশীর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবীশীকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

ক্রমিক নম্বর	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫

রাষ্ট্রপতির আদেশক্রমে
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

পরিপত্র

নং সম (বিধি-১)আর-৮/২০০৩-১৮২(১০০), তারিখ, ২৭-০৮-২০০৩ইং/১২-০৫-১৪১০বাং

বিষয় : নিয়োগবিধি প্রণয়ন/সংশোধনে গতিশীলতা আনয়নে সময়সীমা নির্ধারণ।

সকল সরকারী দপ্তর/সংস্থাসমূহে নিয়োগবিধির ভিত্তিতে নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়া সম্পন্ন হয়ে থাকে। কোন সরকারী সংস্থার নিয়োগবিধি প্রণয়ন/সংশোধন প্রক্রিয়া সম্পন্ন করতে ৮টি ধাপ অতিক্রম করতে হয়। এ প্রক্রিয়ার প্রথম ও দ্বিতীয় ধাপ হচ্ছে সংশ্লিষ্ট সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়। প্রাপ্ত তথ্য সমূহ পরীক্ষা করে দেখা গেছে যে নিয়োগবিধি প্রণয়ন প্রক্রিয়ার সময়ের সিংহভাগ প্রথম ও দ্বিতীয় ধাপে অতিবাহিত হয়। এর ফলে নিয়োগবিধি প্রণয়ন প্রক্রিয়া বছরের পর বছর বিলম্বিত হয়ে থাকে। ফলশ্রুতিতে নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়া অনাকাঙ্ক্ষিতভাবে বিলম্বিত হওয়ায় কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে অসন্তোষ ও হতাশা পরিলক্ষিত হয় এবং প্রশাসনে স্ববিরতা দেখা দেয়। এ পরিস্থিতি থেকে উত্তরণের উদ্দেশ্যে এবং প্রশাসনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়োগবিধি প্রণয়নের প্রক্রিয়া সহজীকরণ ও গতিশীলকরণের জন্য বিষয়টি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিস্থিতিতে নিয়োগবিধি প্রণয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উদ্দেশ্যে প্রতিটি ধাপে নিম্নলিখিত সময়সীমা নির্ধারণ করে দেয়া হল :

- (১) প্রস্তুতকৃত দপ্তর থেকে প্রস্তুত প্রাপ্তির পর প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে সুপারিশসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তুত সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য—৩০ (ত্রিশ) দিন;
- (২) (ক) প্রস্তুত প্রাপ্তির পর সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট উপযুক্ত বিবেচিত হলে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক সচিব কমিটিতে প্রেরণের জন্য—১৫ (পনের) দিন;

- (খ) সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট প্রস্তুত উপযুক্ত মনে না হলে পুনঃ প্রস্তুত প্রেরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়কে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক সময় প্রদান—১৫ (পনের) দিন;
- (গ) প্রাপ্ত পুনঃ প্রস্তুত সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক পরীক্ষার জন্য—১৫ (পনের) দিন; এবং সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট উপযুক্ত বিবেচিত না হলে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রাপ্ত প্রস্তুত নাকচ ঘোষণা এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিতকরণ ;
- (ঘ) নাকচ ঘোষিত প্রস্তুত প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নতুনভাবে প্রক্রিয়াকরণ ।
- (৩) সচিব কমিটির বিবেচনার জন্য—৩০ (ত্রিশ) দিন;
- (৪) সরকারী কর্ম কমিশন কর্তৃক পরীক্ষা ও মতামত প্রদান—৩০ (ত্রিশ) দিন;
- (৫) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ভেটিং প্রদান—১৫ (পনের) দিন;
- (৬) চূড়ান্ত সিদ্ধান্তের জন্য সরকার কর্তৃক অনুমোদন—১৫ (পনের) দিন;
- (৭) এস আর ও জারী—৭ (সাত) দিন ।
- ২। উল্লিখিত সময়সীমার মধ্যে নিয়োগবিধি প্রণয়ন/সংশোধন প্রক্রিয়াকরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল ।

মুহম্মদ আতাউর রহমান
যুগ্ম-সচিব (বিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা ।

নং

তারিখ :

বিষয় :

সূত্র :

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভায় বিবেচনার্থে নিম্নে বর্ণিত কাগজপত্রাদির ১০ (দশ) টি সেট সরবরাহ করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল :—

- (ক) নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির জন্য সার-সংক্ষেপ;
- (খ) প্রজ্ঞাপনাকারে প্রস্তুত খসড়া নিয়োগবিধি;
- (গ) প্রজ্ঞাপনাকারে খসড়া সংশোধনী নিয়োগবিধি;
- (ঘ) সংশ্লিষ্ট দপ্তরের অনুমোদিত অর্গানোগ্রাম;
- (ঙ) পূর্ববর্তী/বর্তমানে প্রচলিত নিয়োগবিধি;

- (চ) প্রস্তুত পদ সমূহের কার্যাবলী;
- (ছ) কোন পদ নতুন সৃষ্টি হইয়া থাকিলে বা কোন পদ পরিবর্তন হইয়া থাকিলে সেইক্ষেত্রে পদ মঞ্জুরী বা পদ পরিবর্তনের অনুমতি/ছাড়পত্র।
- ৪৯— প্রচলিত নিয়োগবিধি এবং প্রস্তুত পদ সমূহের তফসিলে উল্লেখিত পদসমূহের মধ্যে পার্থক্যের তুলনামূলক বিবরণী।
- ২। প্রস্তুত পদ সমূহের তফসিলে বর্ণিত পদে/পদসমূহের নীচে প্রত্যেক পদের সংখ্যা ও বেতন স্কেলের উল্লেখ থাকা বাঞ্ছনীয়।

সিনিয়র সহকারী সচিব (বিধি-১)

প্রচলিত নিয়োগবিধি এবং প্রস্তুত পদ সমূহের তফসিলে উল্লেখিত পদসমূহের মধ্যে পার্থক্যের তুলনামূলক বিবরণী।

cÖPwjZ wb±qvMwewa					cÖ —vweZ wb±qvMwewa					
μwg K bs	c±i bvg, teZb μg l c`msL "v	mivm wi wb±qv ±Mi t¶±Í eqmm xgv	wb± qv M cxw Z	†hvM "Zv	μwg K bs	c±i bvg, teZb μg l c`msL "v	mivmwi wb±qv± Mi t¶±Í eqmmxg v	wb± qvM cxw Z	†hv M"Z v	gš — e"
1	2	3	4	5	1	2	3	4	5	6

স্বাক্ষর

কর্মকর্তার নাম ও পদবী

মন্ত্রণালয়/বিভাগের নাম.....

(পরিশিষ্ট 'ক')

(বিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহে চাকুরীর জন্য আদর্শ প্রবিধানমালা)

.....
.....
.....

প্রজ্ঞাপন

নং এস, আর, ও তারিখ :.....ইং/.....বাং

১৯..... সালের রাষ্ট্রপতির আদেশ/অধ্যাদেশ/এ্যাক্ট নং এর
ধারা তে প্রদত্ত ক্ষমতাবলে পরিচালক পর্ষদ/ব্যবস্থাপনা পর্ষদ (এবং
তদুদ্দেশ্যে জারীকৃত বিধিমালা/প্রবিধিমালা/পরিপত্রসমূহ বাতিলপূর্বক) সরকারের পূর্ব অনুমতিক্রমে
নিম্নবর্ণিত প্রবিধান প্রণয়ন করিলেন, যথা ঃ—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা..... এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালাএর সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উলিখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালায়,—

(ক) ‘অসদাচরণ’ বলিতে চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্ডর্ভুক্ত হইবে, যথাঃ—

(১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ আমান্যকরণ;

(২) কর্তব্যে গুরতর অবহেলা;

(৩) কোন আইনসংগত কারণ ব্যতিরেকেএর কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং

(৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করা।

(খ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

(গ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কোন কর্মকর্তাও ইহার অন্ডর্ভুক্ত হইবে;

(ঘ) “কর্মকর্তা” বলিতে এর কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(ঙ) “কর্মচারী” বলিতে এর যে কোন কর্মচারীকে, অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক বুঝাইবে, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্ডর্ভুক্ত হইবে;

(চ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(ছ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে কে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্ডর্ভুক্ত হইবে;

(জ) “পদ” বলিতে তফসিলে উলিখিত কোন পদকে বুঝাইবে;

- (ঝ) “পলায়ন” বিনা অনুমতিতে চাকুরী বা কর্তব্যস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদূর্ধ্ব সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;
- (ঞ) “বিজ্ঞাপন” বলিতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্যান্য গণ-মাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝাইবে ;
- (ট) “শিক্ষানবিস” বলিতে কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে বুঝাইবে ; এবং
- (ঠ) “সম্মানী” বলিতে মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিস্বরূপ অনাবর্তক ধরণের নগদ পুরস্কারকে বুঝাইবে ।

দ্বিতীয় অধ্যায় সরাসরি নিয়োগ

৩। সরাসরি-নিয়োগ দান।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন ।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ।

(৩) কোন পদেই সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকেকর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা-পর্যদ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন;

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তি পূর্ব কার্য কলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, এর চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৪) সরাসরি-নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পূরণ করা হইবে এবং বিভিন্ন সময়ে এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে ।

(৫) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে ।

৪। শিক্ষানবিসি।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিসি থাকিবেন :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অতিরিক্ত অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বিভিন্ন সময়ে কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিয়া থাকেন।

তৃতীয় অধ্যায় চাকুরীর সাধারণ শর্তাবলী

৫। যোগদানের সময়।—(১) অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, কোন নূতন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পস্থায় ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময় :

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে বন্ধের দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে, উপ-প্রবিধান (১) এর অধীনে প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নূতন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাঁহার পুরাতন চাকুরীস্থল, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থান কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, সে স্থান হইতে তাঁহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৪) যদি কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য পদে, যোগদানের অসুবিধাকালীন সময় ছুটি গ্রহণ করেন, তবে তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে যে সময় অতিবাহিত হয় তাহা, মেডিকেল সার্টিফিকেট পেশ করিয়া ছুটি গ্রহণ না করিলে, ছুটির অসুবিধাজনক হইবে।

৬। বেতন ও ভাতা।—সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হইবে।

৭। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতনই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ তাহাকে, উপরোক্ত বাছাই কমিটির সুপারিশ ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারি করে তদনুসারে এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

৮। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্কেলে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত স্কেলের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্কেলে তাহার বেতন নির্ধারিত হইবে।

৯। বেতন বর্ধন।—(১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বেতন বর্ধন মঞ্জুর করা হইবে।

(২) যদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহিত উপরের বেতন বৃদ্ধি অনুমোদন করা যাইবে না। এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম ছিল দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত।

১০। জ্যেষ্ঠতা।—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাদের মেধা তালিকা অনুসারে সংশ্লিষ্ট বাছাই কমিটি যে সুপারিশ করেন সেই সুপারিশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫).....ইহার কর্মচারীদের গ্রেডওয়ারী জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবেন এবং সময় সময় তাহাদের অবগতির জন্য প্রকাশ করিবেন।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় সংশোধনসহ, প্রযোজ্য হইবে।

১১। পদোন্নতি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতির দাবী করিতে পারিবে না।

(৩) টাকা ৩৭০০-৪৮২৫ তদূর্ধ্ব বেতনক্রমের পদসমূহে পদোন্নতি মেধা—তথা জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৪) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১২। প্রেষণ ও পূর্বস্বত্ব।—(১) উপ-প্রবিধান-(২) এর বিধান সাপেক্ষে,যদি মনে করে যে উহার কোন কর্মকর্তার পারদর্শিতা তৎকর্তৃক গ্রহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন কর্পোরেশন, অতঃপর হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উলিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে.....এবং হাওলাত গ্রহীতা কর্পোরেশনের মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাধীনে হাওলাত গ্রহণকারী কর্পোরেশনের অনুরূপ বা সদৃশ পদে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তাকে তাহার সম্মতি ব্যতিরেকে হাওলাত গ্রহীতা কর্পোরেশনে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) কোন পাবলিক কর্পোরেশন এর কোন কর্মকর্তার চাকুরীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে (অতঃপর হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উলিখিত) এর নিকট অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবেন এবং অনুরোধ প্রাপ্তির পর উক্ত কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী কর্পোরেশন কর্তৃক উলিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্ডর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া, তিন বৎসরের অধিক হইবে না;

(খ) এর চাকুরীতে কর্মকর্তার পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি এ প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহীতা কর্পোরেশন কর্মকর্তার ভবিষ্য তহবিল ও পেনশন তহবিল, যদি থাকে, তবে উহাতে অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে, তিনিএ পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাঁহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তাকে হাওলাত গ্রহীতা কর্পোরেশনের স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে কোন আর্থিক সুবিধা ছাড়া Next below rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৭) শৃংখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহীতা কর্পোরেশন প্রেষণে কর্মরত কর্মকর্তার বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যেএর ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী কর্পোরেশন কে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে সূচিত শৃংখলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী কর্পোরেশন যদি এইরূপ মত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত কর্পোরেশন উহার রেকর্ডসমূহএর নিকট প্রেরণ করিবেন এবং অতঃপরযেইরূপ প্রয়োজন বলিয়া মনে করেন সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৩। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অস্বাভাবিক ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগরোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারেন এবং ইহা বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩)এর পূর্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারেন।

১৪। পূর্ণ বেতনে ছুটি।—প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা ছুটির হিসাবের অন্য খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিৎসানোদনের জন্য পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৫। অর্ধ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ বেতনে অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে, ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, এক দিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে ছুটিতে সর্বোচ্চ বার মাস পর্যন্ত পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৬। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত অর্ধ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) যখন কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসেন তখন তিনি পূর্বেই যে ছুটি ভোগ করিয়াছেন সেই ছুটি অর্জিত না হওয়া পর্যন্ত নূতনভাবে গড় অর্ধ বেতনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৭। অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অস্বাভাবিক ছুটির জন্য আবেদন করেন তখন তাহাকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্ন বর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে,—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি
..... এ চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যে ক্ষেত্রে এই মর্মে সন্তুষ্ট হয় যে, কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) ছুটি মঞ্জুর করার ক্ষমতা সম্পন্ন কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকরতাসহ অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

১৮। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে,
..... তাহাকে বিশেষ অক্ষমতা ছুটি মঞ্জুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি অনুরূপ অক্ষমতার কারণে অবিলম্বে কে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া চিকিৎসা পরিষদ প্রত্যায়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে, এবং চিকিৎসা পরিষদের প্রত্যায়ন ব্যতিরেকে তাহা বর্ধিত করা হইবে না; এবং উক্ত ছুটি কোন ক্রমেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে অনুরূপ ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষমতার কারণে মঞ্জুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুতোষিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয় সেক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ যথা :-

(ক) উপরিউক্ত উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসমূহের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকি বহির্ভূত অসুস্থতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতার দরশন অক্ষম হইয়াছেন।

১৯। সঙ্গরোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সঙ্গরোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অনূর্ধ্ব ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ দিনের জন্য সঙ্গরোধ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৩) সঙ্গরোধের জন্য প্রয়োজনীয় উপ-প্রবিধান (২) এ উল্লেখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা সাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যবিধ ছুটির সহিত সঙ্গরোধ ছুটিও মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সঙ্গরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২০। প্রসূতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) এ চাকুরী জীবনে কোন কর্মচারীকে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২১। অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি।—(১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ বেতনে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটাল্ল বৎসরের বয়স-সীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

২২। অধ্যয়ন ছুটি।—(১)এ তাহার চাকুরীর জন্য সহায়ক এইরূপ বৈজ্ঞানিক, কারিগরি বা অনুরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে অর্ধ বেতনে অনধিক বার মাস অধ্যয়নের জন্য ছুটি মঞ্জুর করিতে পারেন, যাহা তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার শিক্ষা কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরকৃত ছুটি কোনক্রমেই একত্রে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৩। নৈমিত্তিক ছুটি।—সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবেন কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৪। ছুটির পদ্ধতি।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব.....কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদনকর্তৃক নির্ধারিত ফরমে হইতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে, তাহাকে অনূর্ধ্ব ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৫। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৬। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এই এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৭। ছুটির নগদায়ন।—যে কর্মচারী অবসর ভাতা বা ভবিষ্য তহবিলের সুবিধা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালের জন্য সর্বাধিক বার মাস পর্যন্ত প্রমিত বৎসরে প্রত্যাহাত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

২৮। ভ্রমণ ভাতা ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থ ভ্রমণকালে, বা বদলী উপলক্ষে ভ্রমণকালে, সরকার কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। সম্মানী, ইত্যাদি।—(১)উহার কোন কর্মচারীকে, সাময়িক প্রকৃতির কোন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশ না করা হয়।

৩০। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩১। বোনাস।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক এর কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায় চাকুরীর বৃত্তান্ত

৩২। চাকুরীর বৃত্তান্ত।—(১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাঁহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি পরিদর্শনকালে উহাতে কোন ভুল বা বিলুপ্তি দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন।

৩৩। **বার্ষিক প্রতিবেদন।—(১)** কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রয়োজন হইলে তাহাও চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ৎ প্রদানের কিংবা তাহার নিজের সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাঁহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

সপ্তম অধ্যায় সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৪। **আচরণ ও শৃঙ্খলা।—(১)** প্রত্যেক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং
- (গ) সততা ও অধ্যবসায়ের সহিত.....এর চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং.....এর স্বার্থে পরিপন্থী কোন কার্য-কলাপে নিজেকে জড়িত করিবেন না;
- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
- (গ)এর সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায়ের পরিচালনা করিবেন না;
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারীএর নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনেবা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী/সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারীএর বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণগ্রস্ততা পরিহার করিবেন।

৩৫। দপ্তর ভিত্তি।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী,—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা

(ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতিপরায়াণ হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতিপরায়াণ বলিয়া বিবেচিত হন; যথাঃ—

(১) তিনি বা তাঁহার কোন পোষ্য বা তাঁহার মাধ্যমে বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্থসম্পদ বা সম্পত্তি দখলে রাখেন.....যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন;

(২) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন; অথবা

(৩) চুরি, আত্মসাৎ, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা

(৪) কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হন; বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং তাহাকে চাকুরীতে রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দপ্তর আরোপ করিতে পারেন।

৩৬। দপ্তরসমূহ।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দপ্তরসমূহ আরোপযোগ্য হইবে, যথাঃ—

(অ) লঘু দপ্তর—

(ক) তিরস্কার;

(খ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন-বর্ধন স্থগিত রাখা;

(গ) ৭ দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন;

(আ) গুরুত্ব—

- (ঘ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্ন স্কেলে অবনতকরণ;
- (ঙ) কর্মচারী কর্তৃক সংঘটিতএর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;
- (চ) চাকুরী হইতে অপসারণ; এবং
- (ছ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতেএর চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবে।

৩৭। ধ্বংসাত্মক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রবিধান ৩৫(ছ) অনুসারে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উলিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি করেন, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তুত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেন :

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রেএই মর্মে সন্তুষ্ট হন যে বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অনুরূপে সুযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে, উপ-প্রবিধান ১ (গ) অনুসারে তদন্ত কমিটি হয়, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নহেন এমন তিন জন কর্মচারীর সমন্বয়ে, তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বলিয়া মনে করিবেন সেইরূপ নির্দেশ প্রদান করিবেন।

৩৮। লঘু দলের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন তদন্ত প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবেন, এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘু দন্ড প্রদান করিতে পারেন যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হয় :

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধির অনুমতি প্রদান করিতে পারিবেন :

তবে আরও শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় বৃদ্ধির জন্য অনুরোধ করিবেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর, প্রয়োজন মনে করিলে, অতিরিক্ত পনেরোটি কার্যদিবসের জন্য উক্ত সময় বৃদ্ধি মঞ্জুর করিতে পারেন।

(২) তদন্তকারী কর্মকর্তার সিদ্ধান্ত পাইবার পনেরোটি কার্য দিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং আদেশের তারিখ হইতে পনেরোটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিতে হইবে।

(৩) অধিকতর তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির বিশটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) এই প্রবিধানের অধীনে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে তাহাকে অবহিত করার তারিখ হইতে নব্বইটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হইলে, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহত হইয়াছে এবং তদনুসারে উক্ত কার্যক্রম নিষ্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং এইরূপ ব্যর্থতার জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিবর্গ ইহার জন্য কৈফিয়ৎ দিতে বাধ্য হইবেন এবং উক্ত কৈফিয়ৎ সন্তোষজনক না হইলে, তাহার বা তাহাদের বিরুদ্ধে অদক্ষতার দায়ে এই প্রবিধানমালার অধীনে কার্যধারা সূচনা করা যাইতে পারে।

(৫) যেক্ষেত্রে প্রবিধান ৩৫ এর দফা (ক) বা (খ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কারের দন্ড প্রদান করা হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার শুনানী গ্রহণ করতঃ দন্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দন্ড আরোপ করিতে পারেন, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে শুনানী ব্যতিরেকেই তাহার উপর উক্ত দন্ড আরোপ করা যাইবে, অথবা (১) উপ-প্রবিধান (১) খ (৩) ও (৪) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দন্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১) হইতে (৪) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে; এবং অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দন্ড আরোপ করিতে হইবে।

৩৯। গুরতর দন্ডের ক্ষেত্রে তদন্তে কার্যপ্রণালী।—(১) যেক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরতর দন্ড আরোপ করা প্রয়োজন হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ—

- (ক) অভিযোগনামা প্রণয়ন করিবেন এবং প্রস্তুতকৃত দন্ডের বিষয় উহাতে উল্লেখ করিবেন, এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করেন তাহাও কর্মচারীকে অবহিত করিবেন;
- (খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তুতকৃত দন্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎসম্পর্ক কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহাও উল্লেখ করিবেন :

তবে শর্ত থাকে যে, উলিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারেন।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উলিখিত বা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষ্য প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবেন এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে,—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবেন এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;
- (খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে লঘু দন্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দন্ড প্রদান করিতে পারিবেন অথবা লঘু দন্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৩৮-এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিতে পারিবেন; এবং
- (গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরতর দন্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তে জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবেন।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উলিখিত বা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ণিত সময় শেষ হওয়ার তারিখ পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির তদন্ত বোর্ড নিয়োগ করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্র বিশেষে, তদন্ত বোর্ড তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্য দিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪০ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড, নিয়োগের তারিখ হইতে ত্রিশটি কার্য দিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন :

তবে শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড নির্ধারিত সময়-সীমার মধ্যে তাহার বা উহার সিদ্ধান্তে উপনীত হইতে না পারিলে, লিখিতভাবে তাহার কারণ উল্লেখ করিয়া তিনি বা উক্ত বোর্ড তদন্তের সময় বৃদ্ধির জন্য তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতে পারেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ উক্ত অনুরোধ বিবেচনা করিয়া, প্রয়োজন মনে করিলে, অনূর্ধ্ব বিশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর, কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবেন এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্তে লিপিবদ্ধ করিবেন; এবং প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশটি কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপি সহ সিদ্ধান্তে টি জানাইবেন।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুত্বপূর্ণ আরোপের সিদ্ধান্তে গ্রহণ করেন, তবে প্রস্তুত দস্ত অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ দিবেন।

(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্তে গ্রহণ করিবেন এবং পনেরটি কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ সম্পর্কে অবহিত করার পর একশত আশিটি কার্যদিবসের মধ্যে এই প্রবিধানের অধীনে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্তে গ্রহণে ব্যর্থ হইলে, অভিযুক্ত ব্যক্তি তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে আপনা হইতেই অব্যাহতি পাইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং সেক্ষেত্রে যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ এইরূপ ব্যর্থতার জন্য দায়ী তিনি বা তাহারা ইহার কৈফিয়ত প্রদান করিতে বাধ্য থাকিবেন এবং যদি উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হয়, তবে তাহার বা তাহাদের বিরুদ্ধে অদক্ষতার দায়ে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৯) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং যেক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিযুক্ত করা হয়; সেক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা বোর্ডের তদন্তের প্রতিবেদন ও উহার যুক্তিসংগত কারণ থাকিতে হইবে।

(১০) এইরূপ সকল তদন্ত-কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪০। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্য-প্রণালী।—(১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সৎশি-ষ্ট বিষয়ে শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানী মূলতর্কী রাখিবেন না।

(২) এই প্রবিধানের অধীনে পরিচালিত তদন্তের ক্ষেত্রে, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অনুষ্ঠিতব্য অনুরূপ তদন্তে সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্যের শুনানীও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগের ব্যাপারে প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দলিলী সাক্ষ্য বিবেচিত হইবে। অভিযুক্ত ব্যক্তি তাহার

প্রতিপক্ষের সাক্ষ্যগণকে জেরা করার এবং ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন সাক্ষীকে তলব করার অধিকারী হইবেন। অভিযোগের সমর্থনে উক্ত বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিযুক্ত ব্যক্তি এবং তাহার সমর্থনকারী সাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন। অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পরিবেন তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না। অভিযুক্ত ব্যক্তিকে যে লিখিত বিবৃতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন। যদি অভিযুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করেন তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা ঐ বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট সাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারে।

(৪) কর্তৃপক্ষ অভিযোগের সমর্থনে তদন্তকারী কর্মকর্তার নিকট বিষয়টি উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন; এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তাহার কার্যালয়ের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করবেন। অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৩৫ (খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারেন।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কিনা তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমালার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত বোর্ড নিয়োগ করিতে পারেন, এবং যেক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত বোর্ড নিয়োগ করা হয়, সেক্ষেত্রে এই প্রবিধানে তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উল্লেখিত বিষয় বোর্ডের ক্ষেত্রে উল্লেখিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এর অধীনে নিযুক্ত বোর্ডের কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪১। সাময়িক বরখাস্ত—(১) প্রবিধান ৩৬ এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুত্ব প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারেন :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ ত্রিশটি কার্যদিবস অতিবাহিত হওয়ার পর বাতিল হইয়া যাইবে, যদি না উক্ত সময়-সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বে প্রবিধান ৩৮ মোতাবেক তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করা হয় অথবা প্রবিধান ৩৯ এর অধীনে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করা হয়।

(৩) যেক্ষেত্রে কোন কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের দৃষ্ট কোন আদালত বা প্রশাসনিক ট্রাইব্যুনালের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ, বিষয়টির পরিস্থিতি বিবেচনার পর, মূলতঃ যে অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দৃষ্ট দেওয়া হইয়াছিল সেই ব্যাপারে, তাহার বিরুদ্ধে আরও তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করেন, সেক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দৃষ্ট আরোপের মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৪) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারী বিধি ও আদেশানুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৫) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্দ ('কারাগারে সোপর্দ' অর্থে 'হেফাজতে' রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৪২। পুনর্বহাল।—(১) যদি প্রবিধান ৩৭ (১) (ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে বরখাস্ত, অপসারণ বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা, ক্ষেত্র বিশেষে, তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) সাময়িকভাবে বরখাস্তের পর পুনর্বহালের বিষয় সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৪৩। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী।—ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতি কালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন

বেতন বা ভাতাদি পাইবেন না। মামলার পরিস্থিতি অনুসারে তাঁহার বেতন ও ভাতাদির সমন্বয়-সাধন করা হইবে। তিনি অপরাধ হইতে খালাস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন-ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে। এইরূপে তাহাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে; এবং উক্ত প্রাপ্য বেতন ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ তদনুযায়ী নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

৪৪। আদেশের বিরুদ্ধে আপীল।—(১) কোন কর্মচারীকর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট, অথবা যেক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তুত করা হইবে, তিনি যে কর্তৃপক্ষের অব্যবহিত অধস্তন তাহার নিকট, অথবা যেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথা ঃ—

(ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি না, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায়বিচারের হানি হইয়াছে কি না;

(খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায়সংগত কি না;

(গ) আরোপিত দোষ মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপরিপূর্ণ কি না; এবং যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে ষাটটি কার্য দিবসের মধ্যে সেই আদেশ প্রদান করিবেন।

৪৫। আদালতে বিচারার্থী কার্যধারা।—(১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারার্থী থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সমাপনের ব্যাপারে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দোষ আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে উক্ত আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এই দোষারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (v of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে এইরূপে সাজাপ্রাপ্ত উক্ত কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কি না কর্তৃপক্ষ তাহা স্থির করিবেন।

(৩) কর্তৃপক্ষ এই প্রবিধানমালার অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টির পরিস্থিতিতে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করেন সেইরূপ দোষ প্রদান করিতে পারেন এবং এইরূপ দোষ প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করার প্রয়োজন হইবে না এবং প্রস্তুতকৃত দোষের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও ঐ সরকারী কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোন দাঙ্গা আরোপ না করার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেক্ষেত্রে তাঁহাকে চাকুরীতে পুনর্বহাল বা বহাল রাখার সিদ্ধান্ত হইতেছে সেক্ষেত্রে এর বা সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৪৬। **ভবিষ্যৎ তহবিল।**—ভবিষ্যৎ তহবিলে চাঁদা প্রদানের ব্যাপারে, কোন কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য সকল বিধি বা প্রবিধান দ্বারা পরিচালিত হইবেন।

৪৭। **আনুতোষিক।**—(১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোষিক পাইবেন, যথা ঃ—

- (ক) যিনি কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তি স্বরূপ চাকুরী হইতে বরখাস্ত পদচ্যুত বা অপসারিত হন নাই;
- (খ) যিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করেন নাই;
- (গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের কোন কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা ঃ—
 - (অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাঁটাই হইয়াছেন;
 - (আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে; অথবা
 - (ই) চাকুরীরত থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা উহার অংশ বাবদ একশত বিশটি কার্য দিবসের উর্ধ্বে কোন সময়ের জন্য এক মাসের মূল বেতনের হারে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি/ ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক ক্ষা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন।

(৫) কোন কর্মচারী প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, তাহার মনোনয়নপত্রে, তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোষিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্ডুর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারেন, এবং এইরূপ করার সময়ে, উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) এর অনুসারে একটি নূতন মনোনয়নপত্র প্রেরণ করিবেন।

(৭) কোন মনোনয়নপত্র না থাকিলে কর্মচারীর মৃত্যুর পর তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৪৮। অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা।—(১) অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা পরিকল্প প্রবর্তন করিলে যে কোন কর্মচারী উক্ত পরিকল্পের অধীন অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা গ্রহণের ইচ্ছা প্রকাশ করিতে পারিবেন।

(২) এই উপ-প্রবিধান (১) অনুসারে ইচ্ছা প্রকাশ করা হইলে তাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং এইরূপ ইচ্ছা প্রকাশ করার পর সংশ্লিষ্ট কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধাদি পাইবেন।

(৩) কোন কর্মচারী ভবিষ্য তহবিল হিসাবে এর অংশ প্রদান বাবদ জমা টাকা এর নিকট সমর্পণ করিলে, তিনি উপ-প্রবিধান (২) অনুসারে অবসর ভাতা ও অন্যান্য অবসর গ্রহণ সুবিধাদি পাইতে পারেন।

নবম অধ্যায়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ও অব্যাহতি

৪৯। অবসর গ্রহণ, ইত্যাদি।—অবসর গ্রহণ এবং উহার পর পুনর্নিয়োগের ব্যাপারে কোন কর্মচারী Public Servants Retirement Act, 1974 (XII of 1974) এর বিধানাবলী দ্বারা পরিচালিত হইবেন।

৫০। চাকুরীর অবসান।—উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

৫১। ইস্তফাদান, ইত্যাদি।—(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনিকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি

..... কে তাঁহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি..... এর চাকুরী হইতে ইস্তফাদান করিতে পারিবেন না :

তবে শর্ত এই যে বোর্ড যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ শর্তে কেন কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি দিতে পারেন।

তফসিল

[প্রবিধান ২(চ) দ্রষ্টব্য]

১	২	৩	৪	৫	৬
১	২	৩	৪	৫	৬

--	--	--	--	--	--

বোর্ডের নির্দেশক্রমে

৫২—
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং এমই/আর-১/এসআর-১৩/৮৭-১২৫(৪২), তারিখ : ২৭-১০ ১৩৮৭ইং/৩০-৬-১৯৯৪ইং
বিষয় : স্ব-শাসিত প্রতিষ্ঠান এর জন্য একরূপ চাকুরী বিধি প্রণয়ন।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের—

- (১) ১৪-১-৮৭ইং তারিখের স্মারক নং এবং এমই/আর-১/এসআর-১৮/৮৬-৬(৪২)
- (২) ২৯-১-৮৭ইং তারিখের স্মারক নং এমই/আর-১/এসআর-১৮/৮৬-১১(৪২)

সকল স্ব-শাসিত প্রতিষ্ঠান এর জন্য অভিন্ন মডেল চাকুরী বিধিমালার উপরে আইন ও বিচার মন্ত্রণালয়ের প্রাথমিক নিরীক্ষা (Vetting) গ্রহণাল্লেড় ইহার কপি পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এ প্রেরিত হইল (পরিশিষ্ট-‘ক’)।

২। সকল স্ব-শাসিত প্রতিষ্ঠান এর জন্য একরূপ চাকুরী বিধিমালা প্রণয়নের সরকারী সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়ন করিয়া ইহার প্রতিবেদন পেশ করার জন্য মহামান্য রাষ্ট্রপতি নির্দেশ দিয়াছেন। এমতাবস্থায় সংযোজিত মডেল চাকুরী বিধিমালা অনুসারে সকল স্ব-শাসিত প্রতিষ্ঠান সমূহকে আগামী ১৫-১১-৮৭ইং তারিখের মধ্যে অবশ্যই তাঁহাদের চাকুরী বিধিমালা প্রণয়ন করিয়া উহার প্রতিবেদন প্রেরণের নির্দেশ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা যাইতেছে, যাহাতে ২৫-১১-৮৭ইং তারিখের মধ্যে মহামান্য রাষ্ট্রপতির সদয় অবগতির জন্য রাষ্ট্রপতির সচিবালয়ে এই প্রসংগে সংস্থাপন মন্ত্রণালয় হইতে একটি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয়।

৩। উপরোক্ত সরকারী সিদ্ধান্ত জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার প্রয়োজনে সংযোজিত মডেল অনুসারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থাসমূহ খসড়া চাকুরী বিধিমালা প্রণয়নপূর্বক তাহা আর সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ না করিয়া কেবল তাঁহাদের প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এর অনুমোদন এবং আইন ও বিচার মন্ত্রণালয়ের চূড়াল্লেড় ভেটিং গ্রহণাল্লেড় চূড়াল্লেড় চাকুরী বিধিমালা হিসাবে প্রকাশ করিতে পারে।

৪। এই চাকুরী বিধিমালা প্রণয়নের সময়ে ইহার তফসিলে নির্দিষ্টকৃত বিভিন্ন পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা, শিক্ষাগত যোগ্যতা এবং পদোন্নতি, নিয়োগের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা/দৈর্ঘ্য ইত্যাদির মাপকাঠি নির্ধারণে বিভিন্ন সময়ে সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হইতে জারীকৃত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে। এই প্রেক্ষিতে চাকুরী বিধিমালার তফসিলসমূহ পূরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থাসমূহ নিম্নে উল্লেখিত সরকারী স্মারকের নীতিমালা/সিদ্ধান্তাবলী অবশ্যই অনুসরণ করিবে এবং তাহা নিশ্চিত হইয়া সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ চাকুরী বিধিমালাসমূহ অনুমোদন করিবে :—

(১) চাকুরীতে প্রবেশের জন্য নির্ধারিত বয়স সীমা সম্পর্কিত সংস্থাপন মন্ত্রণালয়ের ২৯-১০-৮৫ইং তারিখের সঃমঃ/আর-১/এস-২২/৮৫-২২০(১৫০) নম্বর স্মারক (পরিশিষ্ট-‘খ’)।

(২) বিভিন্ন গ্রেডের পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত অর্থ মন্ত্রণালয়ের (বাস্‌ড্রায়ান সেল) এর ২১-৩-৭৪ইং তারিখের এম এফ (আইসি)-২/৭৩/৭৩ নম্বর অফিস স্মারক (পরিশিষ্ট-‘গ’)।

(৩) বিভিন্ন পদে/স্কেলে পদোন্নতির জন্য নির্ধারিত চাকুরীর দৈর্ঘ্য/অভিজ্ঞতা সম্পর্কিত অর্থ মন্ত্রণালয়ের বাস্‌ড্রায়ান বিভাগের ৩০-১০-৭৮ইং তারিখের এম এফ (আইডি)-১-৫/৭৮/১১৮৬ নম্বর বিজ্ঞপ্তি এবং পরবর্তী সংশোধনীসমূহ (পরিশিষ্ট-‘ঘ’)।

মোঃ শামসুল হক চিশ্তী
সচিব।

সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সঃমঃ/আর-১/এসআর-৩/৮৮-২৪৬(৪২) তারিখ : ২৬-১০-১৯৮৮ইং/১১-৭-১৩৯৫বাং।

বিষয় : স্ব-শাসিত প্রতিষ্ঠানের জন্য চাকুরী বিধি প্রণয়ন।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭-১০-৮৭ইং তারিখের স্মারক নং এমই/আর-১/এসআর-১৩/৮৭-১২৫(৪২)।

অত্র মন্ত্রণালয়ের উপরোক্ত স্মারকে জারীকৃত স্ব-শাসিত প্রতিষ্ঠানের আদর্শ চাকুরী বিধিমালায় চাকুরীতে দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়নের উদ্দেশ্যে ৯০ দিনের নোটিশ প্রদানপূর্বক চাকুরী হইতে অব্যাহতি প্রদানের কোন প্রবিধান রাখা হয় নাই, যদিও বেশ কয়েকটি স্ব-শাসিত সংস্থার বিদ্যমান চাকুরী প্রবিধানমালায় এই প্রবিধানটি অন্ডর্ভুক্ত আছে এবং Employment of labour (Standing Order) Act, 1965 এ ও ইহা অন্ডর্ভুক্ত আছে। এই প্রেক্ষিতে স্ব-শাসিত প্রতিষ্ঠানের চাকুরীর জন্য প্রণীত আদর্শ প্রবিধানমালায় এই প্রবিধানটি যুক্ত করা আবশ্যিক বলিয়া কনকপ মনে করে।

২। ২৫-৮-৮৮ইং তারিখে অনুষ্ঠিত মহামান্য রাষ্ট্রপতির সহিত কনকপের নির্বাহী কমিটির বৈঠকে বিষয়টি বিবেচিত হয়। উক্ত বৈঠকে এই প্রসঙ্গে গৃহীত সিদ্ধান্ত এবং আইন ও বিচার মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশ্লিষ্ট সকল প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন স্ব-শাসিত প্রতিষ্ঠানের অবগতি ও অনুসরণের জন্য জানানো যাইতেছে যে সংস্থাপন মন্ত্রণালয়ের উপরোক্ত ১৭-১০-৮৭ইং তারিখের স্মারকের মাধ্যমে জারীকৃত স্ব-শাসিত প্রতিষ্ঠানের চাকুরীর আদর্শ প্রবিধানমালাটির আংশিক সংশোধনক্রমে ইহার নবম অধ্যায়ের ৫০নং প্রবিধানটি নিম্নরূপ প্রবিধান দ্বারা প্রতিস্থাপিত হইবে :

৫০। চাকুরীর অবসান, চাকুরী হইতে অপসারণ, ইত্যাদি।—

(১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাঁহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ দর্শাইয়া কোন কর্মচারীকে নব্বই দিনের নোটিশ দান করিয়া অথবা নব্বই দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ করিতে পারিবেন।”

৩। কোন স্ব-শাসিত প্রতিষ্ঠানের চাকুরীর প্রবিধানমালা ইতিমধ্যে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ১৭-১০-৮৭ইং তারিখে জারীকৃত আদর্শ প্রবিধানমালা অনুসারে জারী করা হইয়া থাকিলে তাহা উপরোক্ত সংশোধনী অনুসারে সংশোধন করিতে হইবে, আর যে সব স্ব-শাসিত প্রতিষ্ঠানের চাকুরী প্রবিধানমালা চূড়ান্তকরণ এখনও বাকী সেই সব ক্ষেত্রে উপরোক্ত সংশোধনী অনুসরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। এতদনুসারে সকল বিধিবদ্ধ স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা যাইতেছে।

স্বাক্ষর
২৬-১০-৮৮
মোঃ শামসুল হক চিশতি
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সম/আর-১/এসআর-১/৮৯-২৭৬(৫০) তারিখ : ২৪-০৯-১৯৯১ইং/০৮-০৬-১৩৯৮বাং

বিষয় : স্ব-শাসিত প্রতিষ্ঠান এর জন্য একরূপ চাকুরী বিধি প্রণয়ন।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের—

(১) ১৭-১০-৮৭ইং তারিখের স্মারক নং এমই/আর-১/এসআর-১৩/৮৭-১২৫(৪২)

এবং

(২) ২৬-১০-৮৮ইং তারিখের স্মারক নং এমই/আর-১/এসআর-৩/৮৮-২৪৬(৪২)

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, সূত্রোক্ত ১নং স্মারক মারফত আদর্শ প্রবিধানমালা অনুসরণপূর্বক চাকুরীবিধি জারী করিবার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো হইয়াছে। ২নং সূত্রোক্ত স্মারক মারফত উক্ত আদর্শ প্রবিধানমালায় ৫০নং প্রবিধানটি আংশিক সংশোধন করা হইয়াছে।

২। সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য The Government Servants (Discipline and Appeal) Rules, 1985-গত ১৩-০৯-৮৯ইং তারিখে আংশিক সংশোধন করা হইয়াছে। উক্ত সংশোধন মোতাবেক ১নং সূত্রোক্ত স্মারকমতে জারীকৃত বিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহে চাকুরীর জন্য আদর্শ প্রবিধানমালা নিম্নরূপে সংশোধন করা হইল :—

(১) আদর্শ প্রবিধানমালার সপ্তম অধ্যায়ের ৩৮(১) ধারার উপধারা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ৎ, যদি কিছু থাকে, বিবেচনা করিবেন এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারেন :—

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন; এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তের প্রতিবেদন দাখিল করিবেন”;

(২) ৩৮(২) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৮(২) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(২) তদন্তকারী কর্মকর্তার সিদ্ধান্ত পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারেন”।;

(৩) ৩৮(৩) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৮(৩) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৩) অধিকতর তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন”;

(৪) ৩৮(৪) ধারা বিলুপ্ত হইবে;

(৫) ৩৮(৫) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৮(৫) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৫) যে ক্ষেত্রে প্রবিধান ৩৫এর দফা (ক) বা (খ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কারের দণ্ড প্রদান করা হইবে সেক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার শুনানী গ্রহণ করতঃ দণ্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারেন, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে শুনানী ব্যতিরেকেই তাহার উপর উক্ত দণ্ড আরোপ করা যাইবে, অথবা উপপ্রবিধান (১) (খ) ও (৩)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দণ্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপপ্রবিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার অপেক্ষা গুরুতর দণ্ড আরোপ করিতে হইবে”;

(৬) ৩৯(৪) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৯(৪) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ “(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষে, তদন্ত বোর্ড তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্য দিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪০ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন”;

(৭) ৩৯(৫) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৯(৫) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ “(৫) তদন্তকারী কর্মকর্তা যা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবেন এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্ত জানাইবেন”;

(৮) ৩৯(৭) ধারার পরিবর্তে নিম্নরূপ ৩৯(৭) ধারা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ “(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবেন”;

(৯) ৩৯(৮) ধারা বিলুপ্ত হইবে;

(১০) ৪১(২) ধারা বিলুপ্ত হইবে;

(১১) ৪৪(২) ধারা এর উপধারা (গ) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (গ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপরিপূর্ণ কি না; এবং যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে সেই আদেশ প্রদান করিবেন”।

৩। কোন স্ব-শাসিত বা বিধিবদ্ধ প্রতিষ্ঠানের চাকুরী প্রবিধানমালা ইতিমধ্যে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১নং সূত্রোক্ত ১৭-১০-৮৭ইং তারিখের স্মারকের সহিত সংযুক্ত আদর্শ প্রবিধানমালা অনুযায়ী জারী করা হইয়া থাকিলে, তাহা উপরোক্ত সংশোধনী অনুযায়ী সংশোধন করিতে হইবে। তবে এইক্ষেত্রে ০৯-০১-৯১ইং তারিখের ডি, ও নং-এমই/আর-১/এসআর-১৮/৮৭-১০(৩০)-এ নির্দেশিত পদ্ধতি অনুসৃত না হইয়া ১৭-১০-৮৭ইং তারিখের স্মারকের ৩নং ক্রমিকে নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে। তবে যদি আলোচ্য সংশোধনী হইতে কোনরূপ বিচ্যুতিমূলক বা ব্যতিক্রমধর্মী সংশোধন প্রস্ফুট থাকে তবে সেইক্ষেত্রে ০৯-০১-৯১ইং তারিখের ডি, ও পত্রে নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৪। উপরোক্ত মর্মে জরুরী ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবার জন্য এবং সকল বিধিবদ্ধ প্রতিষ্ঠান/স্ব-শাসিত সংস্থাকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা যাইতেছে।

৫। এই স্মারকের প্রাপ্তি স্বীকার প্রত্যাশিত।

মোঃ হাসিনুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখা

নং অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ তারিখঃ ০৭-০৮-২০০৮ইং।

বিষয় : আউট সোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা।

সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বিভিন্ন কর্পোরেশন এবং প্রকল্পসমূহে আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের লক্ষ্যে এতদ্বিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এ নীতিমালা “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায়—

- (ক) “কর্তৃপক্ষ বলতে সেবা গ্রহণকারী সংস্থার নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে। প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের পিপি/ডিপিপি/টিএপিপিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে;
- (খ) “স্বীকৃত প্রতিষ্ঠান” বলতে সরকার বা সরকার কর্তৃক প্রদত্ত ক্ষমতাসম্পন্ন কোন প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত রেজিস্টার্ড প্রতিষ্ঠান বুঝাবে;
- (গ) “নিয়োগবিধি” বলতে সেবা গ্রহণকারী কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা বুঝাবে।

৩। সেবা গ্রহণের ক্ষেত্রে :

“আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণযোগ্য হবে :—

- (ক) আউট সোর্সিং এর মাধ্যমে যে সব পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে ঐসব পদের মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট নিয়োগবিধিতে এবং প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পে পিপি/ডিপিপি/টিএপিপিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- (খ) যে সমস্ত পদ আউট সোর্সিং এর জন্য চিহ্নিত হবে সে সকল পদে স্থায়ী, অস্থায়ী বা সাময়িক কোনরূপ নিয়োগ দেয়া যাবে না;
- (গ) সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে যে কোন সংস্থা আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ করতে পারবে;
- (ঘ) কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে আউট সোর্সিং এর মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর যে কোন পদের সেবা গ্রহণের প্রস্তুত প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে পারবে;

৪। সেবা গ্রহণের মেয়াদ :—

দৈনিক/মাসিক/বাৎসরিক ভিত্তিতে প্রতিযোগিতামূলক মূল্যে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সেবা গ্রহণ করা যাবে।

৫। নিয়োগের জন্য বয়সসীমা ঃ—

আউট সোর্সিং (Out-Sourcing) এর মাধ্যমে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ৪র্থ শ্রেণীর সমপর্যায়ের জনবলের বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০(ষাট) বছর হবে। ৪র্থ শ্রেণী ব্যতীত অন্যান্য নিয়োগ বিধিমালায় অনুরূপ পদের জন্য নির্ধারিত সর্বনিম্ন বয়সসীমা প্রযোজ্য হবে। তবে সর্বোচ্চ বয়সসীমা অনধিক ৬০(ষাট) বছর হবে।

৬। সেবা গ্রহণের ক্ষেত্রে যোগ্যতা ঃ—

- (ক) এমএলএসএস এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ এবং চতুর্থ শ্রেণীর অন্যান্য পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হতে হবে।
- (খ) গাড়ীচালক এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।
- (গ) তৃতীয় শ্রেণীর অন্যান্য পদের ক্ষেত্রে কর্তৃপক্ষের সেবা প্রদানকারী জনবল নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণ করতে পারবেন।

তবে শর্ত থাকে যে এ যোগ্যতা নিয়োগ বিধিমালার অনুরূপ পদের জন্য নির্ধারিত যোগ্যতার চেয়ে কম হবে না।

৭। সেবা গ্রহণের শর্ত ঃ—

আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে,

- (ক) কোন ব্যক্তিবিশেষের সাথে কর্তৃপক্ষের চুক্তি(Contract) হবে না। স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা যাবে না।
- (খ) আউট সোর্সিং এর পদগুলি কি ধরণের হবে, এর নিয়োগ যোগ্যতা, বয়স, শারীরিক/মানসিক সুস্থতা ইত্যাদি পদ সৃষ্টির জি,ও-তে সুস্পষ্টভাবে উল্লেখ করা হবে। কোন ক্ষেত্রে জি,ও-তে এগুলোর উল্লেখ না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ অনুরূপ পদ রয়েছে এমন কোন নিয়োগ বিধিমালা এবং এতদ্বিষয়ে সরকার কর্তৃক অনুমোদিত/জারীকৃত নির্দেশনা অনুসরণ করে নিয়োগ যোগ্যতা নির্ধারণ করতে হবে;
- (গ) যে সকল পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে সে সকল পদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিসহ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত জি,ও থাকতে হবে;
- (ঘ) পদ সৃষ্টির জি,ও-তে যে সংখ্যক পদ আউট সোর্সিং এর জন্য সৃষ্টি করা হবে তার অধিক লোকবলের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণ করা যাবে না।
- (ঙ) ড্রাইভারের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণের ক্ষেত্রে গাড়ীসহ ড্রাইভারের সেবা গ্রহণকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- (চ) আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

স্বাক্ষরিত,

ড. মোহাম্মদ তারেক
সচিব
অর্থ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ অক্টোবর ২০০৩ খ্রিস্টাব্দ/১০ কার্তিক ১৪১০ বঙ্গাব্দ

এস, আর, ও নং ৩০১ আইন/২০০৩-সম(বিধি-৫)-২৫/২০০৩।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা সরকারী চাকুরীতে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী” বলিতে তিন বছর মেয়াদী অনার্স কোর্সসহ এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী বুঝাইবে;
- (খ) “বিদ্যমান নিয়োগ বিধিমালা” বলিতে সরকারী পদে নিয়োগের জন্য এই বিধিমালা জারীর তারিখে বলবৎ সকল নিয়োগ বিধিমালা বুঝাইবে;
- (গ) “চার বছর মেয়াদী ডিগ্রী” বলিতে চার বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর অনার্স ডিগ্রীকে বুঝাইবে।

৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ, নির্দেশ ইত্যাদিতে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। **সরাসরি নিয়োগের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ**।—(১) বিদ্যমান অন্যান্য নিয়োগ বিধিমালার বিধান অনুসারে যে সকল প্রথম শ্রেণীর চাকুরী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী নির্ধারিত আছে ঐ সকল পদে নিয়োগের ক্ষেত্রে চার বছর মেয়াদী ডিগ্রীকে, অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য হিসাবে গণ্য করা হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুসারে বিদ্যমান অন্যান্য নিয়োগ বিধিমালার সংশোধন না করা পর্যন্ত উপ-বিধি (১) এর বিধান কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সফর রাজ হোসেন
ভারপ্রাপ্ত সচিব।

অধ্যায়-১

(খ) নিয়োগ (নীতি ও পদ্ধতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১)বিবিধ-৫/৯৮-২৮০(১৫০), তারিখ : ১৭ নভেম্বর ২০০৩/৩ অগ্রহায়ণ ১৪১০
পরিপত্র

বিষয় : ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরিতে শারীরিক প্রতিবন্ধীদের নিয়োগ।

বিভিন্ন সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন ও দপ্তর সমূহের নন-গেজেটেড পদসমূহে নিয়োগের ক্ষেত্রে বর্তমানে বিদ্যমান কোটানীতি অনুযায়ী এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১০% কোটা সংরক্ষিত আছে। এ কোটা জেলাভিত্তিক কোটার অতিরিক্ত।

২। দেশে বিদ্যমান জনগোষ্ঠীর উল্লেখযোগ্য একটি অংশ অর্থাৎ প্রায় ১০% জনগোষ্ঠী প্রতিবন্ধী। এদের মধ্যে রয়েছে বোবা, শারীরিকভাবে বিকলাঙ্গ এবং দৃষ্টিহীন। জনসংখ্যার এ বিপুল অংশ অনেক ক্ষেত্রে আমাদের পরিবার ও সমাজে বোবা স্বরূপ এবং সামাজিক ও পারিবারিক মান-মর্যাদার অসুন্দার হিসেবে বিবেচিত হয়। উদ্ধৃত এ পরিস্থিতি থেকে পরিদ্রাণের উপায় হল এ প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কর্মক্ষম করে গড়ে তুলে তাঁদেরকে যথাযথ মর্যাদার আসনে আসীন করা। এতে করে নিজ পায়ে দাঁড়িয়ে তাঁরা যেমন আত্মনির্ভরশীল হয়ে উঠবে অনুরূপভাবে তাঁদের পরিবার ও সমাজও সৃষ্ট অস্বস্তিকর অবস্থা হতে পরিদ্রাণ পাবে।

৩। বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতা মোকাবেলা করে প্রতিবন্ধীগণ নিজেদেরকে শিক্ষিত এবং অনেক ক্ষেত্রে উচ্চ শিক্ষিত করে গড়ে তুলেছে। শিক্ষার ক্ষেত্রে অনেক সময় তাঁরা যথাযথ যোগ্যতা ও মেধার পরিচয় দিচ্ছে। যোগ্যতা ও মেধা বিচারে ক্ষেত্র বিশেষে তাঁরা এগিয়ে থাকলেও সমাজ তাঁদেরকে উপযুক্তভাবে মূল্যায়ন করছে না। দুঃখজনক হলেও সত্য যে, শারীরিক প্রতিবন্ধকতার কারণে যোগ্যতা অনুযায়ী চাকুরীতে তাঁদেরকে নিয়োগে কিছুটা অনীহা পরিলক্ষিত হয়। প্রতিনিয়তই দেখা যায় তাঁরা বধনোর শিকার হচ্ছেন। তাঁদের মেধা ও যোগ্যতা উপেক্ষিত হচ্ছে। ফলশ্রুতিতে তাঁদের মধ্যে সৃষ্ট হয় মানসিক বিপর্যস্ড়তা, হতাশা ও সমাজে নেমে আসে এর বিরূপ প্রতিক্রিয়া।

৪। প্রতিবন্ধী জনগোষ্ঠী আমাদের সমাজেরই একটা অংশ। তাঁদের কেউ আমাদের সম্পন্ন, কেউ ভাইবোন, আবার কেউ আমাদের আত্মীয়-স্বজন। সুতরাং আমাদের সকলের উচিত তাঁদের দিকে সহযোগিতা ও সহমর্মিতার হাত সম্প্রসারিত করা, যোগ্যতানুসারে তাঁদেরকে সমাজে প্রতিষ্ঠিত করা এবং স্বাবলম্বী করে তোলার কার্যক্রম গ্রহণ করা সরকারের একটি নৈতিক দায়িত্ব। এতদুদ্দেশ্যে প্রতিবন্ধীদের সরকারি চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে নেতিবাচক মানসিকতা দূরীকরণ একান্তভাবে কাম্য।

৫। বর্তমান কোটা পদ্ধতিতে প্রতিবন্ধীদের জন্য শুধুমাত্র ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের জন্য কোটা সংরক্ষিত আছে। ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরিতে নিয়োগে তাঁদের জন্য সংরক্ষিত কোন কোটা নেই। এক্ষেত্রে যোগ্যতাই নিয়োগের একমাত্র মাপকাঠি। তাই প্রয়োজনীয় শর্ত পূরণ করলে ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরিতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে যোগ্য প্রতিবন্ধীদেরকে নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ ও কার্যক্রম গ্রহণের জন্য সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। কোন শ্রেণীর প্রতিবন্ধীদের জন্য কী ধরনের চাকুরি উপযোগী তা নির্ধারণপূর্বক কোন প্রতিষ্ঠানে তাদেরকে নিয়োগ করা যাবে সে জন্য প্রতিটি মন্ত্রণালয়, অধীনস্থ দপ্তর/পরিদপ্তরকে এ জনগোষ্ঠীকে যথাযথ মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৬। বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে যোগ্য প্রতিবন্ধী জনগোষ্ঠীকে ১ম ও ২য় শ্রেণীর সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োগের ব্যবস্থা করা এবং এ বিষয়ে উৎসাহদান ও উদ্বুদ্ধকরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

সফর রাজ হোসেন

ভারপ্রাপ্ত সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-৬/২০০২-২৫০(১০০), তারিখ : ২৫-১০-২০০৩/১০-০৭-১৪১০

পরিপত্র

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের কোটা পদ্ধতি প্রসংগে।

সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)-এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০) তারিখ : ১৭-০৩-১৯৯৭ এর আংশিক সংশোধনক্রমে উপরোক্ত বিষয়ে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সকল সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের জন্য সংরক্ষিত ১০% এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নির্ধারিত কোটার প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে উক্ত কোটায় অপরূপ পদগুলো সাধারণ কোটায় অন্ডর্ভুক্ত করে পূরণ করা যাবে।

২। কোটা সংক্রান্ত অন্যান্য বিধান অপরিবর্তিত থাকবে।

৩। উপরোক্ত সরকারী সিদ্ধান্ত, সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করতে অনুরোধ করা হলো।

মোঃ আব্দুল মালেক
যুগ্ম-সচিব (বিধি)
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১)বিধি-১০/২০০২-১৭৩(২০০), তারিখ : ২১-০৮-২০০৩/০৬-০৫-১৪১০

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের কোটা পদ্ধতি সংশোধন।

সূত্র : (১) স্মারক নং-সম (বিধি-১)-এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০), তারিখ : ১৭-০৩-১৯৯৭

(২) স্মারক নং সম (বিধি-১)-এস-৬/২০০২-২৬৯, তারিখ : ২২-০৮-২০০২

উপর্যুক্ত ১নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে সকল সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরির নন-গেজেটেড পদে সরাসরি নিয়োগের জন্য এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১০% কোটা সংরক্ষণ করা হয় এবং ইহা জেলা কোটা বহির্ভূত করা হয়। ২নং স্মারকের মাধ্যমে সংরক্ষিত উক্ত ১০% কোটা যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার এবং অধীনস্থ সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অনুরূপ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু তারপরও লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত কোটা যথাযথভাবে পূরণ করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, সকল সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরির নন-গেজেটেড পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত ১০% কোটা যথাযথভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হল।

কাজী রওশন আক্তার
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-১৪/৯৯-৩৬(২৫০), তারিখ : ০৯-০২-২০০৩/২৭-১০-১৪০৯

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ।

সূত্র : (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ২২.০৯.১.০.০.৫৬. ২০০০-৩৪৮, তাং-৫-৬-২০০০।

(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ২২.০৯.০১.০০.০০.৮১.৯৪ (অংশ-১)-৫৯৫, তাং-২৪-১০-১৯৯৯।

(৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ৬১.০৯.১.০.০.১.৯৮-৫৯২, তাং-১০-৯-৯৮।

(৪) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-১৪/৯৯-৯২(২৫০), তাং-২৮-৬-২০০০।

(৫) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৯৭ (৫০০), তাং-৭-৬-১৯৯৯।

(৬) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-১)-২০২ (১০০০), তাং-৬-১২-১৯৯৯।

(৭) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-২২৩ (৫০০), তাং-৭-১০-১৯৯৮।

সূত্রোক্ত স্মারকসমূহে বর্ণিত নির্দেশনাসমূহ সংশোধনক্রমে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা ও কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত ৩০% কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত কোটার শূন্য পদসমূহ মেধাতালিকায় শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা যাবে।

২। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই নির্দেশনা জারী করা হলো।

মোহাম্মদ ফিরোজ মিয়া
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-১৪/৯৯-২৮৪, তারিখ : ০৪-০৯-২০০২/২০-০৫-১৪০৯

প্রেরক : মুহম্মদ আতাউর রহমান
যুগ্ম-সচিব (বিধি)
সংস্থাপন মন্ত্রণালয়।

প্রাপক : সচিব,
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা।

বিষয় : সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা অনুসরণ।

- সূত্র : (১) স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-২২৩(৫০০), তাং-৭-১০-১৯৯৮।
(২) স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-১)-২০২(১০০০), তাং-৬-১২-১৯৯৯।
(৩) স্মারক নং-সম(বিধি-১)এস-১৪/৯৯-৯২(২৫০), তাং-২৮-০৬-২০০০।

মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রসমূহের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত ৩০% কোটা অন্য প্রার্থী দ্বারা পূরণ না করে সংরক্ষণ করার যে নির্দেশনা দেয়া হয়েছিল, তা সংশোধনক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ২১ তম বি সি এস পরীক্ষা থেকে মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত ৩০% কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত কোটার শূন্য পদগুলো (ক্যাডার ও নন-ক্যাডার) মেধাভিত্তিক তালিকায় শীর্ষে অবস্থানকারী প্রার্থীদেরকে দিয়ে পূরণ করা যেতে পারে।

মুহম্মদ আতাউর রহমান
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-৬/২০০২-২৬৯, তারিখ : ২২-০৮-২০০২/০৭-০৫-১৪০৯

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এমিটখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের অনুকূলে সংরক্ষিত ১০% কোটা বলবৎকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম/আর-১/এস-৫/৯০-২৩০(২৫০)

তারিখঃ ৩০-০৬-১৯৯০ইং/১৫-০৩-১৩৯৭ বাং।

(২) সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬ (৫০০),

তারিখঃ ১৭-০৩-১৯৯৭ইং/০৩-১২-১৪০৩ বাং।

সংস্থাপন মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে সকল সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীর নন-গেজেটেড পদে সরাসরি নিয়োগের জন্য এমিটখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১০% কোটা সংরক্ষণ করা হয় এবং ইহা জেলা কোটা বহির্ভূত রাখা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ কোটা যথাযথভাবে পূরণ করা হচ্ছে না।

২। অতএব সংরক্ষিত উক্ত ১০% কোটা যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার এবং অধীনস্থ সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অনুরূপ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

মোহাম্মদ ফিরোজ মিয়া

সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-৩/৯৯(অংশ-১)-৫৪(১০০০), তারিখ : ১০ই চৈত্র, ১৪০৫/২৪শে মার্চ, ১৯৯৯

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতির সংশোধন।

সকল সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের জন্য ১৭ মার্চ, ১৯৯৭ তারিখে জারীকৃত স্মারক নং : সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০)- তে আংশিক সংশোধন আনয়নপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত ৩০% কোটা নিম্নরূপভাবে বন্টিত হইবে—

(ক) মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী না পাওয়া গেলে—

- (১) মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্ড্রনগণ,
- (২) সরকারী কর্মচারী (মুক্তিযোদ্ধাদের জ্যেষ্ঠতা) বিধিমালা, ১৯৭৯ এর ৩নং বিধিতে বর্ণিত মুক্তিযোদ্ধা কর্মচারীদের সন্ড্রনগণ, এবং
- (৩) মুজিবনগর কর্মচারীদের সন্ড্রনগণ।

২। কোটা সংক্রান্ত অন্যান্য বিধান ও হার অপরিবর্তিত থাকিবে।

৩। উপরোক্ত সরকারী সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করাইতে অনুরোধ করা হইল।

ডঃ শাহ্ মোহাম্মদ ফরিদ
সচিব।

৫৪—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৩১১(৫০০), তারিখ : ০১ ডিসেম্বর ১৯৯৭/১৭ পৌষ ১৪০৪

পরিপত্র

বিষয় : প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা সনাক্তকরণ পদ্ধতি নির্ধারণ।

সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০) তারিখ : ১৭-০৩-৯৭ খ্রিস্টাব্দ/০৩-১২-১৪০৩ বঙ্গাব্দ এর দ্বারা সকল সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের জন্য বলবৎকৃত ৩০% মুক্তিযোদ্ধা কোটা ২৬ মার্চ ১৯৯৭ তারিখ হইতে মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ করা হয়।

২। এক্ষণে, সরকার উপর্যুক্ত উদ্দেশ্যে প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা সনাক্তকরণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করিলেন :—

- (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদন-পত্রের সহিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত হইতে হইবে, এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
- (খ) আবেদনপত্রের সহিত এসএসসি পাশের ক্ষেত্রে এসএসসি সার্টিফিকেট এবং এসএসসি পাশ না হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
- (গ) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্দেহ হইলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্দেহ এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- (ঘ) চূড়ান্ত নির্বাচনের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করিয়া সত্যতা সম্পর্কে সুনিশ্চিত হইবেন।
- (ঙ) চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করিতে হইবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্দেহ সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করিতে হইবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল পরিলক্ষিত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এই বিষয়ে নিরপেক্ষভাবে তদন্ত করিয়া চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।
- (চ) উপরের 'ক' হইতে 'ঙ' উপ-অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি চাকুরির জন্য আবশ্যিকীয় অন্যান্য যোগ্যতা ও প্রক্রিয়ার অতিরিক্ত তাহা সুস্পষ্টভাবে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লেখ করিতে হইবে।

৩। উপর্যুক্ত সরকারি সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করাইতে অনুরোধ করা হইল।

মোঃ মাহে আলম
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০), তারিখ : ১৭-০৩-১৯৯৭ইং/০৩-১২-১৪০৩বাং

বিষয় : সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতির সংশোধন।

সরকার উপরোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সকল সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের জন্য বলবৎকৃত ৩০% মুক্তিযোদ্ধা কোটা ২৬ শে মার্চ, ১৯৯৭ তারিখ হইতে মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ হইবে। এই পরিপ্রেক্ষিতে সংশোধিত কোটার হার হইবে নিম্নরূপ :—

বিভিন্ন ধরনের কোটা	১ম ও ২য় শ্রেণীর পদসমূহের জন্য (শতকরা হার)	৩য় ও ৪র্থ শ্রেণীর পদসমূহের জন্য (শতকরা হার)
১। মেধা কোটা (জেলা কোটা বহির্ভূত)	৪৫%	-
২। এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী (জেলা কোটা বহির্ভূত)	-	১০%
৩। জেলা কোটা (জনসংখ্যার ভিত্তিতে জেলা- ওয়ারী বন্টন)		
(ক) মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা	৩০%	৩০%
(খ) মহিলা কোটা	১০%	১৫%
(গ) উপ জাতীয় কোটা	০৫%	০৫%
(ঘ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটা	-	১০%
(ঙ) অবশিষ্ট (জেলার সাধারণ প্রার্থীদের জন্য)	১০%	৩০%
মোট =	১০০%	১০০%

২। কোটা সংক্রান্ত অন্যান্য বিধান অপরিবর্তিত থাকিবে।

৩। উপরোক্ত সরকারী সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করাইতে অনুরোধ করা হইল।

সফিউর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-২/৯০-৪৭(১৫০), তারিখ : ২১-০৩-৯৩ইং/০৭-১২-৯৯বাং

পরিপত্র

বিষয় : সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দফতরে সরাসরি নিয়োগে জেলার সর্বশেষ জনসংখ্যার ভিত্তিতে জেলা-ওয়ারী পদ বিতরণের শতকরা হার সংশোধন।

সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০), তারিখ ২৮-০৭-৮৫ ইং এর মাধ্যমে সরাসরি নিয়োগের ক্ষেত্রে জেলার জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী বিতরণের শতকরা হার জারী করা হয়। কিন্তু ইতিমধ্যে বিভিন্ন জেলায় জনসংখ্যার হ্রাস-বৃদ্ধি এবং নতুন বরিশাল বিভাগ সৃষ্টির কারণে জেলাওয়ারী পদ বিতরণের হার সংশোধনের প্রয়োজন দেখা দেয়।

২। তৎপ্রেক্ষিতে জেলাওয়ারী পদ বিতরণের বর্তমান হার ১৯৯১ইং সনের সর্বশেষ আদমশুমারী অনুযায়ী সংশ্লিষ্ট জেলার জনসংখ্যার ভিত্তিতে সংশোধন করা হইল। এই সংশোধনী সংযুক্ত তালিকাতে দেখানো হইল।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০) এর অন্যান্য বিধানসমূহ অপরিবর্তিত থাকিবে।

৪। এই সংশোধিত হার অবিলম্বে কার্যকর হইবে।

৫। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের অধীনস্থ সকল নিয়োগকারী কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করিতে অনুরোধসহ আলোচ্য পরিপত্রের প্রাপ্তিস্বীকার করিতে অনুরোধ করা হইল।

মোঃ হাসিনুর রহমান

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনসংখ্যার ভিত্তিতে ৬৪টি জেলার পদ বিতরণের শতকরা হার

ক্রমিক নং	জেলা	জনসংখ্যা	শতকরা হার
১।	ঢাকা বিভাগ :	৩,৩৫,৯৩,১০৩	৩০.৫৭
	(ক) ঢাকা অঞ্চল	১,৩৮,১৭,২৭৩	১২.৫৭
	(১) ঢাকা	৬১,৪৫,৫৫৪	৫.৫৯
	(২) গাজীপুর	১৭,০৩,৪৬৮	১.৫৫
	(৩) মানিকগঞ্জ	১২,১৩,৪৪৬	১.১০
	(৪) মুন্সিগঞ্জ	১২,২১,৯৫২	১.১১
	(৫) নারায়ণগঞ্জ	১৮,২৪,৪৯৪	১.৬৬
	(৬) নরসিংদী	১৭,০৮,৩৫৯	১.৫৬
	(খ) ফরিদপুর অঞ্চল	৫৬,১২,০০৫	৫.১১
	(৭) ফরিদপুর	১৫,৫২,২০৭	১.৪১
	(৮) রাজবাড়ী	৮,৬২,১৩৪	০.৭৮
	(৯) গোপালগঞ্জ	১১,০৭,২৯৯	১.০১
	(১০) মাদারীপুর	১১,০৬,৯৩৬	১.০১
	(১১) শরিয়তপুর	৯,৮৩,৪২৯	০.৯০
	(গ) জামালপুর অঞ্চল	৩০,৮৪,৭১৩	২.৮১
	(১২) জামালপুর	১৯,৩৭,৩৯৬	১.৭৬
	(১৩) শেরপুর	১১,৪৭,৩১৭	১.০৫
	(ঘ) ময়মনসিংহ অঞ্চল	৮০,৩৪,৭৩৭	৭.৩১
	(১৪) ময়মনসিংহ	৪০,১২,১৯৭	৩.৬৫
	(১৫) কিশোরগঞ্জ	২২,৭১,২৫০	২.০৭
	(১৬) নেত্রকোণা	১৭,৫১,২৯০	১.৫৯
	(ঙ) টাংগাইল অঞ্চল	৩০,৪৪,৩৭৫	২.৭৭
	(১৭) টাংগাইল	৩০,৪৪,৩৭৫	২.৭৭
২।	চট্টগ্রাম বিভাগ :	২,৮৮,১১,৪৪৬	২৬.২২
	(চ) চট্টগ্রাম অঞ্চল	৭১,৯৪,৭৬২	৬.৫৫
	(১৮) চট্টগ্রাম	৫৭,২৯,৭৪০	৫.২২
	(১৯) কক্সবাজার	১৪,৬৫,০২২	১.৩৩
	(ছ) বান্দরবন অঞ্চল	২,৪৩,৮৪৯	০.২২
	(২০) বান্দরবন	২,৪৩,৮৪৯	০.২২
	(জ) পার্বত্য চট্টগ্রাম অঞ্চল	৭,৮৩,৮০৫	০.৭১
	(২১) খাগড়াছড়ি	৩,৬০,৪৪১	০.৩৩
	(২২) রাংগামাটি	৪,২৩,৩৬৪	০.৩৮
	(ঝ) কুমিল- ১ অঞ্চল	৮৬,৫২,৪৩৯	৭.৮৭

(২৩) কুমিল- ১	৪২,৫৩,৭২৮	৩.৮৭
(২৪) ব্রাহ্মণবাড়ীয়া	২২,৫৯,০৭১	২.০৫
(২৫) চাঁদপুর	২১,৩৯,৬৪০	১.৯৫

ক্রমিক নং	জেলা	জনসংখ্যা	শতকরা হার
(এ৩)	নোয়াখালী অঞ্চল	৪৮,৮৪,৪৫৯	৪.৪৫
(২৬)	নোয়াখালী	২৩,৪৫,৭১৩	২.১৪
(২৭)	ফেনী	১১,৫৬,০৬৯	১.০৫
(২৮)	লক্ষ্মপুর	১৩,৮২,৬৭৭	১.২৬
(ট)	সিলেট অঞ্চল	৭০,৫২,১৩২	৬.৪২
(২৯)	সিলেট	২২,৭০,৬৫৬	২.০৭
(৩০)	হবিগঞ্জ	১৫,৬৬,২৪১	১.৪২
(৩১)	মৌলভী বাজার	১৪,৪৬,১৩৪	১.৩২
(৩২)	সুনামগঞ্জ	১৭,৬৯,১০১	১.৬১
৩।	রাজশাহী বিভাগ	২,৬৬,৬৭,৯১৩	২৪.২৭
(ঠ)	রাজশাহী অঞ্চল	৬৭,০৪,৮৪০	৬.১০
(৩৩)	রাজশাহী	১৯,৮৮,২৬৬	১.৮১
(৩৪)	নওগাঁ	২১,৫৬,২৩৫	১.৯৬
(৩৫)	নবাবগঞ্জ	১২,০৩,৪৮১	১.১০
(৩৬)	নাটোর	১৩,৫৬,৮৫৮	১.২৩
(ড)	দিনাজপুর অঞ্চল	৪০,৪৪,০৯২	৩.৬৮
(৩৭)	দিনাজপুর	২২,৮৮,৮১১	২.০৮
(৩৮)	ঠাকুরগাঁও	১০,২৫,৬৮৬	০.৯৩
(৩৯)	পঞ্চগড়	৭,২৯,৫৯৫	০.৬৭
(ঢ)	রংপুর অঞ্চল	৮১,৫৪,৬৯২	৭.৪২
(৪০)	রংপুর	২২,১১,৭১২	২.০১
(৪১)	নিলফামারী	১৪,০৫,৪২৬	১.২৮
(৪২)	কুড়িগ্রাম	১৬,৩১,২৮৬	১.৪৮
(৪৩)	গাইবান্ধা	১৯,৪২,৩৬৭	১.৭৭
(৪৪)	লালমনিরহাট	৯,৬৩,৯০১	০.৮৮
(ণ)	বগুড়া অঞ্চল	৩৪,৫৯,৫৪৯	৩.১৫
(৪৫)	বগুড়া	২৬,৮৭,৩২৪	২.৪৫
(৪৬)	জয়পুরহাট	৭,৭২,২২৫	০.৭০

ক্রমিক নং	জেলা	জনসংখ্যা	শতকরা হার
	(ত) পাবনা অঞ্চল	৪৩,০৪,৭৪০	৩.৯২
	(৪৭) পাবনা	১৯,৫৫,৫১৭	১.৭৮
	(৪৮) সিরাজগঞ্জ	২৩,৪৯,২২৩	২.১৪
৪।	খুলনা বিভাগ	১,৩১,৩২,১৬১	১১.৯৬
	(থ) খুলনা অঞ্চল	৫২,৬০,৬৩৫	৪.৭৯
	(৪৯) খুলনা	২১,৩১,৬৩৮	১.৯৪
	(৫০) সাতক্ষীরা	১৬,৫২,৮০৭	১.৫১
	(৫১) বাগেরহাট	১৪,৭৬,১৯০	১.৩৪
	(দ) যশোর অঞ্চল	৫০,০৬,১৯৪	৪.৫৬
	(৫২) যশোর	২১,৮১,৬১৩	১.৯৯
	(৫৩) বিনাইদহ	১৩,৮৮,৩৯২	১.২৭
	(৫৪) মাগুরা	৭,৫০,২৩৩	০.৬৮
	(৫৫) নড়াইল	৬,৮৫,৯৫৬	০.৬২
	(ধ) কুষ্টিয়া অঞ্চল	২৮,৬৫,৩৩২	২.৬১
	(৫৬) কুষ্টিয়া	১৫,৩৩,১২৪	১.৪০
	(৫৭) চুয়াডাঙ্গা	৮,২৮,১৬২	০.৭৫
	(৫৮) মেহেরপুর	৫,০৪,০৪৬	০.৪৬
৫।	বরিশাল বিভাগ	৭৬,৭২,৩৫৪	৬.৯৮
	(ন) বরিশাল অঞ্চল	৫৫,৮১,৬৬৮	৫.০৮
	(৫৯) বরিশাল	২২,১২,১৬০	২.০৯
	(৬০) ভোলা	১৪,৮৯,৪১৫	১.৩৬
	(৬১) ঝালকাঠি	৬,৯৭,১০৮	০.৬৩
	(৬২) পিরোজপুর	১১,০২,৯৮৫	১.০০
	(প) পটুয়াখালী অঞ্চল	২০,৯০,৬৮৬	১.৯০
	(৬৩) পটুয়াখালী	১২,৯৮,১৫২	১.১৮

(৬৪) বরগুনা	৭,৯২,৫৩৪	০.৭২
বাংলাদেশ :	১০,৯৮,৭৬,৯৭৭	১০০.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা-বিধি-১

নং-সম/বিধি-১/এস-১৫/৯২-১০২(১৫০), তারিখ : ৩ মে, ১৯৯২ইং/২০ বৈশাখ, ১৩৯৯ বাং

বিষয় : সরকারী/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দফতরে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা যথাযথভাবে অনুসরণ করা প্রসংগে।

সরকার উপরোক্ত বিষয়ে ইতিপূর্বে অত্র মন্ত্রণালয়ের ২৮-০৭-৮৫ ইং তারিখের এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০) নং স্মারক এবং ৩০-০৬-৯০ইং তারিখের সম/আর-এস-৫/৯০-২৩০(২৫০) নং স্মারকের মারফত জেলাকোটা পদ্ধতি এবং উক্ত পদ্ধতি সঠিকভাবে পালনের প্রয়োজনীয় নির্দেশাবলী জারী করিয়াছেন। জেলাকোটার মূল নীতিমালা ০৫-০৯-৭২ ইং তারিখের এষ্টাব/আর-১/আর-৭৩/৭২-১০৯(৫০০) নং অফিস স্মারকে বর্ণিত হইয়াছে এবং ইহার ব্যাখ্যা ও স্পষ্টীকরণ বিভিন্ন সময় করা হইয়াছে। তথাপি বিভিন্ন ক্ষেত্রে জেলাকোটা সঠিকভাবে প্রতিপালিত হইতেছে না বলিয়া জানা যায়। যাহা কাম্য নহে।

২। দেশের বিভিন্ন অনগ্রসর জেলার নাগরিকগণকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের বিষয়ে সমতাভিত্তিক সুযোগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশের সংবিধানের ২৯(৩)(ক) অনুচ্ছেদের বিধান অনুযায়ী তাহাদের অনুকূলে বিশেষ নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যেই ৫-৯-৭২ ইং তারিখের স্মারকের মাধ্যমে সর্বপ্রথম কোটাভিত্তিক পদ সংরক্ষণের নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে পরিবর্তিত পরিস্থিতির আলোকে ২৮-০৭-৮৫ ইং এবং ৩০-০৬-৯০ ইং তারিখের স্মারক মারফত কোটাভিত্তিক নিয়োগের সংশোধিত নীতিমালা জারী করা হয়। ইহা অনস্বীকার্য যে জেলাকোটা বাংলাদেশ সংবিধানের ২৯(৩)(ক) অনুচ্ছেদের বিধান, কাজেই কোটাভিত্তিক নিয়োগের বিদ্যমান নীতিমালা হইতে বিচ্যুত হইলে প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের ক্ষেত্রে দেশের বিভিন্ন অনগ্রসর অঞ্চলের/জেলার নাগরিকগণকে সমতা ভিত্তিক নিয়োগ প্রদানের বিষয়ে সংবিধান আরোপিত মূলনীতি ক্ষুণ্ণ হইবে। অর্থাৎ জেলাকোটা পদ্ধতি সঠিকভাবে অনুসরণ না করা সংবিধানের বিধানকে লঙ্ঘন করারই সামিল।

৩। অতএব, নিয়োগবিধির বিধান অনুযায়ী সরাসরি নিয়োগ ক্ষেত্রে যাহাতে প্রচলিত জেলাকোটা যাহা অত্র মন্ত্রণালয়ের স্মারক নং এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০) তারিখ ২৮-০৭-৮৫ ইং এবং সম/আর-১/এস-৫/৯০-২৩০(২৫০) তারিখ : ৩০-৬-৯০ ইং দ্বারা সকলকে অবহিত করা হইয়াছিল তাহা যেন কঠোরভাবে অনুসৃত হয় এই বিষয়টি নিশ্চিত করিবার জন্য সকল নিয়োগকারী কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ করা হইল।

(মোঃ হাসিনুর রহমান)
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা-(বিধি-১)

নং সম/আর-১/এস-(৫)/৯০-২৩০(২৫০), তারিখ : ৩০ জুন, ১৯৯০ইং/১৫ আষাঢ়, ১৩৯৭ বাং

বিষয় : সরকারী/স্বায়ত্ব শাসিত/আধা স্বায়ত্ব শাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দফতরে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতির সংশোধন।

সরকার উপরোক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় হইতে ২৮-০৭-৮৫ ইং তারিখে জারীকৃত এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০) নং স্মারক নিম্নরূপে আংশিক সংশোধন করিলেন।

২। উক্ত ২৮-০৭-৮৫ ইং তারিখের স্মারকের (গ) নং ক্রমিকের পর নিম্নবর্ণিত ক্রমিকদ্বয় সন্নিবেশিত হইল, যথা :—

গ(১) সরকারী এতিমখানার নিবাসী, বেসরকারী এতিমখানার নিবাসী ও শারিরীক প্রতিবন্ধীদের জন্য নন-গেজেটেড পদে সম্মিলিত ১০% কোটা সংরক্ষণ করা হইল এবং কোটা জেলা ভিত্তিক কোটার বহির্ভূত রাখা হইল।

গ(২) সরকারী/বেসরকারী এতিমখানার নিবাসী ও শারিরীক প্রতিবন্ধীদের জন্য গ(১) অনুচ্ছেদে নির্ধারিত কোটা পুলিশ ও সশস্ত্র বাহিনীতে নিয়োগের ক্ষেত্রেও প্রযোজ্য করা হইল।

৩। উল্লেখিত স্মারকের চ(১) নং ক্রমিক নিম্নরূপে সংশোধন করা হইল :

(চ)

(১) নন-গেজেটেড পদসমূহের জন্য :

সর্বপ্রথম শূন্যপদ হইতে সরকারী এতিমখানার নিবাসী, বেসরকারী এতিমখানার নিবাসী ও শারিরীক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত ১০% পদ বন্টন করিতে হইবে। উক্ত ১০% পদ সংরক্ষণের পরে অবশিষ্ট সকল পদ জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী ২৮-০৭-৮৫ ইং তারিখের স্মারকের (ঘ) উপ-অনুচ্ছেদ সাপেক্ষে বন্টন করিতে হইবে। অতঃপর বিভিন্ন বিশেষ কোটা (মুক্তিযোদ্ধা ৩০%, মহিলা ১৫%, উপজাতীয় ৫% এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ১০%) অনুযায়ী মেধার ভিত্তিতে যোগ্য (qualified) প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে। এই প্রকার বিতরণের পর যোগ্য প্রার্থীরা কে কোন জেলার বাসিন্দা তাহা নির্ধারণ পূর্বক উক্ত জেলার প্রাপ্য বাকী পদসমূহ উক্ত জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে।

৪। উপরোক্ত মর্মানুযায়ী সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৩-৮৮ ইং তারিখে জারীকৃত সঃমঃ/আর-১/এস-৩/৮৮-৬২(২৫০) নং স্মারক সংশোধন করা হইল, এবং ২৮-০৭-৮৫ ইং তারিখে স্মারকের অন্যান্য সিদ্ধান্ত বহাল রাখা হইল।

৫। এই সংশোধিত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে। এই আদেশের প্রাপ্তি স্বীকারের জন্য এবং এই আদেশ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থাৎ সকল মন্ত্রণালয়/বিভাগ এর অধীনস্থ সকল নিয়োগকারীকে নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ করা হইল।

(নজরুল ইসলাম)
যুগ্ম-সচিব (বিধি)।

৫৫—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা-বিধি-১
অফিস স্মারকলিপি

নং সম(বিধি-৫)আর-আর-৫/৮৫-১০০(৫০), তারিখ : ২২-১০-৮৫ ইং

বিষয় : সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগের কোটায় প্রাপ্য সংখ্যা নির্ধারণের পদ্ধতি।

নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হইয়া জানাইতেছে যে, শূন্য পদের সরাসরি ও পদোন্নতির কোটায় প্রাপ্য পদের সংখ্যা নির্ধারণ করার নিম্নলিখিত দুইটি পদ্ধতি রহিয়াছে :—

(ক) সংশ্লিষ্ট পদের মোট অনুমোদিত সংখ্যার (Total sanctioned strength) ভিত্তিতে নিয়োগ বিধির বিধান মোতাবেক সরাসরি ও পদোন্নতির কোটার প্রাপ্য পদের সংখ্যা নির্ধারণ করিয়া তাহা হইতে সংশ্লিষ্ট কোটায় যতজন কর্মরত আছে, ততজন বাদ দিয়া অবশিষ্ট সংখ্যক পদ সংশ্লিষ্ট কোটায় প্রাপ্য হয়। উদাহরণ স্বরূপ একটি পদের মোট অনুমোদিত সংখ্যা ৯৯ টি। নিয়োগ বিধি মোতাবেক ২/৩ অংশ সরাসরি ও ১/৩ অংশ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। সুতরাং ৬৬ টি পদ সরাসরি ও ৩৩ টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। ঐ সময়ে সরাসরি ৬০ জন ও পদোন্নতির মাধ্যমে ২৬ জন কর্মরত আছে। এখন এই শূন্য পদ পূরণের জন্য সরাসরি কোটায় (৬৬-৬০)=৬টি পদ ও পদোন্নতির কোটায় (৩০-২৬)=৪টি পদ প্রাপ্য হইবে।

(খ) কোন নির্দিষ্ট সময়ে শূন্য পদের সংখ্যার ভিত্তিতে নিয়োগ বিধির বিধান মোতাবেক সরাসরি ও পদোন্নতির কোটায় প্রাপ্য পদের সংখ্যা নির্ধারণ করা যেমন ১৮টি পদ শূন্য হইয়াছে। ইহার ২/৩ অংশ অর্থাৎ ১২টি পদ সরাসরি কোটায় এবং ১/৩ অংশ অর্থাৎ ৬টি পদ পদোন্নতির কোটায় বন্টন করা।

২। এখন প্রশ্ন দেখা দিয়াছে এই দুইটি পদ্ধতির কোনটি অবলম্বন করিতে হইবে। এ বিষয়ে পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ গ্রহণের পর সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে যে, যে সমস্ত ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা অপরিবর্তিত থাকে সে সমস্ত ক্ষেত্রে উপরের (ক) তে উল্লেখিত পদ্ধতি অবলম্বন করিতে হইবে এবং যখন কোন পদের সরাসরি ও পদোন্নতির কোটা পরিবর্তিত হয় যেমন পূর্বে ৫০ঃ ৫০ ছিল তাহা পরিবর্তিত হইয়া ২/৩ : ১/৩ হইয়াছে, তখন এইরূপ পরিবর্তনের তারিখ হইতে সংশোধিত বিধি অনুযায়ী (খ) তে উল্লেখিত পদ্ধতি অবলম্বন করিতে হইবে।

৩। সকল নিয়োগকারী কর্তৃপক্ষকে ইহা অবহিত করার অনুরোধ করা যাইতেছে।

(শেখ আব্দুল হান্নান)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CABINET SECRETARIAT
Establishment Division
SECTION-1.
OFFICE MEMORENDUM

No. ED/RI/R-56/75/52' Dated, Dacca, the 8th April, 1976

Subject : Interim Recruitment Policy Allocation of district-wise quota for filling vacancies in the services and posts under the Government, Autonomous and Semi-autonomous organisations and Nationalised Enterprises.

Government have given further thought to the interim Recruitment Policy and have taken the following decisions in partial modification of the order contained in this Division Memo. No Estt/R 1/R-73/72-109(500), dated 5.9.72.

- (i) The merit quata in Class I and Class II vacancies shall be raised from 20% to 40%.
- (ii) There shall be a 10% quota for women candidates in all catagories of vacancies subject to their fulfilment of basic qualifications. This, however, will not apply in respect of requitment to technical posts in defence services and to such other posts as may be considered unsuitable for women by the Ministry concerned.
- (iii) If suitable candidates are not available in any district as per its quota, candidates from other districts within the Division may be considered for filling the vacancies.
- (iv) For appointments in technical posts/posts in educational institutions, the district quota system will stand relaxed to the extent that if suitable candidates are not available in a district as per its quota, then candidates from any other district of the country could be considered for filling the vacancies.

It is requested that the above decisions may be please brought to the notice of all appointing authorities including those in the statutory Bodies, Nationalised enterprises, Divisional, District, Sub-divisional and other subordinate offices under the administrative control of the Ministry/Division.

sd/-A.B.M. Motahar Hossain

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ সচিবালয়
সংস্থাপন বিভাগ
রেগ-১ শাখা

স্মারক নং ইডি/রেগ-১/এম-১৪/৭৯-১০২(২০০), তারিখ : ঢাকা, ১৬ ই নভেম্বর, ১৯৭৯।

বিষয় : গ্রাম প্রতিরক্ষা দলের ও আনসার বাহিনীর সদস্যবৃন্দের চাকুরী সংস্থানের জন্য বিভিন্ন সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহের দফতরে পদসংরক্ষণ।

সূত্র : সংস্থাপন বিভাগের স্মারক নং ই এস টি টি/আর-১/আর-৭৩/৭২-১০৯(৫০০) তারিখ ৫-৯-৭২ ইং এবং স্মারক নং ইডি/আর-১/আর-১৩০/৭৬/১৮২(৩০০) তারিখ ৯-১২-৭৬।

শিক্ষিত ও যোগ্য গ্রাম প্রতিরক্ষা দলের এবং আনসার বাহিনীর সদস্যবৃন্দের চাকুরী সংস্থানের উদ্দেশ্যে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে বিভিন্ন সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থা সমূহের দফতরে নন-গেজেটেড পদের শতকরা ১০ (দশ) টি পদ তাহাদের জন্য সংরক্ষিত থাকিবে। উক্ত সংরক্ষিত কোটা বর্তমান জেলাওয়ারী কোটার অন্ডর্ভুক্ত বলিয়া গণ্য হইবে।

২। উল্লেখিত সংরক্ষিত কোটাভুক্ত পদের জন্য উপযুক্ত বিবেচিত হইতে হইলে প্রার্থীকে তাহার দরখাস্তসহ সহিত মহকুমা প্রশাসক, জেলা প্রশাসক অথবা জেলা আনসার এডজুটেন্ট কর্তৃক প্রদত্ত লিখিত সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত সকল মন্ত্রণালয় ও বিভাগের এবং তাহাদের অধীনস্থ সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহের সকল নিয়োগকর্তাদের গোচরীভূত করার জন্য অনুরোধ করা যাইতেছে।

(মোঃ রমজান আলী মিঞা)
উপ-সচিব (রেগ-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

এমইআর/আর-১/এস-১৩/৮৪-১৪৯(২৫০), তারিখ ২৮-৭-১৯৮৫ ইং।

বিষয় : সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত এবং বিভিন্ন করপোরেশন ও দফতরে সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা পদ্ধতি সংশোধন।

সরকার উল্লেখিত বিষয়ে পূর্বের সিদ্ধান্তসমূহের আংশিক সংশোধন করিয়া নিম্নে বর্ণিত পদসমূহ গ্রহণ করিয়াছেন :

(ক) সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/ন্যাশনাল ইজডেন্টারপ্রাইজেস/কর্পোরেশনের কোন পদে নির্ধারিতা মহিলাদের জন্য বর্তমানে সংরক্ষিত ৫% কোটা বিলোপ করা হয়।

(খ) উল্লেখিত অফিসসমূহে ১ম ও ২য় শ্রেণীর পদের মেধাভিত্তিক কোটা বর্তমানে প্রচলিত ৪০% হইতে ৪৫% উন্নীত করা হইল।

(গ) উল্লেখিত অফিসসমূহে নন-গেজেটেট পদে মহিলা প্রার্থীদের জন্য বর্তমানে সংরক্ষিত কোটা ১০% হইতে ১৫% এ উন্নীত করা হইল।

(ঘ) কোন বিশেষ কোটার অধীন কোন জেলার বিতরণকৃত পদের সংখ্যা হইতে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হইলে সংশ্লিষ্ট প্রাক্তন বৃহত্তর জেলার অস্ফুর্জিত সেই জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে হইতে ঐ শূন্য পদ পূরণ করিতে হইবে যে জেলার চাকুরী জীবির সংখ্যা সর্বাপেক্ষা কম। সংশ্লিষ্ট সকল বৃহত্তম জেলার অস্ফুর্জিত কোন জেলা হইতে উপরোক্তভাবে বিশেষ কোটার শূন্য পদ পূরণ করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট বিভাগের অস্ফুর্জিত সেই জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে হইতে ঐ শূন্য পদ পূরণ করিতে হইবে যে জেলার চাকুরীজীবির সংখ্যা সর্বাপেক্ষা কম।

(ঙ) প্রাক্তন ২১টি জেলার জনসংখ্যা অনুযায়ী বিশেষ কোটার পদ বিতরণের পরিবর্তে জনসংখ্যা অনুযায়ী ৬৪ টি জেলার পদ বিতরণের শতকরা হার নির্ণয় করা হইবে।

সংযুক্ত তালিকাতে দেখানো হইল।

(চ) জেলাওয়ারী কোটা সুষ্ঠুভাবে প্রয়োগ এবং এ বিষয়ে সকল বিভাগির্ড নিরসনের জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে :

(১) নন-গেজেটেট পদসমূহের জন্য :

সকল পদ সর্বপ্রথম জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারীভাবে [(ঘ) উপ-অনুচ্ছেদ সাপেক্ষে বন্টন করিতে হইবে। অতঃপর বিভিন্ন বিশেষ কোটা (মুক্তিযোদ্ধা ৩০%, মহিলা ১৫%, উপ-জাতীয় ৫% এবং আনছার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ১০% অনুযায়ী মেধার ভিত্তিতে যোগ্য (qualified) প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে। এই প্রকার বিতরণের পরে যোগ্য প্রার্থীরা কে কোন জেলার বাসিন্দা তাহা নির্ধারণ পূর্বক উক্ত জেলার প্রাপ্য বাকী পদসমূহ উক্ত জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে।

(২) ১ম ও ২য় শ্রেণীর পদসমূহের জন্য :

এই ক্ষেত্রে মেধাভিত্তিক কোটা হইবে ৪৫% এবং জেলা ভিত্তিক কোটা হইবে ৫৫%। এই জেলা ভিত্তিক কোটার মধ্য হইতে মুক্তিযোদ্ধাদের ৩০%, মহিলাদের ১০%, এবং উপ-জাতীয়দের ৫% পদ সমন্বয় করিতে হইবে। এই উদ্দেশ্যে সর্ব প্রথমে জেলাওয়ারী কোটার ৫৫% পদ জনসংখ্যার ভিত্তিতে বিভিন্ন জেলার মধ্যে [(ঘ) উপ-অনুচ্ছেদ সাপেক্ষে] বন্টন করিতে হইবে। অতঃপর বিভিন্ন বিশেষ কোটা (মুক্তিযোদ্ধাদের জন্য ৩০%, মহিলাদের জন্য ১০%, উপ-জাতীয়দের জন্য ৫%, ১ অনুযায়ী মেধার ভিত্তিতে যোগ্য (qualified) প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে। এই বন্টন মোট পদের শতকরা হিসাবে হইবে, ৫৫% জেলাওয়ারী কোটায় নহে। মেধার জন্য সংশ্লিষ্ট ৪৫% পদ জেলাওয়ারী কোটার সম্পূর্ণরূপে বাহিরে থাকিবে। এই প্রকার বিতরণের পরে যোগ্য প্রার্থীরা কে কোন জেলার বাসিন্দা তাহা নির্ধারণ পূর্বক উক্ত জেলার প্রাপ্য বাকী পদসমূহ উক্ত জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে বন্টন করিতে হইবে।

২। উপরোক্ত সরকারী সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সকল নিয়োগকারীকে অবগত করাইতে অনুরোধ করা হইল এবং এই আদেশের প্রাপ্তি স্বীকারের অনুরোধ করা হইল।

মোঃ শামসুল হক চিশতী
সচিব।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**MINISTRY OF CABINET AFFAIRS
ESTABLISHMENT DIVISION**

OFFICE MEMORANDUM

NO. Estt./RI/R-73/72-109(500), dated the 5th September, 1972

Subject : Interim Recruitment policy.—Allocation of districtwise quota for filling vacancies in the services and posts under the, Government, Autonomous and Semi-autonomous organisation and Nationalised Enterprises.

In order to achieve more equitable representation of the people of all the districts of Bangladesh in the various services and posts under the Government (including the Defence Services). Autonomous and Semi-autonomous organisations and the Nationalised Enterprises (including Financial. Commercial and Industrial Organisations), the Government of the People's Republic of Bangladesh have decided, as an interim measure, to fill all future vacancies, by the candidates from all the districts on the basis of population of the districts. When the number of vacancies is so small that it cannot be distributed districtwise the vacancies shall be distributed Division-wise on the basis of population. The District/Division-wise quotas shall be calculated class-wise, For this purpose, in the absence of any existing classification in any post/service, the classes will be determined as the following.

Class I- Services or posts, the maximum of the pay-scale of which is taka 1,000 or more.

Class II- Services or posts, the maximum of the pay-scale of which is below Taka 1,000 but not below Taka 700.

Class III- Services or posts not falling within the categories above or below.

Class IV- Peons. Messengers. Guards. Chowkidars. M.L.S.S. and holders of like posts.

2. When the number of vacancies is smaller than 4, the Divisions having least representation in a particular service should be given weightage in future recruitment.

3. In Class I Services and posts 20% of all the vacancies shall, however, be filled on merit alone, the remaining vacancies may be distributed District/Division-wise on the above basis.

4. The 30% quota of vacancies reserved for Freedom fighters and the 10% quota of vacancies reserved for effected women as per existing orders shall be calculated on the total available vacancies class-wise on overall basis without affecting the District/Division-wise quota in any way.

5. The offices having jurisdiction over only one district will fill their vacancies from the district concerned. Offices having jurisdiction over more than one district will fill vacancies by candidates from the districts over which they have jurisdiction on the basis of population. Offices having jurisdiction over all the districts will fill vacancies from the candidates of all the districts in accordance with the procedure mentioned in paras 1 and 2 above.

6. The distributing vacancies District-wise the fractions will be rounded to lower whole number and the remaining vacancies shall be distributed Division-wise in accordance with the procedure laid down in paras 1 and 2 above.

7. The above procedure will apply to recruitments made through Public Service Commission as well as by the respective offices themselves on *ad hoc* basis or otherwise. This quota will not however, apply to the appointments made by way of absorption of persons appointed at Mujibnagar or Bangalee officers and employees returning from Pakistan on repatriation. This will also not apply to the vacancies filled by promotion or transfer.

8. In order to give opportunity to the Public Service Commissions to Distribute the vacancies properly to all the districts all appointing authorities should communicate to the Commissions their present and anticipated vacancies annually so that the Commissions can prepare the Annual or Bi-annual panels.

9. All *ad hoc* appointments made so far shall forthwith be reported to the relevant Public Service Commission for regularisation. While regularising the *ad hoc* appointments the Public Service Commissions shall ensure that the District and Division-wise quota are strictly adhered to.

10. The existing Recruitment Rules will be deemed to have been modified to the extent it is necessary to comply with the instructions contained in this O.M.

11. All appointing authorities shall report to the Establishment Division by the first week of every month the number of vacancies filled during the preceding month together with District/Division-wise break up of the appointees.

12. This recruitment policy will not apply to the Industrial and Factory labourers.

M.M ZAMAN
Secretary.

অধ্যায়-১

(গ) বৈদেশিক চাকুরীতে নিয়োগ, প্রশিক্ষণ ও বিদেশ ভ্রমণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বৈদেশিক নিয়োগ শাখা

সম/বৈগনিঃ/বৈদেশিক নিয়োগনীতি/১২/২০০৩-৬৮(২০০), তারিখ : ২৩ বৈশাখ ১৪১৪/৬ মে ২০০৭

রিজলিউশন

বিষয় : বৈদেশিক চাকুরীতে বাংলাদেশী নাগরিকদের নিয়োগ সম্পর্কিত নীতি ও পদ্ধতি।

বিভিন্ন ধরনের বৈদেশিক চাকুরীতে বাংলাদেশী নাগরিকদের নিয়োগ প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে এতদ্বিষয়ে সরকার নিম্নরূপ নীতি ও পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :—

(১) বিভিন্ন প্রকারের বৈদেশিক চাকুরীর প্রার্থীতা নিয়ন্ত্রণ নিম্নোক্ত মন্ত্রণালয়ের আওতায় হইবে :—

- | | | |
|--|---|--|
| (ক) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক
কর্মসংস্থান মন্ত্রণালয় | : | যে কোন দেশ বা সংস্থার সহিত সম্পাদিত
দ্বি-পাক্ষিক চুক্তি/ব্যবস্থার আওতায় প্রাপ্ত
বৈদেশিক চাকুরীর ক্ষেত্রে; |
| (খ) সংস্থাপন মন্ত্রণালয় | : | উপরোক্ত (ক) ব্যতীত অন্যান্য সকল
বৈদেশিক চাকুরীর ক্ষেত্রে। |

(২) পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ বিদেশী সরকারী ও বেসরকারী সংস্থা, জাতিসংঘ ও ইহার অংগ-সংগঠনসমূহ এবং অন্যান্য আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার “চাকুরী খালি”র তথ্য সংগ্রহ করিয়া সংস্থাপন মন্ত্রণালয়ে এবং কোন দেশ বা সংস্থার ও বাংলাদেশের মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি/ব্যবস্থার আওতায় “চাকুরী খালি”র তথ্য সংগ্রহ করিয়া শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করিবে;

(৩) সংস্থাপন মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বৈদেশিক চাকুরীর তথ্য টেলিভিশন, রেডিও ও সংবাদপত্রের মাধ্যমে এবং অন্যান্য পন্থায় দ্রুত ও কার্যকরভাবে প্রচারের ব্যবস্থা করিবে;

(৪) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় তাহাদের নিয়ন্ত্রণাধীন বৈদেশিক চাকুরীসমূহের জন্য দরখাস্ত আহ্বান, মনোনয়ন, নিয়ন্ত্রণ ইত্যাদির বর্তমান নীতি/পদ্ধতি সহজীকরণের ব্যবস্থা পৃথকভাবে গ্রহণ করিবে;

(৫) সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতিসংঘ স্বেচ্ছাসেবকসহ বিদেশে এবং দেশে অবস্থিত সকল বৈদেশিক চাকুরীর ব্যাপারে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করা হইবে :—

(ক) যে কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রচারকৃত অথবা অন্যভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যে কোন বেসামরিক প্রার্থী যে কোন বৈদেশিক চাকুরীর জন্য সরাসরি সংশ্লিষ্ট সরকার/সংস্থায় দরখাস্ত করিতে

পারিবেন; তবে দরখাস্তকারী বেসামরিক সরকারী কর্মকর্তা/কর্মচারী হইলে তিনি তাঁহার দরখাস্তে কপি স্বীয় প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অবগতির জন্য অবিলম্বে পেশ করিবেন। তবে উল্লেখ্য থাকে, যে কোন সরকারী কর্মকর্তা/কর্মচারী বাংলাদেশে অবস্থিত কোন বৈদেশিক কূটনৈতিক মিশন অথবা ইহার অংগ সংগঠন এবং বিদেশী অথবা বিদেশী সাহায্যপুষ্ট এন,জি,ও-এর কোন পদের জন্য সরকারের অনুমোদন ব্যতিরেকে আবেদন করিতে পারিবেন না। বাংলাদেশ সরকারের মাধ্যমে দরখাস্ত প্রেরণের জন্য বিদেশী সরকার/সংস্থার নির্দেশ থাকিলে বেসরকারী প্রার্থীগণ সংস্থাপন মন্ত্রণালয়ের মাধ্যমে এবং সরকারী প্রার্থীগণ নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে দরখাস্ত করিবেন।

(খ) প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়নের জন্য প্রাপ্ত দরখাস্তসমূহ বিবেচনা করিয়া উপযুক্ত দরখাস্তসমূহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিবের অনুমোদনক্রমে অগ্রবর্তী করা হইবে।

(গ) দরখাস্তকারীগণ তাঁহাদের দরখাস্তে কপি বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহা-পরিচালক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে প্রেরণ করিয়া আবেদনকৃত চাকুরী প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ করিতে পারিবেন।

(গ) (১) জাতিসংঘ, উহার অংগ সংগঠন বা অন্য কোন আন্তর্জাতিক/আঞ্চলিক সংস্থায় যে সকল উচ্চ প্রশাসনিক পদের জন্য বাংলাদেশ সরকারের সমর্থনের প্রয়োজন হয় সেই সকল ক্ষেত্রে প্রার্থীগণকে সরকারী চাকুরীজীবী হইলে তাঁহাদের প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে এবং বেসরকারী প্রার্থীগণ সরাসরি সংস্থাপন মন্ত্রণালয়ে আবেদন করিবেন। সংস্থাপন মন্ত্রণালয় একাধিক প্রার্থীর একটি তালিকা প্রস্তুত করিয়া প্রার্থীগণের মধ্য হইতে একজনকে মনোনয়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করিবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন প্রদানের পর বাংলাদেশ সরকার (পররাষ্ট্র মন্ত্রণালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ) উক্ত প্রার্থীর নিয়োগের/নির্বাচনের জন্য প্রচেষ্টা চালাইবেন।

(ঘ) নিয়োগকারী সংস্থা কর্তৃক চাকুরীর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হইলে :-

(১) বেসরকারী প্রার্থীদের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অথবা অন্য কোন সরকারী ছাড়পত্রের প্রয়োজন প্রার্থীগণ প্রাপ্ত বৈদেশিক চাকুরীতে সরাসরি যোগদান করিবেন। তবে বিদেশী নিয়োগকারী কর্তৃপক্ষের পক্ষ হইতে কোন চাওয়া হইলে সংস্থাপন মন্ত্রণালয় তাহা প্রদান করিবে (সংযোজনী-‘ক’ মোতাবেক);

(২) সরকারী প্রার্থীগণ (অর্থাৎ মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, স্ব-শাসিত/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারী খাতের স্থানীয় প্রতিষ্ঠানসমূহ, রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ, কর্পোরেশন ইত্যাদির প্রার্থীগণ) বাংলাদেশের চাকুরীতে লিয়েন রাখার আগ্রহ পোষণ করিলে লিয়েনের জন্য নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়ে দরখাস্ত করিবেন। প্রশাসনিক মন্ত্রণালয় রসুলস অব বিজনেস অনুসারে যে সকল কর্মকর্তার নিয়োগ বা বদলীর প্রস্তুত প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করিতে হয় সেই সকল কর্মকর্তার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর এবং অন্যান্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী/প্রতিষ্ঠানের অনুমোদনক্রমে লিয়েনসহ বৈদেশিক চাকুরীর অনুমতি (সংযোজনী-‘খ’ মোতাবেক) প্রদান করিবে। ইহাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কোন অনাপত্তির প্রয়োজন হইবে না। যদি লিয়েন রাখার আগ্রহ না থাকে অথবা চাকুরী লিয়েন যোগ্য না হয়, তবে তাঁহারা চাকুরী হইতে পদত্যাগ করিবেন। ইহা ছাড়া আর কোন সরকারী ছাড়পত্র প্রয়োজন হইবে না। তবে বিদেশী নিয়োগকারী কর্তৃপক্ষের পক্ষ

হইতে কোন ছাড়পত্র চাওয়া হইলে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ তাহা প্রদান করিবে (সংযোজনী-‘ক’ মোতাবেক)।

(ঙ) বৈদেশিক চাকুরী প্রাপ্তির প্রেক্ষিতে পেশকৃত পদত্যাগপত্র/অনুমতির জন্য আবেদনপত্র সাধারণতঃ প্রত্যাখ্যান করা হইবে না। যদি প্রত্যাখ্যান করিবার প্রয়োজন হয়, তবে উপযুক্ত যুক্তিসহ তাহা সংস্থাপন মন্ত্রণালয়ের সিদ্ধান্তে জন্ম প্রেরিত হইবে। সংস্থাপন মন্ত্রণালয় রুলস্ অব বিজনেস অনুসারে যে সকল কর্মকর্তার নিয়োগ বা বদলীর প্রস্তুত প্রাধিকার নিকট প্রেরণ করিতে হয় সেই সকল কর্মকর্তার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর এবং অন্যান্যদের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

(৬) লিয়েনসহ বৈদেশিক চাকুরী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে হইবে :—

(ক) লিয়েনের মেয়াদ সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর হইতে পারে। এই ৫ (পাঁচ) বৎসর শুধু চাকুরীর জ্যেষ্ঠতা, বেতন বৃদ্ধি ও অবসর গ্রহণের (পেনশনের) জন্য গণনাযোগ্য হইবে। অন্য কোন উদ্দেশ্যে এই সময়কাল গণনাযোগ্য হইবে না এবং লিয়েনাবীন কর্মকর্তা/কর্মচারী এই সময়কালে কোন বেতন/ভাতা/ছুটি পাইবেন না। বাংলাদেশের চাকুরী হইতে অব্যাহতি প্রাপ্তির তারিখ হইতে সেই চাকুরীতে পুনঃযোগদানের পূর্ব দিন পর্যন্ত সময় লিয়েনকাল হিসাবে গণ্য হইবে।

(খ) লিয়েনাবীন কর্মকর্তার অনুরোধে লিয়েনের মেয়াদ প্রয়োজন অনুযায়ী বৃদ্ধি করা হইবে; তবে শর্ত থাকে যে, মোট লিয়েনকাল যদি ৫ (পাঁচ) বৎসর অতিক্রম করে, তবে ৫ (পাঁচ) বৎসর অতিক্রমের তারিখ হইতে সরকার বিশেষ বিবেচনায় অন্যরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ না করিলে, বি, এস, আর, প্রথম খন্ডের ধারা ৩৪ অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাকে আর বাংলাদেশের সরকারী চাকুরীতে হিসাবে গণ্য করা হইবে না এবং এই চাকুরীর সহিত স্বয়ংক্রিয়ভাবে তাঁহার সকল সম্পর্ক ছিন্ন হইবে।

ব্যাখ্যা : প্রচলিত নিয়ম মোতাবেক বৈদেশিক চাকুরীতে নিয়োজিত একজন সরকারী কর্মকর্তা/কর্মচারী এক দফায় ৫ (পাঁচ) বছর পর্যন্ত তাঁহার লিয়েন (যদি থাকে) সংরক্ষণ করিতে পারেন। এক দফায় অনধিক ৫ বছর বৈদেশিক চাকুরী করার পর কোন সরকারী কর্মকর্তা/কর্মচারী দেশে প্রত্যাবর্তন করিয়া কিছুকাল সরকারী চাকুরী করার পর পুনরায় বৈদেশিক চাকুরীতে নিয়োজিত হইলে স্বাভাবিক নিয়মে সরকারী চাকুরীতে তাঁহার লিয়েন আরও ৫ (পাঁচ) বছরের জন্য সংরক্ষিত থাকিতে পারে এবং নিরবচ্ছিন্নভাবে এক নাগাড়ে ৫ (পাঁচ) বছরের অধিককাল বৈদেশিক চাকুরীতে নিয়োজিত না থাকিলে যত দফায়ই তিনি বৈদেশিক চাকুরীতে নিয়োজিত থাকুন না কেন সরকারী চাকুরীতে তাঁহার লিয়েন অক্ষুণ্ণ থাকিবে। বিশেষ ক্ষেত্রে সরকার কোন সরকারী কর্মকর্তা/কর্মচারীকে এক নাগাড়ে ৫ (পাঁচ) বছরের অধিককালের জন্য বৈদেশিক চাকুরীতে নিয়োজিত থাকিবার অনুমতি দিতে পারে এবং সেই ক্ষেত্রে সরকারী চাকুরীতে তাঁহার লিয়েন অক্ষুণ্ণ থাকিবে।

(গ) বৈদেশিক চাকুরীর মেয়াদ শেষে বাংলাদেশ সরকারের চাকুরীতে পুনরায় যোগদানের জন্য নিয়ম মোতাবেক প্রাপ্য সময়ের মধ্যে যোগদান করিতে হইবে। অনুমোদিত বৈদেশিক চাকুরীর মেয়াদ

শেষ হওয়ার ৪ (চার) সপ্তাহের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ করা না হইলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকার অবৈধ অনুপস্থিতির দায়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঘ) নিয়োগকারী সংস্থার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরীর শর্তের অথবা কোন দেনা-পাওনার ব্যাপারে বাংলাদেশ সরকারের কোন দায়-দায়িত্ব থাকিবে না। তবে বাংলাদেশের নাগরিক হিসাবে প্রাপ্য আইনগত সাহায্য/সহযোগিতা প্রয়োজনবোধে প্রদান করা হইবে;

(ঙ) বৈদেশিক চাকুরী হইতে উদ্ধৃত কোন শারীরিক অথবা মানসিক অক্ষমতা বৈদেশিক চাকুরীতে থাকা অবস্থায় অথবা ইহার পর যে কোন পর্যায়ে দেখা দিলে বাংলাদেশ সরকার ইহার কোন দায়-দায়িত্ব গ্রহণ করিবে না এবং কোন অক্ষমতাজনিত ছুটিও মঞ্জুর করা হইবে না;

(চ) বৈদেশিক চাকুরী গ্রহণের অনুমতি প্রদানের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁহার অনুকূলে বরাদ্দকৃত সরকারী গাড়ী, টেলিফোন, ফেরৎযোগ্য অন্যান্য সাজ-সরঞ্জাম ও যন্ত্রপাতি, বই-পত্র ইত্যাদি জমা দিবেন এবং সরকারের অন্য কোন পাওনা থাকিলে তাহা প্রচলিত আইন অনুযায়ী জমা দেয়ার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিবেদনসহ প্রত্যয়ন পত্র উপস্থাপন করিবেন। বৈদেশিক চাকুরীতে যাওয়ার পূর্বে হইতে তিনি যদি সরকারের ভাড়াকৃত বাড়িতে অথবা সরকারী বাড়িতে থাকেন, তবে বৈদেশিক চাকুরী শুরু হওয়ার তারিখ হইতে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে তিনি উক্ত বাড়ি খালি করিয়া দিবেন এবং এই ৬ (ছয়) মাসের ভাড়া স্বাভাবিক হারে তিনি প্রদান করিবেন। যদি তিনি ৬ (ছয়) মাসের মধ্যে বাড়ি খালি না করেন তবে ভাড়াকৃত বাড়ির ক্ষেত্রে সম্পূর্ণ দায়-দায়িত্ব তিনি নিজে বহন করিবেন এবং সরকারী বাড়ির ক্ষেত্রে সরকারী আবাসন পরিদপ্তর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে;

(ছ) বৈদেশিক চাকুরীতে থাকাবস্থায় অথবা অনুরূপ চাকুরী হইতে ফিরিয়া আসার পর সংশ্লিষ্ট কর্মকর্তা যে কোন সময় বাংলাদেশে চাকুরী হইতে পদত্যাগ করিতে পারিবেন কিংবা ২৫ (পঁচিশ) বছর চাকুরী পূর্তির পর স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে পারিবেন।

(৭) বৈদেশিক চাকুরী গ্রহণের অনুমতি/ছাড়পত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি পরিশিষ্ট-‘গ’ মোতাবেক অংগীকারনামা সম্পাদন করিবেন।

(৮) বৈদেশিক চাকুরী গ্রহণের অনুমতিপ্রাপ্ত সকল সরকারী কর্মকর্তার রেজিস্টার সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় সংরক্ষণ করিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং এতদ্বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুস সালাম খান
সচিব।
সংযোজনী-‘ক’

GOVERNMENT OF THE PEOPLE’S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF—

No.Dated,199

Subject : Permission for foreign employment.

The undersigned is directed to say that the Government of the People’s Republic of Bangladesh have been pleased to permit Dr./Mr./Mrs.

.....
(Name and address of the person concerned)

to serve as.....in.....

for a period of.....years under the conditions mentioned below :

- a. He/she shall conduct himself/herself at all times in a manner compatible with the status of the assignment he/she will hold and shall be duty bound to uphold his/her prestige and dignity as citizen of Bangladesh.
- b. He/she shall refrain from engaging himself/herself in any political or commercial or other activity incompatible with his/her assignment and nationality;
- c. He/she shall not incur debt during the term of his/her employment.

Signature and seal of the
authorised officer.

সংযোজনী-‘খ’

GOVERNMENT OF THE PEOPLE’S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF—

No.Dated,199

Subject : Permission for foreign employment.

The undersigned is directed to say that the Government of the People's Republic of Bangladesh have been pleased to permit Dr./Mr./Mrs.....

to serve as.....
under the.....
for a period of.....with effect from the date he/she relinquishes his/her duties in the under the terms and conditions mentioned below :

- a. The period of his/her service with the foreign employer shall be counted from the date of relinquishment to the date prior to the date of resumption of his/her duties in Bangladesh and his/her services for the same period will be treated as foreign service under the said foreign employer, with lien, on his/her post in Bangladesh;
- b. The total period of his/her foreign service may be extended up to a maximum period of 5 years on his/her request. This period of 5 years shall be counted towards his/her seniority, annual increment of pay, leave and retirement. No benefit other than those stipulated herein shall accrue to him/her for this period. If this period exceeds 5 years, then under BSR-34, his/her lien on his/her post in Bangladesh shall unless otherwise decided by the Government due to the special nature of the case, stand terminated automatically and he/she shall case to be in Government employ from the date following the date of completion of 5 years;
- c. During the period of his/her service under the foreign employer, he/she will not receive any pay or allowances (including travelling allowance, etc.) or leave from the Government of the People's Republic of Bangladesh;
- d. The terms of his/her leave during the period of his/her service with foreign employer will be regulated according to the rules of the foreign employer and the leave salary due in respect of such leave will be payable by that employer. No liability in respect of leave salary on account of such leave earned or taken during foreign employment shall devolve on the Government of the People's Republic of Bangladesh or any organisation under it. The Government of the People's Republic of Bangladesh will not recover any leave salary contribution from the foreign employer;
- e. All expenses to be incurred in connection with his/her joining the post under the foreign employer and for resuming his/her post in Bangladesh after completion of the period of foreign service will be borne either by the foreign employer or by himself/herself. During his/her service under the foreign employer he/she will draw his/her pay and allowances, etc., from that employer as per terms of his employment with the foreign employer;

- f. He/she will not be entitled to receive any leave salary from the Government of the People's Republic of Bangladesh or from any organisation under it in respect of disability leave on account of any disability arising out of the foreign service with the foreign employer, even though the disability might manifest itself after the termination of his/her foreign service;
- g. During the period of his/her service with the foreign employer, he/she will not be entitled to any medical facility in respect of self or his/her family at the expense of the Government of the People's Republic of Bangladesh;
- h. The Government of the People's Republic of Bangladesh will not involve itself in any way in determining his/her terms of service with his/her foreign employer or in any dispute of any kind arising out of his/her foreign service with the foreign employer. However, he/she may be given necessary consular legal or any other form of help if necessary, as an ordinary national of Bangladesh;
- i. He/she will regularly pay his contributions to General/Contributory Provident Fund, Group Insurance Premium and Benevolent Fund. His pension contributions and leave salary contributions will be paid by himself or by his foreign employer. He will also pay regularly to the Government Account the instalments of his House Building/Motor Car/Motor Cycle/Bi-cycle Loan/advance and other loan or dues payable to the Government;
- j. On termination of his foreign service, he will resume the duties of his post in Bangladesh within the admissible joining time. In case of his failure to report to his employer in the Government of Bangladesh within 4 (four) weeks of expiry of the approved period of foreign service, the period of his absence beyond the approved period of foreign service will be treated as unauthorised absence and disciplinary action will be taken against him/her on charge of unauthorised absence.

2. Violation of any of the terms and conditions mentioned above and also in the undertaking appended hereto may lead to cancellation of this permission and other disciplinary actions.

Signature and seal of the
authorised officer.

সংযোজনী-‘গ’

UNDERTAKING FROM PERSONS TAKING FOREIGN EMPLOYMENT

I,.....a nominee of the Government of the People's Republic of Bangladesh against a post in the foreign Government/International agency in.....hereby undertake and agree as follows :—

- a. I shall conduct myself at all times in a manner compatible with the status of the assignment. I shall hold and shall be duty bound to uphold my prestige and dignity as citizen of Bangladesh.

- b. I shall refrain from engaging myself in any political or commercial or other activity incompatible with my assignment and nationality;
- c. I shall return to Bangladesh on completion of my term of foreign service;
- d. I shall not incur any debt during the term of my foreign service;
- e. The period of my foreign service will be counted from the date of release from duties in Bangladesh up to the day before the date of resumption of duties in Bangladesh.
- f. On my request the period of my foreign service may be extended from time to time; but the total continuous period of foreign service will be for a maximum period of 5 (Five) years. This period will count towards seniority, annual increment of pay, leave and retirement in Bangladesh. If the period of foreign service exceeds 5 (Five) years. I shall automatically cease to be in Government employ from the date following the day of completion of 5 (Five) years of foreign service under B.S.R. 34;
- g. I shall report to my administrative Ministry/Division/Department/Office/Organisation in Bangladesh within the admissible joining time from the date of expiry of approved period of foreign service, failing which Government of Bangladesh will be free to take appropriate action against me for unauthorised absence;
- h. The Government of Bangladesh will not involve itself in determining the terms of my service with my foreign employer or in any dispute with them arising out of my foreign service;
- i. I shall have no claim of any kind, what-so-ever, against the Government of Bangladesh against any physical or mental incapacity or infirmity resulting from my foreign service.

Verification

It is verified that the above statements and undertaking wilfully given under my signature are understood by me.

(Signature and seal of the person with date)

Note : (i) All these conditions will apply to Govt. Servants; but in case of others only the conditions at a, b, c, d, h and i will apply.

(ii) This undertaking is to be executed on stamped non-judicial paper of Taka 50.00 (Taka Fifty) only in presence of a 1st Class Magistrate.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫৭—

সংস্থাপন মন্ত্রণালয়

বিদেশ প্রশিক্ষণ শাখা

আদেশ

নং সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০), তারিখ : ১৪-৫-৯৯ বাং/২৯-৮-৯২ ইং।

বিষয় : বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি।

বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা সম্পর্কিত যে নীতি ও পদ্ধতি বর্তমানে অনুসারিত হয় তাহাতে বেশ কিছু পদ্ধতিগত জটিলতা রহিয়াছে, যাহার ফলে এই

সকল বিষয়ে আশানুরূপ দ্রুততার সাথে সিদ্ধান্ত গ্রহণ ও প্রক্রিয়াকরণ সম্ভব হয় না। ফলশ্রুতিতে কোন কোন ক্ষেত্রে বিদেশ হইতে প্রাপ্ত প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগের সদ্যবহার করা সম্ভব হয় না।

২। এই সকল জটিলতা দূর করিয়া বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বৃত্তি সংগ্রহ, প্রার্থী নির্বাচন ও প্রক্রিয়াকরণ সহজ, সুষ্ঠু ও গতিশীল করার লক্ষ্যে সরকার এতদ্বিষয়ে নিম্নলিখিত নীতি ও পদ্ধতি অবলম্বন করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেনঃ—

(ক) বৃত্তি সংগ্রহ :

(১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বিভিন্ন দেশ ও সংস্থা হইতে প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার বৃত্তি সংগ্রহ করিবে;

(২) সংগৃহীত বৃত্তির মধ্যে যে গুলিতে উন্নয়ন-সহযোগী দেশ/সংস্থার সম্পূর্ণ অর্থায়নের নিশ্চয়তা থাকিবে সেইগুলি সম্পর্কে সংস্থাপন মন্ত্রণালয়কে অবিলম্বে অবহিত করা হইবে;

(৩) যে সকল বৃত্তিতে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সম্পূর্ণ অর্থায়নের নিশ্চয়তা থাকিবে না সেইগুলির সম্পূর্ণ অর্থায়নের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ অন্যান্য সম্ভাব্য উন্নয়ন সহযোগী/সংস্থার সাথে যোগাযোগ করিবে। এইভাবে যদি সম্পূর্ণ অর্থায়ন বৈদেশিক সাহায্যে সম্ভব হয়, তবে সেইগুলির ব্যাপারেও সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করা হইবে;

(৪) বৈদেশিক সাহায্যে যে সকল বৃত্তি সম্পূর্ণ অর্থায়নের নিশ্চয়তা পাওয়া যাইবে না সেই সকল বৃত্তির ব্যাপারে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বিভিন্ন চেম্বার/বেসরকারী সংস্থার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিবে এবং বেসরকারী সংস্থা/সংগঠন/ব্যক্তি নিজ অর্থ ব্যয়ে উক্ত বিভাগের মাধ্যমে সেই সকল বৃত্তির সদ্যবহার করিতে পারিবেন;

(৫) ব্যক্তিগত উদ্যোগে সংগৃহীত বৈদেশিক বৃত্তি অথবা ব্যক্তি বিশেষের নামে বিদেশ হইতে প্রেরিত সেমিনার, কর্মশালা, সভা ইত্যাদিতে যোগদানের আমন্ত্রণ পত্র সাধারণভাবে প্রত্যাখ্যান করা হইবে না; বরং সংশ্লিষ্ট কর্মকর্তাকে তাহার সদ্যবহার করার সুযোগ দেওয়া হইবে যদি তাহা সংশ্লিষ্ট কর্মকর্তার দাপ্তরিক দায়িত্বের সাথে সম্পর্কিত হয় এবং দাতা সংস্থার সম্পূর্ণ অর্থায়নের নিশ্চয়তা থাকে তবে তাহা অবশ্যই অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রাপ্ত হইতে হইবে;

(খ) বৈদেশিক বৃত্তির প্রকারভেদ এবং প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা :

(১) মেয়াদ নির্বিশেষে সেমিনার, ওয়ার্কশপ, মিটিং, সিম্পোজিয়াম ইত্যাদির ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা এবং শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত থাকিবে না;

(২) মেয়াদ নির্বিশেষে ওরিয়েন্টেশন কোর্স ও স্টাডি ট্যুর এবং ৮ (আট) সপ্তাহের কম মেয়াদের বৃত্তির ক্ষেত্রে অবসর গ্রহণের কাছাকাছি পৌঁছিয়াছেন (বয়স ৫৬ বৎসরের বেশী) এমন কর্মকর্তাকে মনোনীত করা হইবে না;

(৩) ৮ (আট) সপ্তাহ হইতে ৬ (ছয়) মাস মেয়াদের কোর্সকে স্বল্পমেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হইবে। এই জাতীয় কোর্সের জন্য প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বৎসর হইবে, তবে শিক্ষাগত যোগ্যতার কোন বাধ্য-বাধকতা থাকিবে না;

(৪) ৬ (ছয়) মাসের বেশী মেয়াদের কোর্স (যে কোন মেয়াদের এম, এস, পি, এইচ, ডি, পোস্ট-ডক্টোরেল রিসার্চ ব্যতীত) কে মধ্য মেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হইবে। এই জাতীয় কোর্সের জন্য প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ (পঁয়তালিচশ) বৎসর হইবে;

(৫) মেয়াদ নির্বিশেষে এম, এস, পি, এইচ, ডি এবং পোস্ট-ডক্টোরেল রিসার্চ কোর্সকে দীর্ঘমেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হইবে। ইহার মধ্যে পোস্ট-ডক্টোরেল রিসার্চ ব্যতীত অন্যান্য কোর্সের জন্য প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৪০ (চলিচশ) বৎসর হইবে এবং প্রার্থীর শিক্ষা জীবনে কমপক্ষে ১ (এক) টি প্রথম শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। পোস্ট-ডক্টোরেল রিসার্চের ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার কোন বাধা-নিষেধ থাকিবে না;

(৬) বৃত্তি প্রদানকারী দেশ/সংস্থা কর্তৃক যদি প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত থাকে, তবে তাহা অবশ্যই অনুসরণ করা হইবে এবং সেই ক্ষেত্রে এ অনুচ্ছেদের ১-৫ উপ-অনুচ্ছেদ অকার্যকর হইবে;

(গ) বৃত্তি বরাদ্দ :

(১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রাপ্ত বৃত্তিসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দ করার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে একটি বৃত্তি বরাদ্দ কমিটি থাকিবে। উক্ত কমিটি নিম্নরূপ গঠিত হইবে এবং সংস্থাপন মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে :

(ক) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	চেয়ারম্যান
(খ) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য
(গ) পি এ টি সি-র একজন এম ডি এস	ঐ
(ঘ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের একজন যুগ্ম-সচিব	ঐ
(ঙ) শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব	ঐ
(চ) পরিকল্পনা কমিশনের একজন সেকশন চীফ	ঐ
(ছ) উপ-সচিব (বৈদেশিক প্রশিক্ষণ), সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য-সচিব

(২) বৃত্তি বরাদ্দ কমিটি নিয়মিতভাবে বৈঠকে মিলিত হইবে এবং প্রত্যেকটি বৃত্তির কাগজপত্র ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করিয়া তাহা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দ করিবে। কমিটি যতদূর সম্ভব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ যে সংস্থার কর্মকর্তাকে সংশ্লিষ্ট কোর্সের জন্য মনোনীত করিতে হইবে সেই সংস্থা চিহ্নিত করিয়া দিবে;

(৩) কোন বৃত্তি দেশের জন্য নিষ্প্রয়োজনীয় মনে হইলে কমিটি তাহা প্রত্যাখ্যান করিতে পারিবে। তবে একাল্পড় অপ্রাসংগিক না হইলে তাহার সদ্ব্যবহার করিতে হইবে।

(ঘ) প্রার্থী নির্বাচন :

(১) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য প্রার্থী মনোনীত করার দায়িত্ব ৪ (চার) সদস্যের একটি স্থায়ী বাছাই কমিটি পালন করিবে। মন্ত্রণালয়/বিভাগের সচিব/

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব সেই কমিটির চেয়ারম্যান থাকিবেন এবং তিনি অপরাপর সদস্য নির্ধারণ করিবেন। তবে কমিটিতে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার একজন প্রতিনিধিও থাকিবেন;

(২) যে সকল কর্মকর্তা নিজ দপ্তরের উপযোগী অভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণ করিয়াছেন এবং ক্যাডারভুক্ত কর্মকর্তা যাহারা বুনয়াদী প্রশিক্ষণসহ বিভাগীয় প্রশিক্ষণপ্রাপ্ত শুধু তাহারাই বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনীত হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন;

(৩) স্থায়ী বাছাই কমিটি সংশ্লিষ্ট কোর্সের সাথে বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার মনোনয়ন প্রাপ্তির যোগ্য কর্মকর্তাগণের দাপ্তরিক দায়িত্ব ও শিক্ষাগত যোগ্যতার সামঞ্জস্য আছে কি না তাহা নিশ্চিত করার পর উপযুক্ত প্রার্থীগণের বয়স, চাকুরীর জ্যেষ্ঠতা ও চাকুরীর রেকর্ডের ভিত্তিতে প্রত্যেক বৃত্তির জন্য একজন মুখ্য ও একজন বিকল্প প্রার্থী চূড়ান্তভাবে মনোনীত করিবে;

(৪) ইতিপূর্বে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করেন নাই এমন প্রশিক্ষকগণ এবং অন্যান্যের মধ্যে যে সকল প্রার্থী সংশ্লিষ্ট কোর্সের ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমার কাছাকাছি পৌঁছিয়াছেন তাহারাই অন্যথায় যোগ্য বিবেচিত হইলে জ্যেষ্ঠতা নির্বিশেষে বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনীত হওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন;

(৫) বৃত্তি বরাদ্দ কমিটির মাধ্যমে প্রাপ্ত কোন বৃত্তি যদি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অপ্রয়োজনীয় মনে করে তবে মন্ত্রণালয়ের বক্তব্য/পরামর্শসহ তাহা অবিলম্বে সংস্থাপন মন্ত্রণালয়ে ফেরত প্রেরণ করা হইবে এবং সংস্থাপন মন্ত্রণালয় বিষয়টি পুনঃ বরাদ্দের জন্য বরাদ্দ কমিটিতে পেশ করিবে;

(ঙ) অন্যান্য নীতি ও পদ্ধতি :

(১) মন্ত্রণালয়/বিভাগ প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত করিয়া মনোনয়ন সরাসরি দাতাদেশ সংস্থায় প্রেরণ করিবে এবং সাথে সাথে অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অবহিত করিবে;

(২) দাতাদেশ/সংস্থা হইতে মনোনীত প্রার্থীর অনুমোদন (Acceptance) আসার পর প্রশাসনিক মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩১-৩-৯২ ইং তারিখে ৫১.১১০.২.০.৬.৯২.৬০(১০০০) নং আদেশের আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিয়া প্রয়োজনীয় সরকারী আদেশ জারী করিবে, আদেশের কপি অন্যান্যের সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে;

(৩) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ তাহাদের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত একটি মাসিক প্রতিবেদন প্রতি পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে;

(৪) বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য সরকার বাংলাদেশের বিমান বন্দরে প্রদেয় ভ্রমণ কর ও আরোহণ ফি ব্যতীত দেশীয় অথবা বৈদেশিক মুদ্রায় অন্য কোন ব্যয় বহন করিবে না;

(৫) সরকারী আদেশ জারীর পূর্বে প্রত্যেক প্রার্থীর নিকট হইতে একটি মুচলেকা (সংযুক্ত ফরমে) গ্রহণ করিতে হইবে;

(৬) দাতা সংস্থার সুপারিশ প্রাপ্ত হইলেই প্রশাসনিক মন্ত্রণালয় সরাসরি কোর্সের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে, তবে কোর্সের বিষয় পরিবর্তনের জন্য দাতা সংস্থা সুপারিশ করিলে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ তাহা বৃদ্ধি বরাদ্দ কমিটির বিবেচনার জন্য প্রেরণ করিবে। কমিটির বিবেচনায় যথেষ্ট উপযুক্ত ও যুক্তিসংগত প্রমাণিত না হইলে কোর্সের বিষয় পরিবর্তনের অনুমতি দেওয়া হইবে না;

(৭) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সমাপনাল্লেড দেশে প্রত্যাবর্তনের পর লব্ধ প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ পদে সংশ্লিষ্ট কর্মকর্তাকে পদায়িত করা হইবে এবং অন্যান্য দু' বৎসর তাহাকে সেই পদেই স্থিত রাখা হইবে;

(৮) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সমাপনাল্লেড দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিম্নের বর্ণানুযায়ী নির্ধারিত মেয়াদের চাকুরী পূরণ করিতে হইবে; তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য হইবে না;

	কোর্সের মেয়াদ	বাধ্যতামূলক চাকুরী
(ক)	৮ সপ্তাহের কম	নাই
(খ)	৮ সপ্তাহ হইতে ১২ সপ্তাহ	দেড় বৎসর
(গ)	১৩ হইতে ২৪ সপ্তাহ	দুই বৎসর
(ঘ)	২৫ হইতে ৫২ সপ্তাহ	তিন বৎসর
(ঙ)	১ হইতে ২ বৎসর	চার বৎসর
(চ)	২ হইতে ৩ বৎসর	পাঁচ বৎসর
(ছ)	৩ বৎসরের বেশী	ছয় বৎসর

(৯) কোন অবস্থাতেই বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা গ্রহণের জন্য কোন কর্মকর্তাকে একাধারে ৫ বৎসরের বেশী সময়ের মঞ্জুরী দেওয়া যাইবে না। যদি কেহ প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য একাধারে ৫ বৎসরের বেশী সময় ছুটিতে অথবা ছুটি ছাড়া নিজ পদ হইতে অনুপস্থিত থাকেন, তবে তাঁহার ক্ষেত্রে বি, এস, আর, ৩৪ প্রযোজ্য হইবে;

(১০) প্রশিক্ষণ/শিক্ষারত কর্মকর্তাগণের প্রশিক্ষণ/শিক্ষার অগ্রগতি বর্তমান প্রথানুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগ মনিটর করিবে;

(১১) শিক্ষাছুটি উদারভাবে মঞ্জুর করা যাইবে এবং ইহা দেশের অভ্যন্তরে কোন সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান অথবা কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্যও মঞ্জুর করা যাইবে। যে কোন শিক্ষা ছুটির ক্ষেত্রে প্রস্তুতবিত শিক্ষা বিষয়ের সাথে কর্মকর্তার দাপ্তরিক দায়িত্বের সামঞ্জস্য না থাকিলেও চলিবে;

(১২) বাস্তুভাষনায়ী প্রকল্পের আওতায় বৈদেশিক অর্থ সাহায্যে বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত প্রথানুযায়ী জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল সাব-কমিটির অনুমোদন প্রয়োজন হইবে;

(১৩) লক্ষ্য করা গিয়াছে যে, ইংরেজী ভাষাগত দুর্বলতার কারণে অনেক ক্ষেত্রে বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য সরকার মনোনীত প্রার্থীগণ বৃত্তি প্রদানকারী দেশ/সংস্থার কাছে গ্রহণযোগ্য

হন না। এই পরিস্থিতি সরকার এবং মনোনীত প্রার্থী উভয়ের জন্যই বিব্রতকর। এই পরিস্থিতি পরিহার করার লক্ষ্যে সরকারের সর্বস্বত্রে বাংলা ভাষা ব্যবহারের পাশাপাশি ব্যক্তিগত পর্যায়ে ইংরেজী ভাষা চর্চা করার জন্য সকল সরকারী কর্মকর্তাকে উৎসাহ প্রদান করিতে হইবে;

(১৪) বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা শেষে দেশে ফেরার পর কোন কর্মকর্তা যে কোন সময় চাকুরীতে ইস্‌জুফা প্রদান অথবা অবসর গ্রহণ করিতে চাহিলে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে তাহা উদারভাবে বিবেচনা করা হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং এতদ্বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ হাসিনুর রহমান)
সচিব।

সংস্থাপন মন্ত্রণালয়ের ২৯-৮-১৯৯২ ইং তারিখের সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নম্বর

আদেশের সংযোজনী।

(৮ সপ্তাহ ও তদূর্ধ মেয়াদের)

বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনীত বেসামরিক সরকারী কর্মকর্তাগণের প্রদত্ত মুচলেকা।

আমি (নাম, পদবী ও দপ্তরের নাম).....

(প্রতিষ্ঠান ও দেশের নাম).....

(কোর্স আরম্ভের তারিখ ও মেয়াদ).....

(কোর্সের নাম).....

প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য বাংলাদেশ সরকারের মনোনীত প্রার্থী হিসাবে প্রতিজ্ঞা করিতেছি :

- (১) আমি উপরোক্ত কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সুসম্পন্ন করিব;
- (২) কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ সরকার অন্যরূপ নির্দেশ প্রদান না করিলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরেই আমি দেশে ফিরিয়া আসিব;

- (৩) পূর্বাঙ্কে মঞ্জুরকৃত বৈদেশিক ছুটি থাকিলে কোর্স শেষ হওয়ার পরে সর্বোচ্চ ৩ (তিন) মাস আমি বিদেশে অবস্থান করিতে পারিব;
- (৪) আমি বাংলাদেশ সরকারের নির্দেশ অথবা পূর্বাঙ্কে অনুমোদিত বৈদেশিক ছুটি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করিলে তাহা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হইবে। এইভাবে অবৈধ অনুপস্থিতির সময়কে সরাসরি বিনা বেতনে ছুটি হিসাবে গণ্য করা হইবে এবং এই ক্ষেত্রে সরকারী চাকুরী বিধি অথবা লীভ রুলস্ প্রযোজ্য হইবে না;
- (৫) আমি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করিব না;
- (৬) প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ করিতে আমি দ্বিধা করিব না এবং বাংলাদেশী নাগরিক হিসাবে আমার মান ও মর্যাদার হানি হয় এ রকম আচরণ করিব না;
- (৭) বিদেশে অবস্থানকালে আমি কোন ঋণ গ্রহণ করিব না এবং বিদেশ হইতে আসার পূর্বে সকল বকেয়া বিল পরিশোধ করিব;
- (৮) বিদেশে পৌঁছার সাথে সাথে আমি আমার পৌঁছানোর সংবাদসহ স্থানীয় ঠিকানা সম্পর্কে সেই দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসকে অবহিত করিব।
- (৯) আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত শর্তসমূহ আমি বুঝিয়া নিয়া তাহাতে স্বেচ্ছায় স্বাক্ষরদান করিলাম।

.....
কর্মকর্তার নাম ও পদবী

[৫০.০০ (পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের সম্মুখে সম্পাদিত করিতে হইবে।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা

নং-সম(বিঃপ্রঃ)-৮০/৯২(অংশ-১)-৩৬৮(১৫০)

তারিখ : ৩০-০৭-২০০৯ খ্রিঃ

অফিস আদেশের সংশোধনী

বিষয় : বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি।

সূত্র : ০১। সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮ (১০০), তারিখঃ ২৯-৮-৯২ খ্রিঃ।

০২। সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৮৯৫ (১০০), তারিখঃ ০১-১২-৯৪ খ্রিঃ।

সূত্রে উল্লেখিত স্মারকের মাধ্যমে উপর্যুক্ত বিষয়ে জারিকৃত অফিস আদেশের বৃত্তি বরাদ্দ কমিটির গঠন সংক্রান্ত ২(গ)(১) অনুচ্ছেদ এতদ্বারা সংশোধন করা হলো। উক্ত অনুচ্ছেদের স্থলে এক্ষণে নিম্নরূপ অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে।

(গ) বৃত্তি বরাদ্দঃ

(১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রাপ্ত বৃত্তিসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দ করিবার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে একটি বৃত্তি বরাদ্দ কমিটি থাকিবে। উক্ত কমিটি নিম্নরূপভাবে গঠিত হইবে এবং সংস্থাপন মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবেঃ

(ক) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	চেয়ারম্যান
(খ) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য
(গ) মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(ঙ) বিপিএটিসি'র এম ডি এস পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(চ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(ছ) শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(জ) পরিকল্পনা বিভাগের যুগ্ম-প্রধান পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
(ঝ) উপ-সচিব (অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ), সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য-সচিব

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবাল মাহমুদ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
অফিস আদেশের সংশোধনী

নং সম/(বিঃপ্রঃ)/৮০/৯২-৮৯৫(১০০), তারিখ : ১৭-৮-১৪০১বাং/১-১২-১৯৯৪ খৃঃ।

বিষয় : বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি।

সূত্র : সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০), তারিখ : ১৪-৫-৯৯ বাং/২৯-৮-৯২ ইং।

সূত্রে উল্লেখিত স্মারকের মাধ্যমে উপর্যুক্ত বিষয়ে জারিকৃত অফিস আদেশের বৃত্তি বরাদ্দ কমিটির গঠন সংক্রান্ত ২(গ)(১) অনুচ্ছেদ এতদ্বারা সংশোধন করা হইল। উক্ত অনুচ্ছেদের স্থলে এক্ষণে নিম্নরূপ অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হইবে :—

(গ) বৃত্তি বরাদ্দ :

১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রাপ্ত বৃত্তিসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দ করার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে একটি বৃত্তি বরাদ্দ কমিটি থাকিবে। উক্ত কমিটি নিম্নরূপে গঠিত হইবে এবং সংস্থাপন মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে :—

(ক) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	: চেয়ারম্যান
(খ) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	: সদস্য
(গ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা	: সদস্য
(ঘ) পি এ টি সি'র একজন এম ডি এস	: সদস্য
(ঙ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের একজন যুগ্ম-সচিব	: সদস্য
(চ) শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব	: সদস্য
(ছ) পরিকল্পনা কমিশনের একজন যুগ্ম-প্রধান	: সদস্য
(জ) উপ-সচিব (বৈদেশিক প্রশিক্ষণ), সংস্থাপন মন্ত্রণালয়	: সদস্য-সচিব

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হবিবুর রহমান

সচিব।

৫৮—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
পরিপত্র

নং সম/বিঃপ্রঃ/৮০/৯২-৫৯৭(৫০), তারিখ : ৮-৮-১৪০০বাং/২২-১১-১৯৯৩ ইং।

সরকার গত ১৪-৫-৯৯ বাং/২৯-৮-৯২ ইং তারিখে সম/(বিঃপ্রঃ)/৮০/৯২-৫১৮(৫০০) সংখ্যক আদেশ অনুযায়ী বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি জারী করেছেন। উলিখিত আদেশটি জারীর পর থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা উক্ত আদেশের কতিপয় বিষয় সম্পর্কে কিছু প্রশ্নের অবতারণা করেছেন। এ প্রেক্ষিতে উলিখিত আদেশের নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হচ্ছে :—

- (ক) উলিখিত আদেশটি সরকারী স্বায়ত্তশাসিত /আধা-স্বায়ত্তশাসিত সংস্থার সকল বেসামরিক কর্মকর্তার জন্য প্রযোজ্য;
- (খ) বৈদেশিক প্রশিক্ষণের জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাভুক্ত সংস্থা/দপ্তরের প্রার্থী বাছাইয়ের দায়িত্ব উপর্যুক্ত আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে গঠিত স্থায়ী বাছাই কমিটি পালন করবে;
- (গ) বৈদেশিক সরকার বা দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত অথবা ব্যক্তিগত উদ্যোগে সংগৃহীত সম্পূর্ণ অর্থায়ন সম্পন্ন বৈদেশিক বৃত্তির জন্য নির্বাচিত প্রার্থীর বৈদেশিক প্রশিক্ষণের সম্পূর্ণ মেয়াদটি প্রেষণ হিসেবে গণ্য হবে।

এম, এ, এইচ, প্রধানীয়া

উপ-সচিব (বিঃপ্রঃ ও বিঃচাঃ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
পরিপত্র

নং সম/বিঃপ্রঃ-৮০/৯২(অংশ-১)-১৫৫(৫০), তারিখ : ৭-৩-১৪০০বাং/২১-৬-১৯৯৩ ইং।

সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি সম্পর্কিত ১৪-৫-১৩৯৯ বাং/২৯-৮-১৯৯২ ইং তারিখের সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) সংখ্যক পরিপত্রের ২(ঙ)(৩) অনুচ্ছেদ অনুযায়ী প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগকে তাঁদের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিধান রহিয়াছে। কিন্তু কোন কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক এই প্রতিবেদনটি যথা নিয়ম প্রেরণ করা হইতেছে না বলিয়া জানা গিয়াছে।

২। এমতাবস্থায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণের পর প্রত্যাবর্তনকারী কর্মকর্তাগণ দেশে প্রত্যাবর্তনের ৫ দিনের মধ্যে তাঁহাদের প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করিবেন। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রত্যেক মাসের ১৫

তারিখের মধ্যে পূর্ববর্তী মাস পর্যন্ত বৈদেশিক প্রশিক্ষণের সমন্বিত প্রতিবেদন সংস্থাপন মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করিবে।

মুজ্তাবা রিজওয়ান
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা

অফিস আদেশের সংশোধনী

নং সম/বিঃপ্রঃ)-৮০/৯২-৫৬৬(৫০০), তারিখ : ৯-৬-৯৯বাং/২৪-৯-৯২ ইং।

বিষয় : বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি।
সূত্র : সম(বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০), তারিখ : ১৪-৫-৯৯ বাং/২৯-৮-৯২ ইং।

সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে উপর্যুক্ত বিষয়ে জারিকৃত অফিস আদেশের ২(ক)(৫) অনুচ্ছেদে উল্লেখিত “তবে তাহা অবশ্যই অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রাপ্ত হইতে হইবে।” অংশটুকুর স্থলে “এই জাতীয় বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ যথোপযুক্ত অনুমতি প্রদান করিবে।” বাক্যটি প্রতিস্থাপিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা

নং সম/বিঃপ্রঃ)/৮০/৯২(অংশ-১)-৭৮৫(১৫০), তারিখ : ১৭-১২-২০০৮।

বিষয় : বিদেশ প্রশিক্ষণ নীতিমালার প্রতিপালন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসামরিক সরকারী কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি ১৯৯২ এবং জন প্রশাসন প্রশিক্ষণ নীতিমালা

(PATP) ২০০৩ অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণের জন্য সরকারী মাধ্যমে প্রাপ্ত বিভিন্ন মেয়াদী বৃত্তি (Scholarship) আন্ড্রু মন্ত্রণালয় বৃত্তি বরাদ্দ কমিটির অনুমোদনে সংস্থাপন মন্ত্রণালয় হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বন্টন করা হয়ে থাকে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, আন্ড্রু মন্ত্রণালয় বৃত্তি বরাদ্দ কমিটির সিদ্ধান্ত মতে বা তার কার্যোত্তর অনুমোদনের শর্তে যে সকল বৈদেশিক বৃত্তির সুযোগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বরাদ্দ করা হয় অধিকাংশ ক্ষেত্রে সে সকল কর্মসূচী/প্রোগ্রামে কর্মকর্তা মনোনয়নের সময় উল্লিখিত নীতিমালা অনুসরণ করা হচ্ছে না। বিশেষতঃ দীর্ঘ মেয়াদী কোর্সে প্রস্তুত কৰ্মকর্তার হালনাগাদ তথ্য যাচাই এবং (Personal Data Sheet (PDS) নিরীক্ষা না করে দাতা সংস্থায় মনোনয়ন প্রেরণ করার পর যখন চূড়ান্ত মনোনয়ন আসে তখন জটিলতার সৃষ্টি হয়। সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ছাড়পত্র প্রদানের সময় PDS নিরীক্ষা করতে গিয়ে দেখা যায় একই কর্মকর্তার পূর্বে কোন দীর্ঘ মেয়াদী বৈদেশিক কোর্সের সমাপ্তির পর সুনির্দিষ্ট চাকুরির মেয়াদ অতিক্রান্ত হয়নি। এতে বর্ণিত নীতিমালা অনুযায়ী ঐ কর্মকর্তার জন্য ছাড়পত্র প্রদান করা সম্ভব হচ্ছে না। পক্ষান্তরে চূড়ান্ত মনোনয়ন প্রাপ্তির পর আর কোনো বিকল্প কর্মকর্তা নির্বাচনের সুযোগ থাকে না। এভাবে সিভিল কর্মকর্তাদের বৈদেশিক উচ্চ শিক্ষার সুযোগ নষ্ট হওয়া দুর্ভাগ্যজনক।

২। বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা, ১৯৯২ এবং জন প্রশাসন প্রশিক্ষণ নীতিমালা, ২০০৩ এর নির্দেশনা অনুযায়ী বৈদেশিক বৃত্তির সুযোগের সর্বোত্তম সদ্ব্যবহার নিশ্চিত হওয়া উচিত। প্রার্থী মনোনয়নের সময়ে প্রস্তুত বৃত্তি/উচ্চ শিক্ষা কর্মসূচীর সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মকর্তার বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি শর্ত বিবেচনার সঙ্গে সঙ্গে যে কর্মকর্তা পূর্বে কখনো বিদেশে কোনো কোর্সে অংশগ্রহণ করেননি এবং ব্যাচভিত্তিক মেধা তালিকা উভয় বিষয়কে প্রাধিকারের ভিত্তি নির্ধারণ করার জন্য বিগত ২০-১১-২০০৮ তারিখে অনুষ্ঠিত সংস্থাপন মন্ত্রণালয়ের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী বাছাই কমিটির ১০/২০০৮ নং সভায় সিদ্ধান্ত হয়। এ ছাড়া বৈদেশিক প্রশিক্ষণে মানব সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য যথাযথ প্রার্থী/কর্মকর্তাকে মনোনীত করার জন্য মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় হতে ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশে উচ্চ শিক্ষা কোর্সে কর্মকর্তা মনোনয়নের পূর্বে কর্মকর্তাদের PDS ও হালনাগাদ তথ্য যাচাই এবং প্রচলিত বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। দীর্ঘ মেয়াদী কোর্সে উক্ত রূপ মনোনয়ন, চূড়ান্ত নির্বাচন (Final Acceptance) প্রাপ্তিতে আবেদন অনুমোদনের জন্য অগ্রায়ন এবং বিদেশে বিভিন্ন মেয়াদে সফর/সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ ইত্যাদি সকল ক্ষেত্রে প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপ-সচিব এবং তদূর্ধ্ব কর্মকর্তাগণের নাম, পরিচিতি নম্বর ও বর্তমান কর্মস্থল উল্লেখসহ জারিকৃত সরকারী আদেশের (জিও) কপি আবশ্যিকভাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব (দৃষ্টি অকর্ষণঃ যুগ্ম-সচিব, সিপিটি

অনুবিভাগ) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি বরাবর প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

দেবব্রত চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়

নং সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-৫৪(৭৫), তারিখঃ ১৬-১১-১৪১৩বাং/২৮-০২-২০০৭ইং
বিষয় : বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে বিদেশ প্রশিক্ষণে এমন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হচ্ছে যিনি বিষয়ের সাথে সংশ্লিষ্ট নন। এতে মানব সম্পদ উন্নয়নের কাজিত লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হচ্ছে।

২। এমতাবস্থায়, বিদেশ প্রশিক্ষণের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক বিষয়/কাজের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত এমন দক্ষ ও যোগ্য কর্মকর্তাকে নির্বাচন/মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ এনামুল হক
পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়

নং সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০), তারিখঃ ১৮-১০-১৪১৩বাং/৩১-০১-২০০৭ইং

আদেশ

বিষয় : বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান।

সরকারের কার্যক্রমে আরও গতিশীলতা আনয়ন, সরকারী বা ব্যক্তিগত কাজে (যথাযথ কর্তৃপক্ষের ছুটি গ্রহণক্রমে) বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে ক্ষমতা বিকেন্দ্রীকরণ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহ ও সকল অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থায় অধিকতর ক্ষমতা অর্পণের লক্ষ্যে বিদ্যমান সকল আদেশ এতদ্বারা বাতিল করে সরকার নিম্নরূপ আদেশ করল :

১। নিম্নলিখিত কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন প্রয়োজন হবে :—

- (ক) মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/বাংলাদেশ ব্যাংকের গভর্নর/মন্ত্রণালয়/বিভাগসমূহের সচিব/ ভারপ্রাপ্ত সচিব ও পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ;
- (খ) অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার ১ ও ২ নং বেতন স্কেলভুক্ত প্রধান নির্বাহী;
- (গ) সরকারের অতিরিক্ত সচিববৃন্দ ও বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর;

(ঘ) বিভাগীয় কমিশনার, উপ-মহাপুলিশ পরিদর্শক, পুলিশ কমিশনার, জেলা প্রশাসক ও পুলিশ সুপার।

২। নিম্নলিখিত কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টার অনুমোদন আবশ্যিক হবে :—

(ক) ১ নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তা ছাড়া মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত জাতীয় বেতন স্কেলের ৫নং এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত সকল কর্মকর্তা;

(খ) উপদেষ্টাদের ব্যক্তিগত কর্মকর্তা।

৩। নিম্নলিখিত কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণে প্রধান উপদেষ্টার কার্যালয়ের ক্ষেত্রে মুখ্য সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব অনুমোদনকারী কর্তৃপক্ষ হবেন :—

(ক) ১এবং ২ নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ ব্যতীত মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত জাতীয় বেতন স্কেলের ৬ থেকে ৯নং স্কেলভুক্ত সকল কর্মকর্তা;

(খ) মন্ত্রণালয়ে কর্মরত সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী (সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ থাকলে তাও এক্ষেত্রে প্রযোজ্য হবে)।

৪। ১, ২ এবং ৩ নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণ ব্যতীত আর সকল কর্মকর্তা/কর্মচারীর বিদেশ ভ্রমণের অনুমতি সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার স্ব স্ব প্রধান প্রদান করবেন।

৫। যে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব সরাসরি মাননীয় প্রধান উপদেষ্টার অধীনে ন্যস্ত এ আদেশের ১নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তাগণ ছাড়াও সে সকল মন্ত্রণালয়/বিভাগের এবং এদের অধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার জাতীয় বেতন স্কেলের ৩নং স্কেলভুক্ত সকল কর্মকর্তার ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার এবং ৪নং ও ৫নং স্কেলভুক্ত সকল কর্মকর্তার ভ্রমণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/বিভাগের সচিবগণের (প্রধান উপদেষ্টা কার্যালয়ের ক্ষেত্রে মুখ্য সচিব) অনুমোদন আবশ্যিক হবে।

৬। (ক) অর্থায়নের উৎস নির্বিশেষে জাতীয় সংসদের মাননীয় স্পীকার, সূপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান, কর ন্যায্যপাল নিজেদের এবং অধীন কর্মকর্তা/কর্মচারীদের সরকারী বা ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন;

(খ) বাংলাদেশ ব্যাংকের গভর্নর, ডেপুটি গভর্নরগণ ব্যতীত তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ অনুমোদন করবেন;

৭। (ক) সিটি কর্পোরেশনের মেয়র, পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান এবং পার্বত্য জেলা পরিষদসমূহের চেয়ারম্যানদের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন আবশ্যিক হবে;

(খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার পরিষদ/পার্বত্য জেলা পরিষদসমূহের সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশনের কমিশনারগণ এবং পৌরসভার চেয়ারম্যানগণের বিদেশ ভ্রমণে স্থানীয় সরকার বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা অনুমোদন দিবেন;

(গ) পৌরসভার কমিশনার, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের বিদেশ ভ্রমণে বিভাগীয় কমিশনার অনুমোদন প্রদান করবেন।

৮। উপরের অনুচ্ছেদসমূহে যা কিছুই উল্লেখ থাকুক না কেন বাংলাদেশ সরকার/বিশ্ববিদ্যালয়/ বৈদেশিক ঋণের অর্থের সংশ্লেষণ না থাকলে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ তাঁর অধীন সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর অনধিক তিন মাসের বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করবেন।

৯। দলগতভাবে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে দলের সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট থেকে সকলের ভ্রমণে অনুমোদন প্রয়োজন হবে।

১০। সকল অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের প্রস্তুত পেশকালে নিম্নের তথ্যাদি প্রদান করতে হবে :—

- (ক) ভ্রমণের প্রয়োজনীয়তা এবং ভ্রমণের উদ্দেশ্যের সাথে মনোনীত কর্মকর্তার উপযোগিতা;
- (খ) ভ্রমণকাল (বিদেশে অবস্থান এবং যাতায়াতের সময় পৃথকভাবে উল্লেখ করতে হবে);
- (গ) ব্যয়ের উৎস এবং ভ্রমণে বাংলাদেশ সরকারের অর্থের সংশ্লেষণ থাকলে বাজেটে (বৈদেশিক মুদ্রার বাজেটসহ) মোট বরাদ্দ, হালনাগাদ ব্যয়িত অর্থ, প্রস্তুত ভ্রমণের পর স্থিতি অবস্থার বিবরণী ও খাতওয়ারী ব্যয়ের বিভাজন;
- (ঘ) ঋণ চুক্তির অঙ্গুষ্ঠিত ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণের মেয়াদ ১৫ দিনের অধিক হলে ভ্রমণের ফলে সরকার যেভাবে লাভবান হবে তার বর্ণনা;
- (ঙ) প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প ছকে বিদেশ ভ্রমণ এবং এ সংক্রান্ত ব্যয়ের সুনির্দিষ্ট অর্থের সংস্থান;
- (চ) বিগত এক বছরের ভ্রমণ বিবরণী (ভ্রমণের তারিখ থেকে পূর্ববর্তী এক বছরের);
- (ছ) বিদেশে 'প্রতিনিধি' প্রেরণের ক্ষেত্রে যে পর্যায়ের কর্মকর্তাকে প্রেরণের অনুরোধ করা হয়েছে তার উল্লেখ।

১১। ভ্রমণের প্রস্তুত অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিভিন্ন বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণের বিষয়ে জারীকৃত সকল নীতিমালা (যেখানে যা প্রযোজ্য) অনুসৃত হয়েছে কি না তা নিশ্চিত করবেন।

১২। মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা ও সচিব/ভারপ্রাপ্ত সচিবগণের একত্রে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করা হবে। জাতীয় স্বার্থে বিশেষ ক্ষেত্রে (যেমন—বিশ্বব্যাংক, আই.এম.এফ ইত্যাদির বার্ষিক সভা, দাতা গোষ্ঠীর সভা ইত্যাদি) একত্রে বিদেশ ভ্রমণ অপরিহার্য হলে অত্যন্ত সীমিত ক্ষেত্রে এর ব্যত্যয় করা যেতে পারে।

১৩। বিদেশ ভ্রমণকালে স্বামী/স্ত্রী (স্পাউস) সহগামী/অনুগামী হলে তাঁর ক্ষেত্রেও একই কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে। এ সংক্রান্ত প্রস্তুত ব্যয়ের উৎস বর্ণনা করতে হবে এবং কোনক্রমেই এই ভ্রমণে বাংলাদেশ সরকার/সংস্থা/ঋণের অর্থ ব্যয় করা যাবে না।

১৪। স্বশাসিত সংস্থাকে অর্পিত (ডেলিগেটেড) ক্ষমতা প্রেরণে নিয়োজিত/কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, তবে এরূপ বিদেশ ভ্রমণের অনুমতি প্রদানের বিষয় মূল নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১৫। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক ভ্রমণ/প্রশিক্ষণ নীতিমালার অনুসরণ নিশ্চিত করবেন। প্রত্যেক মন্ত্রণালয়/

বিভাগকে সকল বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার অবলোকনের জন্য পেশ করতে হবে।

১৬। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরাসরি সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে সংস্থাপন মন্ত্রণালয়ের ক্যারিয়ার পণ্ড্যানিং অনুবিভাগে প্রেরণ করবে। ক্যারিয়ার পণ্ড্যানিং অনুবিভাগ প্রশিক্ষণের মূল্যায়ন করবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরবর্তীকালে যথাযথ স্থানে পদায়নের পরিকল্পনা প্রদান করবে।

আলী ইমাম মজুমদার
মুখ্য সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পত্র সংখ্যা... ৩১.৩৯.৩২.০০.০০.০১.২০০৯-৯৭(১৩০)

তারিখ : ২৮ আশ্বিন ১৪১৬
১৩ অক্টোবর ২০০৯

পরিপত্র

বিষয় : সরকারের শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গ/কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ।

সূত্র : (ক) প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০), তারিখ : ৩১ জানুয়ারী, ২০০৭ ইং।

(খ) প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৪৫(১০০), তারিখ : ০৭ অক্টোবর, ২০০৮ ইং।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী এবং সচিব/ভারপ্রাপ্ত সচিব একত্রে বিদেশ ভ্রমণ করছেন, কোন কোন ক্ষেত্রে পদের সংগে সংগতিপূর্ণ নয় এমন বৈদেশিক সেমিনার/ওয়ার্কশপ/শিক্ষা সফরে উর্দ্ধতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন। আবার অনেক ক্ষেত্রে একই কর্মকর্তা বারবার অনুরূপ কর্মসূচীতে বিদেশ ভ্রমণ করছেন। ফলশ্রুতিতে সরকারী কাজের প্রত্যাশিত গতিশীলতা ব্যহত হচ্ছে।

২। এমতাবস্থায়, পুনরাদেশ না দেয়া পর্যন্ত সূত্রোক্ত পরিপত্রদ্বয়ের নির্দেশনাসহ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :

- (ক) মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী এবং সচিব/ভারপ্রাপ্ত সচিব-এর একত্রে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করতে হবে। জাতীয় স্বার্থে অনুরূপ ভ্রমণ অপরিহার্য হলে উক্ত ভ্রমণ অনুমোদন প্রস্তুত/সার-সংক্ষেপে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- (খ) মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিব এবং মন্ত্রণালয়/বিভাগের যুগ্ম-সচিব ও অধীনস্থ সংস্থা প্রধানের একত্রে বিদেশ ভ্রমণ শুধুমাত্র জাতীয় স্বার্থে অপরিহার্য ক্ষেত্রে ছাড়া পরিহার করতে হবে। সেক্ষেত্রে অনুরূপ ভ্রমণ অনুমোদনের জন্য প্রেরিত প্রস্তুত/সার-সংক্ষেপে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- (গ) মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিবগণ সরকারী কাজে বিদেশ ভ্রমণ বছরে সর্বোচ্চ ৪ (চার) বারের মধ্যে সীমাবদ্ধ রাখবেন। জাতীয় স্বার্থে, অপরিহার্য ক্ষেত্রে যেমনঃ পদাধিকারবলে Negotiation, সমঝোতা স্মারক স্বাক্ষর, চুক্তি স্বাক্ষর, আন্তর্জাতিক সংস্থায় দেশের প্রতিনিধিত্ব সচিবের জন্য বাধ্যতামূলক এমন ক্ষেত্রে এর ব্যত্যয় করা যেতে পারে। সে ক্ষেত্রে অনুরূপ ভ্রমণ অনুমোদনের জন্য প্রেরিত প্রস্তুত/সার-সংক্ষেপে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- (ঘ) বিভিন্ন সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য সরকারের সচিব/ভারপ্রাপ্ত সচিব পর্যায়ের কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণের প্রস্তুত/সার-সংক্ষেপে প্রেরণকালে আমন্ত্রণকারী কর্তৃক কোন পর্যায়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং অন্যান্য অংশগ্রহণকারী দেশ থেকে কোন পর্যায়ের কর্মকর্তা আমন্ত্রিত হয়েছেন ও অংশগ্রহণ করবেন তা সংগ্রহ করে সংযুক্তি হিসেবে সন্নিবেশ করতে হবে।
- (ঙ) বৈদেশিক সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ/শিক্ষা সফর/Familiarization Programme -এ সচিব/ভারপ্রাপ্ত সচিব-এর অংশগ্রহণ যথাসম্ভব পরিহার করতে হবে। ঐ সকল ক্ষেত্রে কর্মকর্তা প্রেরণের ক্ষেত্রে সাধারণভাবে কনিষ্ঠ/মধ্য সোপানের কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে।

মোঃ আবদুল করিম
মুখ্য সচিব।

৪৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়

নং সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-৮১(১০০০), তারিখঃ ২১-১২-১৪১৩বাং/০৪-০৪-২০০৭ইং

আদেশ

বিষয় : বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান।

সূত্র : প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৩১-০১-২০০৭ইং/১৮-১০-১৪১৩বাং তারিখের আদেশ
নং-৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০)।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত আদেশে পরিলক্ষিত অসংগতি দূরীকরণার্থে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, অর্থায়নের উৎস নির্বিশেষে স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার প্রধানগণ প্রশাসনিক মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করে তাঁদের অধীন কর্মরত জাতীয় বেতন স্কেলের ৪নং বেতনক্রম অর্থাৎ ১৫০০০-১৯৮০০ টাকা এবং তদনিন্ম বেতনক্রমের সকল কর্মকর্তার বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান করবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং সূত্রে বর্ণিত আদেশ উপরিউক্ত মর্মে সংশোধিত বলে বিবেচিত হবে।

আলী ইমাম মজুমদার
মুখ্য সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়

নং সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-৮৩, তারিখঃ ২১-১২-১৪১৩বাং/০৪-০৪-২০০৭ইং

বিষয় : বিভাগ/জেলা/উপজেলা প্রশাসনে কর্মরত ২য়, ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বিভাগীয় কমিশনার, সিলেট এর স্মারক নং বিকসি/সবে-৬/১এল-৬/২০০৫-২৩৮(৬),
তারিখঃ ০৭-০৩-২০০৭ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, BSR Part-1 Appendix No.1-এ Heads of Departments-এর তালিকায় Commissioners of Divisions উল্লেখ রয়েছে। সে মোতাবেক এ কার্যালয় থেকে জারীকৃত গত ৩১-০১-২০০৭ইং/১৮-১০-১৪১৩বাং তারিখের ৩১.৩৯.৩২.০০.০০.০০.২০০৭-২৯(১০০০) নম্বর আদেশের ৪নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বিভাগীয় কমিশনার তাঁর অধীন ২য়, ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান করতে পারেন।

মোঃ এনামুল হক
পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়

নং সংখ্যা ৩১.৩৯.৩২.০০.০০.২০০৭-১৬৬(১০০০), তারিখঃ ৩০-০১-১৪১৪বাং/১৩-০৫-২০০৭ইং

বিষয় : বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান।

সূত্র : প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৩১-০১-২০০৭ইং/১৮-১০-১৪১৩বাং তারিখের আদেশ
নং ৩১.৩৯.৩২.০০.০০.২০০৭-২৯(১০০০),

উপরোক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আদেশের ১(খ) অনুচ্ছেদ মোতাবেক অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার ১ ও ২নং বেতন স্কেলভুক্ত প্রধান নির্বাহী'র বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন প্রয়োজন হবে মর্মে উল্লেখ আছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার ১ ও ২নং স্কেলভুক্ত প্রধান নির্বাহী ছাড়াও অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান নির্বাহীগণের (যাদের বেতনক্রম ৩নং বা তদনিম্ন স্কেলভুক্ত) বিদেশ ভ্রমণের অনুমোদনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টার নিকট সার-সংক্ষেপ প্রেরিত হচ্ছে।

বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শুধুমাত্র ১ ও ২নং স্কেলভুক্ত অধিদপ্তর প্রধান এবং স্বশাসিত/স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান নির্বাহীগণের বিদেশ ভ্রমণে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন প্রয়োজন হবে।

মোঃ এনামুল হক
পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পত্র সংখ্যা ৩১.১৩.২৭.০০.০০.০৬.২০০১-২০৭(৭০), তারিখঃ ১৫-০৯-১৪০৮বাং/২৯-১২-২০০১ইং

পরিপত্র

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা সফরে সরকারের অতিরিক্ত সচিব/সচিব পর্যায়ের জ্যেষ্ঠ কর্মকর্তাগণ যোগদান করে থাকেন। উলিখিত শিক্ষা সফরে সংশ্লিষ্ট তুলনামূলকভাবে নবীন ও মধ্য পর্যায়ের (বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে) কর্মকর্তাগণ যোগদান করলে তাঁরা শিক্ষা সফরের লব্ধ অভিজ্ঞতা তাঁদের কর্মক্ষেত্রে প্রয়োগের অধিকতর সুযোগ পাবেন। এতে শিক্ষা সফরের উদ্দেশ্য ফলপ্রসূ হবে বলে আশা করা যায়।

এমতাবস্থায়, বিভিন্ন শিক্ষা সফরে সংশ্লিষ্ট তুলনামূলকভাবে নবীন ও মধ্য পর্যায়ের কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ডঃ কামাল উদ্দিন সিদ্দিকী
মুখ্য সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা।

নং সম (প্রঃ-২)-১০৪/৮৯(অংশ-২)-৪, তারিখঃ ২০-৯-১৪০০বাং/৩-১-১৯৯৪ ইং

বিষয় : দুই এর অধিক সন্দ্রনের জনক/জননী সরকারী কর্মচারীদের বিদেশে/প্রেষণে নিয়োগের ক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত পুনর্বিবেচনা প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া সংস্থাপন মন্ত্রণালয়ের ১০-০৫-৮৭ইং তারিখের স্মারক নং সম (প্রঃ-২)-২/৮৬-২৩৬(১০০) এবং ১৮-১০-৯০ইং তারিখের সংশোধনী স্মারক নং সম(প্রঃ-২)-১০৪/৮৯(অংশ-২)-৮০৭(৩৫০) এ প্রদত্ত সিদ্ধান্ত স্পষ্টীকরণের প্রয়াসে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হইল ঃ—

- (ক) ১লা জানুয়ারী, ১৯৯২ইং তারিখের পর যদি কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্দ্রন জনগ্রহণ করে এবং তাহার ফলে তাঁহার সন্দ্রন সংখ্যা ২ এর অধিক হয়, তবে তিনি সরকারের আওতাধীন বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হইবেন না।
- (খ) উক্ত তারিখ অর্থাৎ ১লা জানুয়ারী, ১৯৯২ এর পর বিদেশে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীর জনগ্রহণকারী ২ এর অতিরিক্ত কোন সন্দ্রনকে সরকার কর্তৃক যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোনও প্রকার সুযোগ-সুবিধা দেওয়া হইবে না এবং এই নীতি পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেলায়ও প্রযোজ্য হইবে।
- (গ) যে সকল কর্মকর্তা/কর্মচারী কোন বৈদেশিক/আন্তর্জাতিক সংস্থায় চাকুরী লাভ করিবেন তাহাদের ক্ষেত্রে উপরোক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে না।

২। এ বিষয়ে সংশিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।

এ, এম, এম ফরহাদ
উপ-সচিব (প্রশাসন-২)।

৪৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা।

নং সম (প্রঃ-২)-১০৪/৮৯(অংশ-২)-৮০৭(৩৫০), তারিখঃ ০২রা কার্তিক ১৩৯৭/১৮ অক্টোবর ১৯৯০

স্মারকলিপি

বিষয় : দুই এর অধিক সন্দ্রনের জনক/জননী কর্মচারীদের বিদেশে চাকুরী/প্রেষণে নিয়োগের ক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত পুনর্বিবেচনা।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬-০১-১৩৯৪বাংলা (১০-৫-১৯৮৭ইং) তারিখের সম (প্রঃ-২)-২/৮৬-২৩৬(১০০)নম্বর স্মারকলিপির (অনুলিপি সংযুক্ত) ১ নম্বর অনুচ্ছেদের (ক) উপানুচ্ছেদে উলিখিত সিদ্ধান্তে প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া জানাইতেছি যে, সরকার বিষয়টি পুনর্বিবেচনা করিয়া উক্ত সিদ্ধান্ত নিম্নোক্ত ভাবে সংশোধন করিয়াছেন :—

(ক) ১লা জানুয়ারী, ১৯৯২ইং তারিখের পর যদি কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্দ্রন জন্মগ্রহণ করে এবং তাহার ফলে তাঁহার সন্দ্রন সংখ্যা ২ (দুই) এর বেশী হয়, তবে তিনি বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হইবেন না।

২। সংস্থাপন মন্ত্রণালয়ের উপরোক্ত স্মারকের ১ নম্বর অনুচ্ছেদের (খ) ও (গ) উপানুচ্ছেদের সিদ্ধান্ত যথারীতি অপরিবর্তিত থাকিবে।

৩। সরকারের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হইল।

মোঃ শামসুল ইসলাম
উপ-সচিব (প্রশাসন-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা।

স্মারকলিপি

নং সম (প্রঃ-২)-২/৮৬-২৩৬/(১০০), তারিখঃ ২৬ শে বৈশাখ ১৩৯৪/১০ মে ১৯৮৭

বিষয় : দুই এর অধিক সন্দ্রনের জনক/জননী কর্মচারীদের বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে/
আল্‌ডর্জাতিক সংস্থায় নিয়োগের ক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত পুনর্বিবেচনা।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(এডি-২)-২/৮৫(অংশ)-
৩৩৯(১০০), তারিখ ৮-৯-৮৫ এর “ক” অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানাইতেছি যে, সরকার
বিষয়টি পুনর্বিবেচনা করিয়া এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে ঃ—

- (ক) ১-৭-১৯৮৮ তারিখের পর যদি কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্দ্রন
জন্মগ্রহণ করে এবং তাহার ফলে তাঁহার জীবিত সন্দ্রন সংখ্যা ২ এর বেশী হয় তবে
তিনি বিদেশে চাকুরী/প্রেষণের জন্য বিবেচিত হইবেন না।
- (খ) উক্ত তারিখের পর জন্মগ্রহণকারী দুইয়ের অধিক কোন সন্দ্রনকে সরকার কর্তৃক
যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোনও প্রকার সুযোগ-সুবিধা দেওয়া হইবে না
এবং এই নীতি পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেলায়ও প্রযোজ্য হইবে।
- (গ) যে সকল কর্মকর্তা/কর্মচারী কোন বৈদেশিক/আল্‌ডর্জাতিক সংস্থায় চাকুরী লাভ
করিবেন তাহাদের ক্ষেত্রে উপরোক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে না।

২। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।

ধীরাজ কুমার নাথ
উপ-সচিব (প্রশাসন-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা

নং সম (বিঃপ্রঃ)-১২/৯০-৩৮২(৩০০), তারিখঃ ২২-০১-১৪০১ বাৎ/০৫-০৫-১৯৯৪ ইং

বিষয় : বৈদেশিক প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তাদের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ ও এই পদে তাঁদের যোগদান প্রসংগে।

সূত্র : সম(বিঃপ্রঃ)-১২/৯০-০৩(২০০), তারিখ : ১১-০৯-১৩৯৭ বাৎ/৩-০১-১৯৯১ ইং

সূত্রোলিখিত স্মারকের মাধ্যমে উপর্যুক্ত বিষয়ে জারিকৃত অফিস স্মারকের (খ) অনুচ্ছেদে প্রথম লাইনের 'বিদেশ যাত্রার পাঁচ কার্যদিবস পূর্ব হইতে' বাক্যাংশের স্থলে 'বিদেশ যাত্রার ১০(দশ) কার্যদিবস পূর্ব হইতে' বাক্যাংশ প্রতিস্থাপিত হইবে।

২। সূত্রে উলিখিত অফিস স্মারকের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

হাবিবুর রহমান
সচিব।

বাংলাদেশে প্রত্যাবর্তনের পর প্রশিক্ষণার্থীর প্রতিবেদন

- ১। প্রশিক্ষণার্থীর বিবরণ :
 - (ক) নাম :
 - (খ) পদবী :
 - (গ) ক্যাডার :
 - (ঘ) পরিচিতি নম্বর :
 - (ঙ) বেতনস্কেল :
- ২। প্রেষণ সংক্রান্ত তথ্যাবলী :
 - (ক) প্রেষণদেশ নং ও তারিখ :
 - (খ) প্রেষণ মেয়াদ :
 - (গ) দেশে প্রত্যাবর্তনের তারিখ :
 - (ঘ) প্রত্যাবর্তনে বিলম্ব হলে তার কারণ :
- ৩। প্রশিক্ষণের দেশে পৌঁছে বাংলাদেশ দুতাবাসে নাম :
নিবন্ধীকৃত করা হয়েছিল কি না এবং ঠিকানা :
জানানো হয়েছিল কি না।

- ৪। কোন অসুবিধার সম্মুখীন হয়ে থাকলে তা বাংলাদেশ :
দূতাবাসকে জানানো হয়েছিল কি না এবং দূতাবাস
কর্তৃক গৃহীত পদক্ষেপ সম্পর্কে মন্তব্য।
- ৫। কোর্সের বিবরণ :
(ক) কোর্সের শিরোনাম :
(খ) কোর্সের মেয়াদ :
(গ) যে প্রতিষ্ঠানে কোর্স :
অনুষ্ঠিত হয়েছে তার নাম ও অবস্থান
- ৬। প্রশিক্ষণ :
(ক) প্রশিক্ষণের সাধারণ পরিধি :
(খ) বাংলাদেশের পরিস্থিতি/ পরিবেশের পরিপ্রক্ষিতে :
এই কোর্সের ব্যবহারিক উপযোগিতা ও
সম্ভাব্য ক্ষেত্র।
(গ) প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণকালে যে সব নূতন :
সরঞ্জামের সংগে পরিচিত হয়েছে, তার সংক্ষিপ্ত
বিবরণ।
(ঘ) প্রশিক্ষণ গ্রহণকালে প্রশিক্ষণার্থী যে সব নূতন :
ধ্যান-ধারণা/ চেতনা লাভ করেছেন তার
সংক্ষিপ্ত বিবরণ।
- ৭। প্রশিক্ষণের সময় যে যে বিষয়ের উপর পড়াশুনা করতে :
হয়েছে তার তালিকা ও সংক্ষিপ্ত বিবরণ।
- ৮। (ক) প্রশিক্ষণের মূল মেয়াদের কত দিন প্রশিক্ষণ :
প্রতিষ্ঠানে কাটানো হয়েছে?
(খ) কতদিন শিক্ষা সফর ছিল? :
(গ) কতদিন ছুটি ছিল? :
- ৯। পরীক্ষার পদ্ধতি কি ছিল? :
- ১০। কোন প্রবন্ধ বা রিপোর্ট লিখা থাকলে তার শিরোনাম :
ও সংক্ষিপ্ত বিবরণ।
- ১১। কোন সেমিনারে অংশগ্রহণ করে থাকলে তার :
বিবরণ।

- ১২। দাতা সংস্থা কর্তৃক বইপত্র কেনার জন্য অর্থ প্রদান :
করা হয়ে থাকলে তার পরিমাণ।
- ১৩। (ক) দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত অর্থ ক্রীত বই ও :
প্রশিক্ষণ উপকরণসমূহের নাম ও বিবরণ।
- (খ) সবগুলোর প্রত্যেকটি সংগে আনা হয়েছে :
কি না?
- (গ) কোন বই/উপকরণ সংগে না এনে থাকলে :
তার কারণ।
- ১৪। (ক) প্রশিক্ষণের সময় প্রাপ্ত অন্যান্য রিডিং :
মেটরিয়ালস-এর শিরোনাম।
- (খ) সবগুলো সংগে আনা হয়েছে কি না? :
(গ) সংগে না আনা হয়ে থাকলে তার কারণ :
- ১৫। প্রশাসন :
(ক) থাকা ও ভাতাদির ব্যবস্থা :
(খ) খাবারের ব্যবস্থা :
(গ) প্রাপ্ত অভ্যর্থনা :
(ঘ) কোন অসুবিধার সম্মুখীন হয়ে থাকলে তাঁর :
বিবরণ।
- ১৬। প্রশিক্ষণে যাওয়ার সময় যে সমস্ত বইপত্র সাথে :
নেয়া হয়েছিল সেগুলোর মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা
প্রতিষ্ঠান/বাংলাদেশ দূতাবাসে দেওয়া বইপত্রের
বিবরণ।
- ১৭। এই কোর্স বাংলাদেশের জন্য অধিকতর ফলপ্রসূ :
করার বিষয়ে পরামর্শ।
- ১৮। অন্য কোন তথ্য/মন্তব্য যদি থাকে। :

প্রশিক্ষণার্থীর স্বাক্ষর
তারিখ :.....

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্তব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা-(বিঃপ্রঃ)

নং সম (বিঃপ্রঃ)-১২/৯০-০৩(২০০), তারিখঃ ১৯-৯-১৩৯৭বাং/০৩-০১-১৯৯১ইং

অফিস স্মারক

বিষয় : বিদেশ প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তাদের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ ও এই পদে তাঁহাদের যোগদান প্রসংগে।

বিদেশ প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তাদের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ ও এই পদে তাঁহাদের যোগদানের বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল সরকারী নির্দেশ বাতিলক্রমে সরকার নিম্নে বর্ণিত নির্দেশ জারী করিতেছে :—

- (ক) তিন মাসের অধিক মেয়াদের বিদেশ প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ করা যাইতে পারে। এই জন্য প্রচলিত পদ্ধতি অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তার পদ সৃষ্টি করিতে হইবে অথবা ইতিপূর্বে সৃষ্ট পদের বিপরীতে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে নিয়োগ করিতে হইবে।
- (খ) বিদেশ যাত্রার পাঁচ কার্যদিবস পূর্ব হইতে প্রশিক্ষণ সমাপ্তির পাঁচ কার্যদিবস পর পর্যন্ত মেয়াদের জন্য বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ করা হইবে। প্রশিক্ষণার্থী কর্মকর্তার বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে যোগদানের পর তাঁহার অনুকূলে নিয়মানুযায়ী প্রেষণাদেশ জারী করা হইবে।
- (গ) বিদেশ প্রশিক্ষণ সমাপ্তির পাঁচ দিনের মধ্যে প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে দেশে প্রত্যাবর্তনকরত স্বপদে যোগদান করিতে হইবে। অনিবার্য কারণে যোগদানে বিলম্ব হইলে ইহার জন্য গ্রহণযোগ্য ব্যাখ্যা প্রদান করিতে হইবে, অন্যথায় প্রশিক্ষণার্থী কর্মকর্তার বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।
- (ঘ) সংস্থাপন মন্ত্রণালয় ও উহার অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এর কর্মকর্তাগণ প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর সংস্থাপন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায়/সংস্থায়/প্রতিষ্ঠানে যোগদান করিবেন।

২। উপরোক্ত নির্দেশের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে পরামর্শ দেওয়া হইল।

মোঃ হাসিনুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ (গবেষণা) শাখা

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ মে ২০০৩

নং সম/বিঃপ্রঃ/গ-১০/২০০৩-২৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নে বর্ণিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুমোদন করিয়াছে। এতদ্বারা অনুমোদিত নীতিমালা সকলের অবগতির জন্য জারী করা হইল। গেজেট প্রকাশের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আনোয়ারুল বার চৌধুরী
সচিব।

PUBLIC ADMINISTRATION TRAINING POLICY

1.0 PREAMBLE

possessed the requisite qualifications prescribed for the post or service, as the case may be, in the existing recruitment rule or in recruitment rule or any recruitment procedure duly approved by authority competent in this behalf existing at the time of his ad hoc appointment;

- (b) the upper limit of age for appointment in a post held by an ad hoc appointee shall be deemed to have been relaxed to such extent as may be required to make such an appointee eligible for appointment to the post; and
- (c) an ad hoc appointee shall not be required to complete with others for the purpose of his selection for regular appointment to the post which he has been holding on ad hoc basis.

By order of the
Chief Martial Law Administrator
D.S YUSUF HYDER
Additional Secretary.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)
প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে কার্তিক, ১৩৯৭/৬ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৩৮২-আইন/৯০ সম(আর-২)এস-৬৭/৮৭(অংশ)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা এডহক চাকুরী গণনা (জ্যেষ্ঠতা নির্ধারণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “এডহকভিত্তিক নিযুক্ত” অর্থ কোন পদে এডহক ভিত্তিক বা সম্পূর্ণ অস্থায়ীভাবে নিযুক্ত;
- (খ) “এডহক চাকুরীকাল” অর্থ কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত থাকার সময়কাল;
- (গ) “কর্মকর্তা” অর্থ কোন পদে নিযুক্ত কর্মকর্তা এবং উক্তরূপ কোন কর্মচারীও ইহার অন্ডভুক্ত হইবেন;
- (ঘ) “নিয়মিতভাবে নিযুক্ত” অর্থ সংশ্লিষ্ট পদের নিয়োগবিধির বিধান অনুযায়ী বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ নীতিমালার দ্বারা নির্দিষ্টকৃত পদ্ধতি অনুযায়ী নিয়োগ প্রদানে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত;
- (ঙ) “পদ” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চাকুরীর কোন পদ।

বিধিমালার প্রাধান্য।—আপাততঃ বলবৎ কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। জ্যেষ্ঠতা নির্ধারণে কতিপয় কর্মকর্তার এডহক চাকুরীকাল গণনা।—(১) নিম্নবর্ণিত কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণে তাহাদের এডহক চাকুরীকাল এই বিধিমালার বিধান অনুযায়ী গণনা করা হইবে, যথাঃ—

(ক) ৯ই এপ্রিল, ১৯৭২ এর পূর্বে কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত তারিখ এবং ১২ই মে, ১৯৮৩ এর মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।

(খ) ৯ই এপ্রিল, ১৯৭২ হইতে ১২ই মে, ১৯৮৩ পর্যন্ত সময়-সীমার মধ্যে কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত সময়-সীমার মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত ব্যক্তিগণ উক্ত উপ-বিধিতে উলিখিত সুবিধা পাইবেন না, যথাঃ—

(ক) এডহকভিত্তিক নিযুক্ত হওয়ার সময় সংশ্লিষ্ট পদের জন্য প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ নীতিমালার শর্ত মোতাবেক নিযুক্ত হন নাই এমন কর্মকর্তা;

(খ) উক্তরূপে নিযুক্ত হওয়ার সময় সংশ্লিষ্ট পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল না এমন কর্মকর্তা;

(গ) উক্তরূপে নিযুক্ত হওয়ার পর হইতে নিয়মিতভাবে নিযুক্ত হওয়ার সময় পর্যন্ত একই পদে চাকুরীর ধারাবাহিকতা রক্ষা করিতে পারেন নাই এমন কর্মকর্তা;

(ঘ) নিয়মিতভাবে নিযুক্তির জন্য কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষা বা সাক্ষাৎকারে প্রথমবারে উহার সুপারিশ লাভে ব্যর্থ হইয়াছেন এমন কর্মকর্তা।

৫। এডহক চাকুরীকাল গণনার তারিখ।—(১) বিধি ৪ (১) (ক) তে উলিখিত কোন কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য ৯ই এপ্রিল, ১৯৭২ হইতে তাহার চাকুরী গণনা করা হইবে।

(২) বিধি ৪(১) (খ) তে উলিখিত কোন কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য তাহার এডহকভিত্তিক নিযুক্ত হওয়ার তারিখ হইতে চাকুরী গণনা করা হইবে।

৬। পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণে কতিপয় নীতিমালা।—(১) একই তারিখে এডহকভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণ—

(ক) উক্তরূপ নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের হ্রেডিং যদি থাকে, এর ভিত্তিতে;

(খ) উক্তরূপ তালিকা বা প্রদত্ত নম্বরের হ্রেডিং না থাকা বা না পাওয়ার ক্ষেত্রে, তাহাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের, উক্ত বৎসর একই হইলে বয়সের ভিত্তিতে জ্যেষ্ঠতা পাইবেন।

(২) একই তারিখে নিয়মিতভাবে নিযুক্ত এবং এডহকভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণের নিয়মিতভাবে নিযুক্ত কর্মকর্তাগণ জ্যেষ্ঠতা পাইবেন।

৭। বিধিগত জ্যেষ্ঠতা ও প্রাপ্ত পদোন্নতি রক্ষণ।—(১) বিধি ৪ এ উলিখিত সুবিধা প্রাপক কে কর্মকর্তার জ্যেষ্ঠতা সংস্থাপন মন্ত্রণালয়ের ২২শে এপ্রিল, ১৯৮৪ তারিখের অফিস স্মারক নং এমই (আর-এস-৩৪/৮৪-৭৮(৫০০) এর উপর ভিত্তি করিয়া, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে, নির্ধারণ করা হইয়া থাকিলে উহা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, কার্যকর থাকিবে এবং উক্তরূপ নির্ধারণ এই বিধিমালার অধীন করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) এই বিধিমালার কোন কিছুই উহাদের কার্যকর হওয়ার পূর্বে প্রাপ্ত কোন কর্মকর্তার পদোন্নতি ক্ষুণ্ণ করিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কে, এম, রব্বানী
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-১
প্রজ্ঞাপন

তারিখ, ১৯ আষাঢ় ১৪১২/৩ জুলাই ২০০৫

এস. আর. ও নং ১৯৭-আইন/২০০৫/সম/বিধি-১/এস-২৫/৮৬(অংশ-১)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এডহক চাকুরী গণনা (জ্যেষ্ঠতা নির্ধারণ) বিধিমালা, ১৯৯০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর উপ-বিধি(১) এর দফা (খ) এর পর নিম্নবর্ণিত দফা (গ) এবং উহার বিপরীতে উলিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ—

“(গ) সহকারী সার্জন (ইন সার্ভিস ট্রেইনী) হিসাবে ২৫শে জানুয়ারী, ১৯৮২ হইতে ১৭ মে, ১৯৮৬ পর্যন্ত সময়সীমার মধ্যে কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত সময়সীমার মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।”;
এবং

(খ) বিধি ৫ এর উপ-বিধি(২) এ উলি-খিত “বিধি ৪(১) (খ)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনিগুলির পরিবর্তে “বিধি ৪(১) (গ)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনিগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ এস এম আব্দুল হালিম
সচিব।

অধ্যায়-১

(ঙ) উন্নয়ন প্রকল্পে নিয়োগ

গ্রন্থপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সওব্দ্য-১(৪) অধিশাখা।

পরিপত্র

নং সম(সওব্দ্য-৪)-১প-১/২০০৮-২৫৫ তারিখঃ ১০ পৌষ, ১৪১৫/২৪ ডিসেম্বর, ২০০৮

বিষয় : উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর অত্যাবশ্যকীয় পদ রাজস্ব বাজেটে স্থানান্তর।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পের মাধ্যমে গৃহীত কর্মসূচী প্রকল্প সমাপ্তির পর পরিচালনার জন্য রাজস্ব বাজেটে পদ সৃজন ও স্থানান্তরের বিষয়ে নিম্নরূপ বিধান অনুসৃত হবে :

১। এখন থেকে যে সকল উন্নয়ন প্রকল্প অনুমোদিত হবে তাতে প্রকল্প চলাকালীন পদের চাহিদার পাশাপাশি প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিদ্যমান পদের অতিরিক্ত যেসব পদ অপরিহার্য বলে গণ্য হবে সে সকল পদের চাহিদাও একই পদ্ধতিতে পর্যালোচনা করে উন্নয়ন প্রকল্প ছক (DPP)-এ অন্তর্ভুক্ত করতে হবে। অতঃপর (DPP)-তে অন্তর্ভুক্ত রাজস্বখাতে স্থানান্তরযোগ্য অপরিহার্য পদের ক্ষেত্রে বিধি মোতাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের ২২-০১-২০০৩ খ্রিঃ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মক-০১/২০০৩/২৮ নং প্রজ্ঞাপন মূলে গঠিত উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি পুঞ্জানুপুঞ্জ পরীক্ষা-নিরীক্ষা করার মাধ্যমে প্রকল্প চলাকালীন ও সমাপ্তির পর রাজস্ব খাতের অপরিহার্য উভয় প্রকার পদের শ্রেণী ও সংখ্যা নির্ধারণের সুপারিশ প্রদান করবে।

২। প্রকল্প সমাপ্তির সাথে সাথে রাজস্বখাতে স্থানান্তরযোগ্য অপরিহার্য পদ স্বয়ংক্রিয়ভাবে অস্থায়ীভিত্তিতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হবে। সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগকে অবহিত রেখে রাজস্ব বাজেটে পদ স্থানান্তরের আদেশ/প্রজ্ঞাপন জারী করবে। এক্ষেত্রে সংস্থাপন ও অর্থ মন্ত্রণালয়ের পুনরায় সম্মতি গ্রহণের প্রয়োজন হবে না।

৩। প্রকল্পের মাধ্যমে গৃহীত কোনো কর্মসূচী দ্বারা উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে কোন দপ্তর, থানা ও তদন্ত কেন্দ্র স্থাপন এবং পদ সৃজন করা হলে সে ক্ষেত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ ও নিকার এর পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে।

৪। উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর রাজস্বখাতে স্থানান্তরিত পদে নিয়োগ বিধি ও বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে জনবল নিয়োগ করতে হবে। তবে প্রকল্প সমাপ্তির পূর্বে নিয়োগ প্রক্রিয়া শুরু করা যেতে পারে। এছাড়াও প্রচলিত বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণ করে রাজস্বখাতে স্থানান্তরিত পদগুলো সংরক্ষণ ও স্থায়ীকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থায়ীকরণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সরকারি আদেশসমূহের কপিসহ টিওএন্ডই সংশোধনের প্রস্তুত সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য জনবল নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ে অর্থ বিভাগ কর্তৃক ২২-০৫-২০০৮ খ্রিঃ তারিখের অম/অবি/বা-১২/বিবিধ-৬৫/০৭ (অংশ)/১০৪০ নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

৬। এ পরিপত্র জনস্বার্থে জারী করা হলো এবং তা ০১ জানুয়ারী, ২০০৯ খ্রিঃ হতে কার্যকর হবে।

(মোঃ মোসলেহ উদ্দিন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ০৬ আষাঢ় ১৪১২/২০ জুন ২০০৫

এস, আর, ও নং ১৮২-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “উন্নয়ন প্রকল্প” অর্থ ৯ এপ্রিল, ১৯৭২ইং হইতে ৩০ জুন, ১৯৯৭ইং তারিখ পর্যন্ত সময়ের মধ্যে শুরু হওয়া সরকার অনুমোদিত, উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পসমূহ;
- (খ) “উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল” অর্থ কোন উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হইতে রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ হওয়া পর্যন্ত কোন কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীকাল;
- (গ) “উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারী” অর্থ ১৯৭২ সনের এপ্রিল মাসের ৯ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৭ইং তারিখের মধ্যে শুরু হওয়া উন্নয়ন প্রকল্পের কোন পদে ক্ষেত্রভিত্তিক নিযুক্ত কর্মচারী এবং ১৯৮৩ সনের মে মাসের ১৩ তারিখ বা তৎপরবর্তীকালে রাজস্ব বাজেটের কোন পদে সাময়িকভাবে পদস্থ কর্মকর্তা বা কর্মচারী;
- (ঘ) “কর্তৃপক্ষ” অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদে নিয়োগকারী কর্তৃপক্ষ;
- (ঙ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;
- (চ) “নিয়মিতকরণ” অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;
- (ছ) “রাজস্ব বাজেটের পদ” অর্থ উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত বা নূতনভাবে সৃজিত কোন পদ;
- (জ) “সাময়িকভাবে পদস্থ” অর্থ উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারীকে রাজস্ব বাজেটের কোন পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। বিধিমালার প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।—(১) উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা ও কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা ঃ—

- (ক) রাজস্ব বাজেটের কোন পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা ও কর্মচারীর সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগ সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি অনুসরণে হইতে হইবে; এবং
- (খ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর ধারাবাহিকতা থাকিতে হইবে; এবং
- (গ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসর প্রস্তুতিকালীন ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।

(৩) কর্মকমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতা বহির্ভুক্ত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। জ্যেষ্ঠতা নির্ধারণ।—(১) এই বিধিমালার অধীনে নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) কোন উন্নয়ন প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা ঃ—

- (ক) উন্নয়ন প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে;
- (খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) কোন উন্নয়ন প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ক্রটির কারণে নয়, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা

একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) একাধিক উন্নয়ন প্রকল্প হইতে একই পদে দুই বা ততোধিক কর্মকর্তা বা কর্মচারীকে নিয়মিত করা হইলে সেইক্ষেত্রে উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৫) একাধিক উন্নয়ন প্রকল্প হইতে একই পদে দুই বা ততোধিক কর্মকর্তা বা কর্মচারীকে নিয়মিত করা হইলে এবং তাহাদের যোগদানের তারিখ একই হইলে সেইক্ষেত্রে বয়ঃজ্যেষ্ঠতার ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৬) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল গণনা।—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষংগিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকর করণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস এম আব্দুল হালিম
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৬ই আষাঢ় ১৪১২/২০ শে জুন ২০০৫

এস, আর, ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “উন্নয়ন প্রকল্প” অর্থ ১ জুলাই, ১৯৯৭ইং তারিখ হইতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভুক্ত সরকার কর্তৃক অনুমোদিত সমাপ্ত প্রকল্পসমূহ;
- (খ) উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী” অর্থ উন্নয়ন প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া উক্ত প্রকল্পের সমাপ্তির তারিখ পর্যন্ত সাকুল্য বেতনে চাকুরীরত ছিলেন এইরূপ কর্মকর্তা বা কর্মচারী;
- (গ) “কর্তৃপক্ষ” অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;
- (ঘ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন;
- (ঙ) “বহিরাগত প্রার্থী” অর্থ রাজস্ব বাজেটের পদে নিয়োগ লাভে ইচ্ছুক উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত অন্য কোন প্রার্থী;
- (চ) “রাজস্ব বাজেটের পদ” অর্থ উন্নয়ন প্রকল্পের পদ যাহা রাজস্ব বাজেটে নতুনভাবে সৃজিত হইয়াছে।

৩। বিধিমালার প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। বয়স শিথিলকরণ পদ্ধতি।—(১) যে ক্ষেত্রে রাজস্ব বাজেটের কোন শূন্য পদে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সরাসরি নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের নিয়োগ বিধি ও পদ্ধতি অনুযায়ী কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার করিয়া দরখাস্ত আহ্বান করা হয় সেইক্ষেত্রে উক্ত বিধি বা পদ্ধতিতে প্রার্থীর বয়সসীমার বিষয়ে যাহা কিছুই থাকুক না কেন, বহিরাগত প্রার্থীদের সহিত উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণেরও দরখাস্ত দাখিল করিবার অধিকার থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রাজস্ব বাজেটের কোন পদে নিয়োগ লাভের জন্য প্রার্থী হইবার ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের বয়সসীমা শিথিল করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধির অধীন প্রদত্ত বয়সসীমা শিথিলের সুযোগ গ্রহণ করিয়া চাকুরীপ্রাপ্ত হইলে সেইক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগ নবনিয়োগ বলিয়া গণ্য হইবে।

৫। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকর করণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস এম আব্দুল হালিম
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অর্থ বিভাগ
 উন্নয়ন বাজেট-১

নং অম/অবি/উঃবাঃ১/বিবিধ-১/২০০৪/৬১৫ তারিখঃ ২৩-০৬-২০০৪

বিষয় : উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়, বরাদ্দের বিভাজন, পদ সৃষ্টি ইত্যাদি আদেশে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন (Endorsement) পদ্ধতি রহিতকরণ প্রসংগে।

উন্নয়ন প্রকল্প দ্রুত বাস্তবায়নকল্পে বিদ্যমান পদ্ধতি সহজতর করণের অব্যাহত পদক্ষেপ হিসাবে অর্থ ছাড়, বরাদ্দের বিভাজন, প্রকল্পের পদসৃষ্টি ইত্যাদি বিষয়ে বর্তমান প্রচলিত পদ্ধতি সংস্কারপূর্বক সরকার নিম্নরূপ পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) অর্থ ছাড়ের যে সকল নথিতে অর্থ বিভাগের সম্মতি প্রয়োজন সে সকল নথি পরীক্ষা পূর্বক অর্থ বিভাগের সম্মতি সম্বলিত পত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) সহ নথি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে ফেরত পাঠানো হবে। অর্থ বিভাগ থেকে উক্ত সম্মতি পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে প্রদান করা হবে। অর্থ বিভাগের সম্মতি পত্রের ভিত্তিতে (সম্মতিপত্র সংযোজন করতঃ) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অর্থ ছাড়ের সরকারী আদেশ জারী করবে। উক্ত সরকারী আদেশে অর্থ বিভাগের কোন পৃষ্ঠাংকন (Endorsement) প্রয়োজন হবে না।
- (খ) সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ও উপরের (ক) অনুযায়ী ইতোমধ্যে প্রাপ্ত অর্থ বিভাগের সম্মতি পত্রের নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সরকারী আদেশ জারী করা হলে তদানুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।
- (গ) উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে সকল প্রকল্পের (অনুমোদিত/অননুমোদিত) বিভাজন আদেশ অর্থ বছরের শুরুতেই (১৫ জুলাইয়ের মধ্যে) জারী করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত বিভাজন আদেশের ভিত্তিতে অর্থ বিভাগ মঞ্জুরী ও বরাদ্দের দাবীর বিবরণ বিস্তারিত (উন্নয়ন) প্রণয়ন করবে। এরূপ কোন বিভাজন আদেশে আলাদাভাবে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন প্রয়োজন হবে না।
- (ঘ) অনুমোদিত/অননুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের পদ (আল্ফা মন্ত্রণালয় কমিটির সুপারিশ অনুযায়ী) সৃষ্টির ও সংরক্ষণের আদেশে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ জারী করবে। এরূপ আদেশ জারীর ক্ষেত্রে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন প্রয়োজন হবে না।
- (ঙ) উপরের সমুদয় সরকারী আদেশের একটি কপি অর্থ বিভাগের সংশ্লিষ্ট শাখায় অবগতির জন্য প্রেরণ করতে হবে।

২। সরকারী আদেশ পৃষ্ঠাংকন পদ্ধতি রহিতকরণের উপরোক্ত পদ্ধতি আগামী ১-০৭-২০০৪ তারিখ থেকে কার্যকর হবে।

(মোহাম্মদ আবদুল মজিদ)
যুগ্ম-সচিব (উন্নয়ন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ

উন্নয়ন বাজেট-১

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৩৮/৯৪/৪৬৪, তারিখঃ ২৪-০৫-০৪ইং

পরিপত্র

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ৩০ জুন ১৯৯৭ বা তৎপূর্বে শুরু হয়ে সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পের যে সকল জনবল রাজস্ব খাতে স্থানান্তরের সুযোগ পাননি, তাদের নিম্নে বর্ণিত শর্তে এককালীন আর্থিক সুবিধা প্রদান করা যাবে :

- (ক) উন্নয়ন প্রকল্পে স্কেলভিত্তিক পদে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারী প্রকল্প সমাপ্তিতে রাজস্ব খাতে স্থানান্তরিত পদে স্থায়ী হওয়ার সুযোগ না পেলে এরূপ বাদ পড়া সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রকল্পে চাকুরীকালীন সময়ে প্রতি বছর চাকুরীর জন্য ২ মাসের (শেষ আহরিত মূল বেতনের ভিত্তিতে) সমপরিমাণ অর্থ আর্থিক সহায়তা হিসাবে প্রদান করা যাবে।
- (খ) প্রকল্প চাকুরীকালসহ প্রকল্প সমাপ্তির পর উন্নয়ন অনুবিভাগ থেকে রাজস্ব খাতে পদ স্থানান্তরের সম্মতি পত্র জারীর তারিখ পর্যন্ত চাকুরীকাল গণনার ভিত্তিতে এরূপ আর্থিক সহায়তা প্রদান করা যাবে।
- (গ) উন্নয়ন অনুবিভাগ থেকে ৫-১১-২০০১ তারিখের পূর্বে জারীকৃত সম্মতিপত্র অনুযায়ী রাজস্ব খাতে স্থানান্তরিত প্রকল্পের বাদ পড়া জনবল এরূপ আর্থিক সুবিধা পাবেন না।
- (ঘ) উপরের (ক) এ বর্ণিত আর্থিক সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে (রাজস্ব খাতে স্থানান্তরিত প্রকল্পে) অথবা মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে(যে ক্ষেত্রে প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয় নাই) এককালীন প্রয়োজনীয় বরাদ্দ গ্রহণ করতে হবে।

(মোহাম্মদ আবদুল মজিদ)
যুগ্ম-সচিব (উন্নয়ন)

৫০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

উন্নয়ন বাজেট শাখা-১

পরিপত্র

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৫২/২০০৩/২৫৮, তারিখঃ ২৫-০১-০৪

বিষয় : উন্নয়ন প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের মহার্ঘ ভাতা এবং চিকিৎসা ভাতা প্রদান সংক্রান্ত।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার অস্বাভাবিক কালীন ব্যবস্থা হিসাবে নিম্নবর্ণিত শর্তে উন্নয়ন প্রকল্পে নিয়োজিত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীসহ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে মূল বেতনের শতকরা ১০(দশ) ভাগ হারে মহার্ঘ ভাতা এবং চিকিৎসা ভাতা ২০০ টাকার পরিবর্তে ৩০০ টাকা হারে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন :

শর্তাবলী :

- (১) সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ১০ ভাগ হারে মহার্ঘভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের ২২-০৪-২০০১ তারিখের জারীকৃত সাকুল্য বেতন নির্ধারণী ছকের ২নং কলামের প্রারম্ভিক বেতনকে মূল বেতন হিসেবে ধরতে হবে;
- (২) প্রকল্পের প্রেষণে নিয়োজিত রাজস্ব খাতের নিয়মিত লোকবল এবং প্রকল্পে স্বেচ্ছাসেবক নিয়োজিত লোকবলের ক্ষেত্রে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৯-৭-২০০৩ তারিখের অম/অবি/(বাস্তব-১)/বিবিধ-৮(মঃ ভাতা)/২০০৩/১২৫(১০০০) নং স্মারক মোতাবেক ১০ ভাগ মহার্ঘভাতা প্রাপ্য হবেন;
- (৩) কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে এ মহার্ঘভাতার পরিমাণ ন্যূনপক্ষে মাসিক ২০০ টাকা হবে;
- (৪) উপরে বর্ণিত ভাতাদি প্রদানের ফলে চলতি অর্থ বছর অতিরিক্ত যে অর্থের প্রয়োজন হবে তা প্রকল্পের রাজস্ব খাতের বরাদ্দ হতে পুনঃ উপযোজনের মাধ্যমে মেটাতে হবে। এ বাবদ নতুন কোন অর্থ বরাদ্দ করা হবে না এবং মোট প্রকল্প ব্যয় বৃদ্ধি করা যাবে না;
- (৫) প্রকল্পের রাজস্ব খাত থেকে এ বাবদ ব্যয় মেটানো সম্ভব না হলে অর্থ বিভাগের সম্মতিক্রমে তা মূলধন খাত থেকে মেটানো যেতে পারে;
- (৬) উন্নয়ন প্রকল্পে 'কাজ নাই মজুরী নাই' ভিত্তিতে নিয়োজিত জনবলের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

২। এ আদেশ ১ জুলাই ২০০৪ তারিখ থেকে কার্যকর হবে।

(আব্দুর রউফ তালুকদার)

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা।

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১, তারিখঃ ০৩-০৫-২০০৩ খ্রিস্টাব্দ/২০-০১-১৪১০বঙ্গাব্দ

সরকারি আদেশ

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, রাজস্ব খাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টি, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে পদ স্থানান্তর, পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ ইত্যাদি বিষয়ে নিম্নরূপ নীতি ও পদ্ধতি অনুসৃত হবে :

(১) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/অধীনস্থ অফিসসমূহে রাজস্ব খাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টি এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে পদ স্থানান্তরের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তুত সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক অনুমোদনের পর ৩ (তিন) বছর পর্যন্ত বছর ভিত্তিক পদ সংরক্ষণের ক্ষমতা নিম্নলিখিত শর্তে প্রশাসনিক মন্ত্রণালয়কে দেয়া হল :

- (ক) প্রতি বছর পদ সংরক্ষণের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় সংরক্ষণের যৌক্তিকতা যথাযথভাবে যাচাই করবে;
- (খ) প্রশাসনিক মন্ত্রণালয় কোনো পদের পদনাম ও বেতনস্কেল পরিবর্তন করতে পারবে না। পদনাম ও বেতনস্কেল পরিবর্তন করতে হলে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
- (গ) কোন পদ এক নাগাড়ে ০২(দুই) বছর শূন্য থাকলে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদন ছাড়া সংরক্ষণ করা যাবে না;
- (ঘ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পদ সংরক্ষণের জি.ও-এর কপি, সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (ঙ) উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরের সময় কোনো শর্ত আরোপিত হয়ে থাকলে প্রশাসনিক মন্ত্রণালয়কে তা পালন করতে হবে।

(২) এই নীতিমালা বাস্তবায়নের পূর্বে অস্থায়ীভাবে সৃজনকৃত পদসমূহের মধ্যে যে সকল পদের মেয়াদ ৩ (তিন) বছর পূর্ণ হয়নি, সে সকল পদ প্রশাসনিক মন্ত্রণালয় (১) উপঅনুচ্ছেদে বর্ণিত শর্ত অনুসরণপূর্বক তিন বছর পর্যন্ত বছরভিত্তিক সংরক্ষণ করতে পারবে।

(৩) এই নীতিমালা বাস্তবায়নের পর কোন কারণে অস্থায়ীভাবে সৃষ্ট পদ তিন বছরের মধ্যে স্থায়ী করা সম্ভব না হলে, সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী বছরের জন্য উক্ত পদসমূহ সংরক্ষণ করতে পারবে।

(৪) অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থার ন্যায় মন্ত্রণালয়/বিভাগের অস্থায়ী পদও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সম্মতি নিয়ে সংরক্ষণ করা যাবে।

(৫) বর্তমানে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃষ্ট পদ ৫(পাঁচ) বছর এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত পদ ৩ (তিন) বছর পর স্থায়ী করার যে বিধান রয়েছে তা রহিত করে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্ট এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত উভয় ধরনের পদই ৩(তিন) বছর পর স্থায়ী করা যাবে।

(৬) অস্থায়ীভাবে সৃষ্ট পদ তৃতীয় বছর সংরক্ষণের পর স্থায়ী করার প্রয়োজন হলে যৌক্তিকতাসহ প্রশাসনিক মন্ত্রণালয়, সংরক্ষণের মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ৬ (ছয়) মাস পূর্বে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তুত প্রেরণ করবে। উক্ত প্রস্তুত সংস্থাপন মন্ত্রণালয় পরীক্ষা করে প্রয়োজনীয় সংখ্যক পদ স্থায়ী করার সুপারিশ করবে।

(৭) সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশ পাবার পর অর্থ বিভাগের সম্মতি নিয়ে প্রশাসনিক মন্ত্রণালয় অন্যান্য আবশ্যিকীয় আনুষ্ঠানিকতা পালন করে সংশ্লিষ্ট মন্ত্রীর অনুমোদনান্বেষণে পদ স্থায়ী করার আদেশ জারি করবে। তবে শর্ত থাকে, যে, মন্ত্রণালয়/বিভাগের প্রথম শ্রেণীর/কর্মকর্তার পদ স্থায়ী করার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর অনুমোদনের প্রয়োজন হবে।

(৮) এই নীতিমালা বাস্তবায়নের পূর্বে অস্থায়ীভাবে সৃষ্ট পদ উপানুচ্ছেদ (৫), (৬) ও (৭) এর বিধান অনুসরণপূর্বক স্থায়ী করা যাবে।

২। এতদ্বারা সংশ্লিষ্ট বিষয়ে বিদ্যমান প্রাসংগিক আদেশ, নীতি-পদ্ধতি বাতিল/সংশোধন করা হল।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

(বদিউর রহমান)
যুগ্ম-সচিব

৫১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬(অংশ-১)/৩২৪, তারিখঃ ৯-৯-২০০১ খ্রিঃ

পরিপত্র

বিষয় : ১লা জুলাই, ১৯৯৭ থেকে চালু হয়ে সমাপ্ত প্রকল্পের জনবলের বেতন ভাতা প্রদান প্রসংগে।

সংস্থাপন মন্ত্রণালয়ের ২১-৮-১৯৯৭ইং তারিখের সম/সওব্য/টিম-৪(২)উঃপ্রঃনি/৪৭/৯৭-১৮৮ স্মারক এবং অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/উঃ-৩/পউবো-১৬/৯৮(অংশ-১)/২৭৪ তারিখঃ ১৯-০৬-২০০০ইং অনুযায়ী ১লা জুলাই ১৯৯৭ সাল থেকে শুরু হওয়া প্রকল্পের জনবল সাকুল্য বেতন ও চুক্তি ভিত্তিক নিয়োগের বিধান রয়েছে। নিয়োগ চুক্তির শর্ত অনুযায়ী এই নিয়োগপত্রই অব্যহতি পত্র হিসাবে এবং প্রকল্প সমাপ্তির পর দিন থেকে প্রকল্পের জনবল কর্মরত নাই বলে গণ্য হবে। সে মোতাবেক ১লা জুলাই ১৯৯৭ হতে চালু প্রকল্পের (২য়/৩য় পর্যায়সহ) ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট জনবলের বেতন ভাতা প্রদানের আর কোন অবকাশ নেই।

(শেখ এ, কে, মোতাহার হোসেন)

উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৬৭, তারিখঃ ২২-০৪-২০০১ খ্রিঃ

পরিপত্র

বিষয় : উন্নয়ন প্রকল্পে সাকুল্য ও ক্ষেত্রভিত্তিক জনবল নিয়োগ প্রসংগে।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে নিয়োগ, মেয়াদকাল ও জনবলের বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :

১। ১লা জুলাই ১৯৯৭ থেকে শুরু হওয়া সকল প্রকল্পের (দ্বিতীয়, তৃতীয় বা পরবর্তী পর্যায়ের প্রকল্পসহ) লোকবলকে, নিম্নে অনুচ্ছেদ নং ২তে বর্ণিত ক্ষেত্র ব্যতিত, সাকুল্য বেতনে নিয়োগ করতে হবে। সংযোজনী-ক-তে প্রদর্শিত সাকুল্য বেতন কাঠামো অনুযায়ী বিভিন্ন গ্রেডে নিয়োজিত লোকবলকে বেতন প্রদান করতে হবে। প্রকল্প সমাপ্তির পর সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ অর্থ বিভাগের অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৪১৬ তারিখঃ ১৪-১০-১৯৯৭ স্মারক অনুযায়ী আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

২। প্রকল্পে অন্ডর্ভুক্ত শিক্ষকও চিকিৎসক পদের মধ্যে যে সকল পদ প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ার যোগ্য ঐ সকল পদ সাকুল্য বেতনের পরিবর্তে স্কেলভিত্তিক লোকবল নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ধরনের ব্যতিক্রম করার জন্য ঐ সকল পদ ও পদের সংখ্যা প্রকল্প সারপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং একনেক (ECNEC) থেকে এ ধরনের ব্যতিক্রমের জন্য প্রত্যেক্ষেত্রে অনুমোদন নিতে হবে। বিষয়টি একনেক (ECNEC) সভার কার্যবিবরণীতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হল।

(সমর চন্দ্র সিনহা)

উপ-সচিব।

সংযোজনী-ক

সংশোধিত সাকুল্যে বেতন নির্ধারণী ছক

শ্রেণি	প্রারম্ভিক বেতন	বাড়ী ভাড়া	চিকিৎসা ভাতা	মোট সাকুল্যে বেতন
শ্রেণি নং-১	১৫,০০০	৬০০০.০০	২০০.০০	২১,২০০.০০
শ্রেণি নং-২	১২,৯০০	৫,১৬০.০০	২০০.০০	১৮,২৬০.০০
শ্রেণি নং-৩	১১,৭০০	৪,৬৮০.০০	২০০.০০	১৬,৫৮০.০০
শ্রেণি নং-৪	১০,৭০০	৪,২৮০.০০	২০০.০০	১৫,১৮০.০০
শ্রেণি নং-৫	৯,৫০০	৪,০৫০.০০	২০০.০০	১৩,৭৫০.০০
শ্রেণি নং-৬	৭,২০০	৩,২৪০.০০	২০০.০০	১০,৬৪০.০০
শ্রেণি নং-৭	৬,১৫০	২,৭৬৮.০০	২০০.০০	৯,১১৮.০০
শ্রেণি নং-৮	৪,৮০০	২,১৬০.০০	২০০.০০	৭,১৬০.০০
শ্রেণি নং-৯	৪,৩০০	১,৯৩৫.০০	২০০.০০	৬,৪৩৫.০০
শ্রেণি নং-১০	৩,৪০০	১,৭০০.০০	২০০.০০	৫,৩০০.০০
শ্রেণি নং-১১	২,৫৫০	১,২৭৫.০০	২০০.০০	৪,০২৫.০০
শ্রেণি নং-১২	২,৩৭৫	১,১৮৮.০০	২০০.০০	৩,৭৬৩.০০
শ্রেণি নং-১৩	২,২৫০	১,১২৫.০০	২০০.০০	৩,৫৭৫.০০
শ্রেণি নং-১৪	২,১০০	১,০৫০.০০	২০০.০০	৩,৩৫০.০০
শ্রেণি নং-১৫	১,৯৭৫	৯৯০.০০	২০০.০০	৩,১৬৫.০০
শ্রেণি নং-১৬	১,৮৭৫	৯৯০.০০	২০০.০০	৩,০৬৫.০০
শ্রেণি নং-১৭	১,৭৫০	৯৬৩.০০	২০০.০০	২,৯১৩.০০
শ্রেণি নং-১৮	১,৬২৫	৮৯৪.০০	২০০.০০	২,৭১৯.০০
শ্রেণি নং-১৯	১,৫৬০	৮৫৮.০০	২০০.০০	২,৬১৮.০০
শ্রেণি নং-২০	১,৫০০	৮৫০.০০	২০০.০০	২,৫৫০.০০

১। বাড়ী ভাড়া :

যে সকল প্রকল্পের জন্য বাসস্থানের ব্যবস্থা করা আছে সে সকল প্রকল্পে জন্য ৩ নং কলাম প্রযোজ্য হবে না।

২। উৎসব ভাতা/টি, এ, ডি, এ :

উৎসব ভাতা প্রদান এবং টি, এ, ডি, এ, নির্ধারণের ক্ষেত্রে উক্ত ২ নং কলামে প্রদর্শিত প্রারম্ভিক বেতনকে মূল বেতন হিসাবে ধরা যেতে পারে।

৩। টিফিন ভাতা :

যে সকল কর্মচারী তাদের প্রতিষ্ঠান থেকে লাঞ্চ ভাতা পান না, তাদের ক্ষেত্রে ১০০(একশত টাকা) হারে টিফিন ভাতাসহ সাঙ্কুল্য বেতন প্রদান করতে হবে।

৪। পাহাড়ী ভাতা :

পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে ২ নং কলামে প্রদর্শিত প্রারম্ভিক বেতনের ৩০% হারে সর্বোচ্চ মাসিক ১,২০০ (এক হাজার দুই শত) টাকা পাহাড়ী ভাতা প্রদান করতে হবে।

৫। যাতায়াত ভাতা :

উক্ত গ্রেড নং ১১ থেকে ২০ নং গ্রেডভুক্ত কর্মচারীগণের কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অবস্থিত হলে তিনি মাসিক ৮০(আশি) টাকা হারে যাতায়াত ভাতাও পাবেন।

৬। আয়কর :

আয়কর প্রদানের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সরকারী বিধি বিধান প্রযোজ্য হবে।

৫১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ

এনইসি/একনেক ও সমন্বয় অনুবিভাগ

সমন্বয়-২

পরিপত্র

পবি/সমন্বয়-২/১৫/৯৪/১৮৪, তারিখ ২৮-৬-২০০০ খ্রিস্টাব্দ/১৪-৩-১৪০৭ বঙ্গাব্দ

বিষয় : উন্নয়ন প্রকল্পে শিক্ষক, চিকিৎসক, টেকনিক্যাল ও স্কীল্ড পদে জনবল নিয়োগ।

জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) বিগত ৮-৯-৯৯ খ্রিস্টাব্দ তারিখের সভার সিদ্ধান্তে অনুসরণে উন্নয়ন প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উন্নয়ন প্রকল্পে সাকুল্যে বেতন নির্ধারণে ভাতাদিসহ উচ্চতর হারে বেতন নির্ধারণ এবং টেকনিক্যাল ও গবেষণামূলক পদসমূহের ক্ষেত্রে বিশেষ ভাতা প্রদান বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ প্রদত্ত মতামতের উপর গত ২৩-৩-২০০০ ইং তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে বিস্তারিত আলোচনা হয়। এতদ্বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত প্রস্তাবের উপর গত ২৫-৪-২০০০ ইং তারিখে অনুষ্ঠিত একনেক (ECNEC) সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

২.১ উন্নয়ন প্রকল্পে শিক্ষক, চিকিৎসকদের জন্য সাকুল্যে বেতন নির্ধারণ করা সমীচীন হবে না। এ দু'ধরনের পদের মধ্যে যে সব পদ প্রকল্প সমাপ্তির পর রাজস্বখাতে স্থানান্তরিত হওয়ার যোগ্য বা নিদিষ্টকৃত তার জন্য স্কেলভিত্তিক বেতন নির্ধারণ করাই সমীচীন হবে। তবে, এ ধরনের ব্যতিক্রম করার জন্য প্রতিক্ষেত্রে প্রকল্প সারপত্রের (পিসিপি) আওতায় একনেক (ECNEC) এর অনুমোদন নিতে হবে।

২.২ উন্নয়ন প্রকল্পের অন্যান্য যে সকল টেকনিক্যাল এবং স্কীল্ড পদে সাকুল্যে বেতনে উপযুক্ত প্রার্থী পাওয়া যাবে না, সে সকল পদে প্রচলিত নিয়ম অনুসারে পরামর্শক নিয়োগের ব্যবস্থা করা যাবে।

৩। উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(আবদুল হামিদ চৌধুরী)

সচিব

পরিকল্পনা বিভাগ।

৫১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

উন্নয়ন অনুবিভাগ, শাখা-৩

নং-অম/অবি/উঃ-৩পউবো-১৬/৯৮(অংশ-১)/২৭৪, তারিখ : ১৯-৬-২০০০ ইং।

বিষয় : উন্নয়ন প্রকল্পের আওতায় লোকবল নিয়োগ ও বেতন প্রদান প্রসংগে।

অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৩২০, তারিখ ৩-৭-১৯৯৭ ইং সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম/সওব্য/টিম-৪(২)উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮, তারিখ ২১-৮-১৯৯৭ ইং এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের স্মারক নং পরি/সমন্বয়-২/১৫/৯৪/২২৯ তারিখ ১০-৬-১৯৯৯ ইং এর মাধ্যমে ১লা জুলাই ১৯৯৭ ইং থেকে চালুকৃত প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসমূহ) লোকবল নিয়োগ এবং সাকুল্য (Consolidated pay) বেতন প্রদানের বিধি ও পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।

২। উপর্যুক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে কোন কোন ক্ষেত্রে প্রকল্প দলিলে স্কেল ভিত্তিক লোক নিয়োগের ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হচ্ছে। উপরে অনুচ্ছেদ নং-১-এ উল্লেখিত স্মারকসমূহ অনুসারে ১লা জুলাই, ১৯৯৭ ইং থেকে চালু সকল প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসহ) লোকবল নিয়োগ ও সাকুল্য বেতন প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হল।

(শেখ, এ, কে, মোতাহার হোসেন)

উপ-সচিব (উন্নয়ন-১)।

(একই নম্বর ও তারিখের পত্র প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ

টিম-৪(২)

অফিস স্মারক

নং-সম/সওব্য/টিম-৪(২)উঃপ্রঃনিঃ-৪৭/৯৭-৬১, তারিখ : ৪ বৈশাখ ১৪০৭/১৭ এপ্রিল ২০০০।

বিষয় : সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তুত সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে প্রেরণ।

মন্ত্রণালয়/বিভাগ ও তদবীনস্থ সংস্থাসমূহের সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ, যানবাহন, অফিস সরঞ্জামাদি রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তুতবে প্রাথমিকভাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হয়। প্রকল্প সমাপ্তির পর প্রস্তুতবে প্রেরণ করা হলে এ ধরনের জনবলের বেতন ভাতাদি প্রদানসহ অন্যান্য নানাবিধ জটিলতা দেখা দেয় বলে প্রকল্প সমাপ্তির অন্ডত ছয় মাস পূর্বে অনুরূপ প্রস্তুতবে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশ ইতঃপূর্বে অর্থ বিভাগ থেকে জারি হয়েছে। তা আরো সংশোধন করে সরকার এ মর্মে সিদ্ধান্তগ্রহণ করেছে যে, রাজস্ব বাজেটে স্থানান্তরযোগ্য পদের প্রস্তুতবে প্রকল্প সমাপ্তির অন্ডত ছয় মাস পূর্বে যুগপৎভাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগ এবং অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগের প্রেরণ করতে হবে। শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির অনধিক এক বৎসর কিংবা অন্ডত ছয় মাস পূর্বে প্রস্তুতবে পাঠাতে হবে। প্রস্তুতবে রাজস্ব বাজেটে স্থানান্তরযোগ্য জনবলের যৌক্তিকতা, ন্যূনতম জনবলের সংখ্যা এবং প্রস্তুতবিত সাংগঠনিক কাঠামো সম্পর্কে একটি বিশেষত্বধর্মী স্বয়ংসম্পূর্ণ সার-সংক্ষেপ থাকতে হবে।

২। উল্লেখ্য যে, বর্তমানে উলিখিত প্রস্তুতবে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণের সময় এ মন্ত্রণালয়ের ১-২-৮৭ তারিখের সম/সওব্য(সমন্বয়)-১১/৮৭-৮৫(২৩৩) সংখ্যক স্মারক মারফত প্রণীত ছকটি অনুসরণ করতে হয়। এ ছকটি আংশিক সংশোধনের প্রয়োজন অনুভূত হওয়ায় একটি সংশোধিত ছক প্রণয়ন করা হয়েছে। সংশোধিত ছক সংলগ্নী-‘ক’রূপে সংযোজন করা হল।

৩। এখন থেকে প্রথম অনুচ্ছেদে বর্ণিত সার-সংক্ষেপসহ সংলগ্ন-ছক (ছকের পরিশিষ্টে বর্ণিত সকল তালিকাসহ) পূরণপূর্বক উলি-খিত প্রস্তুতবে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। যথাযথভাবে প্রেরিত প্রস্তুতবের উপর সংস্থাপন মন্ত্রণালয়ের মতামত প্রস্তুতবে প্রাপ্তির এক মাসের মধ্যে প্রদান করা হবে।

সংলগ্নী : বর্ণনা মতে।

(মুহম্মদ হুমায়ুন কবির)

উপ-সচিব (সওব্য-২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি/একনেক ও সমন্বয় অনুবিভাগ

পরিপত্র

নং পবি/সমন্বয়-২/১৫/৯৪/২২৯, তারিখ : ১০-৬-১৯৯৯ খ্রিস্টাব্দ/২৭-২-১৪০৬ বঙ্গাব্দ।

বিষয় : উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন ইত্যাদি নির্ধারণের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এতদ্বিষয়ে যে সকল পরিপত্র ৩-৭-১৯৯৭ তারিখের পরিপত্র নম্বর-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬/৩২০ এবং ৩-৭-১৯৯৭ তারিখের পরিপত্র নম্বর-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬/৩২১ এবং ১৪-১০-১৯৯৭ তারিখের পরিপত্র নম্বর অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬(৪১৬) ও সংস্থাপন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন (২১-৮-১৯৯৭ তারিখের প্রজ্ঞাপন নং-সম/সওব্য/টিম-৪(২)(উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮) জারি করা হয়েছে তা সকল ক্ষেত্রে সমভাবে মেনে চলা হচ্ছে না। এর ফলে কিছু কিছু ক্ষেত্রে বিভ্রান্তি দেখা দিয়েছে।

২। এ সমস্যা বিভ্রান্তি ও অস্পষ্টতা নিরসনকল্পে অর্থ ও সংস্থাপন মন্ত্রণালয়ের উলিখিত পরিপত্র ও প্রজ্ঞাপনসমূহের অনুবৃত্তিক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, নিম্নবর্ণিত নির্দেশাবলীও অনুসৃত হবে :

- (ক) প্রথম পর্যায়ের উন্নয়ন প্রকল্পের লোকবলকে স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় পর্যায়ের উন্নয়ন প্রকল্পে স্থানান্তর করা যাবে না;
- (খ) উন্নয়ন প্রকল্পে নিয়োগের জন্য জনবলের নিয়োগপত্র প্রকল্প পরিচালক কর্তৃক সাকুল্যে বেতন হতে হবে এবং নিয়োগ পত্র একাধারে প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের চাকুরি হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;
- (গ) প্রকল্প পরিচালকের নিয়োগপত্র সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক শুধু প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রদান করতে হবে এবং এটি একাধারে প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের চাকুরি হতে অব্যাহতি পত্র বলে বিবেচিত হবে।

৩। উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(আবদুল হামিদ চৌধুরী)

সচিব

পরিকল্পনা বিভাগ।

(একই নম্বর ও তারিখের প্রজ্ঞাপন প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ

প্রজ্ঞাপন

নং সম/সওব্য/টিম-৪(২)উঃপ্রঃনিঃ-৪৭/৯৭-১৮৮, তারিখ : ২১-৮-১৯৯৭ ইং/৬-৫-১৪০৪ বাং।

সরকার সিদ্ধান্তে গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পসমূহে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন-ভাতা ইত্যাদি নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত নীতিমালা সম্বলিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে :

- (১) সরকার অনুমোদিত প্রকল্পের পদ অর্থ বিভাগের ১২-৪-৯৪ ইং তারিখের নং-অম/অবি/উঃগঃশাঃ/৩/৯৪-৩৩৯ অনুযায়ী সৃষ্টি এবং সংরক্ষণ হবে;
- (২) অনুমোদিত নিয়োগ বিধি অনুসারে এবং নিয়োগ কমিটির সুপারিশক্রমে সংযুক্ত ছক মোতাবেক প্রকল্পের বিভিন্ন বেতন গ্রেড ১—১০ পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং ১১—২০ পর্যন্ত প্রকল্প পরিচালক কর্তৃক চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে (Consolidated Pay) জনবল নিয়োগ প্রাপ্ত হবে;
- (৩) চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের সাকুল্য বেতন ও অন্যান্য সুবিধা অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬-৩২০, তারিখ : ৩-৭-৯৭ ইং এর পরিপত্র অনুযায়ী নির্ধারিত হবে। এ বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক পরবর্তীতে অন্য কোন পরিপত্র জারী হলে তা অনুসরণীয় হবে। তবে রাজস্ব বাজেটভুক্ত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণ নিজ বেতনক্রমে প্রকল্প পদে নিয়োগ লাভের যোগ্য হবে;
- (৪) প্রকল্প (বিনিয়োগ/টিএ প্রকল্প) ছকে উলিখিত জনবলের বিস্তারিত তালিকা পিপি/পিসিপি/টিএপিপি'র সংশ্লিষ্ট ক্রমিক নিম্নবর্ণিত বিষয়গুলির উল্লেখ থাকতে হবে :
 - (ক) সাকুল্য বেতনসহ পদের তালিকা;
 - (খ) অভিজ্ঞতাসহ নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা;
 - (গ) পদের কর্তব্য ও দায়িত্বের (Charter of duties) বিবরণ।
- (৫) প্রকল্পের জনবল সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং চুক্তিভিত্তিক জনবলের ক্ষেত্রে প্রচলিত আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;
- (৬) কাজের মান (Performance) সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক/উপর্যুক্ত কর্তৃপক্ষ এক মাসের নোটিশ প্রদান করে প্রকল্পে নিয়োজিত জনবলের চুক্তি বাতিল করতে পারবে। তবে চুক্তি বাতিলের পূর্বে সরকারী পাওনা আদায় করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) চুক্তিভিত্তিক নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ন্যায় ছুটি প্রাপ্য হবে;

- (৮) প্রকল্পের নিয়োজিত জনবলকে অন্য পদে বদলী করা যাবে না; তবে যে প্রকল্পে তাকে নিয়োগ করা হয়েছে সে প্রকল্প আওতায় অন্য স্থানে প্রকল্প পরিচালক তাকে বদলী করতে পারবে;
- (৯) প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;
- (১০) এই নির্দেশ জারীর পর এতদসংক্রান্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারীকৃত (১) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১০২, তারিখ : ৩০-৭-৯৪, (২) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১২, তারিখ : ১৮-১-৯৫ এবং (৩) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১৩, তারিখঃ-১৮-১-৯৫ ইং বাতিল বলে গণ্য হবে।

২। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারী করা হল।

স্বা/-
(মোঃ মাহে আলম)
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
..... মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা
প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগের ছক

সংস্থাপন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন সংখ্যা সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮ তারিখ ২১-৮-১৯৯৭ খ্রিস্টাব্দ মোতাবেক এবং প্রকল্পের সিলেকশন কমিটির সুপারিশক্রমে আপনাকে জনাব বেগম

পিতা/স্বামী

ঠিকানা

প্রকল্পের কোড নং পদে বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদান করা হল। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হবে :

- ১। বেতন ভাতা : সাকুল্য বেতন : টাকা (অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬-৩২০, তারিখ ৩-৭-৯৭ অনুযায়ী। এছাড়া সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারি করা হলে তাও প্রযোজ্য হবে।
- ২। প্রকল্পে নিয়োজিত সকল জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং এই চুক্তিপত্রই মেয়াদ শেষে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- ৩। চাকুরি সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- ৪। চুক্তিভিত্তিক জনবলকে প্রকল্প পরিচালক এই প্রকল্প আওতায় অন্যস্থানে বদলি করতে পারবে।
- ৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পক্ষ হতে এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তিপত্র বাতিল করতে পারবে। তবে চুক্তিপত্র বাতিলের পূর্বে সরকারি পাওনা পরিশোধ করা হবে।
- ৬। যা এই চুক্তিতে উল্লেখ করা হয়নি, তা এবং এরূপ অন্যান্য বিষয়ে প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবে।

(নিয়োগকারী কর্তৃপক্ষ)

উলিখিত শর্তাবলী আমি তারিখ হতে এই নিয়োগ গ্রহণ করতে সম্মত হলাম এবং চুক্তিভিত্তিক পদে যোগদান করলাম।

(সংশি- ষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

স্বাক্ষরী :

১।

২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অর্থ বিভাগ
 উন্নয়ন অনুবিভাগ
 পরিপত্র

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৫২/৯৬/৩২০, তারিখ : ১৯-৩-১৪০৪ বাৎ/ ৩-৭-১৯৯৭ইং।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন ইত্যাদি নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :—

- (ক) বর্তমানে যে সকল প্রকল্প স্কেলভিত্তিক পদে জনবল নিয়োগ করা হয়েছে তা বহাল রাখা যেতে পারে এবং যে সকল প্রকল্পে ইতিমধ্যে আংশিকভাবে জনবল স্কেলভিত্তিক পদে নিয়োগ প্রদান করা হয়েছে সে সকল প্রকল্পের অবশিষ্ট জনবল স্কেলভিত্তিক নিয়োগ প্রদান করা যেতে পারে।
- (খ) যে সকল প্রকল্পে আদৌ কোন জনবল নিয়োগ প্রদান করা হয় নাই সে সকল প্রকল্পে এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে সকল নতুন প্রকল্পের সমুদয় পদে সাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে। অর্থ বিভাগ জাতীয় বেতন স্কেল অনুসরণে গ্রেডভিত্তিক (২০টি) সাকুল্যে বেতন কাঠামো (Consolidated pay) কাঠামো নির্ধারণ করে দেব (অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সাকুল্যে বেতন কাঠামো সংযোজনী 'ক' এ দেখা যেতে পারে)। তবে রাজস্ব বাজেটভুক্ত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ নিজ বেতনক্রমে লিয়েন সংরক্ষণ সাপেক্ষে প্রেষণে নিয়োগ লাভের যোগ্য হবেন।

২। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়ন করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ করা হলো।

(মোঃ মোজাম্মেল হক)
 যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

বিজ্ঞপ্তি

তারিখ, ২রা মে, ১৯৯৫ ইং/১৯শে বৈশাখ, ১৪০২ বাং।

এস, আর, ও, নং ৬৫-আইন/৯৫/সম/বিধি-১/এস-৬/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “উন্নয়ন প্রকল্প” অর্থ উন্নয়ন বাজেট বা খাতভুক্ত যে সকল প্রকল্প ১৯৮৩ সনের মে মাসের ১৩ তারিখ বা তৎপরবর্তীকালে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হইয়াছে বা হইবে ঐ সকল উন্নয়ন প্রকল্প;
- (খ) “প্রকল্পের চাকুরীকাল” অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ হওয়ার পূর্ববর্তী চাকুরীকাল;
- (গ) “প্রকল্পের কর্মচারী” অর্থ ১৯৭২ সনের এপ্রিল মাসের ৯ তারিখ হইতে এই বিধিমালা জারীর তারিখ পর্যন্ত (উভয় তারিখ অন্তর্ভুক্ত) সময়সীমার মধ্যে উন্নয়ন প্রকল্পের কোন পদে নিযুক্ত এবং ১৯৮৩ সনের মে মাসের ১৩ তারিখ বা তৎপরবর্তীকালে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোন পদে সাময়িকভাবে পদস্থ কর্মকর্তা বা কর্মচারী;
- (ঘ) “রাজস্ব বাজেটের পদ” অর্থ উন্নয়ন প্রকল্পের এমন কোন পদ যাহা রাজস্ব বাজেটে স্থানান্তরিত হইয়াছে বা হইবে;
- (ঙ) “কর্তৃপক্ষ” অর্থ রাজস্ব বাজেটের পদে নিয়োগদানের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ;
- (চ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (ছ) “নিয়মিতকরণ” অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারীকে উক্ত পদে কমিশন বা, ক্ষেত্রমতে, উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;
- (জ) “সাময়িকভাবে পদস্থ” অর্থ রাজস্ব বাজেটের পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত।

৩। নিয়মিতকরণ পদ্ধতি।—প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিত করা যাইবে—

- (ক) রাজস্ব বাজেটের কোন পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগ, নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগ-বিধি অনুসারে হইয়া থাকিলে তাঁহাকে উক্ত স্থানান্তরিত পদে নিয়মিত করা যাইবে;
- (খ) নিয়মিতকরণের তারিখ পর্যন্ত পূর্বের চাকুরীর ধারাবাহিকতা বজায় থাকিতে হইবে;
- (গ) নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে;

- (ঘ) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা অবসরপ্রাপ্ত হইয়া থাকিলে, তাঁহার চাকুরী অবসর প্রস্তুতিকালীন ছুটি বা, ক্ষেত্রমতে, অবসর গ্রহণের তারিখের পূর্বে হইতে কার্যকর করিয়া ভূতাপেক্ষভাবে নিয়মিত করা যাইবে। তবে এই ক্ষেত্রে অবসর প্রস্তুতি ছুটিতে যাওয়ার পূর্বের চাকুরী সন্তোষজনক থাকিতে হইবে;
- (ঙ) কর্ম কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কিশনের আওতাবহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৪। জ্যেষ্ঠতা নির্ধারণ।—(১) এই বিধিমালার আওতায় নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারী জ্যেষ্ঠতা নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে। তবে একই প্রকল্পের পূর্বে নিয়োজিত কোন কর্মকর্তা বা কর্মচারী চাকুরীর প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে (পদধারীর ব্রুটির কারণে নহে) পরে নিয়োজিত কোন কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সংগে নিয়মিত না হইয়া পরবর্তীতে নিয়মিত হইলেও পরে নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারীর উপরে তাঁহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(২) একই তারিখে কোন প্রকল্পে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে নিম্নরূপে—

- (ক) উক্তরূপে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং (যদি থাকে) এর ভিত্তিতে; এবং
- (খ) উক্তরূপ তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের এবং উক্ত বৎসর একই হইলে বয়সের ভিত্তিতে।

(৩) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং রাজস্ব বাজেটের পদে নিয়মিত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে নিয়মিতভাবে নিযুক্ত কর্মকর্তাগণ বা ক্ষেত্রমতে কর্মচারীগণ রাজস্ব বাজেটের পদে নিয়মিতকৃত কর্মকর্তা বা ক্ষেত্রমতে কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

(৪) এই বিধিমালার আওতায় নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারী পরবর্তীকালে বাংলাদেশ সিভিল সার্ভিসের কোন ক্যাডারে অন্ডর্ভুক্ত হইলে ক্যাডারভুক্তির তারিখ হইতে সংশ্লিষ্ট ক্যাডারে তাঁহার জ্যেষ্ঠতা গণনা করা হইবে।

৫। প্রকল্পের চাকুরীকাল গণনা।—প্রকল্পের চাকুরীকাল বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদির জন্য গণনা করা হইবে।

৬। এই বিধিমালা প্রবর্তনের পূর্বে সংশ্লিষ্ট কোন প্রকল্পের যে সকল কর্মকর্তা বা কর্মচারী কমিশনের অথবা ক্ষেত্রমতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রাজস্ব বাজেটের পদে নিয়মিত হইয়াছেন, তাঁহাদেরকে পুনরায় নিয়মিতকরণের প্রয়োজন হইবে না।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) এতদসম্পর্কে ইতিপূর্বে জারীকৃত সকল বিধি-বিধান এতদ্বারা রহিত করা হইল; এবং এই বিধিমালা বলবৎ হওয়ার সময়, রহিত বিধি-বিধানের অধীন কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে তাহা যতদূর সম্ভব, এই বিধিমালা অনুসারে নিষ্পন্ন করিতে হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধি-বিধানসমূহের অধীন গৃহীত কোন ব্যবস্থা বা কাজকর্মের বৈধতা ক্ষুণ্ণ হইবে না।

৮। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকর করণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(হাবিবুর রহমান)

সচিব।

[বাংলাদেশ গেজেটের ১ম খণ্ডে, ১৭ই সেপ্টেম্বর, ১৯৯৮ তারিখে প্রকাশিত]

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

পরিপত্র

তারিখ, ১৯শে জ্যৈষ্ঠ ১৪০৫/২রা জুন ১৯৯৮

বিষয় : উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ১৯৯৫ এর অধীনে নিয়মিত কর্মচারীদের নিয়মিতকরণের তারিখ নির্ধারণ।

নং সম(বিধি-১)এস-৬/৯৪(অংশ-১)-১১২(২৫০)—রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ১৯৯৫ এর ৩ নং বিধির অধীনে নিয়মিত কর্মচারীদের নিয়মিতকরণের তারিখ নির্ধারণ সংক্রান্ত ডুল বুঝাবুঝির অবসানকল্পে নিম্নরূপ ব্যাখ্যাসহ স্পষ্টীকরণ করা হইল :—

উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ১৯৯৫ এর ৩ (ঘ) উপ-বিধির অধীনে রাজস্ব বাজেটের কোন পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী এল পি আর ভোগরত থাকিলে অথবা অবসরপ্রাপ্ত হইয়া থাকিলে উক্ত এল পি আর বা অবসর গ্রহণ আরম্ভ হওয়ার পূর্ব তারিখ হইতে তাঁহাকে ভূতাপেক্ষভাবে নিয়মিত করা যায়। কোন কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিতকরণের কোন বিধান এই বিধিমালার নাই। যাহার কারণে ৩(ক) নং উপ-বিধির অধীনে কোন কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিতকরণ এই বিধিমালার বিধানের সহিত সংগতিপূর্ণ নয়। তাহাছাড়া, নিয়মিতকরণের সহিত জ্যেষ্ঠতার প্রশ্ন জড়িত থাকায় ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিত করা হইলে ভূতাপেক্ষ তারিখ হইতে জ্যেষ্ঠতা গণনার সুযোগ পাইবে। কিন্তু বিধিমালার ৩ ও ৪ নং বিধি বিশেষতঃ সূক্ষ্মভাবে প্রতীয়মান হয় যে, এই বিধিমালায় ভূতাপেক্ষ তারিখ হইতে জ্যেষ্ঠতা গণনার কোন সুযোগ নাই। যাহার কারণে উক্ত বিধিমালার ৩ (ঘ) উপ-বিধির ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিয়মিতকরণের আদেশ জারীর তারিখ নিয়মিতকরণের তারিখ বলিয়া গণ্য হইবে।

২। এমতাবস্থায়, উপরোক্ত ব্যাখ্যা সকলকে অনুসরণ করার এবং উক্ত ব্যাখ্যার সহিত সংগতিপূর্ণ নয় এমন সকল নিয়মিতকরণ আদেশ সংশোধন করার জন্য অনুরোধ করা হইল।

ডঃ শাহ মোহাম্মদ ফরিদ

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-২

সম(বিধি-২)বিবিধ-৫/৯১-১২৪(৫০০), তারিখ : ৮-৯-৯২ ইং/২৪-৫- ৯৯ বাং।

বিষয় : রাজস্ব বাজেটের কর্মকর্তা/কর্মচারীগণ ডেপুটেশন ব্যতীত নিয়োগের মাধ্যমে উন্নয়ন বাজেটের উচ্চতর পদে নিয়োগলাভ করিলে রাজস্ব বাজেটের পদে লিয়েন রাখা সংক্রান্ত।

পরিলক্ষিত হইয়াছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ উহাদের রাজস্ব বাজেটের কর্মকর্তা/কর্মচারীকে উন্নয়ন প্রকল্পে উচ্চতর পদে নিয়োগদান করিয়াছেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিজ বেতনের অতিরিক্ত অর্থ আহরণ করিয়াছেন। পরবর্তীতে তাহাদের কেহ কেহ প্রকল্পের আরো উচ্চতর পদে পদোন্নতি পাইয়াছেন। ইহাছাড়া রাজস্ব বাজেটের কর্মকর্তা তাহার মূল পদে পদোন্নতি পাওয়ার পর রাজস্ব বাজেটের পদে যোগদান ব্যতিরেকে প্রকল্পে নিয়োগলাভ করিয়া পরবর্তীতে প্রকল্পে পদোন্নতিপ্রাপ্ত এই উভয় শ্রেণীর কর্মকর্তা চাকুরীর শেষ জীবনে প্রকল্প হইতে অবসর গ্রহণ করিলে তাহারা পেনশন সুবিধাদি প্রাপ্ত হইবেন কিনা এই বিষয়ে প্রশ্ন উত্থাপিত হইয়াছে।

২। রাজস্ব বাজেটের কর্মকর্তা/কর্মচারীকে নিজ বেতনে প্রকল্পে ডেপুটেশনে দেওয়ার নিয়ম প্রচলিত আছে। কিন্তু ডেপুটেশনে নিয়োগপ্রাপ্ত এইরূপ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক উন্নয়ন প্রকল্পের কোন পদে নিয়োজিত থাকিয়া নিজ বেতনের অতিরিক্ত বেতন গ্রহণ বা প্রকল্পে নিয়োজিত থাকা অবস্থায় পদোন্নতির মাধ্যমে প্রকল্পের উচ্চতর কোন পদে নিয়োগলাভ করিলে রাজস্ব বাজেটের পদে লিয়েন থাকে না।

৩। রাজস্ব বাজেটের কর্মকর্তা প্রকল্পে নিয়োগলাভ করার পর প্রকল্পে পদোন্নতির সুযোগ থাকিলে এবং পদ খালি থাকিলে পদোন্নতি পাইতে পারেন। তবে এইক্ষেত্রে নিজস্ব গ্রেড পে অনুযায়ী বেতন আহরণ করিবেন। যদি কেহ নিজস্ব গ্রেড পে অনুযায়ী বেতন আহরণ না করিয়া প্রকল্পের উচ্চতর পদের বেতন অনুযায়ী বেতন আহরণ করিয়া থাকেন এবং পেনশনে গমন করেন তাহাকে প্রকল্পের উচ্চতর পদের বেতন অনুযায়ী পেনশন দেওয়া যাইবে না। এইক্ষেত্রে রাজস্ব বাজেটের নিজ লাইনে তাহার বাৎসরিক বর্ধিত বেতন যোগ করিয়া এবং টাইম স্কেল প্রাপ্য হইলে উহা বিবেচনা করিয়া প্রকল্প হইতে আহরিত অর্থ সমন্বয়পূর্বক তাহাকে পেনশন মঞ্জুর করা যায়। উপরোক্তরূপে প্রাপ্য টাইম স্কেল বিবেচনা করার পরও আহরিত অতিরিক্ত বেতন থাকিলে উহা তাহাকে ফেরত দিতে হইবে। রাজস্ব বাজেটের মূল পদে লিয়েন সংরক্ষণের এবং পেনশন পাওয়ার এই সুবিধা ৯-৩-৮৬ ইং তারিখের অর্থাৎ সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নীতিমালা জারী করিবার পূর্বের কেসের ক্ষেত্রে প্রযোজ্য। এই তারিখের পর প্রকল্পে গমন করিয়া থাকিলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

(আতহার ইসলাম খান)
যুগ্ম-সচিব (বিধি)
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

পরিপত্র

সম/আর-১/এস-৬/৯১-৩০৮(২৫০), তারিখ, ৫-১১-১৯৯১ ইং/২০-৭- ১৩৯৮ বাং।

বিষয় : উন্নয়ন প্রকল্পের পদধারীকে রাজস্ব খাতভুক্ত পদে এবং রাজস্ব খাতভুক্ত পদধারীকে উন্নয়ন প্রকল্পের পদে নিয়োগ/পোষ্টিং/পদোন্নতি প্রদান সম্পর্কিত।

উপরোক্ত বিষয়ে গত ২৯-৫-৯১ ইং তারিখে জারীকৃত সম/আর-১/এস-৬/৯১-১৬৪(২০০) নং পরিপত্রটি (সংযুক্ত) বাতিলপূর্বক আলোচ্য পরিপত্রটি জারী করা হইল। ইদানিং লক্ষ্য করা যাইতেছে যে, উন্নয়ন প্রকল্পের পদধারীকে রাজস্ব খাতভুক্ত পদে এবং রাজস্ব খাতভুক্ত পদধারীকে উন্নয়ন প্রকল্পের পদে নিয়োগ/পোষ্টিং/পদোন্নতি প্রদান করিবার প্রবণতা দেখা দিয়াছে। এই প্রবণতা দূর করিবার লক্ষ্যে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

- (ক) উন্নয়ন প্রকল্পের পদ এবং রাজস্ব খাতভুক্ত পদ সম্পূর্ণ ভিন্ন। উভয়ের নিয়োগ ক্ষেত্রে নিয়োগবিধিও ভিন্ন। কাজেই উভয়ের পারস্পরিক নিয়োগ/পোষ্টিং/বদলী/পদোন্নতি সম্পূর্ণ বিধি বহির্ভূত। উন্নয়ন প্রকল্পের চাকুরীর কোন নিশ্চয়তা নাই। উন্নয়ন প্রকল্প শেষ হইয়া গেলে প্রকল্পে চাকুরীরতদের চাকুরী হইতে অব্যাহতি দেওয়া হয়। তবে উন্নয়ন প্রকল্প মেয়াদ শেষে রাজস্ব খাতভুক্ত হইলে সেইক্ষেত্রে প্রকল্পে চাকুরীরতগণ ৯-৩-৮৬ ইং তারিখের সম/আর-১/এস-৮/৮৬-৫৫(১০০) নং স্মারক বা সময়ে সময়ে সরকার কর্তৃক সংশোধিত স্মারক মোতাবেক রাজস্ব খাতভুক্ত পদে নিয়োগের জন্য কতিপয় শর্ত সাপেক্ষে বিবেচিত হইতে পারেন। প্রধান শর্ত এই যে, তাহাদের রাজস্ব খাতভুক্ত পদের নিয়োগবিধির শর্ত পূরণ করিয়া অন্যান্য সকল প্রার্থীর সহিত প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচন লাভ করিতে হইবে। কাজেই উন্নয়ন প্রকল্পের পদাধিকারী কোন অবস্থাতেই রাজস্ব খাতভুক্ত পদে বদলী বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ/পোষ্টিং লাভ করিতে পারেন না।
- (খ) রাজস্ব খাতভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে উন্নয়ন প্রকল্পের নিয়োগবিধির অধীনে উন্নয়ন প্রকল্পের পদের বিপরীতে বদলী, পদোন্নতি প্রদান বা পদোন্নতি প্রদানপূর্বক নিয়োগ/পোষ্টিং দেওয়া যাইবে না।
- (গ) রাজস্ব খাতভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে শুধুমাত্র স্বীয় পদমর্যাদা ও বেতনস্কেলসহ উন্নয়ন প্রকল্পের কোন পদে প্রেষণে নিয়োগ/পোষ্টিং প্রদান করা যাইবে। এইক্ষেত্রে প্রেষণে নিয়োগলাভকারী তাহার গ্রেড পে অর্থাৎ রাজস্ব বাজেটবীন পদে তিনি যে বেতন-ভাতাদি পাইতেন তাহাই পাইবেন।
- (ঘ) রাজস্ব খাতভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারী স্বেচ্ছায় সরাসরি নিয়োগের সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক উন্নয়ন প্রকল্পে সরাসরি নিয়োগলাভ করিতে পারিবেন। তবে সেইক্ষেত্রে উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হইতে তিনি পূর্ব পদে (রাজস্ব খাতভুক্ত পদে) প্রত্যাবর্তনের যোগ্যতা হারাইবেন। অর্থাৎ উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হইতে তিনি উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী হিসাবে গণ্য হইবেন।

২। সকল প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে তাহার নিয়ন্ত্রণাধীন সকল অফিস/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করিয়া কার্যকরী পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করিবার জন্য অনুরোধ করা হইল।

৩। ইহাতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রহিয়াছে।

(মোঃ হাসিনুর রহমান)
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

অধ্যায়-১

(চ) চুক্তি ভিত্তিক নিয়োগ।

অবসর গ্রহণের সাধারণ বয়স সীমা অতিক্রমের পর চুক্তিভিত্তিক নিয়োগ প্রসংগে।

অবসর গ্রহণের সাধারণ বয়স সীমা অর্থাৎ ৫৭ বৎসর অতিক্রম করিবার পর কোন কোন অফিসারকে চুক্তিভিত্তিক নিয়োগ করিবার প্রস্তুত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হ'তে উত্থাপন করা হয়।

২। এই প্রসংগে অবগতির জন্য মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের নিম্নলিখিত সদয় আদেশ সকলকে জানানো যাইতেছে—

‘যে সকল ক্ষেত্রে তুলনীয় যোগ্যতম ও দক্ষতা সম্পন্ন টেকনিক্যাল বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর শুধু সেই সকল ক্ষেত্রেই চুক্তির ভিত্তিতে অবসর গ্রহণের পরও তাহাদিগকে নিয়োগ করা যাইতে পারে। অন্যান্য ক্ষেত্রে অর্থাৎ যেখানে তুলনীয় যোগ্যতা সম্পন্ন লোক পাওয়া সম্ভব এই নীতির উদার প্রয়োগ বাঞ্ছনীয় নহে।

৩। অতএব, অবসর গ্রহণের সাধারণ বয়স সীমা অতিক্রম করিবার পর চুক্তির ভিত্তিতে কোন অফিসারকে নিয়োগ করিতে হইলে মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের আদেশের পরিপ্রেক্ষিতে বিষয়টি বিশেষভাবে বিবেচনা করিবার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা যাইতেছে। আরো অনুরোধ করা যাইতেছে যে তাহারা তাহাদের অধীনস্থ দপ্তর/অফিস/সংস্থাসমূহকে এই নিয়ম অবগত করাইয়া যেন প্রয়োজনীয় নির্দেশ জারী করেন।

(সংস্থাপন বিভাগ স্মারক নং সং স, বি/এ ১-১১৯/৭৫-৩৩৩(১০০), তারিখ ঢাকা ১৯-৫-১৯৭৫ইং।)

৪। অবসর গ্রহণের সাধারণ বয়স সীমা ৫৭ বৎসর অতিক্রম করিবার প্রাক্কালে কোন কোন অফিসারকে টেকনিক্যাল বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর বিধায় চুক্তির ভিত্তিতে চাকুরীতে পুনঃ নিয়োগ করিবার প্রস্তুত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থা হইতে উত্থাপন করা হইতেছে। ইহা অত্যন্ত দুঃখজনক যে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণের তারিখ সম্পর্কে পূর্ব থেকে জানা থাকিলেও যথাসময়ে অন্য কোন কর্মচারীকে তাহার কার্যভার গ্রহণ করার জন্য প্রস্তুত করা হয় না।

৫। এই প্রসংগে মহামান্য রাষ্ট্রপতির নিম্নলিখিত নির্দেশ সকলকে জানানো যাইতেছে—

“যে সকল ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থাসমূহ তুলনীয় যোগ্য ও দক্ষতা সম্পন্ন টেকনিক্যাল বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর বলিয়া মনে করেন সেই সকল ক্ষেত্রে নবীন অফিসারদিগকে প্রবীণ বিশেষজ্ঞদের স্থলাভিষিক্ত করণের জন্য পূর্ব থেকেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।”

৬। অবসর গ্রহণের সাধারণ বয়স সীমা অতিক্রম করিবার পর পুনঃ নিয়োগ প্রস্তুত বিবেচনা করিতে সরকার অনিহা প্রকাশ করিতেছে। এমতাবস্থায় মহামান্য রাষ্ট্রপতির উপরোক্ত নির্দেশ এর পরিপ্রেক্ষিতে সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা যাইতেছে যে তাহারা যেন প্রবীণ বিশেষজ্ঞদের অবসর গ্রহণের বয়সসীমায় পৌঁছিবার পূর্বেই উপযুক্ত অন্য অফিসারদের জন্য সময় মত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করে তাদের স্থলাভিষিক্ত করণের জন্য প্রস্তুত করে রাখেন। ভবিষ্যতে কোন অফিসারের পুনঃ নিয়োগ প্রস্তুত শুধুমাত্র টেকনিক্যাল বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর বিধায় বিবেচনা করা হইবে না। প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগকে ইহাও বলিতে হইবে যে তাহারা অবসর গ্রহণোন্মুখ অফিসারের প্রতিস্থাপনের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়া ছিলেন এবং কেনইবা সেই সব ব্যবস্থা কার্যকরী হয়নি যার ফলে অবসর গ্রহণকারী প্রবীণ অফিসারকে পুনঃ নিয়োগ করা অপরিহার্য হইয়া পড়িয়াছে।

৭। আরো অনুরোধ করা যাইতেছে যে মন্ত্রণালয়/বিভাগগুলি যেন তাহাদের অধীনস্থ সকল দপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহকে এই বিষয় অবগত করাইয়া প্রয়োজনীয় নির্দেশ জারী করেন।

(সংস্থাপন বিভাগ স্মারক নং সং বিঃ/এ ২-৩/৭৬-৫৪, তারিখ ২৬-১-১৯৭৬ইং)।

৮। নিম্ন স্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, ১৯৭৪ সালে সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) আইনের ৪ ধারা মতে সকল কর্মচারীকে ৫৭ বৎসর পূর্ণ হইবার পর চাকুরী হইতে অবসর গ্রহণ করিতে হয় কিন্তু উক্ত আইনের ৫(৩) ধারা মতে জনস্বার্থে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে যে কোন কর্মচারীকে অবসর গ্রহণ করিবার পরও চুক্তিভিত্তিক পুনঃ নিয়োগ করা যায়। সংস্থাপন বিভাগের নির্দেশ নং সং বিঃ/এ ১-১১৯/৭৫-৩৩৩(১০০), তাং ১৯-৫-১৯৭৫ এ বলা হইয়াছে। যে সকল ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থাসমূহের তুলনীয় যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন কারিগরি বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর কেবলমাত্র সেই সকল ক্ষেত্রে এরূপ বিশেষজ্ঞ কর্মচারীকে অবসর গ্রহণ করিবার পরও চুক্তিভিত্তিক পুনঃ নিয়োগের প্রস্তুত বিবেচনা করা যাইতে পারে।

৯। কিছুদিন যাবৎ লক্ষ্য করা যাইতেছে যে উপরোক্ত আইন, বিধি এবং নির্দেশ লঙ্ঘন করিয়া কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কিছু কর্মচারীর ৫৭ বৎসর অতিক্রম হইবার পর তাহাদিগকে চাকুরীতে নিয়োজিত রাখিয়া তাহাদের চাকুরীর মেয়াদ বর্ধিতকরণ অথবা চুক্তিভিত্তিক পুনঃ নিয়োগ এর প্রস্তুত মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনার্থে সংস্থাপন বিভাগে প্রেরণ করিতেছেন।

১০। সকল মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থার অবশ্যই জানা আছে যে উপরোক্ত আইন/বিধি বহির্ভূত কার্যকলাপ সরকারী কর্মচারীর (দক্ষতা ও শৃংখলা) বিধি এবং সরকারী কর্মচারীর (আচরণ) বিধি মতে আইন বিরুদ্ধ, অন্যায় এবং অবাঞ্ছনীয়। ইদানিং এরূপ একটি বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি অসম্পূর্ণ প্রকাশ করিয়াছেন এবং ভবিষ্যতে এরূপ বিধি বহির্ভূত কার্যকলাপ যাহাতে না ঘটে সে সম্পর্কে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকিবার জন্য কঠোর নির্দেশ প্রদান করিয়াছেন।

১১। এমতাবস্থায় সকল মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থাকে জানান যাইতেছে যে, যে ক্ষেত্রে তাহারা কোন কারিগরি বিষয়ে বিশেষজ্ঞ কর্মচারী অবসর গ্রহণ করিবার পরও জনস্বার্থে পুনঃ নিয়োগ করা অপরিহার্য বলিয়া মনে করেন শুধু সে ক্ষেত্রেই প্রতিটি প্রস্তুত প্রচলিত আইন/বিধি/নির্দেশ মোতাবেক যথাযথভাবে পরীক্ষা করিয়া যথেষ্ট সময় হাতে রাখিয়া সংস্থাপন বিভাগে পাঠাইবেন যাহাতে উক্ত কর্মচারীর পুনঃ নিয়োগ সম্বন্ধে সিদ্ধান্ত তাহার ৫৭ বৎসর বয়সে উপনীত হইবার অল্পতঃ এক মাস পূর্বে নেওয়া যাইতে পারে।

১২। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, প্রতিটি প্রস্তুত প্রচলিত আইন/বিধি/নির্দেশ পেশ করিবার পূর্বে সংস্থাপন বিভাগে পুংখানুপুংখরূপে পরীক্ষা করিতে হয়। এই পরীক্ষার সুবিধার্থে প্রতিটি প্রস্তুত সংস্থাপন বিভাগের সার্কুলার নং সবি/এ ২-৩/৭৬-৫৪, তাং ২৬-১-১৯৭৬ মোতাবেক সকল দৃষ্টি-কোণ হইতে সুষ্ঠুভাবে বিবেচনা করার পর সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ সংস্থাপন বিভাগে পাঠান সিদ্ধান্তকারী কর্তৃপক্ষের দায়িত্ব। অন্যথায় সংস্থাপন বিভাগের পক্ষে প্রস্তুতবটি সম্বন্ধে সময়মত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা সম্ভব নাও হইতে পারে এবং তদ্রূপ সৃষ্ট পরিস্থিতির জন্য সংস্থাপন বিভাগ দায়ী থাকিবে না। ৫৭ বৎসর অতিক্রান্ত হওয়ার পর মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন ব্যতিরেকে কাজে নিয়োজিত রাখা হইলে, সেই অনিয়ম সংঘটনের জন্য সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/সংস্থার উপর বর্তাইবে।

(সংস্থাপন বিভাগ স্মারক নং-ইডি (আর-৪) ১ই-৪৭/৭৬-৫৬, তারিখ ২৪-৬-১৯৭৬ইং)।

১৩। সাম্প্রতিককালে মহামান্য রাষ্ট্রপতি মন্ডব্য করিয়াছেন যে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী পালন না করিয়াই ইদানিং তাহার নিকট বহুসংখ্যক অবসরপ্রাপ্ত কর্মচারীর চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তুত পাঠান হইতেছে। তিনি এ সম্বন্ধে জারীকৃত সরকারী নির্দেশাবলীর প্রতি পুনরায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করিতে আদেশ দেন।

১৪। এই প্রসঙ্গে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হইল :—

১। ইডি (আর-৪) ১ই-৬১/৭৪-৪২৬, তারিখ ১৮-১২-১৯৭৪।

২। সার্কুলার নং স, বি/এ১-১১৯/৭৫-৩৩৩(১০০), তারিখ ঢাকা, ১৯শে মে, ১৯৭৫।

৩। সার্কুলার নং স, বি/এ২-৩/৭৬-৫৪, তারিখ ২৬-১-১৯৭৬।

৪। স্মারক নং ইডি (আর-৪) ১ই-৪৭/৭৬-৫৬, তারিখ ২৪-৬-১৯৭৬ ইং দেখা যাইবে যে সংস্থাপন বিভাগের ১৯-৫-১৯৭৫ তারিখের সার্কুলার-এ মহামান্য রাষ্ট্রপতির নিম্নোক্ত আদেশেরও উল্লেখ ছিল :

“যে সকল ক্ষেত্রে তুলনীয় যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন টেকনিক্যাল বিষয়ে বিশেষজ্ঞ পাওয়া দুষ্কর শুধু সেই সকল ক্ষেত্রেই চুক্তির ভিত্তিতে অবসর গ্রহণের পরও তাহাদিগকে নিয়োগ করা যাইতে পারে। অন্যান্য ক্ষেত্রে অর্থাৎ যেখানে তুলনীয় যোগ্যতাসম্পন্ন লোক পাওয়া সম্ভব এই নীতির উদার প্রয়োগ বাঞ্ছনীয় নহে”।

১৫। এক নম্বর অনুচ্ছেদে উল্লেখিত মহামান্য রাষ্ট্রপতির মন্ডব্যের প্রেক্ষিতে অবসরপ্রাপ্ত কর্মচারী চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তুত পেশ করিবার পূর্বে মহামান্য রাষ্ট্রপতির উপরোক্ত নির্দেশে (৪র্থ অনুচ্ছেদ) যা সরকার কর্তৃক এযাবৎ জারীকৃত সকল নির্দেশাবলীর প্রতি ব্যক্তিগতভাবে লক্ষ্য রাখার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে।

১৬। এই প্রসঙ্গে আরো উল্লেখ করা যাইতেছে যে, ১৯৭৪ সালের সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) আইনের ৫(৩) ধারা এবং ১৯৭৫ সালের সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) বিধিমালার ৮(১) নম্বর বিধি অনুযায়ী চুক্তিভিত্তিক নিয়োগের সকল প্রস্তুত সংস্থাপন বিভাগের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির নিকট পাঠানো প্রয়োজন। এ জাতীয় প্রস্তুত সংস্থাপন বিভাগে পাঠাইবার পূর্বে মন্ত্রণালয় এর ভারপ্রাপ্ত উপদেষ্টা মহোদয়ের অনুমোদন নিতে হবে। আপনাকে এই দিকেও ব্যক্তিগতভাবে নজর রাখিতে অনুরোধ রাখা যাইতেছে।

(সংস্থাপন বিভাগের স্মারক নং ইডি(আর-৭)১ই-৯১/৭৬/১০৫, তারিখ ১৫-১১-১৯৭৬ইং)।

১৭। ১৯৭৫ সালের সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) বিধিমালার ৮(২) নং বিধি অনুযায়ী চুক্তিভিত্তিক নিয়োগের শর্তাবলী নির্ধারণে সংস্থাপন বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং আইন মন্ত্রণালয়-এর সহিত পরামর্শ করা প্রয়োজন। চুক্তিভিত্তিক নিয়োগের শর্তাবলী নির্ধারণের জন্য অর্থ ও আইন মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে বাংলায় একটি আদর্শ (Model) চুক্তিনামা তৈয়ার করা হইয়াছে। উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এ স্মারকের সহিত সংযোজন কর হইল।

১৮। যদি প্রস্তুত চুক্তির শর্তাবলীর সহিত এই সংগে জারীকৃত আদর্শ চুক্তিনামার শর্তাবলীর মধ্যে কোন পার্থক্য না থাকে, তবে উপরে উল্লেখিত পরামর্শের কোন প্রয়োজন হইবে না। চুক্তির শর্তাবলীর কোন প্রকার তারতম্য করিতে হইলে সংস্থাপন বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়-এর সম্মতি অবশ্যই প্রয়োজন হইবে।

১৯। এ প্রসঙ্গে অত্র বিভাগ হইতে জারীকৃত স্মারক নং ইডি (আর-৭)১ই-৯১/৭৬-১০৫, তারিখ ১৫-১১-১৯৭৬-এর মাধ্যমে চুক্তিভিত্তিক নিয়োগ সম্বন্ধে সরকারের নীতির যে ব্যাখ্যা প্রদান করা হইয়াছে, তাহার প্রতিও সকলের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

(সংস্থাপন বিভাগ স্মারক নং ইডি(আর-৭)১ই-৮৪/৭৬-অংশ-১৫, তারিখ ১৮-২-১৯৭৭ইং)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-৪ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ পৌষ ১৪১৪/১০ জানুয়ারী ২০০৮

এস, আর, ও নং ০৫-আইন/২০০৭/সম(বিধি-৪)-চুক্তি-৬/২০০৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, Bangladesh Service Rules (Part-1) এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত Rules এর—

(ক) rule 381 এর পরিবর্তে নিম্নরূপ rule 381 প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“381(a) When a person who was formerly in the civil or military employment of the Government in Bangladesh obtains re-employment or a job on contract, whether temporarily or permanently, in the Government service or in the service of a Local Fund, it shall be incumbent on him to declare to the appointing authority the amount of any gratuity, bonus or pension granted to him in respect of the previous employment.

(b) The person so re-employed, as mentioned in clause (a), may get the same amount equal to the compensation related to the post he held at the time of retirement, apart from pension or whatever retirement benefit he has received :

Provided that as a special case, he may get a package compensation as the Government may deem fit or he may get compensation on the basis of mutual agreement executed between him and the Government.”;

(খ) rule 394 বিলুপ্ত হইবে;

(গ) rule 395 এ উল্লেখিত “Should” শব্দটির এর পরিবর্তে “May” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুস সালাম খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-৪ অধিশাখা

নং-সম(বিধি-৪)চুক্তি-৬/২০০৭-১১৪, তারিখ ২৮ ফাল্গুন, ১৪১৪ বঃ/১১ মার্চ, ২০০৮ খ্রিঃ।

বিষয়ঃ Bangladesh Service Rules (Part-1) এর বিধি-৩৮১, ৩৯৪ ও ৩৯৫ সংশোধনের
শ্রেণিতে চুক্তিভিত্তিক নিয়োগের নমুনা চুক্তিপত্র জারি।

চুক্তিভিত্তিক নিয়োগের শর্তাবলী নির্ধারণের লক্ষ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে বিদ্যমান “চুক্তিভিত্তিক নিয়োগের নমুনা চুক্তিপত্র” সংশোধনপূর্বক এতদসাথে সংযুক্ত চুক্তিভিত্তিক নিয়োগের সংশোধিত নমুনা চুক্তিপত্র জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব-উল ইসলাম
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-৪ অধিশাখা

চুক্তিভিত্তিক নিয়োগের নমুনা চুক্তিপত্র

যেহেতু জনাব.....গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের
একজন অবসরপ্রাপ্ত কর্মচারী;এবং যেহেতু মহামান্য রাষ্ট্রপতি এই মত পোষণ করেন যে জনস্বার্থে জনাঙ্ক.....
.....কে.....হিসাবে.....সালের.....হইতে নিম্নলিখিত
শর্তাধীনে.....বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা সমীচীন;এবং যেহেতু জনাব.....নিম্নলিখিত
শর্তাধীনে উক্ত চুক্তিভিত্তিক নিয়োগ গ্রহণ করিতে সম্মত হইয়াছেন;সেহেতু The Public Servants (Retirement) Act, 1974 (Act XII of 1974) এর
৫ ধারার ৩ উপ-ধারার ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি জনাব.....কে
নিম্নলিখিত শর্তাধীনে.....সালের.....হইতে.....বৎসরের জন্য
.....হিসাবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করিলেন।

১। বেতন—তিনি অবসর গ্রহণ করিবার অব্যবহিত পূর্বে শেষ আহরিত মাসিক মূল বেতনের সমপরিমাণ অর্থ এই নিয়োগের জন্য মাসিক বেতন হিসাবে পাইবেন।

অথবা

তিনি সরকার কর্তৃক নির্ধারিত.....টাকা মাসিক বেতন হিসাবে পাইবেন।

অথবা

তিনি পারস্পরিক সমঝোতার ভিত্তিতে নির্ধারিত.....টাকা মাসিক বেতন হিসাবে পাইবেন।

২। তিনি অবসর গ্রহণের পূর্বে চাকরির অবস্থায় ৩ নম্বর অনুচ্ছেদে উল্লেখিত ভাতা ও আর্থিক সুবিধাদির অতিরিক্ত কোন আর্থিক সুবিধা ভোগ করিয়া থাকিলে তাহাও পাইবেন।

৩। উক্ত পদের সরকারি কর্মচারীর প্রতি প্রযোজ্য বিধি অনুসারে তিনি নিম্নোক্ত ভাতা ও সুবিধাদি পাইবেন :

- (ক) সরকারি বাসস্থান/বাড়ী ভাড়া ভাতা।
- (খ) চিকিৎসা ভাতা।
- (গ) যাতায়াত ও দৈনিক ভাতা।
- (ঘ) দূরালাপনী সুবিধাদি (ব্যক্তিগত ট্রাংকল খরচ বাদে)।
- (ঙ) ওয়ারেন্ট অফ প্রিসিডেন্স অনুযায়ী মর্যাদা।

৪। চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য তিনি কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট (Increased pension or increment) পাইবেন না।

৫। তিনি চুক্তিকালীন সময়ে নিজেকে সার্বক্ষণিক ভিত্তিতে সরকারি কাজে নিয়োজিত রাখিবেন। তিনি যে চাকরিতে নিয়োজিত হইতেছেন সে চাকরিতে জনসেবার যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় প্রচলিত সরকারি আরচরণ বিধি এবং তৎসঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিধিসমূহ মানিয়া চলিবেন।

৬। চুক্তিভিত্তিতে তাঁহাকে যে পদে নিয়োগ করা হইতেছে সরকার তাঁহাকে সেই পদে বহাল রাখিতে বা সমপদমর্যাদা সম্পন্ন অন্য যে কোন পদে বদলী করিতে পারিবেন।

৭। কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে এক মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।

৮। এই চুক্তিতে বেতন সম্পর্কে পূর্বে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও এই চুক্তি মোতাবেক দেয় বেতন, ছুটিকালীন বেতন ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত যে কোন জরুরী কর্তন আদেশ প্রযোজ্য হইবে।

৯। যাহা পূর্বে উল্লেখ করা হয় নাই, এইরূপ অন্যান্য বিষয়ে তিনি অস্থায়ী সরকারি কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধানসমূহের আওতাধীন থাকিবেন।

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়

মহামান্য রাষ্ট্রপতির পক্ষে।
উপরে উল্লেখিত শর্তাধীনে আমি.....তারিখ হইতে এই চুক্তিভিত্তিক নিয়োগে সম্মত হইলাম।

চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা

স্বাক্ষী :

- ১। স্বাক্ষর :.....
নাম :.....
ঠিকানা :.....
- ২। স্বাক্ষর :.....
নাম :.....
ঠিকানা :.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
প্রবিধি-১ শাখা
অফিস স্মারক

নং-অম(বিধি-১)/১এস-২৫/৮৫/৯৩, তারিখ ঢাকা, ২৫শে নভেম্বর, ১৯৮৫।

বিষয় : চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ প্রসঙ্গে।

১। আদিষ্ট হইয়া জানান যাইতেছে যে, বহিরাগতসহ সামরিক, বেসামরিক, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশন লোকাল অথরিটি, ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন ইত্যাদি সংস্থাসমূহের কতিপয় অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশন, লোকাল অথরিটি, ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন ইত্যাদি সংস্থাসমূহের বেসামরিক পদে বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োজিত আছেন এবং ভবিষ্যতেও নিয়োজিত হইতে পারেন। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ভাতা পুনঃনির্ধারণ/নির্ধারণের প্রশ্নটি কিছুকাল যাবৎ সরকারের সক্রিয়

বিবেচনাধীন ছিল। পুঞ্জানুপুঞ্জরূপে বিচার বিবেচনাপূর্বক সরকার বহিরাগতগণ ছাড়া অন্যান্যদের জন্য নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

(ক) ১-৬-১৯৮৫ তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী যাহাদের চুক্তির মেয়াদ ১-৬-১৯৮৫ বা উহার পর পর্যন্ত অব্যাহত আছে, তাহাদের বেতন (pay) ১-৬-১৯৮৫ তারিখ হইতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতন স্কেলের প্রারম্ভিক স্কেল অথবা অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন এই দুই-এর মধ্যে যাহা অধিক হইবে উহা হইতে গ্রস পেনশন অংক/সমপরিমাণ অংক বাদ যাইবে।

(খ) ১-৬-১৯৮৫ বা উহার পর যাহারা চুক্তিভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন, তাহাদের বেতন (pay) চুক্তিভিত্তিক পদের প্রচলিত বেতন স্কেলে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণে ধার্য হইবেঃ—

(১) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (pay) যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের চাইতে কম হয়- তাহা হইলে উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারিত হইবে এবং নির্ধারিত বেতনে হইতে গ্রস পেনশন অঙ্ক/ সমপরিমাণ অঙ্ক বাদ যাইবে।

(২) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতনে (pay) যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন স্কেলের সর্বনিম্ন অথবা সর্বোচ্চ ধাপের সমান অথবা উহার মাঝামাঝি যে কোন স্থানে হয় তাহা হইলে আহরিত শেষ বেতন (pay) উক্ত স্কেলের কোন ধাপের সমান হইলে, উক্ত ধাপেই বেতন নির্ধারিত হইবে এবং ধাপে না মিলিলে অব্যবহিত নিম্নতর ধাপে বেতন নির্ধারিত হইবে। উভয় ক্ষেত্রেই নির্ধারিত বেতন হইতে গ্রস পেনশন অঙ্ক/ সমপরিমাণ অঙ্ক বাদ যাইবে।

(৩) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (pay) যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন স্কেলের সর্বোচ্চ ধাপের বেশী হয় তাহা হইলে শেষ আহরিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন (Pay) হিসাবে নির্ধারিত হইবে এবং উক্ত নির্ধারিত বেতন হইতে গ্রস পেনশন অংক/সমপরিমাণ অংক বাদ যাইবে।

(গ) উপরোক্ত 'ক' ও 'খ' উপ-অনুচ্ছেদ মোতাবেক ধার্যকৃত বেতন ছাড়াও চুক্তিভিত্তিক নিয়োজিত পদের সহিত সংযুক্ত প্রাপ্য মাসিক হারে প্রচলিত ভাতাদি (মহার্ঘ ভাতা ছাড়া) প্রাপ্য হইবে, তবে শর্ত এই যে পেনশনভোগী ও চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী হিসাবে প্রাপ্য হইবে—উভয় ক্ষেত্রে হইতে নহে। চুক্তিভিত্তিক পদের সহিত এইরূপ ভাতাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বেতন বিলে এই মর্মে প্রত্যয়ন করিতে হইবে যে, পেনশনভোগী হিসাবে উক্ত ভাতা/ভাতাদি গ্রহণ করা হয় নাই এবং হইবে না।

(ঘ) সরকারী, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশন, লোকাল অথরিটি, ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন ইত্যাদি ক্ষেত্রে যাহারা পেনশন স্কিমের আওতাভুক্ত নহেন তাহারা যদি সরকারী কর্মকর্তা/কর্মচারী হইতেন, তাহা হইলে তাহাদের চাকুরীর দৈর্ঘ্যতা ও অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতনের ভিত্তিতে যে গ্রস পেনশন প্রাপ্য হইতেন উহার সমপরিমাণ অংক চুক্তিভিত্তিক নিয়োজিত পদের নির্ধারিত বেতন হইতে বাদ যাইবে।

(ঙ) অত্র আদেশ জারীর পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে সম্পাদিত চুক্তির শর্তাবলী মোতাবেক বেতন ও ভাতা (মহার্ঘ ভাতাসহ) গ্রহণের পক্ষে অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত

পদের ১-৬-১৯৮৫ তারিখ হইতে প্রচলিত বেতন স্কেলে উপরোলিখিত নীতিমালা অনুসরণে বেতন (pay) নির্ধারণ এবং ভাতাদি গ্রহণের পক্ষে সংশ্লিষ্ট অডিট অফিসে option প্রেরণ করিতে হইবে এবং প্রদত্ত option চূড়ান্ত বুলিয়া গণ্য হইবে। ৩১-১২-১৯৮৫ইং তারিখের মধ্যে option প্রদান না করিলে অত্র আদেশানুযায়ী বেতন, ভাতাদি গ্রহণের পক্ষে option প্রদান করা হইয়াছে বুলিয়া গণ্য হইবে। অত্র আদেশানুযায়ী বেতন, ভাতা, ইত্যাদি গ্রহণ ক্ষেত্রে পূর্ব আহরিত সংশ্লিষ্ট বেতন, ভাতা ইত্যাদি সমন্বয় করিতে হইবে।

(চ) চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরীর জন্য কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট প্রাপ্য হইবে না।

২। বেতন, ভাতা, ইত্যাদি সম্বন্ধে অত্র আদেশে যাহা উল্লেখ করা হইয়াছে তাহা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা, ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত যে কোন আদেশ প্রযোজ্য হইবে।

৩। বহিরাগতগণের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুনাগুণ বিবেচনা করিয়া সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে স্থির করা হইবে এবং তদানুযায়ী সরকারী আদেশ জারী করা হইবে।

৪। অত্র আদেশ ১-৬-১৯৮৫ ইং তারিখ হইতে কার্যকর বুলিয়া গণ্য হইবে।

৫। অত্র আদেশের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/নির্দেশাবলীর সংশ্লিষ্ট ধারাসমূহ বাতিল বুলিয়া গণ্য হইবে।

ব্যাখ্যা :

(১) বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে বেতন (pay) বলিতে মূল বেতন বুঝাইবে।

(২) সামরিক কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে বেতন (pay) বলিতে র্যাংক পে, কমান্ড/স্টাফ/চার্জ/ইনস্ট্রাকশনাল পে, কোয়ালিফিকেশন পে এবং ডিস্টারবেস পে বুঝাইবে তবে শর্ত এই যে, র্যাংক পে ছাড়া অন্যান্য পে অবসর গ্রহণ/রিলিজ/ছুটি/অবসর প্রস্তুতি ছুটির পূর্বে তিন বা তিনের অধিক বৎসর বিরতিহীনভাবে আহরণ করিতে হইবে।

(৩) “গ্রস পেনশন” (Gross Pension) বলিতে কমুটেশন এবং/অথবা সমর্পণপূর্ব পেনশন (Pension before Commutation and/or surrender) বুঝাইবে। উল্লেখ্য যে, বিশেষ অতিরিক্ত পেনশনও (যদি থাকে) উহা গ্রস পেনশনের অন্তর্ভুক্ত হইবে।

(৪) অত্র আদেশের ১ম অনুচ্ছেদের “ক” ও “খ” উপ-অনুচ্ছেদে উলিখিত ‘সমপরিমাণ অংক’ বুঝাইতে উক্ত অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ “ঘ”-তে উলিখিত ‘সমপরিমাণ অংক’ বুঝাইবে।

এ, কে, এম, রশিদ উদ্দিন
উপ-সচিব (বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-২ অধিশাখা

নং অম/অবি(প্রবিধি-২)/চুক্তি-১/২০০৮/২৪১, তারিখ ৫-১১-১৪১৪ বঙ্গাব্দ, ১৭-২-২০০৮ খ্রিঃ

অফিস স্মারক

বিষয় : অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ/পুনর্নির্ধারণ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর. ও নং-১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্তব-১)/জাঃ বেঃ স্কেল-২০০৫/৭৩ মোতাবেক ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তন করা হয়েছে। সে আলোকে সরকারী/স্ব-শাসিত প্রতিষ্ঠান, ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহের অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী যাঁরা জনস্বার্থে বেসামরিক পদে চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন/পেনশন নির্ধারণ/পুনর্নির্ধারণের বিষয়টি যথাযথভাবে বিবেচনাপূর্বক চুক্তির শর্তাবলী নির্ধারণের ক্ষেত্রে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

১। অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (Last Pay) চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয়পক্ষের সম্মতিতে সরকারের সাথে চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে।

২। নির্ধারিত বেতন হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।

৩। চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরীর জন্য কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট প্রাপ্য হবে না।

৪। বেতন, ভাতা ইত্যাদি সম্বন্ধে এ আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত যে কোন আদেশ প্রযোজ্য হবে।

৫। অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে স্থির করা হবে এবং তদানুযায়ী সরকারী চুক্তিপত্র সম্পাদিত হবে।

৬। এ আদেশের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে, তবে এ স্মারকের সাথে সংগতি সাপেক্ষে, চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের ২৫-১১-১৯৮৫ তারিখের অম (বিধি-১)/১এস-২৫/৮৫/৯৩, ০২-০১-১৯৯২ তারিখের অম/অবি/(প্রবিধি-১)-১এস-১/৯২-৫, ১০-০৮-১৯৯৮ তারিখের অম/অবি/প্রবিধি-১/১ এস-১/৯৮/৯৭/(১০০০) এবং ১৮-০৬-২০০৫ তারিখের অম/অবি/প্রবিধি-২/১এস-১/২০০৫/৮(১০০০), নম্বর অফিস স্মারক সমূহে বর্ণিত শর্তাবলী অনুসরণযোগ্য হবে।

৭। জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

মোঃ নাসিরুজ্জামান
উপ-সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-৪
স্মারক পত্র

নং সম(বিধি-৪)-বিবিধ-৬/৮৭-৩(২০০) তারিখ : ১৬ই জানুয়ারী ১৯৮৮/১লা মাঘ ১৩৯৪ বাং
বিষয় : বিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রীয়কৃত প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পরিষদের সার্বক্ষণিক চেয়ারম্যান
ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালক নিয়োগের পদ্ধতি ও শর্তাবলী।

বিভিন্ন বিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রীয়কৃত প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পরিষদের সার্বক্ষণিক চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালক সংশ্লিষ্ট সংস্থা স্থাপনকারী আইনে বর্ণিত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিয়োজিত হইয়া থাকেন। লক্ষ্য করা গিয়াছে যে, এই সকল নিয়োগের কতক ক্ষেত্রে চাকুরীর শর্তাবলীর নির্দিষ্ট মাপকাঠির অভাবে কিছু কিছু কর্মকর্তার চাকুরীকালীন বেতন ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ এবং চাকুরী শেষে ছুটি, গ্র্যাচুইটি ও অন্যান্য অবসরকালীন সুযোগ-সুবিধা প্রদানে সমস্যা দেখা দেয়।

২। বিশদ বিবেচনার পর সরকার এই সকল সমস্যার নিরসনকল্পে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, এই বিষয়ে সংশ্লিষ্ট আইনে উল্লেখিত শর্ত সাপেক্ষে, বিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রীয়কৃত প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পরিষদ যেই নামেই অভিহিত হউক না কেন, উহার সার্বক্ষণিক চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালকগণের নিয়োগ পদ্ধতি ও চাকুরীর শর্তাবলী নিম্নরূপ হইবে :

- (১) কাহারো বিবেচিত হইবেন : নিম্নোক্তগণের মধ্যে হইতে চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালক নিয়োগ করা হইবে—
 - (ক) বিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রীয়কৃত প্রতিষ্ঠানসমূহের সিনিয়র ব্যবস্থাপনা নির্বাহীগণ;
 - (খ) চাকুরীর সরকারী এবং সশস্ত্র বাহিনীর অফিসারগণ;
 - (গ) অবসরপ্রাপ্ত সরকারী ও সশস্ত্র বাহিনীর অফিসারগণ;
 - (ঘ) জনসাধারণের মধ্যে হইতে বিশেষ যোগ্যতাসম্পন্ন ব্যক্তিবর্গ।
- (২) চাকুরীর সময়কালঃ যে ক্ষেত্রে চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালকগণের চাকুরীর সময়কাল সম্বন্ধে সংশ্লিষ্ট আইনে উল্লেখ নাই, সেক্ষেত্রে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে এবং চাকুরীর ধারাবাহিকতা প্রথম নিয়োগ প্রাপ্তির দিন হইতে বজায় থাকিবে।
- (৩) বেতন ক্রমঃ এ সম্বন্ধে ভিন্নভাবে সরকারী আদেশ জারী করা হইবে। নতুন আদেশ জারী না হওয়া পর্যন্ত অর্থ বিভাগের ১০-৯-১৯৮০ ইং তারিখের এম, এফ(আই-ডি)/এন(এ)

১৬/৭৮/১১৯৭ নম্বর স্মারক এবং ৫-৮-১৯৮৫ তারিখের এস, আর, ও-৩৩৫-এল/৮৫/এম,এফ/এফডি(ইমপ-১),এম,এন,এস/১৭/৮৫ নম্বর অনুযায়ী বেতনক্রম নির্ধারণ করা হইবে।

(৪) নিয়োগ/চুক্তিপত্রঃ

(ক) উপ-অনুচ্ছেদ (১) (ক) এ উল্লেখিত ব্যক্তিদের নিয়োগের ক্ষেত্রে পরিশিষ্ট 'ক' অনুযায়ী নিয়োগ প্রদান করা হইবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যে পদ হইতে আনা হইয়াছে সে পদে তাঁহার লিয়েন থাকিবে এবং তাঁহার ছুটি, আনুতোষিক, ভবিষ্য তহবিল ইত্যাদি বাবদ কর্তনযোগ্য টাকা গ্রহীতা সংস্থা কর্তৃক দাতা সংস্থাকে প্রদান করিতে হইবে।

(খ) উপ-অনুচ্ছেদ (১) (খ) এ উল্লেখিত ব্যক্তিদের ক্ষেত্রে পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রেষণে নিয়োগ প্রদান করা হইবে।

(গ) উপ-অনুচ্ছেদ (১) (গ) ও (ঘ) এ উল্লেখিত ব্যক্তিদের ক্ষেত্রে পরিশিষ্ট 'গ' অনুযায়ী চুক্তিতে নিয়োগ প্রদান করা হইবে।

(৫) অর্জিত ছুটি ও ছুটির নগদায়নঃ কর্মরত সংস্থার বিধি মোতাবেক অথবা যে ক্ষেত্রে প্রযোজ্য, কর্মকর্তার নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী প্রাপ্য হইবে। যে সংস্থায়ই নিয়োজিত থাকুন না কেন, অর্জিত ছুটি চাকুরীর মেয়াদকাল পর্যন্ত জমা থাকিবে।

(৬) আবাসিক সুবিধাদিঃ

(ক) করপোরেশনের নিজস্ব কোন বাড়ী না থাকিলে করপোরেশনের মর্যাদানুসারেঃ—

(১) প্রধান নির্বাহী কর্মকর্তাদের মাসিক ৪,৫০০ টাকা হইতে ৫,০০০ টাকার, ও

(২) পরিচালনা বোর্ডের সদস্যদের মাসিক ৪,০০০ টাকা হইতে ৪,৫০০ টাকা সীলিং হারে বাড়ী ভাড়া করিয়া দেওয়া হইবে।

(খ) করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাদের ব্যক্তিগত স্টাফের জন্য মাসিক ৪২০ টাকা হারে ডোমেস্টিক এইড এলাউন্স প্রদান করা হইবে।

(৭) পেনশন/গ্র্যাচুইটি, লিভ স্যালারী এবং ভবিষ্য তহবিলঃ

(ক) কর্মকর্তার কর্মরত সংস্থার বিধি মোতাবেক অথবা যে ক্ষেত্রে প্রযোজ্য, কর্মকর্তার নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী প্রাপ্য হইবেন। এই উদ্দেশ্যে চাকুরীর মেয়াদকাল প্রথম নিয়োগের দিন হইতে গণনা করা হইবে।

(খ) যে সংস্থা হইতে কর্মকর্তা অবসর গ্রহণ করিবেন, সে সংস্থা উক্ত সুবিধাদি সম্পূর্ণভাবে প্রদান করিবে।

(গ) যে সমস্ত সংস্থার কর্মকর্তা অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত কাজ করিয়াছেন, সে সমস্ত সংস্থা আনুপাতিক হারে (Prorata basis) উক্ত অর্থ, অবসর গ্রহণ সংক্রান্ত সুবিধাদি প্রদানকারী সংস্থাকে প্রদান করিবে।

- (৮) **গোষ্ঠী বীমা (Death Compensation Scheme)** অথবা অন্যান্য কল্যাণমূলক স্কীমের সুবিধাদিঃ চাকুরীকালীন সময়ে মৃত্যু ঘটিলে, কর্মকর্তা মৃত্যুর পূর্বে যে সংস্থায় কর্মরত ছিলেন, সে সংস্থা হইতে সংস্থার নিয়ম অনুযায়ী উক্ত সুবিধাদি প্রাপ্য হইবেন।
- (৯) **বোনাস** : কোন সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদেরকে কোন আর্থিক বৎসরে বোনাস প্রদান করা হইলে সে সংস্থায় কর্মরত চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালকবৃন্দও সে বোনাস পাইবেন। তবে তিনি যদি কোন আর্থিক বৎসরে একাধিক সংস্থায় কাজ করিয়া থাকেন, তবে যে সংস্থায় অধিককাল ছিলেন, সে সংস্থা উক্ত বোনাস প্রদান করিবে।
- (১০) **যাতায়াত ভাতা** : এ সম্বন্ধে ভিন্নভাবে সরকারী আদেশ জারী করা হইক্ষে।
- (১১) **চিকিৎসা সুবিধাদি** : কর্মরত সংস্থার নিয়মানুযায়ী, অথবা যে ক্ষেত্রে প্রযোজ্য, কর্মকর্তার নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী প্রাপ্য হইবে।
- (১২) **সার্বক্ষণিক গাড়ীর সুবিধাদি** : চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালকবৃন্দ প্রচলিত নিয়ম অনুযায়ী ভাড়া কর্তন সাপেক্ষে সার্বক্ষণিকভাবে জ্বালানী এবং গাড়ী চালকসহ একটি গাড়ী ব্যবহারের সুবিধা পাইবেন।
- (১৩) **সম্মানী/নগদ টাকা পুরস্কার** : চেয়ারম্যান বা কোন সদস্যকে কাজের স্বীকৃতি স্বরূপ সম্মানী প্রদান করিতে হইলে প্রশাসনিক মন্ত্রণালয়/সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।
- (১৪) **পদমর্যাদা** : Warrant of Precedence এ বর্ণিত সরকারী কর্মকর্তাদের ন্যায় নিজ আর্টিকেলভুক্ত পাবলিক করপোরেশনের প্রধান নির্বাহী এবং পরিচালক পরিষদের সদস্যগণকে সরকারী অনুষ্ঠানাদিতে ও অন্যান্য সরকারী আচার অনুষ্ঠানিকতার ক্ষেত্রে একই Precedence দেওয়া হইবে।
- (১৫) **পদোন্নতি ও চাকুরীর জ্যেষ্ঠতা** : করপোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের মধ্য হইতে সদস্য/পরিচালকপদে নিয়োজিত কর্মকর্তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা উক্ত পদে নিয়োগের তারিখ ও বেতনক্রমের ভিত্তিতে নির্ধারিত হইবে।
- (১৬) **পদত্যাগ** : শৃংখলা ও আপীল বিধির আওতায় বা কোর্টে কোন কেস মূলতবী না থাকিলে বা সরকারের/সংস্থার নিকট কোন আর্থিক দায়-দায়িত্ব না থাকিলে এবং নিয়োগ কর্তার অনুমোদন সাপেক্ষে তিন মাসের নোটিশ, বিনিময়ে তিন মাসের মোট বেতনের সমপরিমাণ অর্থ সরকারের নিকট প্রদান করিয়া কোন চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং ব্যবস্থাপনা বোর্ডের পূর্ণকালীন সদস্য/পরিচালক চাকুরী হইতে পদত্যাগ করিতে পারিবেন।
- (১৭) **চাকুরী হইতে অব্যাহতি** : সরকার তিন মাসের নোটিশ বা বিনিময়ে তিন মাসের মোট বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করিয়া এই সকল পদে নিয়োজিত কর্মকর্তাদেরকে চাকুরী হইতে অব্যাহতি দিতে পারিবে। তিন মাসের বেতনের অতিরিক্ত আর কোন ক্ষতিপূরণ দেওয়া হইবে না।

- (১৮) অবসর গ্রহণ : কোন চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালক প্রচলিত সরকারী বিধি অনুযায়ী সর্বোচ্চ বয়স সীমায় পৌঁছাইলে চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন অথবা স্বেচ্ছায় প্রচলিত সরকারী নিয়ম অনুযায়ী চাকুরী হইতে অবসর গ্রহণ করিতে পারিবেন।
- (১৯) অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তা/সরকারী কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতন নির্ধারণঃ অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাসহ Public Servants (Retirement) Act, 1974 এ উল্লেখিত Public Servants দ্বারা চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালকের পদ পূরণ করা হইলে তাহাদের বেতন, ভাতা ইত্যাদি অর্থ বিভাগের ২৫-১১-১৯৮৫ তারিখের অম(বিধি-১)-১এম-২৫/৮৫/৯৩ নম্বর অফিস স্মারকের নীতিমালা অনুসরণে নির্ধারণ করা হইবে।
- (২০) বাণিজ্যিক ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান এবং অন্যান্য সংস্থাসমূহে সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত অন্যান্য কর্মকর্তা, যাঁহারা বাণিজ্যিক ব্যাংক, অর্থলগ্নী প্রতিষ্ঠান বা সংস্থার নিজস্ব চাকুরী বিধির আওতায় পড়েন না, তাঁহাদের বেলায়ও উপরোক্ত শর্তাবলী প্রযোজ্য হইবে।

৩। এই স্মারক পত্র জারীর প্রেক্ষিতে সংস্থাপন মন্ত্রণালয়ের ১০-৬-১৯৮৭ ইং (২৬-২-১৩৯৪ বাং) তারিখে জারীকৃত স্মারক পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সামসুল হক চিশতী
সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়।

পরিশিষ্ট 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উঃ নিঃ শাখা-৪
(করপোরেশনে নিয়োজিত কর্মকর্তার জন্য প্রযোজ্য)

বিজ্ঞপ্তি

নং.....তারিখ.....অধ্যাদেশ,
.....(অধ্যাদেশ নং).....এর.....ধারায়
প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনাব/বেগম.....পদবী.....কে.....
পদে নিয়োগ দান করিলেন।

২। জনস্বার্থে এই নিয়োগ করা হইল।

এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হইবে :—

- (ক) পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে এবং চাকুরীর ধারাবাহিকতা প্রথম নিয়োগ প্রাপ্তির দিন হইতে বজায় থাকিবে।
- (খ) বেতনঃ নিয়োজিত পদের বেতন (উচ্চতর পদে নিয়োজিত হইলে)/নিজ বেতনক্রম অনুযায়ী (সমমানের পদে নিয়োজিত হইলে)।
- (গ) পদমর্যাদা : ওয়ারেন্ট অব প্রিসিডেন্স অনুসারে পদমর্যাদা নিধারণ করা হইবে।
- (ঘ) ভাতা ও অন্যান্য সুবিধাদিঃ পদের সংগে সংশ্লিষ্ট ভাতা ও সুবিধাদি পাইবেন।
- (ঙ) অর্জিত ছুটি ও ছুটির নগদায়ন : কর্মরত সংস্থার বিধি মোতাবেক পাইবেন এবং চাকুরীর মেয়াদকাল পর্যন্ত অর্জিত ছুটি জমা থাকিবে।
- (চ) পেনশন/গ্র্যাচুইটি/লীভ স্যালারী এবং ভবিষ্য তহবিল : কর্মরত সংস্থার বিধি মোতাবেক পাইবেন।
- (ছ) বোনাস : কর্মরত সংস্থার বিধি মোতাবেক পাইবেন।
- (জ) যাতায়াত ভাতা ও চিকিৎসা সুবিধা : কর্মরত সংস্থার বিধি মোতাবেক পাইবেন।
- (ঝ) লীয়েন : তাঁহার নিজস্ব.....পদে লীয়েন বজায় থাকিবে। এই উদ্দেশ্যে নিয়োগকারী সংস্থা তাঁহার লীভ স্যালারী, গ্র্যাচুইটি পেনশনের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থায় নিয়মিত জমা দান করিবেন।.....জনাফএর কন্ট্রিবিউটারী প্রভিডেন্ট ফান্ডে প্রয়োজনীয় অর্থ জমা দিবেন (যে ক্ষেত্রে প্রযোজ্য)।
- (ঞ) পদত্যাগ : তিন মাসের লিখিত আগাম নোটিশ অথবা তদপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারের নিকট প্রদান করিয়া তিনি চাকুরী হইতে পদত্যাগ করিতে পারিবেন।
- (ট) চাকুরী হইতে অব্যাহতি : কোনরূপ কারণ না দর্শাইয়া তিন মাসের লিখিত আগাম নোটিশ অথবা তদপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করিয়া সরকার ইচ্ছা করিলে তাহাকে চাকুরী হইতে অব্যাহতি দিতে পারিবেন।
- (ঠ) অবসর গ্রহণ : প্রচলিত সরকারী বিধি অনুযায়ী সর্বোচ্চ বয়স-সীমায় পৌছাইলে চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন অথবা স্বেচ্ছায় প্রচলিত সরকারী নিয়ম অনুযায়ী চাকুরী হইতে অবসর গ্রহণ করিতে পারিবেন।
- (ড) শৃংখলা ও আচরণ বিধি : জনাব/বেগম.....তাঁহার মূল নিয়োগকারী সংস্থার আচরণ এবং শৃংখলা ও আপীল বিধিমালা অনুযায়ী পরিচালিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়।
পরিশিষ্ট 'খ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উঃ নিঃ শাখা-৪
(সরকারী কর্মকর্তার জন্য প্রযোজ্য)

বিজ্ঞপ্তি

নং..... তারিখ.....

.....সংস্থা.....নং
এ্যাক্ট/অধ্যাদেশের.....নং ধারার ক্ষমতাবলে সরকার জনাবপদবী
.....কেসংস্থারপদে
() বৎসরের জন্য প্রেষণে নিয়োগ দান করিতেছেন।

২। জনস্বার্থে এই নিয়োগ করা হইল।

৩। সরকার এই নিয়োগের মেয়াদ বাড়াইতে বা কমাইতে পারিবেন।

৪। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হইবে :

(ক) বেতন : তাঁহার নিজ বেতনক্রম অনুযায়ী।

(খ) ভাতা ও অন্যান্য সুবিধাদি : পদের সংগে.....সংযুক্ত ভাতা ও
সুবিধাদি, তবে ইহাতে পূর্ব হইতে ফরেন সার্ভিস ডেপুটেশন কমিটির অনুমোদন গ্রহণ
করিতে হইবে। এই কমিটির অনুমোদন ছাড়া তিনি অতিরিক্ত ভাতা ও সুযোগাদি গ্রহণ
করিতে পারিবেন না।

৫। তিনি তাঁহার জন্য প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা, যথা : প্রভিডেন্ট ফান্ড, গোষ্ঠী বীমা, বদান্য
তহবিল ইত্যাদিতে প্রদান করিবেন।

৬।সংস্থা/কর্পোরেশন বিধি অনুযায়ী সরকারী খাতে লীভ স্যালারী ও পেনশনের জন্য
চাঁদা প্রদান করিবেন।

৭। তাঁহাকে বিনা ভাড়া বাসস্থান দেওয়া হইলে তিনি কোন বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করিতে পারিবেন
না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়।
পরিশিষ্ট 'গ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উঃ নিঃ শাখা-৪
(চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য)

বিজ্ঞপ্তি

নং, তারিখ.....
সংস্থারনং এগাঙ্ক/অধ্যাদেশের
.....নং ধারার ক্ষমতাবলে সরকার জনাব
.....পদবী (যদি থাকে) কে সংস্থার বোর্ড অব ডাইরেক্টরস এর
.....পদে.....বৎসরের জন্য
চুক্তিভিত্তিক নিয়োগ দান করিলেন। এই নিয়োগের শর্তাবলী সংযুক্ত চুক্তিনামা অনুযায়ী হইবে।
২। এই নিয়োগ জনস্বার্থে করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়।

পরিশিষ্ট 'গ' (১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উঃ নিঃ শাখা-৪
চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র

(অবসরপ্রাপ্ত সামরিক অফিসারদের নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য)

যেহেতু জনাববাংলাদেশ সেনাবাহিনীর একজন
অবসরপ্রাপ্ত অফিসার,.....
এবং যেহেতু মহামান্য রাষ্ট্রপতি এই অভিমত পোষণ করেন যে, জনস্বার্থে উপরোক্ত জনাব.....
.....কেপদে ১৯৮ ইং তারিখ হইতে
নিম্নলিখিত শর্তাবলীতে চুক্তিভিত্তিক নিয়োগ করা প্রয়োজন,এবং যেহেতু
জনাব এবং..... নিম্নলিখিত শর্তাবলীতে উপরোক্ত চাকুরী

গ্রহণ করিতে সম্মত হইয়াছেন এবং উপরোক্ত জনাবকে
 নিম্নবর্ণিত সংস্থার..... নং এ্যাঙ্ক/অধ্যাদেশের
 নং ধারার ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি উপরোক্ত জনাব
কেসংস্থার
 পরিচালক মন্ডলীর পদে.....বৎসরের
 জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দান করিয়াছেন। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হইবে :

- (১) বেতন : অর্থ বিভাগের ২৫-১১-১৯৮৫ তারিখের অম(বিধি-১) ১ম-২৫/৮৫/৯৩ নং স্মারকের নীতিমালা অনুযায়ী নির্ধারিত হইবে।
 - (২) ভাতা ও অন্যান্য সুবিধা : পদের জন্য প্রযোজ্য ভাতা ও সুবিধা।
 - (৩) কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড এবং কল্যাণ ভাতাঃ সংস্থার নিয়মানুযায়ী।
 - (৪) অর্জিত ছুটি : অস্থায়ী কর্মচারীদের জন্য প্রযোজ্য নিয়মানুযায়ী।
- ২। তিনি চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিক ভিত্তিতে সরকারী কাজে নিয়োজিত থাকিবেন। তিনি যে চাকুরীতে নিয়োজিত হইতেছেন সে চাকুরীতে জনসেবার যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় প্রচলিত সরকারী আচরণ বিধি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিধিসমূহ মানিয়া চলিবেন।
 - ৩। চুক্তিভিত্তিতে তাকে যে পদে নিয়োগ করা হইতেছে সরকার তাহাকে সেই পদ হইতে সমমর্যাদাসম্পন্ন যে কোন পদে বদলী করিতে পারিবেন।
 - ৪। কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে একমাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।
 - ৫। যাহা পূর্বে উল্লেখ করা হয় নাই, এইরূপ অন্যান্য বিষয়ে তিনি অস্থায়ী সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকিবেন।

মহামান্য রাষ্ট্রপতির পক্ষে
 সচিব,
 সংস্থাপন মন্ত্রণালয়।

উপরোক্ত শর্তাবলীতে আমি
তারিখ হইতে এই নিয়োগ গ্রহণ করিতে সম্মত হইলাম।

(সংশি- ষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

সাক্ষী :

၁၂

၁၂

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র
(অবসরপ্রাপ্ত বেসামরিক অফিসারদের নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য)

যেহেতু জনাব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন অবসরপ্রাপ্ত কর্মচারী, এবং যেহেতু মহামান্য রাষ্ট্রপতি এই
মত পোষণ করেন যে জনস্বার্থে জনাব..... হিসাবে
সালের হইতে নিম্নলিখিত শর্তাধীনে.....
বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা প্রয়োজন,

এবং যেহেতু জনাব
নিম্নলিখিত শর্তাধীনে চাকুরী গ্রহণ করিতে সম্মত হইয়াছেন;

এক্ষণে সেহেতু ১৯৭৪ সালের সরকারী কর্মচারী অবসর গ্রহণ আইন (১৯৭৪ সালের ১২ নম্বর
আইন) এর ৫(৩) ধারায় বর্ণিত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি জনাব
কে নিম্নলিখিত শর্তাধীনেসালের হইতে
বৎসরের জন্য হিসাবে চুক্তিভিত্তিক নিয়োগ করিলেন :—

- (১) বেতনঃ অবসর গ্রহণ করিবার অব্যবহিত পূর্বে তিনি যে বেতন পাইতেন তাহা হইতে সমর্পিত
এবং হ্রাসকৃত পেনশনের অংশসহ (Commuted and surrendered portion of the
pension) মোট পেনশন বাদ দিয়া যাহা থাকিবে তাহাই মাসিক বেতন হিসাবে পাইবেন।
- (২) অল্‌ডার্টীকালীন আর্থিক সুবিধাঃ অবসর গ্রহণের পূর্বে চাকুরীরত অবস্থায় তিনি অল্‌ড
বর্তীকালীন আর্থিক সুবিধা ভোগ করিয়া থাকিলে তাহাও পাইবেন। তবে বেতন, পেনশন ও
অল্‌ডার্টীকালীন আর্থিক সুবিধার পরিমাণ সরকার নির্ধারিত বেতন ও আর্থিক সুবিধার সর্বোচ্চ
সীমা সাপেক্ষ হইবে।
- (৩)পদের সরকারী কর্মচারীর প্রতি
প্রযোজ্য বিধি অনুসারে তিনি নিম্নোক্ত ভাতা ও সুবিধাদি পাইবেন :
(ক) যাতায়াত ও দৈনিক ভাতা।
(খ) চিকিৎসার সুবিধাদি।
(গ) সরকারী বাসস্থান/বাড়ী ভাড়া।
(ঘ) দূরালাপনী সুবিধাদি (ব্যক্তিগত ট্রাংকল খরচা বাদে)।
(ঙ) ওয়ারেন্ট অব প্রিসিডেন্স অনুযায়ী মর্যাদা।
- (৪) চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরীর জন্য তিনি কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট
(increased pension or increment) পাইবেন না।

- (৫) তিনি চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিক ভিত্তিতে সরকারী কাজে নিয়োজিত থাকিবেন। তিনি যে চাকুরীতে নিয়োজিত হইতেছেন সে চাকুরীতে জনসেবার যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় প্রচলিত সরকারী আচরণ বিধি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিধিসমূহ মানিয়া চলিবেন।
- (৬) চুক্তিভিত্তিতে তাহাকে যে পদে নিয়োগ করা হইতেছে সরকার তাহাকে সেই পদ হইতে সম পদমর্যাদা সম্পন্ন যে কোন পদে বদলী করিতে পারিবেন।
- (৭) কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে এক মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।
- (৮) এই চুক্তিতে বেতন সম্পর্কে পূর্বে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও এই চুক্তি মোতাবেক দেয় বেতন, ছুটিকালীন বেতন ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত যে কোন জরুরী কর্তন আদেশ প্রযোজ্য হইবে।
- (৯) যাহা পূর্বে উল্লেখ করা হয় নাই, এইরূপ অন্যান্য বিষয়ে তিনি অস্থায়ী সরকারী কর্মকর্তাদের বেলায় প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকিবেন।

মহামান্য রাষ্ট্রপতির পক্ষে
সচিব,
সংস্থাপন মন্ত্রণালয়।

উপরে উল্লেখিত শর্তাধীনে আমি,তারিখ হইতে এই নিয়োগ গ্রহণ করিতে সম্মত হইলাম।

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

সাক্ষী :

১।

২।

৬৯—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র

(জনসাধারণের মধ্যে হইতে বিশেষ যোগ্যতাসম্পন্ন ব্যক্তির নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য)

..... সংস্থারনং
 এ্যাক্ট/অধ্যাদেশের নং ধারার ক্ষমতাবলে সরকার জনাব
 বোর্ড অব ডাইরেকটরস্ এর পদে.....বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ
 দান করিয়াছেন। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হইবে :—

- (১) বেতন : টাকা
- (২) বাড়ী ভাড়া : টাকা
- (৩) ভাতা ও অন্যান্য সুবিধাদি : পদের সংগে সংশ্লিষ্ট ভাতা ও সুবিধাদি।
- (৪) ইনক্রিমেন্ট : এক বৎসর চাকুরী সম্পাদনের পর সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের অনুমোদিত ইনক্রিমেন্ট। নির্ধারিত বেতনের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নহে।
- (৫) কন্সিডিউটরী প্রভিডেন্ট ফান্ড এবং কল্যাণ ভাতাঃ সংশ্লিষ্ট সংস্থার নিয়মানুযায়ী।
- (৬) অর্জিত ছুটিঃ তিনি অস্থায়ী কর্মচারীদের নিয়মমত ছুটি অর্জন করিবেন।
- (৭) অর্জিত ছুটি নগদায়ন : পাওনা সাপেক্ষে অর্জিত ছুটির অর্ধেক, কিন্তু সম্পূর্ণ চাকুরী কালে সর্বমোট ছয় মাসের অধিক নহে।
- (৮) গ্রাচিউয়িটি : সংশ্লিষ্ট গ্রাচিউয়িটি নিয়মানুযায়ী তিনি গ্রাচিউয়িটি পাইবেন।

২। তিনি চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে সংস্থার কাজে নিয়োজিত থাকিবেন এবং অন্য কোন চাকুরী বা ব্যবসা করিতে পারিবেন না। তিনি যে চাকুরীতে নিয়োজিত হইতেছেন সে চাকুরীতে চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ মানিয়া চলিবেন।

৩। চুক্তিভিত্তিক যে পদে তাকে নিয়োগ করা হইয়াছে সেই পদ হইতে সরকার তাকে সমমর্যাদাসম্পন্ন যে কোন পদে বদলী করিতে পারিবেন।

৪। কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।

৫। যাহা এই চুক্তিতে উল্লেখ করা হয় নাই এইরূপ অন্যান্য বিষয়ে তিনি সংস্থার অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকিবেন।

মহামান্য রাষ্ট্রপতির পক্ষে
সচিব,

সংস্থাপন মন্ত্রণালয়।

উপরে উল্লেখিত শর্তাধীনে আমি,তারিখ হইতে এই নিয়োগ গ্রহণ করিতে সম্মত হইলাম।

(সংশি- ষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

সাক্ষী

১।

২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-৪

নং-সম(বি-৪)-বিবিধ-৯২/৯৩-৩৬, তারিখ, ১৫ ফেব্রুয়ারি ১৯৯৪ ইং/৩রা ফাল্গুন ১৪০০ বাং

“স্মারক পত্র”

বিষয় : বিধিবদ্ধ সংস্থা ও রাষ্ট্রীয়কৃত প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পরিষদের সার্বক্ষণিক চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক এবং সদস্য/পরিচালক নিয়োগের পদ্ধতি ও শর্তাবলী এর সংশোধন।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬-১-৮৮ইং তারিখের সম(বিধি-৪)-বিবিধ-৬/৮৭-৩(২০০)নং স্মারক।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬-১-৮৮ ইং তারিখের স্মারক পত্রের ২(৬) (ক) (২) অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ২(৬) (ক) (২) অনুচ্ছেদ প্রতিস্থাপন করা হইল :—

“ পরিচালনা বোর্ডের সদস্যদের মাসিক টাকা ৪,০০০.০০ হইতে টাকা ৪,৫০০.০০ সিলিং হারে বাড়ী ভাড়া করিয়া দেওয়া হইবে। যে সমস্ত স্ব-শাসিত সংস্থার পরিচালনা বোর্ড বহিরাগত কর্মকর্তা/বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত সেই সমস্ত সংস্থার প্রধান নির্বাহীর অব্যবহিত নীচের অর্থাৎ ২য় সারির কর্মকর্তাগণও এই বাড়ী ভাড়া সিলিং এর সুবিধা ভোগ করিবেন।

২। উপরোক্ত সংশোধনী মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবার জন্য অনুরোধ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(হাবিবুর রহমান)

সচিব।

অধ্যায়-২

বদলী ও প্রেষণ

(সরকার চাকুরীর মূল শর্ত হিসাবে (যথাযথ কর্তৃপক্ষ) যে কোন কর্মচারীকে যে কোন সময় দেশের ভিতরে ও বাহিরে আইনানুগভাবে জনস্বার্থে বদলী করিতে পারেন, তবে সাময়িকভাবে এতদসংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করা যাইতে পারে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

স্মারক নং-সম/(প্রঃ-৩০)/বিবিধ-১/২০০০-১৮৪৪

তারিখঃ ২০ পৌষ ১৪১২
০৩ জানুয়ারী ২০০৬

বিষয়ঃ এক কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীকে অন্য কার্যালয়ে বদলী প্রসংগে।

সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীকে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীকে জেলা প্রশাসকের কার্যালয়ে বদলী করা হয়েছে বা হচ্ছে। এমনকি বদলীর মাধ্যমে নিয়োগ করা হয়েছে এ ধরনের কয়েকটি ঘটনাও মন্ত্রণালয়ের নজরে এসেছে।

০২। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজস্ব খাতের প্রতিটি কার্যালয়ের নিজস্ব চাকুরী বিধিমালা রয়েছে। এ চাকুরী বিধিমালা দ্বারা সংশ্লিষ্ট কার্যালয়ের চাকুরী সংক্রান্ত বিষয়াদি নিয়ন্ত্রিত হয়। ফলে কোন কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীকে অন্য কার্যালয়ে বদলী বা প্রেষণে বদলীর বিধান না থাকলে এক কার্যালয় হতে অন্য কার্যালয়ে বদলী/প্রেষণে নিয়োগ করা যায় না। নিয়োগ বিধিতে প্রেষণে নিয়োগের সুযোগ থাকলে কেবলমাত্র সংস্থাপন মন্ত্রণালয়ই কোন কর্মকর্তা/কর্মচারীকে প্রেষণে নিয়োগ প্রদান করতে পারে। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়ের জন্য প্রযোজ্য যথাক্রমে “বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” এবং “জেলা ও উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” এ পারস্পরিক বদলী, নিয়োগ বা পদোন্নতির সুযোগ রাখা হয়নি। উভয় নিয়োগ বিধির বিধি-৩ এ নিয়োগের পদ্ধতি হিসাবে পদোন্নতির মাধ্যমে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগের বিধান রাখা হয়েছে। সংস্থাপন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগ এ ধরনের বদলীর বিষয়ে নিম্নরূপ মতামত প্রদান করেছে :

“বিভাগীয় কমিশনারের কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ও জেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী দুটি ভিন্ন ভিন্ন নিয়োগবিধি দ্বারা পরিচালিত হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ও জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পরস্পর বদলী করার কোন বিধিগত সুযোগ নেই.....।”

০৩। উলি- খিত ব্যাখ্যা, মতামত ও বিশ্লেষণের আলোকে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, উক্ত কার্যালয়গুলোর এক কার্যালয় থেকে অন্য কার্যালয়ে কোন কর্মকর্তা/কর্মচারীকে বদলী বা প্রেষণে পাঠানো কিংবা বদলীর মাধ্যমে নিয়োগ বিধি ও রীতি বিরুদ্ধ। এতে বিভিন্ন প্রকার আর্থিক/প্রশাসনিক ও চাকুরী সংক্রান্ত জটিলতা দেখা দিবে; যার সমাধান বর্তমানে প্রচলিত চাকুরি বিধিতে সন্নিবেশিত নেই। এর ফলে মামলা মোকদ্দমার সৃষ্টি হতে পারে। ইতোপূর্বে কোন কার্যালয় এ রকমের কোন কার্যক্রম গ্রহণ করে থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা/

কর্মচারীদেরকে অবিলম্বে নিজ নিজ কার্যালয়ে ফেরত প্রদান করে সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

০৪। সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে নিম্নবর্ণিত ছকে এ বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হল।

ক্রমিক নং	যে কর্মকর্তা/কর্মচারীকে অন্যত্র বদলী/ডেপুটেশনে দেয়া হয়েছে তাদের নাম ও পদবী।	মূল কর্মস্থলের নাম	স্মারক নং ও তারিখসহ কবে পাঠানো হয়েছে।	কোন কার্যালয়ে পাঠানো হয়েছে।	কবে ফেরত আনা হয়েছে।	মন্ডব্য

আবদুল মান্নান
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়

শাখা এডি-৩

নং এম,ই(এডি-৩)/৩৮/৮৪-৬৩১

তারিখঃ ১৩-৯-১৯৮৬ইং।

বিষয়ঃ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের একস্থান হইতে অন্যত্র বদলি প্রসংগে।

সূত্রঃ সার্কুলার নং-এম,ই(এডি-৩)-৩৮/৮৪-৭৬

তারিখঃ ২৩-২-১৯৮৬ইং।

অত্র মন্ত্রণালয়ের উলিখিত সার্কুলারে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের একস্থান হইতে অন্যত্র বদলি প্রসংগে নিম্নলিখিত সরকারী সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকল মহলকে বাস্তবায়নের জন্য বলা হইয়াছিল :-

(ক) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর বদলিযোগ্য পদে কর্মচারীগণকে বদলির প্রয়োজন হইলে প্রথমে তাহাদেরকে একই কর্মস্থলে অন্য অফিসে বদলি করা যাইবে;

(খ) একই কর্মস্থলে অন্য অফিসে বদলির সুবিধা না থাকিলে নিকটতম অফিসে বদলি করা যাইবে;

(গ) তাহাদের বেলায় বদলির কোন নির্দিষ্ট সময়সীমা থাকিবে না; এবং

(ঘ) শুধুমাত্র প্রশাসনিক প্রয়োজনেই এই দুই শ্রেণীর কর্মচারীকে বদলী করা যাইবে।

২। মূলত উক্ত সিদ্ধান্ত আন্দোলন মন্ত্রণালয় আলোচনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধির পরামর্শ মোতাবেক চূড়ান্তকৃত বিশেষ একটি তালিকাভুক্ত (বিভিন্ন মন্ত্রণালয়/ক্ষিভাগ/দপ্তর/পরিদপ্তর) ৩য় ও ৪র্থ শ্রেণীর ক্ষেত্রেই প্রযোজ্য হইবার কথা। কিন্তু এখন দেখা যাইতেছে যে কোন কোন ক্ষেত্রে উক্ত সরকারী সিদ্ধান্ত ঢালাওভাবে ব্যবহার করা হইতেছে বিধায় কিছু কিছু কর্মচারী হয়রানির শিকার হইতেছেন। কাজেই এখন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক বদলিযোগ্য কর্মচারীদের তালিকা এতদসংগে প্রেরণ করা হইতেছে।

৩। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের মধ্যে যাহারা তালিকাভুক্ত নহেন তাহাদের বেলায় বদলীর উক্ত সরকারী সিদ্ধান্ত প্রযোজ্য হইবে না।

৪। এমতাবস্থায় সরকারের উলিখিত সিদ্ধান্ত কেবল মাত্র তালিকাভুক্ত কর্মচারীদের ক্ষেত্রে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/পরিদপ্তর এবং তাহাদের অধীনস্থ অফিসমূহকে অনুরোধ করা যাইতেছে।

এ, এইচ, এম, নূরুদ্দীন

উপ-সচিব (প্রশাসন)।

মন্ত্রণালয়/বিভাগ দপ্তর/পরিদপ্তর	বদলিযোগ্য তৃতীয় ও ৪র্থ শ্রেণীর পদের নাম
১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ঃ (ক) আনসার ও থাম প্রতিরক্ষা পরিচালন দপ্তর।	১। থানা ইন্সট্রাকটর ২। প্রধান সহকারী ৩। উচ্চমান সহকারী/হিসাব রক্ষক ৪। নিম্নমান সহকারী/মুদ্রাক্ষরিক ৫। গাড়ী চালক ৬। নার্সিং এসিস্ট্যান্ট ৭। গার্ড সেপাই ৮। আরমোরার ৯। কোয়াটার মাষ্টার ১০। জলযান সারেং ১১। সুকানী ১২। টেন্ডার ১৩। লস্কর ১৪। নাইট গার্ড ১৫। ওয়েলম্যান ১৬। বাবুর্চী ১৭। এম, এল, এস, এস ১৮। মালী
(খ) সদর দপ্তর বাংলাদেশ রাইফেলস প্রশাসনিক পরিদপ্তর (প্রঃ শাখা)	১। সুবেদার মেজর (জি, ডি) ২। সুবেদার (জি, ডি) ৩। সুবেদার সহকারী ৪। সুবেদার সিগন্যাল ৫। নায়েক সুবেদার (জি, ডি) ৬। নায়েক সুবেদার সহকারী ৭। নায়েক সুবেদার নার্সিং ৮। নায়েক সুবেদার সিগন্যাল ৯। হাবিলদার (জি, ডি) ১০। হাবিলদার সিগন্যাল ১১। হাবিলদার নার্সিং ১২। হাবিলদার সহকারী ১৩। হাবিলদার আরমোরার ১৪। হাবিলদার ভি, এম ১৫। নায়েক (জি, ডি) ১৬। নায়েক সহকারী ১৭। নায়েক সিগন্যাল

	১৮। নায়েক জি নার্সিং
মন্ত্রণালয়/বিভাগ দপ্তর/পরিদপ্তর	বদলিযোগ্য তৃতীয় ও ৪র্থ শ্রেণীর পদের নাম

-
- ১৯। নায়েক ডি, এম
 - ২০। নায়েক আরমোরার
 - ২১। নায়েক ইলেকট্রিশিয়ান
 - ২২। ল্যান্স নায়েক (জি, ডি)
 - ২৩। ল্যান্স নায়েক সহকারী
 - ২৪। ল্যান্স নায়েক সিগন্যাল
 - ২৫। ল্যান্স নায়েক নার্সিং
 - ২৬। সিপাহী (জি, ডি)
 - ২৭। সিপাহী সহকারী
 - ২৮। সিপাহী ইলেকট্রিশিয়ান
 - ২৯। সিগন্যালম্যান
 - ৩০। সিপাহী নার্সিং
 - ৩১। সিপাহী আরমোরার
 - ৩২। সিপাহী (ডি, এম)
 - ৩৩। একাউন্টেন্ট (বেসামরিক)
 - ৩৪। উচ্চমান সহকারী
 - ৩৫। নিম্নমান সহকারী
 - ৩৬। কম্পাউন্ডার
 - ৩৭। মিড ওয়াইফ
 - ৩৮। আয়া
 - ৩৯। পিয়ন
 - ৪১। দফতরী
 - ৪২। পাচক
 - ৪৩। মালী
 - ৪৩। বাডুদার
 - ৪৪। ইমাম/ধর্মীয় শিক্ষক
 - ৪৫। পেইন্টার
 - ৪৬। টেইলার
 - ৪৭। বুট মেকার
 - ৪৮। ওয়ার্ড বয়
 - ৪৯। মেস ওয়েটার
 - ৫০। কার্পেন্টার
 - ৫১। মেশিনিষ্ট
 - ৫২। ওয়েল্ডার
 - ৫৩। টিনস্মিথি

দপ্তর/পরিদপ্তর	পদের নাম
(গ) কারা পরিদপ্তর	<p>নির্বাহীক এবং গার্ডিং স্টাফ</p> <p>১। জেলার ২। ডেপুটি জেলার ৩। সাব-জেলার ৪। সার্জেন্ট ইন্সপেক্টর ৫। চীফ হেড ওয়ার্ডার ৬। কারারক্ষী এবং মহিলা কারারক্ষী ৭। ম্যাট্রন ৮। হেড ওয়ার্ডার</p> <p>মেডিক্যাল স্টাফ</p> <p>৯। ফার্মাসিষ্ট</p> <p>বিভাগীয় দপ্তরের স্টাফ</p> <p>১০। উচ্চমান সহকারী ১১। নিম্নমান সহকারী ১২। স্টেনোগ্রাফার ১৩। ড্রাইভার</p> <p>জি ডি স্টাফ</p> <p>১৪। উচ্চমান সহকারী তথা লাইব্রেরিয়ান ১৫। কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক ১৬। শিক্ষক</p> <p>এম, সি, স্টাফ</p> <p>১৭। হিসাব রক্ষক ১৮। ফ্যাক্টরী ওভারসিয়ার ১৯। ট্যাক্সেটকার ২০। দর্জি মাস্টার ২১। দর্জি</p>
(ঘ) পুলিশ পরিদপ্তর	পি,আর,বি রুলস অনুযায়ী সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী।
বহিরাগমন ও পাসপোর্ট বিভাগ	<p>১। অধীক্ষক ২। উচ্চমান সহকারী ৩। নিম্নমান সহকারী ৪। এম, এল, এস, এস</p>

মন্ত্রণালয়/বিভাগ দপ্তর/পরিদপ্তর	বদলিযোগ্য তৃতীয় ও ৪র্থ শ্রেণীর পদের নাম
২। রাষ্ট্রপতির সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ	১। সহকারী পরিদর্শক, উপ-সহকারী পরিদর্শক, কনষ্টেবল। ২। বিভাগীয় জেলা অফিসের সহকারী পরিদর্শক, উপ-সহকারী পরিদর্শক, কনষ্টেবল।
৩। ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়	১। কানুনগো ২। প্রধান সহকারী ৩। হিসাব রক্ষক ৪। পেশকার ৫। নাজির ৬। রেকর্ড কিপার ৭। হেড ড্রাফটসম্যান ৮। সিট কিপার ৯। সহকারী হিসাব রক্ষক ১০। সহকারী নাজির ১১। সহকারী রেকর্ড কিপার ১২। ক্যাশিয়ার ১৩। সহকারী ক্যাশিয়ার ১৪। এল, ডি, এ-কাম-টাইপিষ্ট ১৫। হেড ইন্সটিমেন্টর ১৬। হেড ড্রাইভার ১৭। অফিস সহকারী ১৮। পেশকার গ্রেড-২ ১৯। যাচ মোহরার ২০। বদর আমিন ২১। বেঞ্চ ক্লার্ক ২২। এরিয়া ইন্সটিমেন্টর ২৩। মিলল খসড়া মোহরার ২৪। রিপেন মোহরার ২৫। কপিষ্ট ২৬। সহকারী হেড ড্রাফটসম্যান ২৭। ড্রাফটসম্যান হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর ২৮। অডিটর (রাজস্ব) ২৯। নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক ৩০। এম,এল,এস,এস

মন্ত্রণালয়/বিভাগ দপ্তর/পরিদপ্তর	বদলিযোগ্য তৃতীয় ও ৪র্থ শ্রেণীর পদের নাম
৪। যোগাযোগ মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	১। সিনিয়র এস, এ, ই ২। এস, এ, ই ৩। টি, সি, টি/টি, টি, আর ৪। সিনিয়র টি, এম ৫। টি, এম ৬। টি, সি, এম ৭। টি, পি, এ ৮। টি, এস/টি, পি/ও ৯। সিনিয়র হিসাব রক্ষক ১০। জুনিয়র হিসাব রক্ষক
৫। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ক্রীড়া পরিদপ্তর।	১। উচ্চমান সহকারী ২। এল, ডি, এ-কাম-টাইপিস্ট ৩। একাউন্টেন্ট ৪। ক্যাশিয়ার ৫। এম, এল, এস, এস,
৬। পূর্ত মন্ত্রণালয় সরকারী বাসস্থান পরিদপ্তর	১। গাড়ী চালক ২। হিসাব রক্ষক ৩। সহকারী হিসাব রক্ষক ৪। প্রধান সহকারী ৫। নিম্নমান সহকারী-কাম-টাইপিস্ট ৬। এম, এল, এস, এস
2. Similar policy was laid down in the erstwhile Government of East Pakistan. S & GA (Reg.) Department Memo. No. SGA/RI/IS-34/286, dated 20-8-1962. This Memo. was subsequently cancelled by the erstwhile Government of East Pakistan. SGA (Reg.) Department Memo. No. SGA/RI/IS-104/69/54, dated 28-4-1971, wherein it has been laid down that in cases where a charge has been framed against a Government servant under the Efficiency and Discipline rules, or a notice served on him to show cause against compulsory retirement under any other rules, or a first information report has been lodged against him for corruption, or a criminal case has been started against him with the approval of his higher authorities or Government, he should not be promoted, allowed to cross the efficiency bar or confirmed during the pendency of the case. It has been further laid down therein that when promotion, crossing of efficiency bar or confirmation of a Government servant is deferred in view of the above considerations and the officer is honourably acquitted of the charge against him,

he should be restored to the position to which he would be otherwise entitled with regard to his seniority in the list of officers for consideration for promotion, or the date of crossing the efficiency bar or of confirmation, as the case may be. Any promotion made in the meantime of an officer junior to the officer whose promotion is withheld should be treated as provisional.

3. The subsequent Memo. dated 28-4-1971 having been made after 26th day of March 1971, the same is not an existing law.

4. To remove all doubts and confusion, the Government have since reviewed the entire position and have decided the following policy in the matter, namely:

- (i) Where a departmental charge has been framed against a Government servant under any law or rules or a notice served on him to show cause against compulsory retirement under any law or rules or the first information report has been lodged against him for corruption and a criminal case has been started against him with the approval of his higher authority or Government, he should not be promoted, nor allowed to cross the efficiency bar nor confirmed during the pendency of the case;
- (ii) When promotion, crossing of efficiency bar or confirmation of a Government servant is deferred in view of the above considerations and the officer is subsequently honourably acquitted of the charges against him, he should be restored to the position to which he would have been otherwise entitled with regard to his seniority in the list of officers for consideration for promotion or the date of crossing the efficiency bar or of confirmation, as the case may be. Any promotion made, in the meantime, of an officer junior to the officer whose promotion is withheld should be treated as provisional.

5. This supersedes all previous orders/instructions on the subject.

6. All concerned may be informed accordingly.

A. A. Khan
Deputy Secretary (R).

৫৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং সমঃ (উনি-৪)-১(১৫)-১১/২০০৩-৪০

তারিখঃ ২৯-০৩-২০০৭ইং

বিষয় : সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি)-এর বিবেচনার জন্য কর্মকর্তাগণের বিভাগীয় মামলা
সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

সংস্থাপন মন্ত্রণালয় হতে ২২-০৯-২০০৪ তারিখে জারীকৃত সম(উনি-৪)-১(১৫)-০৯/২০০৪-
১৩৪(১২০) নং পরিপত্র অনুযায়ী এসএসবি এর বিবেচনার জন্য পদোন্নতি/নিয়োগ/সিলেকশন গ্রেড/
টাইমস্কেল প্রদানের প্রস্তুতবে কর্মকর্তাদের বিভাগীয় মামলার প্রতিবেদন নিম্নবর্ণিত ছকে প্রেরণের জন্য
সকল মন্ত্রণালয়ে/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল :

ছক

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম, পদবী	বিভাগীয় মামলা চলমান রয়েছে কিনা	অতীতে বিভাগীয় মামলায় সাজাপ্রাপ্ত হয়ে থাকলে শাস্তি প্রকৃতি ও শাস্তি মেয়াদ উত্তীর্ণের তারিখ।
১	২	৩	৪

মোঃ ইয়াসিন

সিনিয়র সহকারী সচিব।

৫৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং-সমঃ (উনি-৪)-১(১৫)-১১/২০০৩-১৩২

তারিখঃ ৪-০৯-২০০৫ইং

বিষয় : এসএসবি'র বিবেচনার জন্য প্রস্তুবে অন্ডর্ভুক্ত কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ড।

সংস্থাপন মন্ত্রণালয়ের ২২-০৯-২০০৪ তারিখের নং সম(উনি-৪)-১(১৫)-০৯/২০০৪-১৩৪(১২০) নং পরিপত্র অনুযায়ী এসএসবি'র বিবেচনার জন্য প্রস্তুব প্রেরণের ক্ষেত্রে সংলাগ-২তে বিবেচ্য কর্মকর্তাগণের এসিআর এর সার-সংক্ষেপ প্রেরণ করতে হয়। এই সার-সংক্ষেপে কোন কোন তথ্য সন্নিবেশিত থাকবে তা সুনির্দিষ্ট না থাকায় এসএসবি'র বিবেচনা কালে কিছু কিছু ক্ষেত্রে তথ্যের ঘাটতি পরিলক্ষিত হয়।

এমতবস্থায়, সংযুক্ত ছক অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদনের সার-সংক্ষেপ প্রণয়নপূর্বক প্রস্তুবের সংলাগ-২তে সন্নিবেশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

মোঃ মোস্তু গাউছুল হক
সিনিয়র সহকারী সচিব।

এসএসবি'র বিবেচনার জন্য প্রস্তুতকৃত কর্মকর্তাগণের বিগত পাঁচ বছরের (.....)
বার্ষিক গোপনীয় অনুবেদন এর সার-সংক্ষেপ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	বিবেচ্য বছর	প্রাপ্ত নম্বর	অনুবেদনকারী কর্মকর্তার মন্ডব্য (লেখচিত্রে বা অনুবেদনের অন্য কোন অংশে)	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার মন্ডব্য	কোন বিরূপ মন্ডব্য থাকলে তার বিবরণ			মন্ডব্য
						অনুবেদনকারী কর্মকর্তার মন্ডব্য	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার মন্ডব্য	গৃহীত ব্যবস্থা	
		গড় (... বছর)							

তারিখঃ

প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর ঃ.....

নাম ও পদবী ঃ.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা
প্রজ্ঞাপন

নং-সমঃ (উনি-৪)-১(১৫)-১/২০০০-১৪৬(১০০)

তারিখঃ ১৪ কার্তিক ১৪০৭
২৯ অক্টোবর ২০০০

বিষয় : সুপিরিয়র সিলেকশন বোর্ডের (এসএসবি) বিবেচনার জন্য সার-সংক্ষেপ প্রেরণ।

সুপিরিয়র সিলেকশন বোর্ডে উপস্থাপনের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত সার-সংক্ষেপসমূহে অনেক সময় প্রয়োজনীয় তথ্য না থাকায় তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সংশোধনের জন্য ফেরৎ দেয়া হয়। এতে কালক্ষেপনের ফলে পদোন্নতি প্রক্রিয়া বিলম্বিত হয়।

২। এই জটিলতা নিরসনকল্পে সুপিরিয়র সিলেকশন বোর্ডের বিবেচনার জন্য সার-সংক্ষেপ প্রেরণের একটি ফরম্যাট উদাহরণসহ সংযোজন করা হল। কোন মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনবোধে এই ফরম্যাটটি পরিবর্ধন করে প্রাসংগিক অতিরিক্ত তথ্য (যদি থাকে) সংযোজন করতে পারে। তবে সংযোজিত ফরম্যাটে যে তথ্য ও সংলগ্নীসমূহের কথা উল্লেখ করা হয়েছে কোনক্রমে এর কম তথ্য/সংলগ্নী প্রেরণ করা হলে তা অসম্পূর্ণ বিবেচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে/বিভাগে পুনরায় সংশোধনের জন্য ফেরৎ দেয়া হবে।

৩। জ্যেষ্ঠতা সম্পর্কিত মামলা কিংবা কোন আদালতের রায় বা নিষেধাজ্ঞা থাকলে সার-সংক্ষেপে তা উল্লেখ করতে হবে। এই বিষয়ে আইন মন্ত্রণালয়ের/এটর্নী জেনারেলের (যা প্রায়োজ্য) লিখিত মতামত গ্রহণ করতে হবে। এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুস্পষ্ট মতামত থাকা বাঞ্ছনীয়।

৪। সার-সংক্ষেপ একটি মূল কপিসহ ১২ (বার) সেট প্রেরণ করতে হবে। মূল কপিতে সর্বশেষ পৃষ্ঠা ছাড়াও প্রতি পৃষ্ঠার নীচে সচিব/ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের অনুস্বাক্ষর থাকতে হবে। অবশিষ্ট ১১ (এগার) সেট সত্যায়িত করে প্রেরণ করতে হবে

৫। সংলগ্নীসমূহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ স্বাক্ষর/সত্যায়িত করবেন। তবে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তার স্বাক্ষরের পাশাপাশি তথ্য প্রদানকারী সংস্থার উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরও থাকতে পারে। এ ছাড়া দেখা যায় যে, অনেক মন্ত্রণালয়/বিভাগ সংলগ্নীসমূহে পতাকা সংযোজন না করে প্রতিটি সংলগ্নীর উপর সংলাগ নম্বর লিখে থাকে। এর ফলে এসএসবি সভায় আলোচনার সময় সঠিক সংলগ্নীটি চিহ্নিত করা দূর্বল হয়। সংলগ্নীসমূহ আবশ্যিকভাবে সংযোজিত ফরম্যাটে উলিখিত ক্রম অনুসারে বিন্যস্ত করে ক্রমিক নম্বরসহ পতাকা সংযোজন করতে হবে।

৬। উপরের অনুচ্ছেদসমূহের আলোকে এবং সংযোজিত ফরম্যাট অনুযায়ী এসএসবি সভার সার-সংক্ষেপ প্রেরণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-কে অনুরোধ করা হ'ল।

মোঃ হেদায়েতুল ইসলাম চৌধুরী
যুগ্ম-সচিব (এপিডি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
.....মন্ত্রণালয়
.....বিভাগ

নং.....

তারিখঃ.....

সুপিরিয়র সিলেকশন বোর্ডের জন্য সার-সংক্ষেপ।

বিষয় : বিসিএস (....) ক্যাডারের/....বোর্ডের/.....কর্পোরেশনের/...../....পদে (গ্রেড....) পদোন্নতির প্রস্তুতি
ব।

১। বিসিএস (....) ক্যাডারের.....পদে ক্যাডার কম্পোজিশন রুলস অনুযায়ী.....টি পদ রয়েছে। এই পদগুলি জাতীয় বেতন স্কেল/৯৭ অনুযায়ী.....গ্রেডের এবং বেতন স্কেল টাকা.....। বর্তমানে এই পদে.....জন কর্মকর্তা কর্মরত রয়েছেন। ফলে.....টি পদ শূন্য। এই শূন্য পদসমূহে পদোন্নতির প্রস্তুতি করা হচ্ছে।

২। পদ শূন্যতার কারণ : নিম্নলিখিত কারণে..... টি পদ শূন্য হয়েছেঃ—

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবী ও জন্ম তারিখ	পদ শূন্য হওয়ার তারিখ	পদ শূন্য হওয়ার কারণ
(১)	ক	১৫-১১-৯৯	এলপিআর
(২)	খ	১৪-২-২০০০	চাকরী ত্যাগ করেছেন
(৩)	গ	১১-২-২০০০	পদোন্নতি পেয়েছেন

৩। পদোন্নতির পূর্বশর্ত : বিসিএস (.....)ক্যাডারের নিয়োগবিধি.....অনুযায়ী....পদে পদোন্নতির শর্ত নিম্নরূপ :—

(ক)ক্যাডারে মোট.....বছর চাকরীর অভিজ্ঞতা

(খ) ফিডার পদে (.....পদ).....বছরের চাকরীর অভিজ্ঞতা

(গ) সন্দেহজনক চাকরীর রেকর্ড

৪। প্রস্তুতবনা :.....পদে পদোন্নতির পূর্বশর্ত পূরণকারী(.....) জন কর্মকর্তার নাম ও প্রাসংগিক তথ্য নিম্নরূপ :

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবী, জন্ম তারিখ ও শ্রেণি নং	ক্যাডারে যোগদান ও ফিডার পদে পদোন্নতি	এসিআর গড় (বৎসর)	কর্মকর্তাদের বিভাগীয়/ দুর্নীতি দমন ব্যুরো বা অন্য কোন আদালতে মামলা/ তদন্ত আছে কিনা	মন্তব্য
(১)	ঘ শ্রেণি-৪	$\frac{১২-৭-৭৪}{১৭-১১-৯৪}$	৯১.৫ (১৯৯৫- ২০০০)	না	বর্তমানে সর্ব জ্যেষ্ঠ কর্মকর্তা। পূর্ববর্তী জ্যেষ্ঠ কর্মকর্তাগণ চাকরীতে নেই।
(২)	ঙ শ্রেণি-৬	$\frac{১২-৭-৭৪}{১৭-১১-৯৫}$	৮৭ (৯৫,৯৬,৯৯)	হাঁ (বিভাগীয়+ দুর্নীতি)	শ্রেণি-৫ এর কর্মকর্তা চাকরী ত্যাগ করেছেন।
(৩)	চ শ্রেণি-৯	$\frac{১২-৭-৭৪}{১৭-১১-৯৫}$	৯৫ (১৯৯৫- ২০০০)	না	শ্রেণি-৭ এর কর্মকর্তা এলপি আর-এ গিয়েছেন। এবং শ্রেণি-৮ এর কর্মকর্তা ফিডার পদে.....বছর চাকরী করেননি।

অনুস্বাক্ষর

৫। বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য : অনুচ্ছেদ-৪ এ পদোন্নতির জন্য প্রস্তুতকৃত কর্মকর্তাদের মধ্যে ক্রমিক ১ ও ৩ এর কর্মকর্তার বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা তদন্তধীন/চালু নেই। ক্রমিক-২ এর কর্মকর্তার বিরুদ্ধে.....কারণে বিভাগীয় মামলা রুজু করার জন্য অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়েছে।

৬। দুর্নীতি সম্পর্কিত তথ্য : অনুচ্ছেদ-৪ এ পদোন্নতির জন্য প্রস্তুতকৃত কর্মকর্তাদের মধ্যে ক্রমিক নং-১ এবং ৩ এর কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরোতে কোন মামলা তদন্তধীন/চালু নেই। ক্রমিক-২ এর কর্মকর্তার বিরুদ্ধে.....সম্পর্কিত একটি অভিযোগ দুর্নীতি দমন ব্যুরোতে

অনুসন্ধানাধীন/মামলার সিদ্ধান্ত আছে। এই সংগে দুর্নীতি দমন ব্যুরো থেকে প্রাপ্ত প্রতিবেদনটি সংযোজিত করা হলো।

৭। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য : অনুচ্ছেদ-৪ এর সুপারিশকৃত কর্মকর্তাদের মধ্যে ক্রমিক-১ এবং ৩ এর কর্মকর্তা বিপিএটিসি' তে.....কোর্সে অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছেন। ক্রমিক-২ এর কর্মকর্তা বিপিএটিসিতে.....কোর্সে মনোনীত হলেও যোগদান করেননি। প্রস্তুতকৃত কর্মকর্তাদের বিভিন্ন একাডেমী, বিদেশ প্রশিক্ষণ, প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এবং বিদেশে চাকরীর বিবরণী সংলাগ-৪ এ সংযুক্ত করা হয়েছে।

৮। প্রাসংগিক অন্যান্য তথ্য :

৯। এই সার-সংক্ষেপে মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের অনুমোদন রয়েছে।

১০। ক্যাডারে এর (.....) টি শূন্য পদ অনুচ্ছেদ-৪ এ বর্ণিত কর্মকর্তাদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তুতকৃত সুপারিশের সিলেকশন বোর্ডের সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হল।

()

সচিব

সংলগ্নীসমূহ :

- সংলাগ-১ঃ কর্মকর্তাদের এসিআর এর সার-সংক্ষেপ
- সংলাগ-২ঃ বিভাগীয় ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়ের প্রতিবেদন
- সংলাগ-৩ঃ দুর্নীতি দমন ব্যুরোর প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি এবং এ সম্পর্কে মন্ত্রণালয়ের প্রতিবেদন
- সংলাগ-৪ঃ কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পর্কিত প্রতিবেদন
- সংলাগ-৫ঃ ক্যাডার কম্পোজিশন রুল
- সংলাগ-৬ঃ পদ শূন্য হওয়া সম্পর্কিত প্রজ্ঞাপনসমূহ
- সংলাগ-৭ঃ নিয়োগ বিধি
- সংলাগ-৮ঃ অর্গানোগ্রাম
- সংলাগ-৯ঃ পদ মঞ্জুরী আদেশের কপি
- সংলাগ-১০ঃ প্রস্তুতকৃত পদের বেতনক্রমের কপি
- সংলাগ-১১ঃ পূর্ণাঙ্গ গ্রেডেশন তালিকা

৫৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা

নং-সম/উনি-৪/২-৪/৯১-২৮(২০০)

তারিখ : ১৭ ভাদ্র ১৩৯৮ বাংলা
২রা সেপ্টেম্বর ১৯৯১ইং ।

পরিপত্র

বিষয় : এস এস বি-’র বিবেচনার জন্য প্রেরিত প্রস্তুত প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে অত্র মন্ত্রণালয়ের ০৭-০৮-৯১ইং (২২-০৪-৯৮বাংলা) তারিখের সম/উনি ৪/২-৪/৯১-১৫ (৫৫) নম্বর পরিপত্রের অনুবৃত্তিক্রমে এবং উহার সর্বশেষ অনুচ্ছেদের সংশোধনক্রমে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে :

- (ক) এস এস বি-’র বিবেচনার জন্য এখন হইতে ২০ সেটের পরিবর্তে ৫০ সেট সার-সংক্ষেপ সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে ।
- (খ) পদোন্নতির ক্ষেত্রে প্রতিটি শূন্য পদের বিপরীতে কমক্ষে ৫ জন কর্মকর্তার নাম প্রস্তুত করিতে হইবে । বিবেচনার যোগ্য কর্মকর্তার সংখ্যা যদি সেই অনুপাতে না থাকে, তবে কম সংখ্যক কর্মকর্তার নাম প্রস্তুত করা যাইতে পারে । শেষোক্ত ক্ষেত্রে সার-সংক্ষেপে এই ব্যাপারে সুস্পষ্ট উল্লেখ থাকিতে হইবে ।
- (গ) সার-সংক্ষেপে সংশ্লিষ্ট কর্মকর্তার দুর্নীতি, শৃংখলা, আচরণ, বিভাগীয় মামলা ইত্যাদি ব্যাপারে সুস্পষ্ট মন্ডব্য থাকিতে হইবে ।
- (ঘ) অসম্পূর্ণ প্রস্তুত প্রয়োজনীয় মন্ডব্য সহকারে ফেরত পাঠানো হইবে এবং তাহা সম্পূর্ণ করিয়া সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণের তারিখকেই সংস্থাপন মন্ত্রণালয়ে উহা প্রাপ্তির তারিখ হিসাবে গণ্য করা হইবে ।
- (ঙ) সার-সংক্ষেপে নম্বর ও তারিখ থাকিতে হইবে ।

মোঃ শফিকুল ইসলাম
উপ-সচিব (উর্ধ্বতন নিয়োগ) ।

৫৯৫

সংস্থাপন মন্ত্রণালয়
শাখা-এসএ-৩

নং এসএ-৩/১-৯/৮৫-১৮৪ (১০০)

তারিখঃ ১৬-০২-৮৫ ইং

সার্কুলার

বিষয় : সুপিরিয়র সিলেকশন বোর্ডের বিবেচনার জন্য প্রেরিত সার-সংক্ষেপ প্রসঙ্গে।

ইদানিং লক্ষ্য করা যাইতেছে যে, সুপিরিয়র সিলেকশন বোর্ডের বিবেচনার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রেরিত সার-সংক্ষেপে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব অথবা ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিবের স্বাক্ষর থাকে না।

২। তাই এই জাতীয় সার-সংক্ষেপ সংশ্লিষ্ট সচিব অথবা ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিবের স্বাক্ষরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাইতেছে।

৩। ইহা অত্র মন্ত্রণালয়ের ৬-১-৮৫ইং তারিখের এসএ-৩/১-৯/৮৫-১৯-নং সার্কুলারের অনুবৃত্তিক্রমে জারী করা হইল।

ফারুক আহমদ সিদ্দিকী

উপ-সচিব (এসএ)।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Ministry of Establishment
Section SA-III

No. SA-III/3-1/84-1026/1 (60).

Dated the 14th August, 1984.

CIRCULAR

Subject : Proposals for promotion/grant of time scale to officers of different cadre Services for consideration of the CC/SSB/SPC etc.

The number of officers of a cadre who may be granted particular scale of pay either by way of promotion to a post carrying that scale of pay or by way of granting time scale has been restricted to various percentages of that particular cadre strength vide the M/o Finance Notification No. MFP/FD(Imp)-III-1(G)-3/83-318 dated 21-12-83, issued in supersession of their Notification No. MF(ID)-III/R(G)-5/81/2927, dated 26-12-81. It is, therefore, necessary that all proposals relating to promotion/grant of time scale to officers of different cadres contain detailed information and calculation showing the validity of the proposal *viz-a-viz* the guide-line contained in the Notification of the Ministry of Finance, dated 21-12-83.

2. It is, therefore, desired that the summaries that are sent for consideration of the CC/SSB/SPC etc. for promotion/grant of time scale etc. must contain the following; additional information :-

- (a) Total prescribed cadre strength;
- (b) Number of officers who are entitled to the particular scale indicating the percentage of the cadre strength;
- (c) Number of officers already promoted to posts carrying that particular scale;
- (d) Number of officers who have already been granted that particular scale as time scale; (but not promoted).
- (e) Additional number of officers (including the proposed ones) who may be granted that particular scale either by promotion or by granting time scale.

Suhel Ahmed
Deputy Secretary.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Ministry of Establishment
Section SA-III

No. ME/SSB-56/84-970

Dated the 11th August, 1984.

CIRCULAR

Subject: Particulars/materials required to be sent with proposal for consideration of the Superior Selection Board.

It has been decided that while sending proposals for consideration of the Superior Selection Board/Council Committee on Senior Appointment, promotion and Service Structure, for promotion/appointment/Selection grade/scale/time scale etc. the administrative Ministry/Divisions will send, amongst other things, the following:—

- (a) approved seniority list of all officers in the feeder posts;
- (b) complete dossiers of a reasonable number of senior eligible officers keeping in view the number of posts to be filled in (ACRs in duplicate should not be incorporated in the dossiers);
- (c) complete dossiers of all persons eligible for time-scale/selection grade scale etc.
- (d) attach to each dossier an abstract (of the last five years) in the following forms:-

(ABSTRACT FROM ACRS)

- (i) Name of officer
- (ii) Position in the seniority/gradation list:
- (iii) Total rating (columnwise-AI, A, B, C)

1979	1980	1981	1982	1983	(1984)
------	------	------	------	------	--------
- (iv) Overall grading (by R. O.)
 - (i) Outstanding, (ii) Good, (iii) High average, (iv) Average,
 - (v) Below average (vi) Unsatisfactory.

- (v) Fitness for promotion:
 - (a) Recommended for Accelerated promotion (AP):
 - (b) Fit for promotion (FP):
 - (c) Recently promoted, time for assessment for further promotion not yet ripe (RP):
 - (d) Not yet fit for promotion (NYFP):
 - (e) Unfit for further promotion (UFP):
- (vi) Adverse comments, if any:-
- (vii) Views of countersigning officer:
(if different from R. O.)

2. The following information may also be furnished:—

- (a) Whether any enquiry is being conducted by the Bureau of Anticorruption: —
- (b) Whether any disciplinary action is pending:-
- (c) Whether any disciplinary action is Proposed:—
- (d) Whether any disciplinary action was taken in the past:-

3. All concerned are requested to kindly ensure that cases for the Superior Selection Board/Council Committee are sent to this Ministry with all the information/materials mentioned above.

Suhel Ahmed
Deputy Secretary.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং-সম/উনি-৪/২-৪/৯১-২৩

তারিখ : ০৩রা ভাদ্র ১৩৯৮ বাংলা
১৯শে আগস্ট ১৯৯১ইং ।

প্রজ্ঞাপন

বিষয় : উচ্চতর সরকারি পদে ও স্ব-শাসিত সংস্থার পদে নিয়োগ/পদোন্নতি।

সুপিরিয়র সিলেকশন বোর্ড পুনর্গঠন এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে জারীকৃত সংস্থাপন মন্ত্রণালয়ের ০২-০৪-৯১ইং (১৮-১২-৯৭বাংলা) তারিখের সম(উনি-৩)-৭৪৩/৯০-১৭১ নম্বর প্রজ্ঞাপনে কতিপয় বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা না থাকায় এবং উক্ত প্রজ্ঞাপন দ্বারা অত্র মন্ত্রণালয়ের ২৪-০৭-৮৯ইং (০৯-০৪-৯৬বাংলা) তারিখের উনি-৩/১-১৪/৮৯-৩২৫ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল করার ফলে কিছু বিভ্রান্তি অবকাশ সৃষ্টি হইয়াছে। কোন কোন মন্ত্রণালয়/বিভাগ এই সকল বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে স্পষ্টিকরণের জন্য অনুরোধ করিয়াছে।

২। অতএব উপরোক্ত প্রজ্ঞাপনদ্বয় এতদ্বারা বাতিল করা হইল এবং তৎপরিবর্তে নিম্নলিখিত বোর্ড/কমিটিসমূহ গঠন করা হইল :

(১) সুপিরিয়র সিলেকশন বোর্ড :

(ক) এই বোর্ড নিম্নোক্ত সদস্য সমন্বয়ে পুনর্গঠন করা হইল :

- | | |
|---|---------------------------------|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | সভাপতি |
| (২) মুখ্য অর্থ সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৩) কম্পিউটার এবং অডিটর জেনারেল | সদস্য |
| (৪) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য-সচিব |
| (৫) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) সচিব, আইন ও বিচার মন্ত্রণালয় | সদস্য |
| (৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সচিব | সদস্য |
| (৮) জনাব হাবিবুর রহমান
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ | সদস্য
(প্রফেশনাল/টেকনোক্রোট) |
| (৯) ডাঃ কে, এম, ফরিদউদ্দিন
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য
(প্রফেশনাল/টেকনোক্রোট) |

(খ) এই সুপিরিয়র সিলেকশন বোর্ড নিম্নবর্ণিত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করিবেঃ-

- (১) সরকারের যুগ্ম-সচিব ও তদূর্ধ্ব পদে পদোন্নতি/নিয়োগ,
- (২) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নিয়ন্ত্রণাধীন ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত এম, এন, এস, ১ম, ২য় ও ৩য় গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;
- (৩) বিভিন্ন স্ব-শাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/শ্রেণিতে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের এম, এন, এস, ১ম, ২য় ও ৩য় গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;
- (৪) সকল সরকারী দপ্তর/অধিদপ্তরের প্রধান পদে পদোন্নতি/নিয়োগ;
- (৫) উপরের (১) হইতে (৪) পর্যন্ত বিষয়ে উল্লেখিত সকল কর্মকর্তার ১ম, ২য় ও ৩য় গ্রেডের উচ্চতর টাইম স্কেল ও সিলেকশন গ্রেড; এবং
- (৬) বিভিন্ন স্ব-শাসিত সংস্থার সার্বক্ষণিক চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালনা পরিষদের সদস্য/পরিচালক পদে কর্মকর্তা নিয়োগ;

(গ) বোর্ড উহার সুপারিশ উর্ধ্বতন নিয়োগ, পদোন্নতি ও চাকুরী কাঠামো বিষয়ক মন্ত্রিপরিষদ কমিটির নিকট প্রেরণ করিবে এবং মন্ত্রিপরিষদ কমিটি উহার সুপারিশ মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ করিবে।

(ঘ) সংস্থাপন মন্ত্রণালয় সুপিরিয়র সিলেকশন বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(২) বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডঃ

(ক) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে নিম্নোক্ত সদস্য সমন্বয়ে এই বোর্ড পুনর্গঠন করা হইল :

- | | | |
|-----|---|--------|
| (১) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব | সভাপতি |
| (২) | সচিব/অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মুখ্য অর্থ সচিব/অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান | সদস্য |

(খ) এই বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড নিম্নোক্ত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করিবে :-

- (১) উপ-সচিব ব্যতীত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ এম, এন, এস ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের ক্যাডার ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত সরকারের অন্যান্য সকল পদে পদোন্নতি/নিয়োগ;
- (২) বিভিন্ন স্ব-শাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারী কর্মকর্তাগণের এম, এন, এস ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;
- (৩) সংশ্লিষ্ট অধ্যাদেশ/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্ব-শাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে পদোন্নতি/নিয়োগ; এবং
- (৪) উপরের (১) হইতে (৩) পর্যন্ত বিষয়ে উল্লেখিত সকল কর্মকর্তার এম, এন, এস, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড।

(গ) বোর্ড উহার সুপারিশ সংশ্লিষ্ট মন্ত্রীর মাধ্যমে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ করিবে।

(ঘ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এই বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৩) (ক) সরকারের উপ-সচিব পদে পদোন্নতির জন্য বর্তমান কমিটি নিম্নরূপ পুনর্গঠন করা হইল :

- | | |
|---|------------|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | সভাপতি |
| (২) সংস্থাপন সচিব | সদস্য-সচিব |
| (৩) মুখ্য অর্থ সচিব, অর্থ বিভাগ | সমস্য |
| (৪) সচিব/অতিরিক্ত সচিব পদ মর্যাদার একজন
প্রফেশনাল/টেকনোক্রেট (ডাঃ কে, এম,
ফরিদউদ্দিন অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও
পরিবার কল্যাণ মন্ত্রণালয়) | সদস্য |
| (৫) সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/
বিভাগের সচিব | সদস্য |
| (খ) এই কমিটি উহার সুপারিশ সংস্থাপন মন্ত্রীর
মাধ্যমে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ
করিবে। সংস্থাপন মন্ত্রণালয় এই বোর্ডকে | |

সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। স্ব-শাসিত সংস্থার সার্বক্ষণিক প্রধান ও পরিচালনা পরিষদের সদস্য/পরিচালক পদে নিয়োগের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮-০৮-৮৮ইং তারিখের উনি-৩/১-১১/৮৮-৭৭২ নম্বর পরিপত্র অনুসরণ করা হইবে। এই সকল পদে প্রয়োজনবোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তুতক্রমে বহিরাগতদেরকেও বিবেচনা করা হইবে। এই সকল পদে নিয়োগের আদেশ সংস্থাপন মন্ত্রণালয় হইতে জারী হইবে এবং তাহাদের আন্দোলনসংস্থা অথবা আন্দোলনমন্ত্রণালয় বদলী ও সংস্থাপন মন্ত্রণালয়ের মাধ্যমে নিয়ন্ত্রিত হইবে।

৪। অধ্যাদেশের মাধ্যমে যে সকল পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের ক্ষমতা সংশ্লিষ্ট স্ব-শাসিত সংস্থাকে দেওয়া হইয়াছে, তাহা অব্যাহত থাকিবে। এই বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬-০৪-৮৮ইং (১৩ই বৈশাখ, ১৩৯৫ বংলা) তারিখের সম(বিধি-৪)/বিবিধ-২৩/৮৮-৪৭ নম্বর পত্রে বর্ণিত নীতি অনুসরণ করিতে হইবে।

৫। সচিব ও অতিরিক্ত সচিব পর্যায়ে নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রপতির ১০% কোটা সংরক্ষণের বর্তমান নিয়ম অব্যাহত থাকিবে। তবে এইরূপ নিয়োগদানের সময় রাষ্ট্রপতি উর্ধ্বতন নিয়োগ, পদোন্নতি ও চাকুরী কাঠামো বিষয়ক মন্ত্রিপরিষদ কমিটির সুপারিশ বিবেচনা করিতে পারেন বা কমিটির মতামত গ্রহণ করিতে পারেন।

৬। পদোন্নতি, নিয়োগ, সিলেকশন গ্রেড ও উচ্চতর টাইম স্কেল প্রাপ্যতার ভিত্তিতে শুধু বার্ষিক গোপনীয় প্রতিবেদন ও সার্ভিস রেকর্ড (শৃংখলা, আচরণ, দুর্নীতি ইত্যাদি সংক্রান্ত রেকর্ড) এর ভিত্তিতে বিবেচিত হইবে। এতদসংক্রান্ত প্রস্তুতক্রম বিবেচনাকালে সংশ্লিষ্ট বোর্ড/কমিটি পৃথকভাবে কোন পরীক্ষা বা সাক্ষাতকার গ্রহণ করিবে না। তবে বি সি এস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধি, ১৯৮৬, সংশ্লিষ্ট নিয়োগবিধি অথবা অন্য কোন বিধিতে যদি কোন পরীক্ষা বা সাক্ষাতকারের ব্যবস্থা থাকে, তবে উক্ত বিধি যথারীতি অনুসরণ করিতে হইবে।

৭। সরকারি দপ্তর, অধিদপ্তর এবং বিভিন্ন স্ব-শাসিত সংস্থার সরকারি কর্মকর্তাগণের প্রেষণে নিয়োগের ক্ষেত্রে বর্তমান পদ্ধতি বহাল থাকিবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এতদ্বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়কে আনুষ্ঠানিকভাবে অনুরোধ করিলে সংস্থাপন মন্ত্রণালয় যথারীতি ব্যবস্থা গ্রহণ করিবে।

৮। পদোন্নতি, নিয়োগ, উচ্চতর টাইম স্কেল, সিলেকশন গ্রেড ইত্যাদি প্রদানের ক্ষেত্রে দুর্নীতি দমন সংস্থা হইতে কোন প্রকারের ছাড়পত্র অথবা মতামত নেওয়ার প্রয়োজন হইবে না। তবে উক্ত সংস্থা কোন সরকারী অথবা স্ব-শাসিত সংস্থার কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগ প্রাপ্ত হইলে অথবা কোন কার্য ব্যবস্থা গ্রহণ করিলে সেই সম্পর্কে জরুরী ভিত্তিতে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করিবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এই সংস্থা হইতে প্রাপ্ত তথ্য/মতামত গুরুত্বের সাথে বিবেচনা করিয়া প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে এবং পদোন্নতি ইত্যাদি বিবেচনাকালে তাহা সংশ্লিষ্ট বোর্ড/কমিটিকে অবহিত করিবে।

৯। কোন কর্মকর্তাকে পদোন্নতি, সিলেকশন গ্রেড অথবা উচ্চতর টাইম স্কেল প্রাপ্তির ক্ষেত্রে অতিক্রান্ত করা হইলে তাহাকে শুনানীর সুযোগ দেওয়া যাইতে পারে।

১০। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান
সচিব

৬০৩

সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং-সম/উনি-৪/২-৪/৯১-৯৪(২০০)

তারিখ : ১৫ই অগ্রহায়ণ ১৩৯৮ বাংলা
৩০শে নভেম্বর ১৯৯১ইং।

প্রজ্ঞাপন

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিবকে এতদ্বারা সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৮-১৯৯১ইং (৩রা ভাদ্র, ১৩৯৮ বাংলা) তারিখের সম/উনি-৪/২-৪/৯১-২৩ নম্বর প্রজ্ঞাপন দ্বারা গঠিত সুপিরিয়র সিলেকশন বোর্ডের সদস্যরূপে অন্ডর্ভুক্ত করা হইল।

প্রধানমন্ত্রীর আদেশক্রমে

মোঃ শফিকুল ইসলাম

উপ-সচিব (উর্ধ্বতন নিয়োগ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং-সম/উনি-৪/২-৪/৯১-৯৭

তারিখ : ১৯শে অগ্রহায়ণ ১৩৯৮ বাংলা
০৪ ডিসেম্বর ১৯৯১ইং ।

প্রজ্ঞাপন

বিষয় : উচ্চতর সরকারি পদে ও স্ব-শাসিত সংস্থার পদে নিয়োগ/পদোন্নতি।

উপরোক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৮-১৯৯১ইং (০৩রা ভাদ্র, ১৩৯৮ বাংলা) তারিখের
নং-সম/উনি-৪/২-৪/৯১-২৩ নম্বর প্রজ্ঞাপনের ২ (১) উপ-অনুচ্ছেদ নিম্নরূপ সংশোধন করা হইল :

(১) সুপিরিয়র সিলেকশন বোর্ড :

(ক) এই বোর্ড নিম্নোক্ত সদস্য সমন্বয়ে পুনর্গঠন করা হইল :

- | | | |
|------|--|---------------------------------|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | সভাপতি |
| (২) | মুখ্য অর্থ সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৩) | মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৪) | কম্পট্রোলার এবং অডিটর জেনারেল | সদস্য |
| (৫) | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য-সচিব |
| (৬) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, আইন ও বিচার মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব | সদস্য |
| (৯) | জনাব হাবিবুর রহমান
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
বেসামরিক বিমান পরিবহন ও
পর্যটন মন্ত্রণালয়। | সদস্য
(প্রফেশনাল/টেকনোক্রেট) |
| (১০) | ডাঃ কে, এম, ফরিদউদ্দীন
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য
(প্রফেশনাল/টেকনোক্রেট) |

(খ) সুপিরিয়র সিলেকশন বোর্ড নিম্নবর্ণিত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করিবেঃ-

- (১) সচিবালয়ের উপ-সচিব ও তদূর্ধ্ব পদে পদোন্নতি/নিয়োগ;
 - (২) বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের নিয়ন্ত্রণাধীন ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত এম, এন, এস, ১ম, ২য়, ও ৩য় গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;
 - (৩) বিভিন্ন স্ব-শাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত এবং স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের এম, এন, এস, ১ম, ২য়, ও ৩য় গ্রেডের পদে পদোন্নতি ও নিয়োগ,
 - (৪) সকল সরকারি দপ্তর এবং অধিদপ্তরের প্রধান পদে পদোন্নতি/নিয়োগ;
 - (৫) উপরের (১) হইতে (৪) পর্যন্ত বিষয়ে উল্লেখিত পদ সমূহে নিয়োজিত কর্মকর্তাগণের উচ্চতর টাইম স্কেল ও সিলেকশন গ্রেড; এবং
 - (৬) বিভিন্ন স্ব-শাসিত সংস্থার সার্বক্ষণিক প্রধান পদে এবং পরিচালনা পরিষদের বিভিন্ন পদে কর্মকর্তা নিয়োগ।
- (গ) উপ-সচিব পদে পদোন্নতি এবং উপ-সচিবগণের উচ্চতর টাইম স্কেল ব্যতিত অন্যান্য বিষয়ে বোর্ড উহার সুপারিশ উর্ধ্বতন নিয়োগ, পদোন্নতি ও চাকুরী কাঠামো বিষয়ক মন্ত্রিপরিষদ কমিটির নিকট প্রেরণ করিবে এবং মন্ত্রিপরিষদ কমিটি উহার সুপারিশ মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিবে।
- (ঘ) উপ-সচিব পদে পদোন্নতি এবং উপ-সচিবগণের উচ্চতর টাইম স্কেলের বিষয়ে বোর্ড উহার সুপারিশ উপ-সচিব সংক্রান্ত কমিটিতে পেশ করিবে।
- (ঙ) সংস্থাপন মন্ত্রণালয় সুপিরিয়র সিলেকশন বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৮-১৯৯১ইং তারিখের পূর্বোক্ত প্রজ্ঞাপনের ৬ নম্বর অনুচ্ছেদ এতদ্বারা বাতিল করা হইল। উক্ত প্রজ্ঞাপনের সকল স্থানে “রাষ্ট্রপতি” এর স্থলে “প্রধানমন্ত্রী” পড়িতে হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ হাসিনুর রহমান

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

৬০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৩ শাখা।

প্রজ্ঞাপন

নং-সম/উনি-৩-৩১১/৯১(অংশ-২)-১০৪৩

তারিখ : ১৪-১১-৯২ইং/৩০-৭-৯৯বাং।

উচ্চতর সরকারি পদে ও স্ব-শাসিত সংস্থার পদে নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত সংস্থাপন মন্ত্রণালয়ের ২১-১০-৯২ইং/৬-৭-৯৯বাং তারিখের সম(উনি-৪)-২-৪/৯১-১৩১ নম্বর প্রজ্ঞাপনের প্রেক্ষিতে সংস্থাপন মন্ত্রণালয়ের ২২-৭-৯১ইং তারিখের সম(উনি-৩)-৩১১/৯০-৩৪৬ নং প্রজ্ঞাপন সংশোধনক্রমে নিম্নোক্ত কর্মকর্তাগণ এর সমন্বয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড এতদ্বারা পুনর্গঠন করা হইল :

বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড : -

(ক)	সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সভাপতি
(খ)	অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, (নিপত্রে) সংস্থাপন মন্ত্রণালয়।	সদস্য
(গ)	অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, অর্থ বিভাগ	সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান	সদস্য

২। উক্ত “সংস্থাপন মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড ”-কে সংস্থাপন মন্ত্রণালয়ের উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। উক্ত বোর্ড সরকারের উপ-সচিবের পদ ব্যতীত সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিএস (প্রশাসন) ক্যাডারের এবং সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর ও সংস্থার ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ স্কেলের সকল পদে পদোন্নতি/টাইম স্কেল প্রদানের বিষয় বিবেচনার জন্য সুপারিশ প্রণয়ন করিবে এবং উহার চূড়ান্ত অনুমোদনের জন্য সংস্থাপন মন্ত্রণালয় সরাসরি প্রধানমন্ত্রীর নিকট পেশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং সম/ উনি-৪/২-৪/৯১-১৩১

তারিখ : ২১-১০-১৯৯২ইং
০৬-০৭-১৩৯৯বাং।

প্রজ্ঞাপন

বিষয় : উচ্চতর সরকারি পদে ও স্ব-শাসিত সংস্থার পদে নিয়োগ/পদোন্নতি।

বিগত ১৯-০৮-১৯৯১ইং/০৩-০৫-৯৮বাং/ তারিখের সম/ উনি-৪/২-৪/৯১-২৩ নম্বর প্রজ্ঞাপনের
আংশিক সংশোধনক্রমে বিভাগীয় পদোন্নতি/ নিয়োগ বোর্ড নিম্নলিখিতভাবে পূর্ণগঠন করা হইলঃ

বিভাগীয় পদোন্নতি/ নিয়োগ বোর্ডঃ-

(ক) প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ-এ নিম্নোক্ত সদস্য সমন্বয়ে এই বোর্ড পূর্ণগঠন করা হইলঃ

১.	সংশিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এর সচিব	সভাপতি
২.	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য
৩.	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব, অর্থ বিভাগ	সদস্য
৪.	সংশিষ্ট দপ্তর/ সংস্থার প্রধান	সদস্য

(খ) এই বিভাগীয় পদোন্নতি/ নিয়োগ বোর্ড নিম্নোক্ত, বিষয়ে বিবেচনা ও সুপারিশ করিবেঃ

- উপ-সচিব ব্যতীত সংশিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের অধীনস্থ জাতীয় বেতন স্কেল '৯১ এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত সরকারি দপ্তরের সমতুল্য পদে পদোন্নতি/ নিয়োগ;
- বিভিন্ন স্ব-শাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/ স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারী কর্মকর্তাগণের জাতীয় বেতন স্কেল '৯১ এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/ নিয়োগ;
- সংশি- ষ্ট অধ্যাদেশ/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্ব-শাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে পদোন্নতি/নিয়োগ; এবং
- জাতীয় বেতন' স্কেল '৯১ এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের উচ্চতর টাইম স্কেল/ সিলেকশন প্রদান।

(গ) বোর্ড উহার সুপারিশ সংশিষ্ট মন্ত্রীর মাধ্যমে প্রধান মন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিবে।

(ঘ) সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এই বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

৬০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ
উর্ধ্বতন নিয়োগ-৪ শাখা।

নং সম/উনি-৪/২-৪/৯১-৯৮

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৩৯৮ বাংলা
০৪ ডিসেম্বর ১৯৯১ইং।

প্রজ্ঞাপন

বিষয় : উচ্চতর সরকারি পদে ও স্ব-শাসিত সংস্থার পদে নিয়োগ/ পদোন্নতি।

উপরোক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৮-১৯৯১ইং (০৩রা ভাদ্র ১৩৯৮বাংলা) তারিখের
নং- সম/ উনি-৪/২-৪/৯১-২৩ নম্বর প্রজ্ঞাপনের ২(৩) উপ-অনুচ্ছেদ নিম্নরূপ সংশোধন করা হইল :

(ক) সচিবালয়ের উপ-সচিব পদে পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে সাক্ষাৎকার গ্রহণ পূর্বক সুপারিশ
করার জন্য এবং উপ-সচিবগণের উচ্চতর টাইম স্কেল বিবেচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হইলঃ

(১) সংস্থাপন প্রতিমন্ত্রী	চেয়ারম্যান
(২) মন্ত্রিপরিষদ সচিব	সদস্য
(৩) সংস্থাপন সচিব	সদস্য-সচিব
(৪) সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়	সদস্য
(৫) সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় এবং বিভাগের সচিব	সদস্য

(খ) উপ-সচিব পদে পদোন্নতি ও উপ-সচিবগণের টাইম স্কেল সংক্রান্ড এস এস বি'র
সুপারিশ এই কমিটি বিবেচনা করিবে এবং এই কমিটির সুপারিশ প্রধান মন্ত্রীর অনুমোদনের জন্য
সংস্থাপন মন্ত্রণালয় পেশ করিবে। সংস্থাপন মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান
করিবে।

২। সংস্থাপন মন্ত্রণালয়ের ১৯-০৮-১৯৯১ ইং তারিখের পূর্বোক্ত প্রজ্ঞাপনের ৬ নম্বর অনুচ্ছেদ
এতদ্বারা বাতিল করা হইল। উক্ত প্রজ্ঞাপনের সকল স্থানে “রাষ্ট্রপতি” এর স্থলে “প্রধান মন্ত্রী” পড়িতে
হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

৬০৯

(বাংলাদেশ গেজেটের ১ম খন্ডে, ১৩ই ফেব্রুয়ারি, ১৯৯২ তারিখে প্রকাশিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-২

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৫ শে মাঘ ১৩৯৮/৮ই ফেব্রুয়ারি ১৯৯২

নং সম (বিধি-২) পদোন্নতি-২/৯২-২৮-বাংলাদেশ সিভিল সার্ভিসের সকল ক্যাডারের এবং সরকারের নিয়ন্ত্রণাধীন ক্যাডার বহির্ভূত ও স্বায়ত্ত-শাসিত সংস্থার এম এন এস-৫ ও তদূর্ধ্ব বেতন স্কেলের পদে পদোন্নতির ক্ষেত্রে পর পর ৩(তিন) বার অতিক্রান্ত কর্মকর্তাগণকে পদোন্নতির জন্য বিবেচনা করার ব্যাপারে সংস্থাপন মন্ত্রণালয়ের ২২শে কার্তিক, ১৩৯৫ বাংলা/ ৬ই নভেম্বর, ১৯৮৮ ইং তারিখের সম(বিধি-২) পদোন্নতি-২/৮৮-১২৩ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা যে নিষেধাজ্ঞা আরোপ করা হইয়াছিল, তাহা সরকার এতদ্বারা প্রত্যাহার করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান

সচিব।

মোঃ শামসুল হক চিশতী
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়

ডি, ও, নং-সম(বিধি-৪)বিবিধ-২৩/৮৮-৪৭

তারিখ : ১৩ বৈশাখ ১৩৯৫ বাংলা
২৬ এপ্রিল ১৯৮৮ইং ।

বিষয় : স্ব-শাসিত সংস্থার কর্মকর্তা নিয়োগ/ পদোন্নতি সংক্রান্ত।

প্রিয় সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,

সকল বিধিবদ্ধ সংস্থার অধ্যাদেশ সাধারণতঃ নিম্নলিখিত ধারা সংযোজিত থাকে-

“The Board may, subject to the overall sanctioned strength and budgetary provisions and also subject to regulations as may be made under the Ordinance in this behalf, create such posts of officers, consultants, advisers, auditors and other employees as it considers necessary for the efficient discharge of its functions under this Ordinance and appoint them on such terms and conditions as the Board may determine.”

২। অধ্যাদেশের উপরোক্ত ধারা থেকে স্পষ্ট বুঝা যায় যে স্ব-শাসিত সংস্থার পরিচালনা বোর্ড তাদের সংস্থার সকল পদে নিয়োগ এবং পদোন্নতির ক্ষমতা রাখে। লক্ষ্য করা গেছে যে কোন কোন মন্ত্রণালয় পরিচালনা বোর্ডের উপরোক্ত ক্ষমতা খর্ব করে উচ্চতর পর্যায়ের কর্মকর্তা নিয়োগ/ পদোন্নতির ক্ষমতা মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত করেছে। এইরূপ নির্দেশ প্রদান বিধিবদ্ধ সংস্থাগুলিকে প্রদত্ত স্বায়ত্তশাসনের সাথে সংগতিপূর্ণ নয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবদের সাথে আলাপ করে জানা গেল যে তাঁরা যে অধ্যাদেশ দ্বারা সংস্থার সৃষ্টি করেছে সে অধ্যাদেশের নিম্নলিখিত ধারা বলে উপরোক্ত নিয়োগ/ পদোন্নতির ক্ষমতা মন্ত্রণালয়ে রেখেছে-

“The Government may, from time to time, issue directions to the Board to take such measures as it considers necessary for carrying out the purposes of this Ordinance; and the Board shall comply with all such directions.”

৩। এ কথা পরিষ্কার ব্যাখ্যা করা হচ্ছে যে উপরোক্ত ধারায় স্বশাসিত সংস্থার যে সকল পদে নিয়োগ/পদোন্নতির ক্ষমতা পরিচালনা বোর্ডের রয়েছে, সে ক্ষমতা উপরোক্ত ধারার দোহাই দিয়ে খর্ব করা চলবে না। উল্লেখ্য যে সরকার পরিচালনা বোর্ডের কেবলমাত্র সার্বক্ষণিক চেয়ারম্যান/ম্যানেজিং ডাইরেক্টর এবং সদস্য/পরিচালক নিয়োগ করে থাকে। সংস্থার অন্যান্য সকল পর্যায়ের কর্মকর্তা নিয়োগ/পদোন্নতির এখতিয়ার পরিচালনা বোর্ডের।

৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে যে সকল মন্ত্রণালয় পরিচালনা বোর্ডের নিয়োগ/ পদোন্নতির ক্ষমতা খর্ব করে নির্দেশ জারী করেছে, অবিলম্বে উক্ত আদেশ রহিত করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

আন্তর্ভিকভাবে আপনার

মোঃ শামসুল হক চিশতী
সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

উর্ধ্বতন নিয়োগ-৩ শাখা

নং-উনি-৩/১-১১/৮৮-৭২২(৪৭)

তারিখ : ১৩ ভাদ্র ৯৫ বাংলা
২৮ আগস্ট ১৯৮৮ইং ।

পরিপত্র

বিষয় : বিভিন্ন স্ব-শাসিত সংস্থার সার্বক্ষণিক প্রধান ও পরিচালনা মন্ডলীর সদস্য/পরিচালক পদে নিয়োগ ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সরকার সম্প্রতি বিভিন্ন স্ব-শাসিত সংস্থার সার্বক্ষণিক প্রধান ও পরিচালনা মন্ডলীর সদস্য/পরিচালক পদে নিয়োগের জন্য কর্মকর্তাগণের নিম্নরূপ যোগ্যতা নির্ধারণ করিয়াছেনঃ-

স্ব-শাসিত সংস্থায় সার্বক্ষণিক প্রধান ও পরিচালনা মন্ডলীর সদস্য/পরিচালক পদে নিয়োগ এর জন্য-

ক) (১) ঐ সংস্থার নিকটতম নিম্ন পদে ন্যূনপক্ষে ৩ (তিন)বৎসর মেয়াদের চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে এবং (২) ঐ সংস্থায় সমতুল্য/সমবেতন বা একধাপ নীচের স্কেলের (কোনক্রমেই একধাপ নীচের বেতন স্কেলের নীচে নয়) বেতন পাইতেছেন, এমন কর্মকর্তাকে উপযোগী বলিয়া গণ্য করা যাইতে পারে ।

খ) ঐ সংস্থায় উপরোক্ত শর্ত পূরণ করেন এমন কর্মকর্তা না পাওয়া গেলে, সে ক্ষেত্রে সমগোত্রীয় সংস্থার উপরোক্ত 'ক' উপ-অনুচ্ছেদে বর্ণিত অভিজ্ঞতা ও যোগ্যতার শর্ত পূরণকারী কর্মকর্তাকে ঐ নিয়োগের ব্যাপারে বিবেচনা করা যাইতে পারে । যদি সমগোত্রীয় সংস্থায় যোগ্য ব্যক্তি না পাওয়া যায় তাহা হইলে নিকটতম নিম্ন পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতার শর্ত শিথিল করিয়া উক্ত পদে কর্মরত যোগ্য কর্মকর্তাকে বিবেচনা করা যাইতে পারে । তবে সেক্ষেত্রে সংস্থার প্রধান এবং সদস্য/ পরিচালক পদের জন্য মোট চাকুরীকাল যথাক্রমে ন্যূনপক্ষে ২০(বিশ) ও ১৭(সতের) বৎসর হইতে হইবে এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণ প্রাধান্য পাইবেন । তবে বিশেষ শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ২০ (বিশ) ও ১৭(সতের) বৎসর সময়কাল শিথিল করা যাইবে । তবে উপরের (ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত বেতন স্কেলের শর্ত কোন ভাবেই শিথিল করা যাইবে না ।

গ) ডেপুটেশনে কোন সরকারি কর্মকর্তাকে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত রীতি বহাল থাকিবে ।

২। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আরও জানানো যাইতেছে যে, রুলস অব বিজনেস অনুযায়ী উপরোক্ত পদসমূহের কর্মকর্তা নিয়োগের দায়িত্ব সংস্থাপন মন্ত্রণালয়ের। প্রশাসনিক মন্ত্রণালয় ১ম অনুচ্ছেদে উল্লেখিত নীতিমালার আলোকে সুপিরিয়র সিলেকশন বোর্ড কর্তৃক শূন্য পদে নিয়োগ বিবেচনার জন্য উপযুক্ত কর্মকর্তা থাকিলে তাঁহাদের নাম, চাকুরীর বিবরণ, বার্ষিক গোপনীয় প্রতিবেদন ইত্যাদিসহ পূর্ণাঙ্গ প্রস্তাব সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। অতঃপর সংস্থাপন মন্ত্রণালয় এস এস বি'র রিজলিউশন/মন্ত্রিপরিষদ কমিটির কার্যপরিধি মোতাবেক সেই প্রস্তাবের উপর সুপিরিয়র সিলেকশন বোর্ড, মন্ত্রিপরিষদ কমিটি এবং মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ/অনুমোদন (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য) লইয়া নিয়োগ বিজ্ঞপ্তি জারী করিবে। কোন প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এইসব পদে নিয়োগ এর জন্য কর্মকর্তা নির্বাচন কিংবা সরাসরি মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ বিধিসম্মত হইবে না।

৩। স্ব-শাসিত সংস্থাসমূহের সার্বক্ষণিক প্রধান ও পরিচালনা মণ্ডলীর সদস্য/পরিচালক পদে কর্মকর্তা নিয়োগ সম্পর্কিত উক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

জাকির আহমেদ খান

উপ-সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

৬১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৩ শাখা।

নং সম/উনি-৩/২(১৪)-১/৮৮-১০৯৭

তারিখ $\frac{২৬-৮-৯৫}{১০-১২-৮৮}$ ইং।

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে কিছু কিছু ক্ষেত্রে যেমন পদোন্নতি এবং উচ্চতর টাইম স্কেল প্রদান সংক্রান্ড প্রজ্ঞাপনে সুপারিশকারী কর্তৃপক্ষ হিসাবে এস এস বি'র নাম উল্লেখপূর্বক সরকারি সিদ্ধান্ড জারী করা হচ্ছে। এ জাতীয় প্রজ্ঞাপনের সিদ্ধান্ড সম্পর্কে সুপারিশকারী কর্তৃপক্ষ হিসাবে এস এস বি'র নাম উল্লেখ থাকা কথা নয়। এ জাতীয় সিদ্ধান্ড যে কর্তৃপক্ষের মাধ্যমেই প্রক্রিয়া করা হোক না কেন, উহা সরকারি সিদ্ধান্ড।

এমতাবস্থায় এস এস বি'র সুপারিশক্রমে যে সকল পদোন্নতি অথবা টাইম স্কেল প্রদানের সিদ্ধান্ড সরকার কর্তৃক গৃহীত হয়, সে সকল ক্ষেত্রে প্রজ্ঞাপনে সংশিষ্ট মন্ত্রিপরিষদ কমিটি অথবা এস এস বি'র সুপারিশের বিষয় উল্লেখ না করার জন্য নির্দেশক্রমে সংশিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

(জাকির আহমেদ খান)
উপ-সচিব (উনি)
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সম/বিধি-১/এস-৭/৯২-২০২(২০০)

তারিখঃ ১৩-৮-৯২ ইং
২৯-৮-৯৯ বাংলা ।

বিষয় : বিভাগীয় নির্বাচন কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের ০৫-০৯-৮৯ ইং তারিখের সম/আর-১/এস-৩৩/৮৯-২২৪(৪৫০) নং
স্মারক।

সূত্রোক্ত স্মারক মারফত ৩য় শ্রেণীর পদ পূরণের নিমিত্তে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/
অধিদপ্তর/পরিদপ্তর অফিসের জন্য কমিটির গঠন কাঠামো প্রদান করা হইয়াছে। কিন্তু দেখা যায় যে,
কমিটির সকল সদস্যবর্গকে অধিকাংশ ক্ষেত্রে শুধুমাত্র মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হয়।
শূন্যপদে লোক নিয়োগের ব্যাপারে বাছাই পদ্ধতি নিরূপন, জেলা কোঠা অনুসরণ প্রভৃতি দায়িত্ব
কমিটির উপরে বর্তায়।

২। অতএব, কমিটির কার্যক্রমের সকল পর্যায়ে কমিটির সকল সদস্যকে অবহিত রাখিয়া পরবর্তী
কার্যক্রমগ্রহণ করা বাঞ্ছনীয়। সরকারের এই সিদ্ধান্তই যথাযথভাবে বাস্তবায়ন করিতে এবং প্রশাসনিক
নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করিতে অনুরোধ করা হইল।

(আতহার ইসলাম খান)

যুগ্ম-সচিব (বিধি)।

৬১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সম/আর-১/এম-১১/৯০-১৬২(২৫০)

তারিখঃ ১০-৫-১৯৯০ ইং
২৬-০১-১৩৯৬ বাংলা ।

বিষয় : নির্বাচন/বাছাই কমিটি গঠন প্রসঙ্গে।

সুপিরিয়র সিলেকশন বোর্ড বিকেন্দ্রীকরণের পর ২৪-০৭-৮৯ ইং তারিখের উনি-৩/১-১৪/৮৯-৩২৫ নং স্মারক মারফত ১ম, ২য়, ৩য় গ্রেডের পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ে “বিভাগীয় উচ্চতর পদোন্নতি/নিয়োগ বোর্ড” এবং ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ গ্রেডে পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ে “বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড” গঠন করা হইয়াছে।

২। ২৮-১২-৮৯ ইং তারিখের সম/আর-১এম-২০/৮৯-৩২৪ (২০০) নং স্মারক মারফত ৭ম, ৮ম, ৯ম গ্রেডে পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির গঠন কাঠামো প্রদান করা হইয়াছে।

৩। ৫-৯-৮৯ ইং তারিখের সম/আর-১/এস-৩৩/৮৯-২২৪(৪৫০) নং স্মারকে তৃতীয় শ্রেণীর সকল শূন্য পদ সরাসরি ও পদোন্নতির মাধ্যমে পূরণের বিষয়ে দুইটি কমিটির গঠন কাঠামো/ছক প্রদান করা হইয়াছে। উল্লেখ্য যে, ৪র্থ শ্রেণীর পদ পূরণের বিষয়টিও উক্ত ৫-৯-৮৯ ইং তারিখের আদেশ মোতাবেক বিবেচিত হইয়া থাকে।

৪। এখন প্রশ্ন উঠিয়াছে যে, ১০ম গ্রেড (বেতনক্রম টাঃ ১৩৫০-২৭৫০/=, ২য় শ্রেণী) পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের বিষয়টি কোন কমিটির মাধ্যমে বিবেচিত হইবে। ১০ম গ্রেড হইতেছে ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীতে পদোন্নতি। ১ম শ্রেণীর ন্যায় ২য় শ্রেণীর পদে পদোন্নতি কর্ম কমিশনের আওতাধীন। এইক্ষেত্রে কোন কমিটির সুপারিশ কর্মকমিশনের জন্য বাধ্যকর নহে। প্রশাসনিক মন্ত্রণালয় এই ধরনের কেসে অর্থাৎ ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীর পদে পদোন্নতি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র কর্ম কমিশনে প্রেরণ করিয়া কর্মকমিশনের পরামর্শ মোতাবেক কার্যক্রম গ্রহণ করিবেন।

(আতহার ইসলাম খান)

উপ-সচিব (বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সম/আর-১/এস-৩৩/৮৯-২২৪(৪৫০)

তারিখঃ ৫-০৯-১৯৯৮ ইং
২১-০৫-১৩৯৬ বাংলা ।

বিষয় : বিভাগীয় নির্বাচন কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র :-

- ১। সংস্থাপন মন্ত্রণালয়ের ৬-১২-৮৬ইং তারিখের স্মারক নং সম/আর-১/এস-৯/৮৬-৩২৪(২৫০)
- ২। " " ৭-১২-৮৭ইং তারিখের স্মারক নং সম/আর-১/এস-৯/৮৭-২৭৪(৪৫০)
- ৩। " " ৬-২-৮৮ইং তারিখের স্মারক নং সম/আর-১/এস-২/৮৮-২৯(৪৫০)

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী রাজস্ব বাজেটভুক্ত সকল তৃতীয় শ্রেণীর পদ সরাসরি/পদোন্নতির দ্বারা পূরণের জন্য প্রার্থী বাছাইয়ের দায়িত্ব বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের পরিবর্তে বাছাই/নির্বাচন কমিটির উপর ন্যস্ত করার পরিপ্রেক্ষিতে উপরে উলিখিত ৬-২-৮৮ ইং তারিখের স্মারকে বাছাই/নির্বাচন কমিটির নিম্নোক্ত ছক সংযোজিত করা হয়।

(১)	উপ-সচিবমন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়)	আহবায়ক/সভাপতি
(২)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব শাখা.....সংস্থাপন মন্ত্রণালয়। (সংস্থাপন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসাবে)	সদস্য
(৩)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব শাখা.....মন্ত্রণালয়/বিভাগ (অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ এর একজন প্রতিনিধি হিসাবে)	সদস্য
(৪)	বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়)	সদস্য
(৫)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (শাখা.....মন্ত্রণালয়/বিভাগ) (সংশ্লিষ্ট মন্ত্রণালয়)	সদস্য-সচিব

২। এক্ষণে দেখা যাইতেছে যে, বিভিন্ন পরিদপ্তর/অধিদপ্তরের ক্ষেত্রে উক্ত ছক প্রয়োগ করিতে অসুবিধার সৃষ্টি হইয়াছে, কারণ অধিকাংশ পরিদপ্তর/অধিদপ্তরে উপ-সচিব পদ নাই। এই অসুবিধা দূরীকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে উপরে উল্লিখিত ছকটি মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। পরিদপ্তর/অধিদপ্তরের ক্ষেত্রে নিম্নোক্ত ছক অনুযায়ী বাছাই/নির্বাচন কমিটি গঠন করা যাইতে পারে :—

(১)	পরিচালক (উপ-সচিবের সম বা উর্ধ্ব মর্যদা সম্পন্ন কর্মকর্তা অথবা উপ-সচিবের সমক্ষেলে বা তদূর্ধ্ব ক্ষেলে বেতন আহরণকারী কর্মকর্তা)	আহবায়ক/সভাপতি
(২)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব শাখা..... সংস্থাপন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসাবে)	সদস্য
(৩)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব শাখা..... মন্ত্রণালয়/বিভাগ (প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসাবে)	সদস্য
(৪)	বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়)	সদস্য
(৫)	উপ-পরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর)	সদস্য-সচিব

এই স্মারক জারীর পর হইতে উপরোল্লিখিতভাবে কমিটি গঠন করা হইলে উহাতে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের প্রয়োজন হইবে না কেবল অফিস আদেশের অনুলিপি অত্র মন্ত্রণালয়ের অবগতির জন্য প্রেরণ করা যাইতে পারে।

৩। যে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকার বাহিরে অবস্থিত সে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিতে বাংলাদেশ সচিবালয়ে নিয়োজিত কর্মকর্তাদের মধ্য হইতে কাহাকেও সদস্য হিসাবে অর্ন্তর্ভুক্ত করা হইলে অনেক সময় তাহাদের পক্ষে উক্ত কমিটির বৈঠকে অংশগ্রহণ করা সম্ভব হয় না। এই প্রেক্ষিতে ঢাকার বাহিরে গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটিতে সংস্থাপন মন্ত্রণালয়ের পক্ষে সচিবালয়ে কর্মরত সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিবদের স্থলে জেলা অফিসে কর্মরত অতিরিক্ত জেলা প্রশাসক প্রতিনিধিত্ব করিতে পারিবেন। এই ব্যাপারে জেলা প্রশাসক প্রতিনিধি মনোনয়ন দান করিবেন। তদরূপ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয় প্রয়োজন হইলে ঢাকার বাহিরে অবস্থিত কমিটি সমূহে তাহাদের বিভাগীয় অফিস হইতে প্রতিনিধি মনোনয়ন দিতে পারেন।

৪। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিতে অসুবিধাজনক সদস্যদের কেহ কেহ অনেক সময় নির্ধারিত বৈঠকে অনুপস্থিত থাকার দরুন কমিটির কাজ ব্যাহত হয়। ইহার ফলে একদিকে যেমন বিভিন্ন স্থান হইতে আগত প্রার্থীগণ অসুবিধার সন্মুখীন হন অপরদিকে তেমনি শূন্য পদে কর্মচারী নিয়োগের কাজ বিলম্বিত হয়। অতএব কমিটির সকল সদস্য যাহাতে বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির বৈঠকে নিয়মিত উপস্থিত থাকেন তাহা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা যাইতেছে। সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর হইতে সময়ে সময়ে কমিটির বৈঠকের যে নোটিশ জারী করা হয় তাহা যাহাতে সংশ্লিষ্ট সকল সদস্যগণ যথাসময়ে পান তাহার প্রতি লক্ষ্য রাখার জন্যও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তরকে অনুরোধ করা যাইতেছে।

৫। প্রশাসনিক বিভাগ ও জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর ও তাহাদের আওতাধীন অফিসসমূহে যে সকল নন-গেজেটেড পদ নিজেরা পূরণ করিয়া থাকেন, তাহার জন্য প্রার্থী বাছাইয়ের দায়িত্ব ২৪-৪-৭৬ইং তারিখের ইডি/আর-১/এম-৫/৭৬-৫৯ নম্বর অফিস আদেশের মাধ্যমে Divisional Selection Board-এর উপর ন্যস্ত করা হইয়াছে। উক্ত আদেশ বা Divisional Selection Board এখনও বলবৎ আছে। উক্ত বোর্ড নিম্নোক্ত শ্রেণীর নন গেজেটেড পদে নিয়োগ ও পদোন্নতি বিবেচনা করিবেনঃ—

- (১) বিভিন্ন অধিদপ্তর ও পরিদপ্তরের বিভাগীয় পর্যায়ের পদ সমূহ যাহা অধিদপ্তর/পরিদপ্তর প্রধান কর্তৃক কেন্দ্রীয়ভাবে পূরণ করা হয় না।
- (২) জেলা ও অধীনস্থ দপ্তরসমূহের পদসমূহ।

৬। বিভাগীয় নির্বাচন কমিটি (Departmental Selection Committee) গঠন সংক্রান্ত পূর্বে জারীকৃত সিদ্ধান্তসমূহের সংশোধনক্রমে এই সিদ্ধান্ত জারী করা হইল।

মোঃ শামসুল হক চিশ্তী
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং স:ম:/আর-১/এম-২/৮৮-২৯(৪৫০)
১৯৮৮

তারিখ ২২ মাঘ, ১৩৯৪/৬ ফেব্রুয়ারি,

বিষয় : বিভাগীয় নির্বাচন কমিটি।

সংস্থাপন মন্ত্রণালয় হইতে জারীকৃত ৬-১২-১৯৮৬ তারিখের স:ম:/আর-১/এস-৯/৮৬-৩২৪(২৫০) এবং ৭-১২-১৯৮৭ তারিখের স:ম:/আর-১/এস-৯/৮৭-২৭৪(৪৫০) নম্বর স্মারকদ্বয়ের উল্লেখ্যে আদিষ্ট হইয়া নিম্নস্বাক্ষরকারী কর্তৃক জানানো যাইতেছে যে, উপরোক্ত স্মারক দুইটি জারী হওয়ার পর হইতে এ যাবৎ তৃতীয় শ্রেণীর পদ পূরণের জন্য কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর, স্মারক/অফিস আদেশ/প্রজ্ঞাপন জারীর মাধ্যমে তাহাদের তৃতীয় শ্রেণীর পদ পূরণের জন্য সংশ্লিষ্ট নির্বাচন কমিটি গঠন করিয়া উহার উপর সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি/অনুমোদন চাহিয়াছেন; আবার কোন কোন মন্ত্রণালয়/বিভাগ তাহাদের অধীনস্থ তৃতীয় শ্রেণীর পদ পূরণের জন্য নির্বাচন কমিটির কাঠামো প্রস্তুত করিয়া উহার উপর অত্র মন্ত্রণালয়ের সম্মতি/অনুমোদন চাহিয়াছেন।

২। গঠিত এবং প্রস্তুতবিত এই সব কমিটির একটির সহিত অপরটির অনেক ক্ষেত্রে কাঠামোগত গড়মিল এবং ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হয়। এই প্রেক্ষিতে এই কমিটি গঠন যাহাতে ইউনিফর্ম হয় তাহার জন্য এতদসংগে সংযোজিত মডেল/ছক অনুসারে অফিস আদেশ জারীর মাধ্যমে সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটি গঠন করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরকে পরামর্শ দেওয়া যাইতেছে এবং এই প্রসংগে নিম্নলিপি বদ্ধ দিক নির্দেশনা অনুসৃতব্য:

(ক) এই কমিটি রাজস্ব বাজেটভুক্ত তৃতীয় শ্রেণীর পদ সরাসরি নিয়োগ/ পদোন্নতি দ্বারা পূরণের জন্য প্রার্থী/পদোন্নতি যোগ্য ফিডার পদধারী বাছাই এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইমস্কেল মঞ্জুরী ক্ষেত্রে সুপারিশ প্রদান করিবে।

(খ) এই কমিটি তৃতীয় শ্রেণীর পদে সরাসরি/পদোন্নতি নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করিবে।

(গ) এই কমিটিতে সংস্থাপন মন্ত্রণালয়ের একজন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব সদস্য হিসাবে অন্ডর্ভুক্ত থাকিবে। ইহার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ হইতে

২-২-১৯৮৭ তারিখের জারীকৃত স:ম:(এডি-১)-৬/৮৭-১১৩ নম্বর অফিস আদেশের (কপি সংযোজিত) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর এই বাছাই/নির্বাচন কমিটিসমূহে অত্র মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করার জন্য সদস্য মনোনয়ন করা হইয়াছে। একই প্রতিনিধি কর্মকর্তাকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ-এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এর সংশ্লিষ্ট নির্বাচন কমিটির সদস্য হিসাবেও অল্‌ডুর্ভুক্ত করা যাইতে পারে।

(ঘ) অত্র মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রতিনিধি অল্‌ডুর্ভুক্ত করার ব্যাপারে, যদি সম্ভব হয় কমিটি গঠনের পূর্বেই,

সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অন্য যে কোন মন্ত্রণালয়/বিভাগ-এর সহিত যোগাযোগক্রমে তাহা ঠিক করিয়া লইতে পারেন।

(ঙ) ৪র্থ শ্রেণীর পদ হইতে তৃতীয় শ্রেণীর পদে পদোন্নতির জন্য ফিডার পদধারী বাছাই ও সুপারিশ প্রদান ও এই কমিটির দায়িত্ব।

(চ) ৪র্থ শ্রেণীর পদ পূরণের জন্য প্রার্থী বাছাই ও সুপারিশ প্রদান এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে সুপারিশ প্রদান-এর জন্য বাছাই/নির্বাচন কমিটি গঠনের জন্য কোন সরকারি সিদ্ধান্ত সংস্থাপন মন্ত্রণালয় হইতে জারী করা হয় নাই, তবে কোন মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করিলে তৃতীয় শ্রেণীর পদের জন্য গঠিত নির্বাচন কমিটি দ্বারা এই কাজটিও করাইতে পারেন অথবা তাহাদের সুবিধা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

(ছ) প্রকল্পের বিভিন্ন শ্রেণীর পদ পূরণের জন্য নির্বাচন কমিটি গঠনের ব্যাপারে সংস্থাপন মন্ত্রণালয় হইতে কোন সরকারি সিদ্ধান্ত জারী করা হয় নাই। সুতরাং প্রকল্পের নিয়োগ বিধি অনুসারে প্রকল্পের পদ পূরণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগই নির্বাচন কমিটি গঠন করিতে পারেন। এইক্ষেত্রে মন্ত্রণালয়ের সম্মতি/অনুমোদন গ্রহণের প্রয়োজন নাই।

মোঃ শামসুজ্জাহা

উপ-সচিব (বিধি)

সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা (বিধি-১)

নং সংমঃ/আর-১/এস-৯/৮৬-৩২৪(২৫০)

তারিখ ৬ ডিসেম্বর, ১৯৮৬

বিষয় : বিভাগীয় নির্বাচন কমিটি।

বর্তমানে কার্যকর বিভিন্ন নিয়োগ বিধি অনুসারে এবং ১৯৭৯ সালের বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (কনসালটেশন) রেগুলেশনস অনুযায়ী যে সকল তৃতীয় শ্রেণীর পদ পূরণের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ প্রয়োজন সেই সব পদগুলি কমিশনের আওতা বহির্ভূত করা হইয়াছে। আওতা বহির্ভূতকরণের আদেশ পৃথকভাবে জারী করা হইয়াছে।

২। ইহার ফলে তৃতীয় শ্রেণীর পদ পূরণের জন্য প্রার্থী বাছাই-এর দায়িত্ব বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের পরিবর্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তরে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি'র (Departmental Promotion Committee) উপর ন্যস্ত হইয়াছে।

৩। অতএব সরকার এই মর্মে সিদ্ধান্ত প্রদান করিয়াছেন যে, এখন হইতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে এবং দপ্তরে বর্তমানে যে বিভাগীয় নির্বাচন কমিটি (Departmental Promotion Committee) গঠিত আছে উক্ত কমিটিতে সংস্থাপন মন্ত্রণালয় ও অন্য কোন মন্ত্রণালয় হইতে অন্ততঃ একজন প্রতিনিধি থাকিবে। সম্ভব হইলে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন ও এই কমিটিসমূহে প্রতিনিধি পাঠাইবে।

৪। সরকারের উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করিতে এবং এই স্মারকের প্রাপ্তি স্বীকারের অনুরোধ করা হইল।

মোঃ শামসুল হক চিশ্তী
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF ESTABLISHMENT

REGULATION WING

SECTION-1

No. ME1/RI/M-2/84-262(100)

Dated, Dhaka, the 4th July, 1984

(ক) ১০% মহার্ঘ্য ভাতা নির্ধারণের জন্য পেনশনারগণ নিজ নিজ পি, পি, ও সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিলের পরিবর্তে সরাসরি সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করবেন।

(খ) ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কোন সিনিয়র অফিসার বা তদূর্ধ্ব পর্যায়ের কোন কর্মকর্তা এতদসংক্রান্ত ১০% হারে মহার্ঘ্য ভাতা প্রদানজনিত স্মারকের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক পেনশনারের পি, পি, ও এবং ডি-হাফ এ তার প্রাপ্ত “নীট পেনশন” এর উপর ১০% মহার্ঘ্য ভাতা নির্ধারণ করে তার স্বাক্ষরের নীচে নিজ নাম সম্বলিত সীলমোহর প্রদান করবেন, এবং

(গ) ১০% মহার্ঘ্য ভাতা নির্ধারণের তথ্যাদি পেনশন পুনর্ভরনের দাবী পরিশোধকারী হিসাব রক্ষণ অফিসকে সংশ্লিষ্ট ব্যাংক তাৎক্ষণিকভাবে অবহিত করবেন এবং হিসাব রক্ষণ অফিস এভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তার অফিসে এতদসংক্রান্ত কাগজাদি হালনাগাদ করে রক্ষণাবেক্ষণ করবেন।

৩। এ আদেশের প্রাধিকারে পেনশন সংক্রান্ত বিধি/পদ্ধতি আদেশ/স্মারকের সংশ্লিষ্ট অংশ সংশ্লিষ্ট হয়েছে বলে গণ্য হবে।

স্বাক্ষর/-

(এ, বি, এম, আবুল কাশেম)

যুগ্ম-সচিব (প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
 প্রবিধি অনুবিভাগ
 প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি/২০০৮/১৮১

তারিখ : ১৬-৯-২০০৮ খ্রিঃ
০১-৬-১৪১৫বাং

বিষয় : পেনশনভোগী সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান সমূহের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সামরিক বাহিনীর সদস্যদেরকে ১লা জুলাই, ২০০৮ তারিখ হইতে নীট পেনশনের উপর ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ্য ভাতা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : বাস্‌ড্রায়ন-৪ শাখার ০১-৭-২০০৮ খ্রিঃ (১৭-৩-১৪১৫ বাং) তারিখের অম/অবি/বাস্‌ড-৪/বিবিধ ২২ (মঃভাতা)/২০০৮/১০৯/(১০০০) নং পত্র।

সরকার কর্তৃক ০১-০৭-২০০৮ খ্রিঃ তারিখ হইতে ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ্য ভাতা ঘোষণার কারণে তাহা নির্ধারণের জন্য সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী এবং সামরিক বাহিনীর সকল অবসরপ্রাপ্ত সদস্যদের মধ্যে যে সকল পেনশনার ব্যাংকের মাধ্যমে পেনশন উত্তোলন করিয়া থাকেন, তাদের পি,পি,ও (Pension Payment Order) এবং ডি-হাফ (Disbursers) তদরূপ প্রচলিত নিয়মানুসারে হিসাব রক্ষণ অফিসে দাখিল করতে হয়। এর ফলে ঘোষিত মহার্ঘ্য ভাতা প্রাপ্তিতে বিলম্ব বা জটিলতা সৃষ্টি হতে পারে :

২। পেনশনারদের অসুবিধা দূরীকরণের লক্ষ্যে সরকার সিদ্ধান্তগ্রহণ করেছে যে :—

(ক) ২০ (বিশ) শতাংশ মহার্ঘ্যভাতা নির্ধারণের জন্য পেনশনারগণ নিজ পি, পি, ও সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসে দাখিলের পরিবর্তে সরাসরি সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করবেন,

(খ) ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কোন সিনিয়র অফিসার বা তদূর্ধ্ব পর্যায়ের কোন কর্মকর্তা এতদসংক্রান্ত ২০ (বিশ) শতাংশ হারে মহার্ঘ্য ভাতা প্রদানজনিত স্মারকের নম্বর ও তারিখ উল্লেখ পূর্বক পেনশনারের পি, পি, ও এবং ডি-হাফ এ তার প্রাপ্ত “নীট পেনশন” এর উপর ২০ (বিশ) শতাংশ মহার্ঘ্য ভাতা নির্ধারণ করে তার স্বাক্ষরের নীচে নিজ নাম সম্বলিত সীলমোহর প্রদান করবেন। এবং

(গ) ২০ (বিশ) শতাংশ মহার্ঘ্য ভাতা নির্ধারণের তথ্যাদি পেনশন পুনর্ভরনের দাবী পরিশোধকারী হিসাব রক্ষণ অফিসকে সংশ্লিষ্ট ব্যাংক তাৎক্ষণিকভাবে অবহিত করবেন এবং হিসাব রক্ষণ অফিস এভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তার অফিসে এতদসংক্রান্ত কাগজাদি হালনাগাদ করে রক্ষণাবেক্ষণ করবেন।

৩। আদেশের প্রাধিকারে পেনশন সংক্রান্ত বিধি/পদ্ধতি আদেশ/স্মারকের সংশ্লিষ্ট অংশ সংশোধিত হয়েছে মর্মে গণ্য হবে।

(মোঃ জালাল উদ্দিন)

৮৭—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫

তারিখঃ ১৪ মাঘ ১৪১৫
২৭ জানুয়ারি ২০০৯

স্মারক

বিষয় : বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরী ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ প্রসঙ্গে।

অবসর গ্রহণকারী সরকারি চাকুরে ও সরকারি চাকুরের মৃত্যুর ক্ষেত্রে তাঁহাদের পরিবারবর্গের অবসরজনিত সুবিধাদি সঠিক সময়ে প্রাপ্তি নিশ্চিত করিবার লক্ষ্যে সরকার অর্থ বিভাগের ২৩-০৬-১৪০৮ বাং/০৮-১০-২০০১খ্রিঃ তারিখের স্মারক নং-অম/অবি/বিধি-১/৩পি-২৬/৮৬ (অংশ-২)/১৩৫ এর মাধ্যমে জারিকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরী সংক্রান্ত প্রচলিত বিধি/পদ্ধতি সহজীকরণ আদেশ পর্যালোচনাপূর্বক পেনশন মঞ্জুরী ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি আরও অধিকতর সহজীকরণ করিয়া উক্ত স্মারকটি নিম্নরূপভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :—

২.০০। অবসরজনিত পেনশন :

২.০১। কল্যাণ কর্মকর্তা মনোনয়ন :

(ক) অবসরগ্রহণকারী সরকারি চাকুরেদের পেনশন কেস প্রক্রিয়াকরণে সহায়তা করিবার জন্য প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর পেনশন কেস প্রক্রিয়াকরণে সরাসরি সম্পৃক্ত একজন কর্মকর্তাকে কল্যাণ কর্মকর্তা হিসাবে মনোনয়ন নিশ্চিত করিয়া অর্থ বিভাগকে অবহিত করিবে।

(খ) দায়িত্বপ্রাপ্ত কল্যাণ কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল ও টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবার জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় ছক সম্বলিত নির্দেশনা জারি করিবে। কল্যাণ কর্মকর্তা পেনশনারদের অডিট আপত্তি ও বিভাগীয় মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণসহ এই সহজীকরণ আদেশের ২.০৪, ২.০৬, ২.০৭ এবং ২.১১ অনুচ্ছেদে বর্ণিত কার্যাবলী নিয়মিতভাবে সম্পাদনের/সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করিবেন। ইহা ছাড়াও তিনি পেনশনারের বিষয়ে প্রাপ্ত যাবতীয় আপত্তি ২.০৫, ৪.১১ ও ৪.১৩ অনুচ্ছেদ অনুসারে মীমাংসা/নিষ্পত্তি করিবার উদ্যোগ গ্রহণ করিবেন (সংযোজনী-৯খ)।

(গ) কল্যাণ কর্মকর্তার সম্পাদিত কাজের পরিমাণ বিবেচনায় অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে (বি.এস.আরপার্ট-১ এর বিধি ৬২(বি) অনুসারে প্রণোদনা (Incentive) ভাতার ব্যবস্থা করিতে হইবে। কল্যাণ কর্মকর্তা প্রতি অর্থ বৎসরে অনধিক ৫টি কেস নিষ্পত্তি করিলে প্রাপ্ত মূল বেতনের

৪০%, অনধিক ১০টি কেস নিষ্পত্তি করিলে ৬০%, অনধিক ১৫টি কেস নিষ্পত্তি করিলে ৮০% এবং ১৬টি বা তদধিক সংখ্যক কেস নিষ্পত্তি করিলে ১০০% প্রণোদনা ভাতা পাইবেন।

২.০২। নন-গেজেটেড চাকুরেদের সার্ভিস বুক ও চাকুরী বৃত্তান্ত সংরক্ষণ :

(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, নন-গেজেটেড চাকুরেদের ২(দুই) কপি সার্ভিস বুক যথাযথভাবেপূরণ করিয়া প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে হালনাগাদ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সার্ভিস বুক-এ কোন ঘষামাজা/অস্পষ্টতা গ্রহণযোগ্য হইবে না, সকল এন্ট্রি স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে। সার্ভিস বুক-এ জন্ম তারিখ সংখ্যায় ও কথায় লিখিতে হইবে। মূল সার্ভিস বুক নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসে রক্ষিত থাকিবে, তবে উক্ত চাকুরে বদলী হইলে সার্ভিস বুক-এর মূল কপিটি চাকুরের বদলীকৃত কর্মস্থলে প্রেরণ করিতে হইবে। দ্বিতীয় কপিটি সংশ্লিষ্ট চাকুরের নিকট হস্তান্তর করিতে হইবে। কোন সংগত কারণ ব্যতীত সার্ভিস বুক ফেব্রুয়ারি মাসের মধ্যে হালনাগাদ না করিলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

(খ) সার্ভিস বুক-এর পাশাপাশি নন-গেজেটেড সরকারি চাকুরেদের কম্পিউটারাইজড চাকুরি বৃত্তান্ত নির্ধারিত ফরম্যাটে (সংযোজনী-১০) প্রশাসনিক কর্তৃপক্ষ সংরক্ষণ ও নিয়মিতভাবে হালনাগাদ করিবেন। সরকারি চাকুরেদের চাকুরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা : নিয়োগ, চাকুরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড, এলপিআর, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি যাবতীয় তথ্য সার্ভিস বুক-এর মতই ধারাবাহিকভাবে চাকুরি বৃত্তান্তে অন্তর্ভুক্ত করিতে হইবে। চাকুরি বৃত্তান্তে সরকারি চাকুরের বিরুদ্ধে উত্থাপিত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় তথ্যও যথাযথভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। সরকারি চাকুরে বদলী হইলে বদলীকৃত কর্মস্থলে সার্ভিস বুক-এর মূল কপির সহিত প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত চাকুরি বৃত্তান্তে অনুলিপিও প্রেরণ করিতে হইবে।

(গ) চাকুরি বৃত্তান্তে সরকারি বাড়ীভাড়া সংক্রান্ত প্রত্যয়নপত্র না থাকার তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) ও সরকারি আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।

(ঘ) সংশ্লিষ্ট নন-গেজেটেড চাকুরের বদলীর সময় অডিট কোড-এর এপেনডিক্স-৩ এর ৫ম অুনচ্ছেদ অনুযায়ী এলপিসি-র প্রয়োজনীয় সকল ঘর উপযুক্ত তথ্য সহকারে যথাযথভাবে পূরণ করিতে হইবে। এলপিসি যথাযথভাবে পূরণ না করিবার কারণে সরকারি পাওনা সংক্রান্ত তথ্য অনুদঘাটিত থাকিলে এলপিসি জারিকারী কর্তৃপক্ষ দায়ী হইবেন। বদলীকৃত চাকুরে কর্মস্থল হইতে অব্যাহতি প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এলপিসি পরবর্তী কর্মস্থলের হিসাবরক্ষণ অফিস ও উহার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ নিশ্চিত করিতে হইবে। কম্পিউটারাইজড চাকুরি বৃত্তান্ত সংরক্ষণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের অধিক্ষেত্র বহির্ভূত স্থানে চাকুরের বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক

স্বাক্ষরিত চাকুরি বৃত্তান্তে বদলীকৃত কর্মস্থলের প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট প্রেরণপূর্বক অনুলিপি হিসাবরক্ষণ অফিসে একই সময়ে প্রেরণ করিতে হইবে।

২.০৩। কর্মকর্তাদের চাকুরী বৃত্তান্ত সংরক্ষণ :

(ক) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর গেজেটেড সরকারি চাকুরে/কর্মকর্তাদের চাকুরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা-কর্মকর্তাদের নিয়োগ, চাকুরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড, এলপিআর, অবসর গ্রহণ, মৃত্যু ইত্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী (সংযোজনী-১১) কম্পিউটারে ধারাবাহিকভাবে 'চাকুরির বৃত্তান্ত' সংরক্ষণ করিবেন। প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে চাকুরি বৃত্তান্তে কম্পিউটারে বাৎসরিক ভিত্তিতে হালনাগাদ করিতে হইবে।

(খ) চাকুরি বৃত্তান্তে সরকারি চাকুরের বিরুদ্ধে উত্থাপিত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় তথ্যও যথাযথভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। ইহাতে সরকারি বাড়ী ভাড়া সংক্রান্ত প্রত্যয়নপত্র না থাকিবার তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং সরকারি আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।

(গ) কর্মকর্তার বদলীর সময় অডিট কোড-এর এপেনডিক্স ৩ এর ৫ম অনুচ্ছেদ অনুযায়ী এলপিসি-র প্রয়োজনীয় সকল ঘর উপযুক্ত তথ্য সহকারে যথাযথভাবে পূরণ করিতে হইবে। এলপিসি যথাযথভাবে পূরণ না করিবার কারণে সরকারি পাওনা সংক্রান্ত তথ্য অনুদঘাটিত থাকিলে এলপিসি জারিকারী কর্তৃপক্ষ দায়ী হইবেন। বদলীকৃত চাকুরে কর্মস্থল হইতে অব্যাহতি প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এলপিসি পরবর্তী কর্মস্থলের হিসাবরক্ষণ অফিস ও উহার অনুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করিতে হইবে। কম্পিউটারাইজড চাকুরি বৃত্তান্ত সংরক্ষণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের অধিক্ষেত্র বহির্ভূত স্থানে কর্মকর্তার বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত চাকুরি বৃত্তান্ত বদলীকৃত কর্মস্থলের প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট প্রেরণ পূর্বক অনুলিপি হিসাবরক্ষণ অফিসে একই সময়ে প্রেরণ করিতে হইবে।

২.০৪। অবসর গ্রহণকারীদের অগ্রিম তালিকা প্রণয়ন ও প্রেরণ :

(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের সরকারি চাকুরীদের মধ্যে যাঁহারা পরবর্তী পঞ্জিকাভবর্ষে অবসর প্রাপ্তি ছুটিতে যাইবেন কল্যাণ কর্মকর্তা তাঁহাদের তালিকা ফরম্যাট (সংযোজনী-১২) অনুযায়ী প্রস্তুত এবং ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি জানুয়ারি, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসে) হালনাগাদ করিয়া ইহার অনুলিপি সংশ্লিষ্ট চাকুরের দপ্তর প্রধান, হিসাবরক্ষণ অফিস ও আবাসন পরিদপ্তরে (সরকারি বাসায় বসবাসকারীদের ক্ষেত্রে) অবসর প্রাপ্তি ছুটি আরম্ভের তারিখের কমপক্ষে এক বৎসর পূর্বে প্রেরণ নিশ্চিত করিবেন।

(খ) উক্ত তালিকার সঙ্গে অডিট আপত্তি ও বিভাগীয় মামলার তথ্যসহ হালনাগাদ কম্পিউটারাইজড চাকুরি বৃত্তান্তে (প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) অনুলিপি সংযোজন করিতে হইবে।

(গ) অনির্দিষ্ট অডিট আপত্তির বিষয়ে ২.০৫ (গ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উপযুক্ত ক্ষেত্রে কার্যকর নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট অডিট

আপত্তিসমূহের তালিকা ও জড়িত কর্মকর্তা/কর্মচারীগণের নাম, ঠিকানা ৪.১১ অনুচ্ছেদে বর্ণিত অডিট আপত্তি সেলে প্রেরণ করিতে হইবে।

২.০৫। অবসর গ্রহণের পূর্বে প্রত্যাশিত শেষ বেতনপত্র (Expected Last Pay Certificate) (ইএলপিসি) জারি :

(ক) সরকারি চাকুরে অবসর প্রস্তুতি ছুটিতে গমনের ১১(এগার) মাস পূর্বে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা তাঁহার “অবসর প্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে” এবং “অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে” শেষ আহরণযোগ্য/নির্ধারণযোগ্য প্রত্যাশিত বেতন উল্লেখপূর্বক ইএলপিসি (Expected Last Pay Certificate) (সংযোজনী-১) জারি করিবেন। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক জারিকৃত নন- গেজেটেড চাকুরের ইএলপিসি সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে। ইএলপিসি-র সংগে ১(এক) মাস পূর্বে প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরদানক্রমে প্রেরিত চাকুরি বৃত্তান্তের অনুলিপি সংযুক্ত করিতে হইবে। চাকুরি বৃত্তান্তে অনিষ্পত্তিকৃত অডিট আপত্তি, বিভাগীয় মামলার তথ্য থাকিলে তাহা ইএলপিসি-তে ক্রমিক ৪(ড)-এ লাল কালিতে উল্লেখ করিতে হইবে।

(খ) অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত কোন বার্ষিক বেতনবৃদ্ধি থাকিলে তারিখসহ বর্ধিত বেতনের পরিমাণ উক্ত বেতনপত্রে উল্লেখ করিতে হইবে। অবসরপ্রস্তুতি ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে প্রাপ্য ছুটি, ভবিষ্য তহবিলের সুদসহ জমা এবং সরকারের পাওনা সংক্রান্ত তথ্যাদি অগ্রিম হিসাব করিয়া উক্ত ইএলপিসি-তে অন্তর্ভুক্ত করিতে হইবে। ইএলপিসি প্রাপ্তির পর চাকুরি সংক্রান্ত কোন পরিবর্তন ঘটিলে প্রশাসনিক কর্তৃপক্ষ হালনাগাদ চাকুরি বৃত্তান্ত হিসাবরক্ষণ অফিস ও সংশ্লিষ্ট চাকুরের কাছে প্রেরণ নিশ্চিত করিবেন। ইএলপিসি-এর ৪নং ক্রমিকে বর্ণিত তথ্য সম্পর্কে পরবর্তীতে আর কোন আপত্তি সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে দাবীকারী প্রতিষ্ঠান উত্থাপন করিতে পারিবে না। এই বিষয়ে ৪.০৪ অনুচ্ছেদ এর সংশ্লিষ্ট বর্ণনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(গ) প্রশাসনিক কর্তৃপক্ষ অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ পর্যালোচনা করিয়া নিদিষ্ট সময় সীমার মধ্যে অডিট অধিদপ্তরে (প্রযোজ্য ক্ষেত্রে) জবাব প্রেরণ করিবেন। প্রয়োজনে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সহিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এই ক্ষেত্রে অডিট অধিদপ্তরসমূহ সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিবে। কল্যাণ কর্মকর্তা এই বিষয়ে ফোকাল পয়েন্ট বিবেচিত হইবেন।

২.০৬। অবসর প্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্পগ্রান্ট), ভবিষ্য তহবিল স্থিতি এবং পেনশনের আবেদন দাখিল ও মঞ্জুরীর সময়সীমা :

(ক) ইএলপিসি প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট চাকুরে প্রাপ্যতা সাপেক্ষে অবসরপ্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্পগ্রান্ট), ভবিষ্য তহবিলের স্থিতি ও পেনশন মঞ্জুরির আবেদন নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। পেনশনের আবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) মাসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ উক্ত চাকুরের সার্ভিস বুক (প্রযোজ্য ক্ষেত্রে) ও চাকুরি বৃত্তান্ত

হালনাগাদ করিবেন এবং ইএলপিসি ও এলপিআর-এ গমনের তারিখের পূর্বের ৩ (তিন) বছরের রেকর্ডের ভিত্তিতে তাহার নিকট সরকারের দেনা/পাওনা অগ্রিম হিসাব করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে না-দাবী প্রত্যয়নপত্র সংগ্রহ করিবেন। অর্জিত ছুটির হিসাব নিরূপণক্রমে প্রাপ্য এলপিআর ও নগদায়নের জন্য ছুটির পরিমাণ নির্ধারণ করিবেন। প্রশাসনিক কর্তৃপক্ষ সরকারের আদায়যোগ্য অর্থের হিসাব নিরূপণ করিয়া তাহা আদায়ের ব্যবস্থা করিবেন।

(খ) উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়া কর্তৃপক্ষ ৩ (তিন) মাসের মধ্যে সরকারি চাকুরের অবসরপ্রস্তুতি ছুটি, ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরী ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি করিবেন। কল্যাণ কর্মকর্তাকেও অনুরূপ জারির তথ্য অবহিত করিবেন।

(গ) পেনশন পরিশোধ পত্র (পিপিও) জারির জন্য পেনশন মঞ্জুরির কাগজপত্র সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

(ঘ) কর্তৃপক্ষ (অফিস প্রধান) সংশ্লিষ্ট চাকুরের আবেদনপত্রে তিনি যেই তারিখে (এলপিআর-এ গমনের ৬ (ছয়) মাসের উর্ধ্বে নহে) ভবিষ্য তহবিল বাবদ জমা ও সুদ উত্তোলনের ইচ্ছা প্রকাশ করিবেন সেই তারিখ পর্যন্ত সুদসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) ভবিষ্য তহবিল স্থিতি প্রদানের আদেশ জারি করিবেন। কল্যাণ কর্মকর্তাকে জারির তথ্য অবহিত করিতে হইবে।

(ঙ) আবেদনপত্রে সংশ্লিষ্ট চাকুরে ২.১৩ অনুচ্ছেদ অনুযায়ী পেনশন সমর্পণের পরিমাণসহ তিনি হিসাবরক্ষণ অফিস বা ব্যাংক এর কোন স্থান বা শাখা হইতে পেনশন উত্তোলনে আগ্রহী তাহা উল্লেখ করিবেন। ব্যাংক হইতে উত্তোলনের ক্ষেত্রে ব্যাংক এ্যাকাউন্ট নম্বর উল্লেখ করিতে হইবে।

২.০৭। ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট), ভবিষ্য তহবিলের জমা ও আনুতোষিকের পাওনা বাবদ অগ্রিম তারিখের (Post Dated) চেক প্রদান :

(ক) ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরি ও ভবিষ্য তহবিল স্থিতি আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট চাকুরে বিল দাখিল করিবেন। বিল প্রাপ্তির পর প্রাপ্য ছুটির (সর্বোচ্চ ১২ মাসের মূল বেতনের সমপরিমাণ) নগদায়ন অর্থাৎ লাম্প গ্র্যান্ট-এর অর্থ এবং সর্বমোট ভবিষ্য তহবিলের স্থিতি হিসাবরক্ষণ অফিস সংশ্লিষ্ট চাকুরের এলপিআর-এ গমনের ২ (দুই) মাস পূর্বে অগ্রিম তারিখের (Post Dated) চেকের মাধ্যমে তাহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধান এলপিআর-এ যাইবার ১ (এক) মাস পূর্বে উক্ত চেক সংশ্লিষ্ট চাকুরেকে হস্তান্তর করিবেন।

(খ) পেনশন মঞ্জুরির কাগজপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে কাগজপত্র পরীক্ষা করিয়া পেনশন নির্ণয় সংক্রান্ত হিসাব যথাযথভাবে যাচাইপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস পেনশন পরিশোধ পত্র

(পিপিও) জারি করিবেন। আনুতোষিকের টাকার চেক অবসরগ্রহণের ২ (দুই) মাস পূর্বে অগ্রিম তারিখের (Post Dated) চেকের মাধ্যমে পিপিওসহ সংশ্লিষ্ট চাকুরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধানের নিকট প্রেরণ করিবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধান সংশ্লিষ্ট চাকুরের অবসর গ্রহণের ১ (এক) মাস পূর্বে পিপিও ও আনুতোষিকের চেক সংশ্লিষ্ট চাকুরেকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করিবেন। সংশ্লিষ্ট চাকুরে যে তারিখে অবসর গ্রহণ করিবেন সেই তারিখের উল্লেখক্রমে এই অগ্রিম তারিখের (Post Dated) চেক ইস্যু করিতে হইবে।

(গ) হিসাবরক্ষণ অফিস উপর্যুক্ত সকল অগ্রিম তারিখের (Post Dated) চেক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধানের কাছে প্রেরণের অগ্রায়ন পত্রের (Forwarding letter) অনুলিপি সরকারি চাকুরেকে এবং কল্যাণ কর্মকর্তাকে প্রদান করিবে। উপরে বর্ণিত সময়ে অগ্রিম তারিখের (Post Dated) চেকসমূহ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধানের নিকট প্রেরণে হিসাবরক্ষণ অফিস সমর্থ না হইলে প্রতিটি কেস-এ বিলম্বের কারণ ব্যাখ্যাপূর্বক প্রাসঙ্গিক তথ্য সংশ্লিষ্ট চাকুরের এলপিআর/অবসর-এ গমনের অনধিক ৭(সাত) দিনের মধ্যে অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ ও হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয়কে হিসাবরক্ষণ অফিস কর্তৃক রেজিস্টার্ড এডি যুক্ত পত্রের মাধ্যমে জানাইতে হইবে।

(ঘ) তবে On line লেনদেন ব্যবস্থা চালুকরণে অবকাঠামো প্রস্তুত করিয়া সরকারি অনুমতি জারির পর মাসিক পেনশন কর্মকর্তা/কর্মচারীগণের ব্যাংক একাউন্টে স্বয়ংক্রিয়ভাবে জমা করিবার ব্যবস্থা নেওয়া হইবে।

২.০৮। কর্তব্যে অবহেলার কারণে শাস্তিভুলক ব্যবস্থা :

পেনশন মঞ্জুরির সহিত জড়িত কোন চাকুরে যদি নির্ধারিত সময়সীমা অনুযায়ী পেনশন কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তিভুলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

২.০৯। প্রেষণে থাকাকালীন সময়ে লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন :

দেশের অভ্যন্তরে বিভিন্ন স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন/রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক/অর্থলগ্নী প্রতিষ্ঠান/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ের জন্য সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন সরকারি খাতে জমা দেওয়ার বর্তমান প্রথা বিলুপ্ত করা হইল। এই সুবিধা পূর্বের প্রেষণে নিয়োজিত সরকারি চাকুরেদের জন্যও প্রযোজ্য হইবে। তবে বিদেশী সরকার/সংস্থায় প্রেষণে কর্মরত সরকারি চাকুরেদের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন প্রদানের প্রথা প্রচলিত বিধি অনুযায়ী যথারীতি চালু থাকিবে।

২.১০। বিতর্কিত চাকুরীকাল :

বিতর্কিত চাকুরিকাল বাদ দিয়া অবশিষ্ট পেনশনযোগ্য চাকুরি ২৫ (পঁচিশ) বৎসর অথবা তদূর্ধ্বের ক্ষেত্রে পূর্ণ হারে পেনশন মঞ্জুর করিতে হইবে। বিতর্কিত চাকুরিকালের কারণে পেনশন আটক রাখা যাইবে না।

২.১১। পেনশন কেইস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন ও মনিটরিং :

(ক) নির্ধারিত সময়সূচি অনুযায়ী পেনশন মঞ্জুরি কার্যক্রম সম্পন্ন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট প্রশাসনিক/পেনশন মঞ্জুরকারী অফিস ও হিসাবরক্ষণ অফিসের উর্দ্ধতন কর্মকর্তা মনোনীত কল্যাণ কর্মকর্তার মাধ্যমে নিয়মিত মনিটরিং করিয়া পরিদর্শন বহিতে মন্ডব্য লিপিবদ্ধ করিবেন।

(খ) সকল আয়ন বা ব্যয়ন কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত ৩ (তিন) মাসে জারিকৃত প্রত্যাশিত শেষ বেতন পত্র (ইএলপিসি), পেনশন পরিশোধ আদেশ (পিপিও) ও অন্যান্য তথ্য সম্বলিত (সংযোজনী-৯ক) একটি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি, এপ্রিল, জুলাই এবং অক্টোবর) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (হিসাবরক্ষণ অফিসগুলি সিজিএ-এর মাধ্যমে এবং মন্ত্রণালয়/বিভাগগুলি স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এর প্রশাসন শাখার মাধ্যমে) অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগে নিয়মিত প্রেরণ করিবেন।

২.১২। সাময়িক (Provisional) পেনশন প্রদান :

যে সকল পেনশন কেইস না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে নিষ্পত্তি করা সম্ভব হয় না সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরের/উত্তরাধিকারীর আবেদনক্রমে প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট পেনশন সাময়িকভাবে প্রদান করিতে হইবে। পরবর্তীকালে অনধিক ৬(ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করিয়া পেনশন কেইসটি চূড়ান্ত করিবেন। অন্যথায় উক্ত ৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর সাময়িকভাবে প্রদত্ত নীট পেনশন, পেনশনারের নিজস্ব বিবরণীর ভিত্তিতে চূড়ান্ত করিতে হইবে এবং আনুতোষিকের বাকী অংশ পরিশোধ করিতে হইবে।

২.১৩। পেনশন সমর্পণ :

বর্তমানে একজন চাকুরে তাঁহার গ্রস পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হন। যে সকল চাকুরে ০১-০৬-১৯৯৪ তারিখে অথবা তাঁহার পরে অবসর গ্রহণ করিয়াছেন/করিবেন, তাঁহারা ইচ্ছা প্রকাশ করিলে অবশিষ্ট গ্রস পেনশনের ৫০ ভাগও একবারে সমর্পণ করিয়া উহার পরিবর্তে প্রচলিত বিনিময় হারের অর্ধেক হারে আনুতোষিক গ্রহণ করিতে পারিবেন। উক্ত অবশিষ্ট ৫০ ভাগ গ্রস পেনশন একবারে সমর্পণের বিষয়টি পেনশনারের প্রথম আবেদনপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে, পরবর্তী সময়ে বা খন্ড খন্ডভাবে কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

৩.০০। পারিবারিক পেনশন :

৩.০১। উত্তরাধিকারী মনোনয়ন :

পারিবারিক পেনশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে চাকুরিতে থাকা অবস্থায় অথবা পরবর্তী যে কোন সময়ে তাঁহার পরিবারের যে কোন এক বা একাধিক সদস্যকে তাঁহার পারিবারিক পেনশনের সম্পূর্ণ বা অংশ বিশেষের উত্তরাধিকারী মনোনীত করিতে পারিবেন। মনোনয়নের অবর্তমানে পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদানের ক্ষেত্রে তাঁহার সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬(৪০)-এফ অনুসরণে উত্তরাধিকারী নির্ণয় করিবেন। মৃত পেনশনারের স্ত্রী/স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে স্থানীয় পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে কাউন্সিলর-এর সার্টিফিকেটের ভিত্তিতে সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে (সংযোজনী-৩)। কোর্ট হইতে সাকসেশন সার্টিফিকেট প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না।

৩.০২। পুত্র ও বিবাহিতা কন্যা সন্তানের বয়সসীমা :

পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়স সীমা ২১ হইতে ২৫ বৎসরে উন্নীত করা হইল। প্রচলিত বিধানের যেই সকল ক্ষেত্রে পুত্র সন্তানের কোন বয়সসীমা বর্তমানে উল্লেখ্য নাই, সেই সকল ক্ষেত্রে বয়স নির্বিশেষে সকল পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। যেমনঃ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬-৪-১৯৫৯ তারিখের স্মারক নং ২৫৬৬ (৪০)-এফ-এর অনুচ্ছেদ ৫(২)(এ)(i) মোতাবেক পেনশন গ্রহণের জন্য কোন যোগ্য ব্যক্তি না থাকিলে অনুচ্ছেদ ৫(২)(এ)(ii)-এর অনুসরণে ২৫ বৎসরের অধিক বয়স্ক জীবিত জ্যেষ্ঠপুত্র পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে, পেনশনারের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে শুধুমাত্র উক্ত সময়কাল পূর্তি পর্যন্ত তিনি পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। ২৫ বৎসরের উর্দে পুত্র সন্তানের প্রাপ্যতার অনুরূপ শর্তে মৃত বেসামরিক সরকারি কর্মকর্তা/কর্মচারির বিবাহিতা কন্যা/কন্যাগণ প্রচলিত বিধিগত পদ্ধতিতে ও হারে পেনশন/আনুতোষিক প্রাপ্য হইবে।

৩.০৩। অবিবাহিতা/বিধবা/তালাকপ্রাপ্তা কন্যার বয়সসীমা :

পেনশনারদের অবসর গ্রহণের তারিখ হইতে মোট ১৫ বৎসর মেয়াদকাল পূর্তির কোন সময়কাল অবশিষ্ট থাকিলে এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে অবশিষ্ট সময় কালের জন্য অবিবাহিতা/বিধবা/তালাকপ্রাপ্তা কন্যার বয়স নির্বিশেষে সর্বোচ্চ ১৫ বৎসর মেয়াদ কালের অবশিষ্ট সময় কাল পূর্তি পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

৩.০৪। প্রতিবন্ধী সন্তান :

বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২নং আইন) এর ২নং ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী সন্তান ০১-৬-১৯৯৪ তারিখ হইতে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে, উক্ত আইনের ১৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্রের অনুলিপি পেনশন পেপারের সহিত জমা দিতে হইবে।

৩.০৫। বিধবা স্ত্রীর ক্ষেত্রে :

পূর্বে প্রচলিত নিয়ম অনুযায়ী যে সকল বিধবা স্ত্রী ০১-৬-১৯৯৪ তারিখে পারিবারিক পেনশনন পাইতেন/প্রাপ্ত হইতেন অথবা পরবর্তী সময়ে প্রাপ্য হইবেন, তাঁহারা পুনর্বিবাহ না করিলে ০১-৬-১৯৯৪ তারিখ হইতে পূর্ণহারে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। তবে তাঁহারা পেনশন সমর্পণ করিতে পারিবেন না।

৩.০৬। অবসর গ্রহণের পরে মৃত্যুর ক্ষেত্রে পারিবারিক পেনশনের হার :

৮৮—

জন চাকুরে অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে তাঁহার পরিবার যে হারে পারিবারিক পেনশন প্রাপ্য হইতেন, অবসর গ্রহণের পর মৃত্যুবরণ করিলে ০১-৬-১৯৯৪ তারিখ হইতে একই হারে তাঁহার পরিবার/মনোনীত উত্তরাধিকারী পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন।

৩.০৭। আত্মহত্যার ক্ষেত্রে পেনশন :

আত্মহত্যার কারণে মৃত চাকুরের পরিবারকে (যদি থাকে) স্বাভাবিক মৃত্যুর ন্যায় প্রচলিত বিধি অনুযায়ী পারিবারিক পেনশন ও আনুতোষিক প্রদান করিতে হইবে।

৪.০০। পেনশন সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী :

৪.০১। জরুরী ভিত্তিক পেনশন প্রদান :

বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর, স্বেচ্ছায় অবসর, মৃত্যুজনিত কারণে পেনশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে প্রশাসনিক কর্তৃপক্ষ এবং পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে হিসাবরক্ষণ অফিস সকল আনুষ্ঠানিকতা সমাপনাল্লেড় পেনশন মঞ্জুরি ও পিপিও জারি করিবেন। অন্যথায় এই স্মারকের ২.১২ অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক পেনশন প্রদান করিতে হইবে।

৪.০২। বার্ষিক গোপনীয় প্রতিবেদন :

পেনশন মঞ্জুরির ক্ষেত্রে সরকারী চাকুরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

৪.০৩। প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ :

প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত জন্ম তারিখ, নমিনি (মনোনীত উত্তরাধিকারী), প্রতিস্বাক্ষর, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ (সংযোজনী-৬) ইত্যাদি হিসাবরক্ষণ অফিসে পুনঃযাচাই ব্যতিরেকেই গৃহীত হইবে। তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করিলে তাহা গ্রহণ যোগ্য হইবে না।

৪.০৪। বাড়ীভাড়া সংক্রান্ত দাবী নিষ্পত্তি :

(ক) অবসর প্রস্তুতি ছুটির আদেশ জারির এক মাসের মধ্যে হিসাবরক্ষণ অফিস/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সকল দেনা-পাওনার হিসাব প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট কর্মচারি সর্বশেষ তিন বছর যেই সকল

দপ্তরে কাজ করিয়াছেন অনাপত্তির জন্য সেই সকল দপ্তরে এবং আবাসন, বিদ্যুৎ (সরকারি বাসায় বসবাস করিলে), টেলিফোন ইত্যাদির ক্লিয়ারেন্স এর জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করিবে। সংশ্লিষ্ট দপ্তর পত্র প্রাপ্তির ২১ দিনের মধ্যে অনাপত্তি পত্র দিবে বা পাওনা/আপত্তি থাকিলে তাহা বিস্মৃত্যে জানাইবে। পাওনাদি থাকিলে উক্ত পাওনাদি পরিশোধের পর ২১ দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করিতে হইবে। ২১ দিনের মধ্যে ক্লিয়ারেন্স সার্টিফিকেট অথবা মতামত প্রদান না করিলে পাওনাদি যথাযথভাবে পরিশোধিত হইয়াছে গণ্য করিয়া পেনশন মঞ্জুর করিতে হইবে। সরকারি পাওনার বিষয় যথাসময়ে না জানানো হইলে সংশ্লিষ্ট দপ্তরের এই বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিই দায়ী থাকিবেন। ঐ দপ্তরের অনাপত্তি পাওয়া গেলে ২১ দিনের মধ্যে, ও না পাওয়া গেলে তাহা উল্লেখসহ পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে পেনশন মঞ্জুরিপত্র হিসাবরক্ষণ অফিসে পাঠাইতে হইবে।

(খ) সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক বাড়ীভাড়া আদায় নিশ্চিত করিতে হইবে। অবসর গ্রহণের তারিখের পর অতিরিক্ত সময়ের জন্য বাসা বরাদ্দ প্রদান করা হইলে আবাসন পরিদপ্তর/বাসা বরাদ্দকারী সংস্থা অনাপত্তিপত্র প্রদান করিবে। এই ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখের পরবর্তী সময়ে বাসার সংশ্লিষ্ট সরকারি পাওনা আদায় ঐ সংস্থা নিশ্চিত করিবে।

৪.০৫। ডি-হাফ ও পিপিও :

(ক) পেনশনের পিপিও-তে তাঁহার উত্তরাধিকারীর নাম, পেনশনারের সহিত সম্পর্ক, বৈবাহিক অবস্থা ও বয়স ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে। পিপিও এবং ডি-হাফ এর সহিত সংযোজনী-২ মোতাবেক উপরিউক্ত তথ্যাবলী অবশ্যই সংযুক্ত করিতে হইবে। চাকুরে/অবসরপ্রাপ্ত চাকুরে জীবিত থাকা অবস্থায় সংযোজনী-২ মোতাবেক তথ্যাদি সরবরাহ না করিলে পারিবারিক পেনশনের আবেদনকারীকে সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি দাখিল করিতে হইবে এবং সংযোজনী-৭ মোতাবেক তথ্যাদি পিপিও এবং ডি-হাফ এর সহিত অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

(খ) হিসাবরক্ষণ অফিস ডি-হাফ (Disburser's half) এবং পিপিও (Pension Payment Order) যথাযথভাবে পূরণ করা নিশ্চিত করিবে। কাগজের মান উন্নত করা এবং পেনশন বইটি ভালোভাবে বাঁধানোর ব্যবস্থা সংস্থাপন মন্ত্রণালয় গ্রহণ করিবে।

৪.০৬। ঢাকা মহানগরীর পেনশনারগণের পেনশন প্রদান :

ঢাকা জেলা হিসাবরক্ষণ অফিস হইতে বর্তমানে যাঁহারা পেনশন উত্তোলন করেন তাঁহাদের পেনশন হিসাব মহা-নিয়ন্ত্রক (সিজিএ) সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার (সিএও) কার্যালয় কর্তৃক প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪.০৭। পেনশন ফরম :

এই আদেশ জারির তারিখ হইতে সংশোধিত পেনশন ফরম (সংযোজনী-৪) এবং পারিবারিক পেনশন ফরম (সংযোজনী-৫) ব্যবহৃত হইবে। সংস্থাপন মন্ত্রণালয় প্রয়োজনীয় ও পর্যাপ্ত ফরম সরবরাহের ব্যবস্থা করিবে। ফরমে উলিখিত তথ্যের বাহিরে আর কোন তথ্য অবসর গ্রহণকারী/উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না। সংযোজনী ফরম-৪ এবং ৫ ভিন্ন রং এর হইবে। পারিবারিক পেনশনের জন্য উত্তরাধিকারীর নমুনা-স্বাক্ষর পেনশন ফরমে সংযোজন করা হইবে।

৪.০৮। অনুভোলিত পেনশন এবং বকেয়া পেনশন প্রদানের পদ্ধতি :

(ক) পেনশনার কোন কারণে এক বৎসর বা তদূর্ধ্ব সময় পেনশনের টাকা উত্তোলন করিতে না পারিলে এবং পরবর্তীতে তাহা উত্তোলন করিতে চাহিলে পেনশন অনুভোলিত/বকেয়া থাকিবার কারণ সংবলিত আবেদন প্রধান/জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে যিনি তাঁহার অফিসে প্রাপ্ত পিপিও এবং ডি-হাফ-এর ভিত্তিতে অনুভোলিত বকেয়া পেনশন পরিশোধ করিতে পারিবেন। এই ক্ষেত্রে পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নূতনভাবে অনুমোদন/মঞ্জুরি গ্রহণের প্রয়োজন হইবে না।

(খ) যে সকল পেনশনার ব্যাংক হইতে পেনশন উত্তোলন করেন তাঁহাদের ক্ষেত্রে প্রধান/জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবেন অথবা মতামত প্রদান করিবেন। উক্ত সময়ের মধ্যে নিষ্পত্তি বা মতামত প্রদান না করিলে আবেদনকারীর আবেদন মোতাবেক যুক্তিসংগত দাবী পরিশোধ করিতে হইবে। বর্ণিত ৭ (সাত) দিনের মধ্যে মতামত না দেওয়ার কারণে সরকারের কোন আর্থিক ক্ষতি হইলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর নিকট হইতে ব্যাখ্যা চাওয়া যাইতে পারে।

৪.০৯। পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজ পত্রাদি :

(ক) চাকুরের নিজেসব অবসর গ্রহণের ক্ষেত্রে : আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না :

- | | |
|--|-------|
| (১) নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/
গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকুরির বিবরণী- | ১ কপি |
| (২) এলপিআর-এ গমনের মঞ্জুরি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- | ১ কপি |
| (৩) প্রত্যাশিত শেষ বেতনপত্র/শেষ বেতনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- | ১ কপি |
| (৪) পেনশন ফরম ২.১ (সংযোজনী-৪)- | ১ কপি |
| (৫) সত্যায়িত ছবি- | ৪ কপি |
| (৬) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (সংযোজনী-২)- | ৩ কপি |

(৭) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- ৩ কপি

(৮) না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)- ১ কপি

(৯) পেনশন মঞ্জুরি আদেশ- ১ কপি

(খ) পারিবারিক পেনশনের ক্ষেত্রে : আনুতোষিক ও অবসরভাতা পাইবার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না। তবে প্রতিবন্ধী সম্প্রদায়ের অনুকূলে পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.০৪ অনুসরণে নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্র হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে।

(খ) (১) পেনশন মঞ্জুরির পূর্বেই পেনশনারের মৃত্যু হইলে :

১. নন- গেজেটেড চাকুরীদের ক্ষেত্রে সার্ভিস বুক/গেজেটেড চাকুরীদের ক্ষেত্রে চাকুরির বিবরণী- ১ কপি

২. এলপিআর-এ গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ১ কপি

৩. প্রত্যাশিত শেষ বেতন পত্র/শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ১ কপি

৪. পারিবারিক পেনশনের আবেদনপত্র ফরম ২.১ (সংযোজনী-৫)- ১ কপি

৫. সত্যায়িত ছবি- ৪ কপি

৬. উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)- ৩ কপি

৭. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- ৩ কপি

৮. অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)- ৩ কপি

৯. চিকিৎসক/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র- ১ কপি

১০. না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)- ১ কপি

১১. পেনশন মঞ্জুরি আদেশ- ১ কপি

(খ) (২) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলে :

১. পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)- ১ কপি

২. সত্যায়িত ছবি- ৪ কপি

৩. উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)- ৩ কপি

৪. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)- ৩ কপি

৫.	অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)-	৩ কপি
৬.	চিকিৎসক/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র-	১ কপি
৭.	পিপিও এবং ডি-হাফ-	১ কপি

৪.১০। ভবিষ্য তহবিলের সুদ :

যে সকল ব্যক্তি ভবিষ্য তহবিলে জমা টাকার উপর সুদ গ্রহণ করিতে অনিচ্ছুক তাঁহাদের ভবিষ্য তহবিলের সুদ এর পরিবর্তে সরকারের তরফ হইতে চাদা/অনুদান প্রদানের বিষয় পরবর্তীকালে বিবেচনা করা হইবে।

৪.১১। অডিট আপত্তি নিষ্পত্তি :

(ক) ২০৫ অনুচ্ছেদে বর্ণিত ব্যবস্থা ছাড়াও অবসরে গমনকারী সরকারি চাকুরীদের অনিষ্পত্তিকৃত অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সি এন্ড এজি অফিসের দায়িত্বশীল কর্মকর্তার নেতৃত্বে কেন্দ্রীয়ভাবে একটি ভিন্ন অডিট সেল গঠন করিয়া ৩ (তিন) মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির সময়সীমা বাঁধিয়া দিতে হইবে। তবে কোন কারণে আপত্তি নিষ্পত্তিযোগ্য না হলে উহার কারণ প্রশাসনিক কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট চাকুরেকে অডিট সেল অবহিত করিবে। সাধারণভাবে ৩ (তিন) মাসের মধ্যে কোন মতামত পাওয়া না গেলে পেনশন মঞ্জুরি প্রদান করিতে হইবে। অডিট আপত্তিতে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক যদি কোন ব্যক্তিকে দায়ী করা না হয় তবে উক্ত আপত্তির জন্য কোন ব্যক্তির পেনশন আটকাইয়া রাখা যাইবে না। অডিট সেল গঠনের বিষয়টি অবিলম্বে বাস্তবায়ন করিতে হইবে। অডিট সেল আগামী ৩ (তিন) মাসের মধ্যে পুরাতন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিবে।

(খ) কেন্দ্রীয় অডিট সেল প্রতিটি অডিট অধিদপ্তরের অডিট নিষ্পত্তি কার্যক্রমের অগ্রগতি প্রতিমাসে পর্যালোচনাক্রমে উপযুক্ত নির্দেশনা প্রদান করিবে।

৪.১২। পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ :

অর্থ বিভাগ কর্তৃক ২০০৫ সনে জারিকৃত আর্থিক ক্ষমতা পুনঃ অর্পণ আদেশের ৩৫ ও ৩৬ নং অনুচ্ছেদ সংশোধনক্রমে পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হইবে।

(১) পরিচালক পর্যায়ের নিচের সকলের ক্ষেত্রে পরিচালক পর্যায়ে, পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে মহাপরিচালক/চেয়ারম্যান এবং মহাপরিচালক/চেয়ারম্যান পর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় অবসর ও পেনশন মঞ্জুরির আদেশ প্রদান করিবেন।

(২) যেই সকল ক্যাডারের ব্যবস্থাপনা প্রশাসনিক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেই সকল ক্যাডারের ক্ষেত্রে যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব কর্মকর্তাদের অবসর ও পেনশন মঞ্জুরি আদেশ অতিরিক্ত সচিব/সচিব প্রদান করিবেন। অন্যান্য সকল কর্মকর্তার অবসর ও পেনশন মঞ্জুরির আদেশ যুগ্ম-সচিব প্রদান করিবেন।

(৩) মন্ত্রণালয়ের সকল কর্মচারীর অবসর ও পেনশন মঞ্জুরি সংক্রান্ত ক্ষমতা উপ-সচিবকে প্রদান করা হইবে।

৪.১৩। বিভাগীয় মামলা নিষ্পন্নকরণ :

(ক) অবসরে গমনকারী চাকুরের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা থাকিলে কল্যাণ কর্মকর্তা সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষের সহিত যোগাযোগক্রমে অনুচ্ছেদ ২.০৪ অনুযায়ী বিভাগীয় মামলা শুরু এক বৎসরের মধ্যে তাহা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিবেন। এক বৎসরের মধ্যে বিভাগীয় মামলা (আর্থিক সংশোধন সম্পন্ন বিভাগীয় মামলা ব্যতীত) নিষ্পত্তি না হইলে তাঁহাকে পেনশন প্রদান করিতে হইবে। তবে বিভাগীয় মামলা চলিতে থাকিবে। মামলায় দোষী সাব্যস্ত হইলে প্রচলিত আইন/বিধি মোতাবেক তাঁহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে। এলপিআর-এ গমনের তারিখের পূর্বের এক বছরের মধ্যে বিভাগীয় মামলা শুরু হইলে তাহা এলপিআর-এ থাকাকালীন এবং চাকুরে যদি এলপিআর ভোগ না করেন অথবা তাঁহার অবসর প্রস্তুতি ছুটি পাওনা না থাকে সেই ক্ষেত্রে অবসরকালীন সময়েও অনূর্ধ্ব এক বছর মামলা চলিতে পারে। তবে মামলা শুরু হওয়ার এক বছরের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান না করা হইলে মামলা নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও পেনশন মঞ্জুর করিতে হইবে।

(খ) ইহাতে সরকারের কোন ক্ষতি হইলে বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তি না করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিদের নিকট হইতে উদ্ধৃত ক্ষতি আদায় করিতে হইবে। এই ক্ষেত্রে বি.এস.আর-এর সংশ্লিষ্ট বিধি এবং অবসর গ্রহণ আইন, ১৯৭৪ এর ১০ ধারা সংশোধন করা হইবে।

৪.১৪। বি.এস.আর-২৫৮, ২৬৪ ও ২৬৭ সংশোধনের ব্যবস্থা গ্রহণ :

রাজস্বখাতে স্থায়ী শূন্য পদের বিপরীতে স্থায়ীভাবে নিয়োজিত এবং অনূন্য ১০(দশ) বছর চাকুরি করিয়াছেন এমন কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রাপ্তির জন্য বিএসআর পার্ট-১ এর বিদ্যমান বিধি ২৫৮, ২৬৪ ও ২৬৭ সংশোধন করা হইবে।

৪.১৫। নিখোঁজ সরকারি চাকুরের উত্তরাধিকারীকে পেনশন/আনুতোষিক ইত্যাদি প্রদান :

(ক) ৪.১৪ অনুচ্ছেদের বিধানও ও পেনশন প্রাপ্তির জন্য ন্যূনতম চাকুরিকাল সম্পাদন সাপেক্ষে নিখোঁজ সরকারি চাকুরের উত্তরাধিকারী/উত্তরাধিকারীবৃন্দ নিকটস্থ থানায় এ সম্পর্কিত জিডি এন্ট্রির অনুলিপি সহ পেনশন প্রাপ্তির আবেদন করিলে প্রশাসনিক কর্তৃপক্ষ ২(দুই)টি বছর প্রচারিত জাতীয় দৈনিকে নিখোঁজ হওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করিবেন। বিজ্ঞপ্তি প্রকাশের পর ৬(ছয়) মাস অতিবাহিত হইলে উত্তরাধিকারীকে বিধি মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর করা যাইবে।

(খ) পূর্বে পরিশোধিত না হইলে নিখোঁজ হইবার অনূন্য ৩(তিন) বছর পর প্রচলিত আইন অনুযায়ী যোগ্য আদালত কর্তৃক সাব্যস্তকৃত উত্তরাধিকার সার্টিফিকেট দাখিল করা হইলে দেনা-পাওনা সমন্বয় সাপেক্ষে নিখোঁজ সরকারি চাকুরের ভবিষ্য তহবিলের স্থিতি, ল্যাম্প গ্রান্ট ও আনুতোষিকের অর্থ প্রদান করা যাইবে।

(গ) অনুচ্ছেদ 'ক' মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর শেষে সংশ্লিষ্ট সরকারি চাকুরে ফিরিয়া আসিলে তিনি নিখোঁজ হইবার পূর্বে অবসরে গমন না করিলেও তাঁহার পূর্ব চাকুরিতে পূর্বহালযোগ্য হইবেন না।

৫। এই স্মারকে বর্ণিত সিদ্ধান্তসমূহ অবলম্বে কার্যকর হইবে।

৬। এই স্মারকবলে পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি/পদ্ধতি এবং আদেশ/স্মারক ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। এই স্মারকে বর্ণিত হয় নাই এমন কোন বিষয় সম্পর্কে বর্তমানে প্রচলিত বিধি-বিধান/পদ্ধতি/আদেশসমূহ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

(প্রণব চক্রবর্তী)
 যুগ্ম-সচিব (প্রবিধি)
 অর্থ বিভাগ।

সংযোজনী-১

প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইলএপিসি)
Expected Last Pay Certificate (ELPC)

সহজীকরণ স্মারকের ২.০৫ অনুচ্ছেদ অনুসারে

(গেজেটেড কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসার পূরণ ও জারি করিবেন এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা পূরণ করিবেন এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতীক্ষার জারি করিবেন)

- ১। জনাব/বেগম.....
 এর প্রত্যাশিত শেষ বেতন প্রত্যয়নপত্র।
- (ক) পদবী :
 (খ) অফিস :
 (গ) জন্ম তারিখ :
 (ঘ) গ্রাহ্য চাকুরিতে প্রথম যোগদানের তারিখ :
 (ঙ) অবসর প্রস্তুতি ছুটি আরম্ভের তারিখ :
 (চ) অবসর গ্রহণের তারিখ :
 (ছ) শেষ আহরিত বেতন স্কেল :
 (জ) পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ :
- ২। দেয় মাসিক বেতন ভাতার বিবরণ :

খাত	অবসর প্রস্তুতি ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে	অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে
(ক) মূল বেতন : (খ) ছুটিতে ইনক্রিমেন্টের মাসিক হার (টাকা) : (গ) বিশেষ বেতন : (ঘ) দায়িত্ব/বিশেষ ভাতা : (ঙ) বাড়ী ভাড়া ভাতা : (চ) চিকিৎসা ভাতা : (ছ) মহার্ঘ ভাতা : (জ) যাতায়াত ভাতা : (ঝ) খোলাই ভাতা :		

(এঃ) ব্যক্তিগত ভাতা :		
(ট) কারিগরী ভাতা :		
(ঠ) আপ্যায়ন ভাতা :		
(ড) টিফিন ভাতা :		

৩। ভবিষ্য তহবিলের হিসাব :

- (ক) হিসাব নং.....বই নং.....পৃষ্ঠা নং.....
- (খ) হিসাবটি সরকার প্রদত্ত সুদ/অনুদান মুক্ত/সহ
- (গ) বেতন হইতে নিয়মিত মাসিক জমার হার :
টাকা.....
- (ঘ) বিগত ৩০শে জুন, ২০.....তারিখ পর্যন্ত সুদসহ মোট স্থিতি/জমা
টাকা.....
- (ঙ) অবসর প্রস্তুতি ছুটি আর্ডার অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত মোট স্থিতি/জমা
টাকা.....
- (চ) আবেদনে উলিখিত তারিখ (এলপিআর-এ গমনের ৬ মাসের উর্ধ্ব নয়) পর্যন্ত
প্রত্যাশিত মোট স্থিতি/জমা
টাকা.....

৪। আদায়যোগ্য বকেয়া ও গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট কর্তনের বিবরণ :

খাত	আদায়যোগ্য বকেয়া/ গৃহীত অগ্রিমের সুদসহ অবশিষ্ট	মাসিক কর্তনের হার	অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে প্রত্যাশিত অবশিষ্ট
-----	---	----------------------	---

- (ক) গৃহ নির্মাণ অগ্রিম
- (খ) মটর কার/সাইকেল/কম্পিউটার
- (গ) ভ্রমণ ভাতা অগ্রিম
- (ঘ) অগ্রিম বেতন
- (ঙ) বাড়ী ভাড়া
- (চ) গাড়ী ভাড়া
- (ছ) *
- (জ) *
- (ঝ) গ্যাস বিল
- (ঞ) পয়ঃ ও পানি কর

(ট) পৌর কর

(ঠ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের রেকর্ডের ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে অন্য কোন আদায়যোগ্য অর্থ (যদি থাকে)

(ড) প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি (যদি থাকে)

৮৯। অর্জিত ছুটির হিসাব :

ছুটির ধরণ	মোট অর্জিত	মোট ভোগকৃত	মোট অবশিষ্ট
(ক) পূর্ণ গড় বেতনে			
(খ) অর্ধ গড় বেতনে			

ভারপ্রাপ্ত কর্মকর্তার তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

নং.....

তারিখ.....

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল :

১।

২।

৩।

প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র

সহজীকরণ স্মারকের ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী চাকুরে নিজে পূরণ করিবেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর অর্থ বিভাগের ২৭/-০১/২০০৯ খ্রিঃ (১৪-১০-১৪১৫ বঙ্গাব্দ) তারিখের স্মারক নং অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ এর ৪.০৫ (ক) অনুচ্ছেদ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ আমার প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী :

ক্রমিক নং	নাম ও জন্ম তারিখ	সম্পর্ক	মনোনীত হার %	বৈবাহিক অবস্থা	প্রতিবন্ধিতা	ছবি (ষ্ট্যাম্প সাইজ)
১	২	৩	৪	৫	৬	৭

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

মনোনীত উত্তরাধিকারী :

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

মনোনয়নকারীর স্বাক্ষর ও তারিখ :

উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট

(সহজীকরণ স্মারকের ৩.০১ অনুচ্ছেদ অনুযায়ী)

নং..... তারিখ.....

পৌরসভা/ইউনিয়ন/ওয়ার্ডের নাম ও নং.....

উপজেলা.....জেলা/শহর.....আমি প্রত্যয়ন
করিতেছি যে, মরহুম/মরহুমা.....এই এলাকার অধিবাসী ছিলেন।
তাহার বাসা নং.....রাস্তা নং.....রাস্তার
নাম.....

.....ব- ক
নং...../গ্রাম.....

পোস্ট অফিস.....উপজেলা.....

জেলা.....। তাঁহাকে এবং তাঁহার পরিবারের সদস্যগণকে আমি.....

বৎসর যাবৎ চিনি। বিগত.....তারিখে তিনি মৃত্যুবরণ করিয়াছেন। মৃত্যুকালে তিনি
তাঁহার পরিবারের নিম্নবর্ণিত সদস্য রাখিয়া গিয়াছেনঃ—

ক্রমিক নং	নাম	জন্ম তারিখ ও বয়স	সম্পর্ক	প্রতিবন্ধী অবস্থা	বৈবাহিক অবস্থা
১	২	৩	৪	৫	৬

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

উলিখিত সদস্য/সদস্যগণ ব্যতীত তাঁহার আর কোন উত্তরাধিকারী নাই। সরকারের বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট দেনা পাওনার বিষয় নিষ্পত্তি করার ব্যাপারে কেবলমাত্র উপরোক্ত সদস্য/সদস্যগণ মরহুম/মরহুমা এর উত্তরাধিকারী বিবেচিত হইবেন।

আমি আরও প্রত্যয়ন করিতেছি যে, মরহুম.....এর
জীবিত একমাত্র.....স্ত্রী বেগম.....
পুনর্বিবাহ করেন নাই এবং কোন পুনর্বিবাহের অঙ্গীকারেও আবদ্ধ হন নাই।

স্বাক্ষর
পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর
সীলমোহর (নামযুক্ত)

নং.....

তারিখ.....

প্রত্যয়ন করা হইল : সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তারিখসহ স্বাক্ষর :

সীলমোহর ও

পূর্ণ ঠিকানা

.....

পেনশন ফরম ২.১
(চাকুরের নিজের অবসরের ক্ষেত্রে প্রযোজ্য)

নাম : জনাব/বেগম :

শেষ পদবী :

শেষ অফিস :

এর পেনশন সংক্রান্ত।

নির্দেশাবলী

১। সরকারি চাকুরে অবসর প্রস্তুতি ছুটিতে যাওয়ার কমপক্ষে ১০ মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি তাঁহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসর প্রস্তুতি ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করিবার জন্য কমপক্ষে ১২ মাস পূর্বে দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়নপত্র ও মন্ড্র্য/সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরি কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরি কর্তৃপক্ষ না-দাবী প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিন অবসর ভাতা ও আনুতোমিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

৪। হিসাবরক্ষণ অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরির আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষাশেড় ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সে জন্য ফরমের যে কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।

প্রথম অংশ

(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)

পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

সমীপে

বিষয় : পেনশন পরিশোধের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি সরকারি চাকুরি হইতে তারিখে অবসর প্রস্তুতি ছুটিতে গমন করিব/করিয়াছি এবংতারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করিব/করিয়াছি। আমি অবসর ভাতার অর্ধেক/সম্পূর্ণ বিনিময় করিতে চাই। সেই মতে বিধি মোতাবেক প্রাপ্য অবসর ভাতা ও আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নলিখিত মনোনীত হারে আমার বৈধ উত্তরাধিকারীদেরকে এই পারিবারিক পেনশন প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি :—

ক্রমিক নং	নাম ও জন্ম তারিখ	সম্পর্ক	মনোনীত হার (%)	বৈবাহিক অবস্থা	প্রতিবন্ধিতা	উত্তরাধিকারীর স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

৩। আমি এই চাকুরির কোন অংশ বিশেষের জন্য পূর্বে কোন অবসর ভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোন আবেদন করিব না।

৪। অঙ্গীকারনামা :

(ক) আমার জানামতে আমার নিকট সরকারের কোন পাওনা নাই। তথাপিও এই পেনশন পরিশোধের পর যে কোন সময়ে অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী, ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/থাকিবে।

(খ) যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী, আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ দিতে বাধ্য থাকিব/থাকিবে।

৫। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/প্রধান/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
..... ব্যাংকের শাখা.....(পূর্ণ ঠিকানা)
..... হইতে আমি আমার
অবসর ভাতা ও আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছা করি। উলিখিত ব্যাংক শাখায় আমার চলতি/সঞ্চয়ী
হিসাব নং.....।

৬। নিম্নে আমার তিনটি নমুনা স্বাক্ষর এবং হাতের বৃদ্ধাস্থলের ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল :-

	ক্রমিক নং	পূর্ণ স্বাক্ষর	সংক্ষিপ্ত স্বাক্ষর	বাম/ডান বৃদ্ধাস্থলের ছাপ
১।				
২।				
৩।				

সত্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

৭। আবেদনকারীর ডাক ঠিকানা :

(ক) বর্তমান

.....

.....

(খ) স্থায়ী

.....

.....

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

নাম :

পদবী :

শেষ কর্মস্থল :

দ্বিতীয় অংশ

(দপ্তর/অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)

১.০০ চাকুরের চাকুরির বিবরণী :—

- ১.০১ নাম :
- ১.০২ পিতার নাম :
- ১.০৩ জাতীয়তা :
- ১.০৪ অবসরের সময়ে পদবী :
- ১.০৫ জন্ম তারিখ :
- ১.০৬ চাকুরিতে যোগদানের তারিখ :
- ১.০৭ চাকুরি হইতে অবসর গ্রহণের তারিখ :
- ১.০৮ আবেদনকৃত ভাতা বা আনুতোষিকের শ্রেণী :

২.০০ চাকুরির খতিয়ান :

- ২.০১ বিরতিসহ চাকুরির মোট দৈর্ঘ্য : বৎসর মাস দিন
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

২.০২ অযোগ্য চাকুরি :

- (ক) ১৮ বৎসর বয়সের পূর্বের চাকুরি :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (খ) অসাধারণ ছুটি :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (গ) কর্তব্য/ছুটি হিসাবে গণ্য হয় নাই এমন সাময়িক বরখাস্তকাল :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (ঘ) চাকুরিতে বিরতি সময়কাল :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (ঙ) বিরতি মওকুফ না হইয়া থাকিলে বিরতির পূর্বের চাকুরিকাল :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (চ) পদত্যাগ করিবার কারণে বাতিলকৃত চাকুরিকাল :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

- (ছ) অননুমোদিত অনুপস্থিতি :
তারিখ হইতে.....তারিখ পর্যন্ত

বৎসর মাস দিন
 মোট :
 বৎসর মাস দিন

৯০— চাকুরিকাল : (২.০১ - ২.০২)

২.০৪ অন্যান্য যোগ্য চাকুরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে

..... যোগ করিতে হইবে) :

- (ক) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকুরি :
 তারিখ হইতে..... তারিখ পর্যন্ত.....
- (খ) চাকুরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল :
- (গ) অবসর ভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে কোন চাকুরিকাল
- মোট :
 বৎসর মাস দিন

২.০৫ মোট যোগ্য চাকুরি (২.০৩ + ২.০৪) :

৩.০০ অবসর ভাতা ও আনুতোষিক :

- ৩.০১ অবসরের অব্যবহিত পূর্বের তারিখে শেষ
 মাসিক গৃহীতব্য বেতন (ইএলপিসি অনুযায়ী) টাকা :
- ৩.০২ অবসর ভাতার হার (%) টাকা :
- ৩.০৩ মোট অবসর ভাতার পরিমাণ টাকা :
- ৩.০৪ মোট অবসর ভাতার অর্ধাংশ (১/২) : টাকা :

- ৩.০৫ আনুতোষিকের মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) টাকা :
- ৩.০৬ অবসর ভাতার প্রথম অর্ধাংশের বিনিময় থেকে প্রাপ্য আনুতোষিক টাকা : (অংকে)
(কথায়)
- ৩.০৭ (ক) নীট মাসিক অবসর ভাতার পরিমাণ টাকা : (অংকে)
(কথায়)

অথবা,

- (খ) (১) নীট মাসিক অবসর ভাতার পরিবর্তে আনুতোষিকের জন্য দ্বিতীয় অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) টাকা :
- (খ) (২) নীট মাসিক অবসর ভাতার বিনিময়ে থোক প্রাপ্য আনুতোষিক টাকা (অংকে) :
(কথায়).....
- ৩.০৮ (ক) মোট আনুতোষিক টাকা (অংকে) :
(কথায়).....
- (খ) মোট মাসিক অবসর ভাতা : টাকা (অংকে) :
(কথায়).....

৪.০০ অফিস প্রধানের মন্ডব্য :

৪.০১ আবেদনকারীর নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতীত অন্য কোন পাওনা নাই :

(ক)

(খ)

(গ)

৪.০২ সুপারিশ :

.....

.....

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর প্রধানের স্বাক্ষর

সীলমোহর (নামযুক্ত)

তারিখ :

তৃতীয় অংশ

৫.০০ মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ :

৫.০১ (ক) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/বেগম

.....এর চাকুরি সম্পূর্ণরূপে সশ্বেড
যজনক। পূর্ণ অবসরভাতা এবং/বা আনুতোষিকের মঞ্জুরি যাহা অবসরভাতার বিধি মোতাবেক প্রাপ্য
তাহা এতদ্বারা অনুমোদন করা হইল।

অথবা,

(খ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/বেগম.....
এর চাকুরি সম্পূর্ণরূপে সশ্বেডযজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসরভাতা
ও আনুতোষিক নিম্নরূপ পরিমাণে হ্রাস করা হইল :—

- | | | |
|---|---|------------------|
| (১) অবসরভাতা হ্রাসের পরিমাণ | : | টাকা (অংকে)..... |
| | | (কথায়) |
| (২) আনুতোষিক হ্রাসের পরিমাণ | : | টাকা (অংকে)..... |
| | | (কথায়) |
| (৩) এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসর ভাতা | : | টাকা (অংকে)..... |
| | | (কথায়) |
| (৪) এইরূপ হ্রাসের পর প্রাপ্য আনুতোষিক | : | টাকা (অংকে)..... |
| | | (কথায়) |
| (৫) এইরূপ হ্রাসকৃত অবসর ভাতা এবং / বা আনুতোষিকের মঞ্জুরি এতদ্বারা অনুমোদন
করা হইল। | | |

অথবা

(গ) নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/বেগম.....এর
পেনশন কেইস এর না-দাবী প্রত্যয়নপত্র অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব

না হওয়ায় উক্ত চাকুরের প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০ ভাগ এবং প্রাপ্য নীট পেনশন সাময়িকভাবে এতদ্বারা অনুমোদন করা হইল।

- ৫.০২ প্রচলিত নিয়মানুযায়ী আনুতোষিক এবং.....তারিখ হইতে অবসর ভাতা পরিশোধ করা যাইতে পারে।
- ৫.০৩ আবেদনকারীর অবর্তমানে আবেদনকারীর মনোনীত ব্যক্তি (আবেদনের ২ অনুচ্ছেদে বর্ণিত) বৈধ উত্তরাধিকারীগণ পেনশন সুবিধা পাইতে পারেন।

তারিখ : মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
সীলমোহর (নামযুক্ত)

চতুর্থ অংশ

(হিসাবরক্ষণ অফিসে ব্যবহারের জন্য)

*৬.০০ হিসাবরক্ষণ কার্যালয়ের মন্ড্রব্য :

- ৬.০১ প্রত্যাশিত শেষ বেতনপত্র পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-দাবী প্রত্যয়নপত্র প্রদান করিবার কারণে তাহা এই কার্যালয় কর্তৃক গৃহীত হইয়াছে।
- ৬.০২ পূর্ববর্তী পৃষ্ঠাসমূহে বর্ণিত হিসাব ও গণনাসমূহ পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং যোগ্য চাকুরির দৈর্ঘ্য নিরীক্ষাপূর্বক গৃহীত হইয়াছে।
- ৬.০৩ যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক.....তারিখে.....নং পেনশন মঞ্জুরি আদেশ প্রদান করা হইয়াছে।
- ৬.০৪ এমতাবস্থায় নিম্নোক্ত পরিমাণ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ আদেশ জারি করা হইল :—
- | | | |
|------------------------------------|---|------------------|
| (ক) মোট অবসর ভাতার পরিমাণ | : | টাকা..... |
| (খ) মোট অবসর ভাতার প্রথম অর্ধাংশের | : | টাকা (অংকে)..... |
| বিনিময়ে থোক আনুতোষিকের পরিমাণ | : | (কথায়)..... |
| (গ) (১) নীট মাসিক অবসর ভাতার | : | টাকা (অংকে)..... |
| (দ্বিতীয় অর্ধাংশের পরিমাণ) | : | (কথায়)..... |
| (গ) (২) থোক আনুতোষিকের পরিমাণ | : | টাকা (অংকে)..... |
| (দ্বিতীয় অর্ধাংশের জন্য) | : | (কথায়)..... |

অথবা

(ঘ) (১) মোট আনুতোষিক : টাকা (অংকে).....
 : (কথায়).....

(ঘ) (২) নীট মাসিক অবসর ভাতা : টাকা (অংকে).....
 : (কথায়).....

৬.০৫ অবসর ভাতা আরম্ভের তারিখ

৬.০৬ অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের মাধ্যম/স্থান :

হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়/প্রধান/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়

...../ব্যংক শাখা.....পূর্ণ ঠিকানা

.....

এর চলতি/সঞ্চয়ী হিসাব নং..... ।

৬.০৭ পেনশন পরিশোধ আদেশ (পিপিও) নম্বর.....তারিখ.....

উপরোক্ত ৬.০৬ অনুচ্ছেদে বর্ণিত শাখায়/কার্যালয়ে প্রেরণ করা হইল ।

তারিখ :.....

স্বাক্ষর.....

সহকারী মহাহিসাব রক্ষক
 নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
 সীলমোহর (নামযুক্ত)

* নোট :

১। (ক) হিসাবরক্ষণ অফিসের আপত্তির মূল কপি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর বরাবরে জারির সাথে সাথে ইহার অনুলিপি অবগতি ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নামে তাহার বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রত্যয়নসহ প্রেরণ করিতে হইবে ।

(খ) হিসাবরক্ষণ অফিসের আপত্তির আরো একটি কপি অডিট আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের নিকট প্রেরণ করিবার অনুরোধসহ তাঁহার নির্বাহী কর্মকর্তার প্রযত্নে জারি করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

২। হিসাবরক্ষণ অফিসের আপত্তির সহিত সংশ্লিষ্ট চাকুরের বর্তমান পোষ্টিং বা অবস্থান জানানোর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরকে অনুরোধ করিতে হইবে এবং মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর উক্ত অবস্থান বা পোষ্টিং নিরীক্ষা অফিসকে জানাইতে বাধ্য থাকিবে।

সংযোজনী-৫

পারিবারিক পেনশন ফরম ২.২

নাম : জনাব/বেগম.....

শেষ পদবী :

শেষ অফিস :

এর মৃত্যুতে পারিবারিক পেনশন সংক্রান্ত।

নির্দেশাবলী

১। আবেদনকারী বৈধ উত্তরাধিকার সনদপত্রসহ ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩(তিন) কপি মৃত চাকুরের শেষ অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। মনোনীত উত্তরাধিকারীগণ একক অভিভাবকত্বে একটি আবেদনপত্র দাখিল করিবেন।

২। অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবী প্রত্যয়নপত্র ও মন্ড্র্য/সুপারিশসহ ২(দুই) কপি ফরম পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। মঞ্জুরকারী কর্তৃপক্ষ না-দাবী প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১(এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করিবেন।

৪। হিসাবরক্ষণ অফিস শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যয়নপত্র ও মঞ্জুরি আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষাশেড় ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবেন।

৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সেজন্য ফরমের যে-কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/সংযোজন করিতে হইবে।

পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

প্রথম অংশ

(উত্তরাধিকারী নিজে আবেদনপত্র পূরণ ও স্বাক্ষর করিবেন)

সমীপে

.....
.....
.....

বিষয় : পারিবারিক পেনশন পরিশোধের আবেদন।

মহোদয়,

আপনার অফিসের প্রাক্তন চাকুরে জনাব/বেগম.....
পদবীআমার (সম্পর্কে)ছিলেন। তিনি.....
তারিখে মৃত্যুবরণ করিবার কারণে বিধি মোতাবেক প্রাপ্য তাঁহার চাকুরির পারিবারিক অবসর ভাতা ও
আনুতোষিক আমাকে প্রদানের অনুরোধ করিতেছি।

২। আমি তাঁহার বৈধ উত্তরাধিকারী/এবং পরিবারের অন্যান্য সদস্যরা আমাকে তাঁহাদের
অভিভাবক নিয়োগ করিয়া এই পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার ক্ষমতা
অর্পণ করিয়াছেন (পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত
ডাক, তার ও টেলিফোন, বাংলাদেশ রেলওয়ে, বি,ডি,আর ও পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত বেসামরিক হিসাব হইতে বেতনপ্রাপ্ত নন-গেজেটেড সরকারী কর্মচারীদের আর্থিক অচ্ছলতার প্রতি লক্ষ্য রাখিয়া সরকার তাহাদের সম্প্রদানের শিক্ষার জন্য বৃত্তি প্রদান করিতেছে। প্রাথমিক শিক্ষা ব্যতিরেকে যে কোন উচ্চতর কোর্সে অধ্যয়নরত কর্মচারীর অনধিক ২ জন সম্প্রদানকে এ শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। কর্মচারীরা যাহাতে এ সুযোগ হইতে বঞ্চিত না হয় সেজন্য সরকারী হ্যাণ্ড আউট, দৈনিক প্রতিকা, রেডিও টেলিভিশন ইত্যাদির মাধ্যমে নির্ধারিত ফরমে কর্মচারীদের নিকট হইতে প্রতি বৎসর দরখাস্ত আহ্বান করা হয়। ফরম বিনামূল্যে বিতরণ করা হয়। ফরম প্রাপ্তির বিষয়ে কর্মচারীদের যাহাতে কোন অসুবিধা না হয় সেজন্য পরিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকদের অফিস হইতেও ফরম বিতরণের ব্যবস্থা করা হয়। নির্ধারিত ফরমে বৃত্তি প্রাপ্তির শর্তাবলী, যোগ্যতা ও মানদণ্ড ইত্যাদি বিস্তারিতভাবে উল্লেখ আছে। শিক্ষাবৃত্তি প্রদানের বিষয়ে সাধারণত জানুয়ারী মাসে বিভিন্ন গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করিয়া ফরম বিতরণ করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে ফরম জমা নেওয়া হয়।

(ঘ) চিকিৎসা সাহায্য :

৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীর নিজ ও পরিবারের অন্যান্য সদস্যদের চিকিৎসার জন্য নিয়মিতভাবে আর্থিক সাহায্য প্রদান করা হইতেছে। জটিল রোগ ও দীর্ঘ অসুস্থতার জন্য হাসপাতালে চিকিৎসার অস্ত্রোপচার এবং দুরারোগ্য ব্যাধি ইত্যাদির ক্ষেত্রে আবেদনকারীর আবেদনপত্রে উলিখিত রোগের ধরন ও প্রকৃতি বিবেচনা করিয়া সর্বোচ্চ ২,০০০ (দুই হাজার) টাকা পর্যন্ত আর্থিক সাহায্য দেওয়া হইয়া থাকে। চিকিৎসা সাহায্যের জন্য কর্মচারীদেরকে নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। এইরূপ সাহায্য প্রাপ্তির জন্য কর্মচারীগণ তাহাদের প্রকৃত প্রয়োজনে বৎসরের যে কোন সময়ে আবেদন করিতে পারেন। চিকিৎসা সাহায্যের ফরম পরিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয় হইতে বিনামূল্যে বিতরণ করা হইয়া থাকে।

(ঙ) দাফন-কাফন/অশ্রুষ্টিক্রিয়ার জন্য সাহায্য প্রদান :

সকল শ্রেণীর সরকারী কর্মকর্তা/কর্মচারী নিজে বা তাঁহাদের পরিবারের কোন সদস্য মৃত্যুবরণ করিলে সেক্ষেত্রেও দাফন-কাফন/অশ্রুষ্টিক্রিয়ার কাজ সম্পাদনের জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা এবং মৃতদেহ ট্রাক বা অন্য কোন যানবাহনযোগে দূরে কোথাও পরিবহন করা হইলে তজ্জন্য ২,০০০ (দুই হাজার) টাকা অর্থাৎ মোট ৫,০০০ (পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদান করা হইতেছে। দাফন-কাফন/অশ্রুষ্টিক্রিয়ার সাহায্যের জন্য নির্ধারিত কোন ফরম নেই। এ ক্ষেত্রে সাদা কাগজে কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র যথা মৃত্যু সার্টিফিকেট, পরিবহন ভাউচার ইত্যাদিসহ আবেদন করিলেই আর্থিক সাহায্যের বিষয় বিবেচনা করা হয়।

(চ) ষ্টাফ বাস কর্মসূচী :

সরকারী কর্মচারীদের সময়মত অফিসে যাতায়াত নিশ্চিত করার জন্য ১৯৭৪ সালে ১টি বাস ক্রয়ের মাধ্যমে ষ্টাফ বাস কর্মসূচী সূচনা করা হয়। পরবর্তী পর্যায়ে সরকার এই কর্মসূচীর সার্ভিস সম্প্রসারণের জন্য বাস ক্রয়ের উদ্দেশ্যে উন্নয়ন ও রাজস্ব বাজেটে অর্থ বরাদ্দ করে। বর্তমানে এই কর্মসূচীর যানবাহন বহরে ঢাকা মহানগরীতে ৩৪টি, চট্টগ্রামে ৩টি, রাজশাহীতে ২টি ও রাংগামাটি পার্বত্য জেলায় ১টিসহ মোট ৪০টি বাস রহিয়াছে। এইগুলি দ্বারা ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকা ছাড়াও শহরতলীর সাভার, নয়ারহাট, টংগী, জয়দেবপুর, নারায়ণগঞ্জ, সোনারগাঁও ও নরসিংদীসহ প্রায় ৫০টি রাস্তা হইতে প্রায় ৪,০০০ (চার হাজার) কর্মকর্তা/কর্মচারীকে সময়মত আনা-নেওয়া করা হইতেছে। এই কর্মসূচীর বাসে আসা-যাওয়ার জন্য কর্মচারীদের নিকট হইতে নামমাত্র ভাড়া অর্থাৎ বড় বাসের জন্য মাইল প্রতি ১৫ (পনের) পয়সা এবং মিনিবাসের জন্য ৩০ (ত্রিশ) পয়সা আদায় করা হয়। কর্মচারীগণ ইচ্ছা করিলে অফিসে আসা-যাওয়ার জন্য ষ্টাফ বাস কর্মসূচীর সুবিধা গ্রহণ করিতে পারেন।

(ছ) দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র :

সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে মহিলা সম্প্রদায়ের অংশ গ্রহণের সুযোগ সৃষ্টির উপর সরকার যথেষ্ট গুরুত্ব প্রদান করে। কিন্তু বাংলাদেশের সামাজিক পটভূমিকায় বিবাহিত মহিলাগণ ইচ্ছা থাকা সত্ত্বেও তাহাদের ছোট ছোট সম্প্রদায়ের প্রতি দায়িত্ব এড়াইয়া চাকুরী ও অন্যান্য কর্মকাণ্ডে আগাইয়া আসিতে পারিতেছেন না। যদিও কোন মহিলা আগাইয়া আসেন, কিন্তু ছোট সম্প্রদায়কে বাসায় রাখিয়া অফিস আদালতে সূর্যুভাবে দায়িত্ব পালন করিতে পারিতেছেন না। এই বাস্তবতার প্রেক্ষিতে সরকারী অফিসে কর্মরত মহিলাগণ যাহাতে তাহাদের ০২ হইতে ০৫ বৎসরের সম্প্রদায়ের নিরাপদ স্থানে রাখিয়া চাকুরীতে সূর্যুভাবে দায়িত্ব পালন করিতে পারেন সেইজন্য কল্যাণ পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীনে ঢাকাতে একটি “দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র” স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। আশা করা যায় কেন্দ্রটি খুব শীঘ্রই চালু করা যাইবে। ঢাকায় বিভিন্ন সরকারী অফিসে কর্মরত মহিলা কর্মকর্তা ও কর্মচারীগণ তাহাদের সম্প্রদায়ের জন্য এই কেন্দ্রের সুবিধা অচিরেই গ্রহণ করিতে পারিবেন।

বোর্ড অব ট্রাষ্টিজ, কল্যাণ ও যৌথ বীমা তহবিল :

সরকারী ও কতিপয় স্বায়ত্তশাসিত সংস্থার সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী ও তাহাদের পরিবারের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তা বিধানের উদ্দেশ্যে সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিল অধ্যাদেশ, ১৯৮২ ও উক্ত অধ্যাদেশের অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী সকল শ্রেণীর সরকারী ও ১৮টি স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন বিল হইতে মাসিক ভিত্তিতে নির্ধারিত হারে চাঁদা কর্তন ও সরকারী অনুদান বরাদ্দের মাধ্যমে কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিল নামে দুইটি তহবিল গঠন করা হইয়াছে। তহবিল দুইটি পরিচালনার জন্য বোর্ড অব ট্রাষ্টিজ নামে একটি বোর্ড গঠিত হইয়াছে। উক্ত বোর্ড কর্তৃক কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিল হইতে কর্মকর্তা/কর্মচারীগণকে যে আর্থিক সুবিধাদি প্রদান করা হয় তাহা সংক্ষেপে নিম্নরূপ :-

কল্যাণ তহবিল হইতে প্রদেয় সুবিধাসমূহ :**(১) কল্যাণ ভাতা :**

কোন কর্মকর্তা ও কর্মচারী চাকুরীরত অবস্থায় অথবা অবসর গ্রহণের পর (অনধিক ১০ বৎসরের মধ্যে) মৃত্যুবরণ করিলে তাহার পারিবারিক, এবং কর্মচারীর দৈহিক বা মানসিক অক্ষমতা জনিত কারণে চাকুরী হইতে অবসর গ্রহণ কিংবা অপসারিত হইবার ক্ষেত্রে স্বয়ং কর্মচারীকে, ধারাবাহিকভাবে প্রতিমাসে সর্বনিম্ন ২০০ টাকা এবং সর্বোচ্চ ১০০০ টাকা হারে ১৫ বৎসর, অথবা সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বয়স, যে তারিখে ৬৭ বৎসর পূর্ণ হইত/হইবে উক্ত তারিখ পর্যন্ত এতদ্বয়ের মধ্যে যে সময় আগে শেষ হইবে সেই পর্যন্ত কল্যাণ ভাতা প্রদান করা হয়।

(২) আর্থিক সংকট জনিত কারণে বিশেষ সাহায্য :

কোন কর্মকর্তা বা কর্মচারী বা তাহার পরিবার চিকিৎসা বা অন্য কোন কারণে চরম আর্থিক সংকটে পড়িলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বিশেষ সাহায্য হিসাবে প্রদান করা হয়।

(৩) কন্যা বিবাহ সাহায্য :

সর্বোচ্চ মাসিক টাকা ২,০০০ (দুই হাজার) পর্যন্ত বেতন গ্রহণকারী কর্মচারীর কন্যার বিবাহের জন্য প্রতি বারে টাকা ৩,০০০ (তিন হাজার) হিসাবে অনধিক দুই কন্যার বিবাহের জন্য সাহায্য প্রদান করা হয়।

(৪) শিক্ষাবৃত্তি :

মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা এবং কর্মচারীর অনধিক দুই সন্তানের জন্য সর্বনিম্ন ৯ম শ্রেণী হইতে উচ্চতর যে কোন কোর্সে অধ্যয়নের জন্য মাসিক সর্বোচ্চ টাকা ১৫০ হারে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

যৌথ বীমা তহবিল হইতে প্রদেয় সুবিধা :

কোন কর্মকর্তা ও কর্মচারী চাকুরীরত অবস্থায় ইচ্ছেকাল করিলে তাহার মনোনীত ব্যক্তি কিংবা মনোনীত ব্যক্তির অবর্তমানে তাহার পরিবারকে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী মাসিক সর্বোচ্চ মূল বেতনের ২৪ মাসের সমপরিমাণ অর্থ তবে সর্বোচ্চ টাকা ১.০০ লক্ষ (এক লক্ষ) টাকার অধিক নহে এককালীন যৌথবীমার টাকা হিসাবে প্রদান করা হয়।

উল্লেখ্য যে, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল হইতে উপরে বর্ণিত সাহায্য প্রাপ্তির জন্য আলাদা আলাদা নির্ধারিত ফরমে আবেদন করিত হয়। নির্ধারিত ফরম বিভিন্ন সরকারী অফিসসহ বোর্ড অব ট্রাস্টিজ এর ঢাকাস্থ কার্যালয় হইতে যে কোন কর্মকর্তা, কর্মচারী বা তাহারে পরিবার-পরিজন প্রয়োজনে পত্র মারফত বা ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক বিনামূল্যে সংগ্রহ করিতে পারেন। নির্ধারিত ফরম কপি করিয়া আবেদন করিলেও তাহা গৃহীত হইবে। আবেদন করার নিয়মাবলী উক্ত ফরমসমূহে লিপিবদ্ধ আছে।

সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর ও বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক গৃহীত বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রমের আওতায় প্রদেয় সুযোগ-সুবিধা সম্পর্কে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর ও তাহাদের অধীনস্থ অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হইল।

হাবিবুর রহমান

সচিব।

সংস্থাপন মন্ত্রণালয়।

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই মাঘ, ১৪১০/২৯ শে জানুয়ারি, ২০০৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ই মাঘ, ১৪১০ মোতাবেক ২৯শে জানুয়ারী, ২০০৪ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৪ সনের ১নং আইন

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন

যেহেতু বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—(১) এই আইন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই আইন ধারা ২(খ) এ সংজ্ঞায়িত কর্মচারী এবং সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কর্তৃপক্ষ, সংস্থা, প্রতিষ্ঠান বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে কর্মচারী হিসাবে ঘোষণা করিবে সেই সকল কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) “আঞ্চলিক কমিটি” অর্থ ধারা ৮ এর অধীন গঠিত বোর্ডের আঞ্চলিক কমিটি;

(খ) “কর্মচারী” অর্থ—

(অ) প্রজাতন্ত্রের অসামরিক কর্মে নিয়োজিত কোন ব্যক্তি;

(আ) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা বা কর্মচারী;

(ই) বাংলাদেশ সুপ্রীম কোর্টের কর্মকর্তা বা কর্মচারী;

(ঈ) মহাহিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রকের কার্যালয়ের কর্মকর্তা বা কর্মচারী;

(উ) বাংলাদেশ নির্বাচন কমিশনের কর্মকর্তা বা কর্মচারী;

(ঊ) সরকারী কর্ম কমিশনের কর্মকর্তা বা কর্মচারী;

(ঋ) বোর্ডের অধীন কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারী;

(এ) ধারা ১(৩) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত কর্মচারী এবং নিম্ন লিখিত কর্মকর্তা বা কর্মচারীও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

- (i) যিনি ফান্ডামেন্টাল রুলের সংজ্ঞা অনুসারে প্রেষণে বা বৈদেশিক চাকুরীতে অন্যত্র কর্মরত;
- (ii) যিনি বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে অধ্যয়নরত বা প্রশিক্ষণরত;
- (iii) যিনি ছুটিতে আছেন; অথবা
- (iv) যিনি সাময়িকভাবে বরখাস্ত হয়েছেন;
- (গ) “কল্যাণ তহবিল” অর্থ ধারা ১৪ এর অধীন গঠিত কর্মচারী কল্যাণ তহবিল;
- (ঘ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;
- (ঙ) “নির্ধারিত” অর্থ বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;
- (চ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (ছ) “পরিবার” অর্থ
- (অ) কর্মচারী পুরুষ হইলে, তাঁহার স্ত্রী বা স্ত্রীগণ এবং কর্মচারী মহিলা হইলে, তাঁহার স্বামী;
- (আ) কর্মচারীর সহিত একত্রে বসবাসরত এবং তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল সন্দ্বন্দন-সন্দ্বন্দিতগণ, পিতা, মাতা, দত্তকপুত্র (হিন্দু কর্মচারীদের ক্ষেত্রে), নাবালক ভাই এবং অবিবাহিতা, তালাক প্রাপ্তা বা বিধবা বোন;
- (জ) “বীমা তহবিল” অর্থ ধারা ১৯ এর অধীন গঠিত কর্মচারী যৌথ বীমা তহবিল;
- (ঝ) “বোর্ডের তহবিল” অর্থ ধারা ১২ এর অধীন গঠিত বোর্ডের তহবিল;
- (ঞ) “বোর্ড” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;
- (ট) “বিধিমালা” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (ঠ) “মহা-পরিচালক” অর্থ বোর্ডের মহা-পরিচালক;
- (ড) “সদস্য” অর্থ বোর্ডের কোন সদস্য।

৩। বোর্ড প্রতিষ্ঠা।—(১) এই আইন বলবৎ হইবার সংগে সংগে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠিত হইবে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীল মোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ড ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। বোর্ডের প্রধান কার্যালয়, ইত্যাদি।—(১) বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং প্রত্যেক বিভাগে ইহার একটি বিভাগীয় কার্যালয় থাকিবে।

(২) বোর্ড, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। বোর্ড গঠন।—(১) নিম্ন বর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা ঃ—

- (ক) সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের-সচিব;
- (গ) সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত-সচিব;
- (ঘ) সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন);
- (ঙ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের যুগ্ম-সচিব (বাজেট উইং);
- (চ) মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব;
- (ছ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব;
- (জ) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব পদমর্যাদা সম্পন্ন);
- (ঝ) স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক;
- (ঞ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক;
- (ট) গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী;
- (ঠ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের চেয়ারম্যান;
- (ড) আঞ্চলিক কল্যাণ কমিটির সভাপতি;
- (ঢ) সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব (সচিবালয় ও কল্যাণ);
- (ণ) বোর্ডের বিভাগীয় উপ-পরিচালক;
- (ত) বাংলাদেশের তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কল্যাণ সমিতির নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হইতে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত তৃতীয় শ্রেণীর একজন প্রতিনিধি ও চতুর্থ শ্রেণীর একজন প্রতিনিধি;
- (থ) বোর্ডের মহা-পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে দ্রুত থাকাবাবু কারণে বোর্ডের কোন কার্য বা কার্য ধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৬। বোর্ডের কার্যাবলী।—বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

- (ক) কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর যথাযথ পরিচালনা, ব্যবস্থাপনা ও হিসাব সংরক্ষণ;
- (খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্মচারীদের জীবন বীমাকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কর্মচারীদের জীবন বীমাকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠানকে প্রিমিয়াম পরিশোধ;
- (গ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লাভজনক খাতে কর্মচারী কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর অর্থ বিনিয়োগ;
- (ঘ) কোন কর্মচারীর মৃত্যু হইলে উক্ত কর্মচারীর পরিবারকে যৌথ বীমা বাবদ উক্ত কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা, যাহা সর্বাধিক ১ (এক) লক্ষ টাকার বেশী হইবে না;
- (ঙ) ধারা ১৬ এর বিধান অনুসারে কল্যাণ তহবিল হইতে কল্যাণ ভাতা প্রদান;
- (চ) কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তাঁহার পরিবারের কোন সদস্যদের চিকিৎসার জন্য এবং মৃত্যুজনিত কারণে দাফন-কাফন বা অশ্রুপিত্তিক্রিয়া বাবদ সাহায্য প্রদান;
- (ছ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তাহার পরিবারের সদস্যদের কল্যাণ তহবিল ও বীমা তহবিল হইতে অনুদান মঞ্জুর;
- (জ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর বিষয়াদির পরিচালনা ও ব্যবস্থা অপনার সহিত সংশ্লিষ্ট ব্যয় অনুদান মঞ্জুর;
- (ঝ) কর্মরত কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য সাহায্য প্রদান;
- (ঞ) কর্মরত, অবসরপ্রাপ্ত, মৃত বা শারীরিক ও মানসিকভাবে অক্ষম কর্মচারীর অধ্যয়নরত সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান;
- (ট) বিনোদন, ক্রীড়া, সংস্কৃতি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে কর্মচারীর স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন এবং ইহা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ;
- (ঠ) সমাজ উন্নয়নমূলক কার্যক্রমের বিভিন্ন ক্ষেত্রে কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণ এবং কর্মচারীদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য তাঁহাদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করা;
- (ড) কর্মচারীদের সময়মত কর্মস্থলে যাতায়াত সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহনের ব্যবস্থা করা;
- (ঢ) কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তাঁহার পরিবারের কোন সদস্যদের চিকিৎসা প্রদানের লক্ষ্যে হাসপাতাল প্রতিষ্ঠা, ইহার ব্যবস্থাপনা, পরিচালনা করা এবং তাঁহাদের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য দেশে বা দেশের বাহিরে কোন হাসপাতাল বা সংস্থার সহিত, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, চুক্তি সম্পাদন;
- (ণ) কর্মচারীদের স্বল্প ব্যয়ে আবাসিক পণ্ট প্রদান বা তাঁহাদের আবাসনের সুযোগ-সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

- (ত) কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলে তাঁহাকে আইনগত ও আর্থিক সহায়তা প্রদান;
- (থ) সময় সময় ও অবস্থার প্রেক্ষিতে যৌক্তিক, বাস্তবধর্মী ও অধিকতর কল্যাণমুখী নতুন নতুন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (দ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আঞ্চলিক কমিটিকে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে ক্ষমতা প্রদান;
- (ধ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্য যে কোন ব্যবস্থা গ্রহণ।

৭। বোর্ডের সভা।—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের মোট সদস্যের এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজনীয় হইবে না।

(৫) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৮। আঞ্চলিক কমিটি।—(১) প্রত্যেক বিভাগে বোর্ডের একটি করিয়া আঞ্চলিক কল্যাণ কমিটি থাকিবে।

(২) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে আঞ্চলিক কমিটি গঠিত হইবে, যথা :—

- (ক) বিভাগীয় কমিশনার, যিনি ইহার সভাপতিও হইবেন;
- (খ) বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার;
- (গ) উপ-মহা-পুলিশ পরিদর্শক;
- (ঘ) স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক;
- (ঙ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক;
- (চ) সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক;
- (ছ) গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী;

(জ) তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর বিভাগীয় কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হইতে বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত তৃতীয় শ্রেণীর একজন প্রতিনিধি ও চতুর্থ শ্রেণীর একজন প্রতিনিধি;

(ঝ) বোর্ডের সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় উপ-পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৩) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা আঞ্চলিক কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে উহার কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৯। আঞ্চলিক কমিটির কার্যাবলী।—এই আইনের বিধানাবলী সাপেক্ষে, আঞ্চলিক কমিটি বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব সম্পাদন করিবে।

১০। আঞ্চলিক কমিটির সভা।—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, আঞ্চলিক কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) আঞ্চলিক কমিটির সভা উহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে আঞ্চলিক কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) আঞ্চলিক কমিটির সভাপতি আঞ্চলিক কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) আঞ্চলিক কমিটির মোট সদস্যের এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

১১। কমিটি।—বোর্ড এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

১২। বোর্ডের তহবিল।—(১) বোর্ডের কার্য পরিচালনার জন্য উহার একটি নিজস্ব তহবিল থাকিবে এবং নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ উক্ত তহবিলে জমা হইবে, যথা :—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) সরকারের অনুমোদনসহ কোন বিদেশী সরকার বা সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঘ) উক্ত তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা; এবং

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

- (২) বোর্ডের তহবিল বা উহার অংশ বিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।
- (৩) উক্ত তহবিল হইতে, প্রয়োজন অনুসারে, আঞ্চলিক কমিটিকে অর্থ বরাদ্দ করা হইবে।
- (৪) উক্ত তহবিল হইতে বোর্ডের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।
- (৫) উক্ত তহবিলের অর্থ বোর্ডের নামে তৎকর্তৃক অনুমোদিত কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে।
- (৬) নির্ধারিত পদ্ধতিতে উক্ত তহবিল রক্ষণ ও উহার অর্থ ব্যয় করা যাইবে।

(১৩) আঞ্চলিক কমিটির তহবিল।—(১) প্রতিটি আঞ্চলিক কমিটির একটি নিজস্ব তহবিল থাকিবে এবং উহাতে বোর্ড কর্তৃক বরাদ্দকৃত অর্থ জমা হইবে।

(২) বরাদ্দকৃত অর্থ আঞ্চলিক কমিটির নামে তৎকর্তৃক অনুমোদিত কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে এবং নির্ধারিত পদ্ধতিতে তহবিলের অর্থ উঠানো, ব্যয় ও রক্ষণ করা যাইবে।

- (৩) উক্ত তহবিল হইতে, আঞ্চলিক কমিটির প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

১৪। কর্মচারী কল্যাণ তহবিল।—(১) কর্মচারী কল্যাণ তহবিল নামে একটি স্বতন্ত্র তহবিল থাকিবে।

- (২) নিম্ন বর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ কল্যাণ তহবিলে জমা হইবে, যথা ঃ—

- (ক) কর্মচারীদের প্রদত্ত চাঁদা;
- (খ) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;
- (গ) সরকারের অনুমোদনসহ কোন বিদেশী সরকার বা সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;
- (ঘ) কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;
- (ঙ) কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;
- (চ) কল্যাণ তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা; এবং
- (ছ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

- (৩) কল্যাণ তহবিল বা উহার অংশ বিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।
- (৪) কল্যাণ তহবিল হইতে, প্রয়োজন অনুসারে, কর্মচারীদের কল্যাণের জন্য আঞ্চলিক কমিটিকে অর্থ বরাদ্দ করা যাইবে।
- (৫) কল্যাণ তহবিল হইতে, কর্মচারীদের কল্যাণের জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।
- (৬) উক্ত তহবিলের অর্থ বোর্ডের অনুমোদনক্রমে কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে।
- (৭) নির্ধারিত পদ্ধতিতে কল্যাণ তহবিল রক্ষণ ও উহার অর্থ ব্যয় করা যাইবে।

১৫। কর্মচারীদের প্রদেয় চাঁদা।—(১) মাসিক চাঁদা হিসাবে প্রত্যেক কর্মচারীকে তাঁহার বেতনের শতকরা একভাগ অথবা পঞ্চাশ টাকা, ইহার মধ্যে যাহা সর্বনিম্ন, বেতন হইতে কর্তনপূর্বক কর্মচারী কল্যাণ তহবিলে জমা করিতে হইবে।

(২) কোন কারণে কোন কর্মচারীর বেতন হইতে চাঁদা কর্তন করা না হইয়া থাকিলে উক্ত কর্মচারীর প্রদেয় চাঁদা অথবা অসাধারণতা বা অবহেলাজনিত কারণে চাঁদার অপ্রদত্ত অংশ নির্ধারিত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে অন্যথায় উহা নির্ধারিত পদ্ধতিতে আদায় করা হইবে।

(৩) কর্মচারীর অসাধারণতা, অবহেলা বা বেতন উত্তোলন না করার কারণে বা অন্য যে কোন কারণেই হোক না কেন, চাঁদা প্রদানে অপারগতায় তাঁহার বা তাঁহার পরিবারের ধারা ১৬ এর অধীন কল্যাণ অনুদান প্রাপ্তির অধিকারকে ব্যাহত করিবে না, তবে অপ্রদত্ত চাঁদা কল্যাণ অনুদানের অর্থ হইতে কাটিয়া রাখা যাইবে।

১৬। কল্যাণ তহবিল হইতে প্রদেয় অনুদান।—কোন কর্মচারী—

- (ক) শারীরিক বা মানসিক অসুস্থতার কারণে চাকুরি হইতে অপসারিত হইলে বা অবসর গ্রহণ করিলে; অথবা
- (খ) চাকুরীর অবস্থায় মৃত্যুবরণ করিলে বা উক্ত কর্মচারী অবসর প্রাপ্তির দশ বৎসর অতিক্রান্ত হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে;

তিনি বা তাঁহার পরিবার তফসিলে উলিখিত হারে পনের বৎসর পর্যন্ত অথবা উক্ত কর্মচারী যদি জীবিত থাকিতেন তাহা হইলে তাঁহার অবসর প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী দশ বৎসর পর্যন্ত, যাহা পূর্বে হয়, কল্যাণ তহবিল হইতে তফসিলে উলিখিত হারে অনুদান প্রাপ্য হইবেন :

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারী যদি এই ধারার অধীন কল্যাণ তহবিলের অনুদান গ্রহণের পর মৃত্যুবরণ করিলে উক্ত পনের বৎসর সময় তাঁহার প্রথম অনুদান গ্রহণের তারিখ হইতে গণনা করা হইবে।

১৭। কর্মচারীর যৌথ বীমা।—চাকুরীর অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করিলে, এই আইন ও বিধিমালার বিধান সাপেক্ষে, তাঁহার পরিবারকে বীমা বাবদ সংশ্লিষ্ট কর্মচারীর সর্বশেষ প্রাপ্ত মাসিক মূল বেতনের হারে চব্বিশ মাসের বেতনের সমপরিমাণ অর্থ বা অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা প্রদান করা হইবে।

১৮। বীমা কোম্পানীতে বীমাকরণ, ইত্যাদি।—বোর্ড বীমা কোম্পানী বা প্রতিষ্ঠানে কর্মচারীদের জন্য জীবন বীমা করিতে পারিবে।

১৯। কর্মচারীর যৌথ বীমা তহবিল।—(১) কর্মচারী যৌথ বীমা তহবিল নামে একটি তহবিল থাকিবে।

(২) নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ উক্ত তহবিলে জমা হইবে, যথা :—

- (ক) কর্মচারীতে প্রদত্ত প্রিমিয়াম;
- (খ) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;
- (গ) যৌথ বীমা তহবিলের সম্পত্তি বা বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়, মুনাফা বা সুদ; এবং
- (ঘ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(৩) কর্মচারীদের জীবন বীমাকরণের উদ্দেশ্যে বীমা তহবিল হইতে সংশ্লিষ্ট বীমা কোম্পানী বা প্রতিষ্ঠানকে প্রদেয় প্রিমিয়াম এবং বীমা তহবিলের প্রয়োজনীয় প্রশাসনিক ব্যয় নির্বাহ করা যাইবে।

(৪) যৌথ বীমা তহবিল হইতে কর্মচারীদের যৌথ বীমার দাবী পরিশোধের জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

(৫) যৌথ বীমা তহবিলের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ থাকিলে উহা কর্মচারীদের পরিবারবর্গের কল্যাণে ব্যয় করা যাইবে।

(৬) যৌথ বীমা তহবিল বা উহার অংশ বিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।

(৭) যৌথ বীমা তহবিলের অর্থ বোর্ডের অনুমোদনক্রমে কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে।

(৮) নির্ধারিত পদ্ধতিতে যৌথ বীমা তহবিল রক্ষণ ও উহার অর্থ ব্যয় করা যাইবে।

২০। প্রিমিয়াম প্রদান।—(১) এই আইনের অধীন জীবন বীমাকরণের উদ্দেশ্যে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী ব্যতীত সকল কর্মচারীকে যৌথ বীমা তহবিলে নির্ধারিত হারে প্রিমিয়াম প্রদান করিতে হইবে এবং উক্ত প্রিমিয়াম বেতন হইতে কর্তনপূর্বক যৌথ বীমা তহবিলে জমা করিতে হইবে।

(২) কোন কারণে কোন কর্মচারীর বেতন হইতে প্রিমিয়াম কর্তন করা না হইয়া থাকিলে, উক্ত কর্মচারীর প্রদেয় প্রিমিয়াম অথবা অসাবধানতা বা অবহেলাজনিত কারণে প্রিমিয়ামের অপ্রদত্ত অংশ নির্ধারিত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে, অন্যথায় উহা নির্ধারিত পদ্ধতিতে আদায় করা হইবে।

(৩) কর্মচারীর অসাবধানতা, অবহেলা বা বেতন উত্তোলন না করার কারণে বা অন্য যে কোন কারণেই হোক না কেন, প্রিমিয়াম প্রদানের অপারগতা তাঁহার মৃত্যুতে তাঁহার পরিবারের বীমাকৃত অর্থ প্রাপ্তির অধিকারকে ব্যাহত করিবে না, তবে, অপ্রদত্ত প্রিমিয়াম উক্ত অর্থ হইতে কাটিয়া রাখা যাইবে।

(৪) উপ-ধারা (১) এর অধীনে অব্যাহতিপ্রাপ্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রিমিয়ামের হার সরকার তৎকর্তৃক নির্ধারিত হারে ও পদ্ধতিতে যৌথ বীমা তহবিলে জমা প্রদান করিবে।

২১। বীমাকৃত অর্থ প্রদান।—কর্মচারীর মৃত্যুর কারণে বীমাকৃত অর্থ নির্ধারিত পদ্ধতিতে তাঁহার পরিবারের সদস্য বা সদস্যগণকে বা মনোনীত কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন পত্রে উলিখিত হারে প্রদান করা হইবে।

২২। কর হইতে অব্যাহতি।—সরকার আদেশ দ্বারা—

(ক) কল্যাণ তহবিল ও বীমা তহবিলকে যে কোন আইনের অধীন আরোপযোগ্য আরোপিত কর, রেইট বা ডিউটি হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(খ) Income Tax Ordinance, 1984 (Ordinance NO. XXXVI of 1984) এর অধীন কর নির্ধারণযোগ্য আয় হইতে চাঁদা ও প্রিমিয়ামের অর্থ অব্যাহতি দিতে পারিবে।

২৩। হিসাবরক্ষণ ও নিরীক্ষা।—(১) বোর্ড উহার তহবিল, কল্যাণ তহবিল, বীমা তহবিলের এবং আঞ্চলিক কমিটি উহার তহবিলের যথাযথভাবে হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতিবৎসর বোর্ডের তহবিল, আঞ্চলিক কমিটির তহবিল, কর্মচারী কল্যাণ তহবিল, কর্মচারী বীমা তহবিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার এবং ক্ষেত্রমত, বোর্ডের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ক্ষেত্রমত, বোর্ড ও আঞ্চলিক কমিটির সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং বোর্ড ও আঞ্চলিক কমিটির কোন সদস্য বা যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২৪। প্রতিবেদন।—(১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সঙ্গে সঙ্গে বোর্ড উক্ত অর্থ বৎসরের সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজন মত বোর্ডের নিকট হইতে যে কোন সময় উহার যে কোন কাজের প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

২৫। চেয়ারম্যানের বিশেষ ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের বিধানাবলীর সাথে অসংগতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে চেয়ারম্যান যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত সিদ্ধান্ত পরবর্তী সভায় অনুমোদিত হইতে হইবে।

২৬। মহা-পরিচালক।—(১) বোর্ডের একজন মহা-পরিচালক থাকিবে।

(২) মহা-পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরী শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) মহা-পরিচালকের পদ শূন্য হইলে, কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহা-পরিচালক তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহা-পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহা-পরিচালকরূপে দায়িত্ব পালন করিবে।

(৪) মহা-পরিচালক বোর্ডের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব সম্পাদন করিবেন।

২৭। ঋণ গ্রহণ।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, ঋণ গ্রহণ করিতে পারিবে।

২৮। চুক্তি।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, চুক্তি সম্পাদন করিতে পারিবে।

২৯। বাজেট।—বোর্ড প্রতিবৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে বোর্ডের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

৩০। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।—বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৩১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।—এই আইন বা বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজকর্মের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাহার ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকার, বোর্ড, আঞ্চলিক কমিটি বা কোন কর্মকর্তা বা ব্যক্তির বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

৩২। বিধি প্রণয়নের ক্ষমতা।—সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

৩৩। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।—বোর্ড এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসংগতিপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৩৪। রহিতকরণ ও হেফাজত।—(১) এই আইন প্রবর্তনের সংগে সংগে—

(ক) Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 (Ordinance NO. XXXIX of 1982), অতঃপর রহিত Ordinance বলিয়া উলিখিত, রহিত হইবে এবং রহিত Ordinance এর অধীন—

(অ) গঠিত বোর্ড অব ট্রাষ্টিজ, অতঃপর বিলুপ্ত বোর্ড বলিয়া উলিখিত, বিলুপ্ত হইবে এবং বিলুপ্ত বোর্ডের—

- (i) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার বোর্ডের উপর হস্তান্তরিত হইবে এবং বোর্ড উহার অধিকারী হইবে;
- (ii) বিরুদ্ধে বা উহা কর্তৃক দায়েরকৃত সকল মামলা-মোকদ্দমা বোর্ডের বিরুদ্ধে বা বোর্ড কর্তৃক দায়েরকৃত মামলা-মোকদ্দমা বলিয়া গণ্য হইবে;
- (iii) সকল ঋণ, দায় ও দায়িত্ব বোর্ডের ঋণ ও দায়-দায়িত্ব হইবে;

- (iv) সকল কর্মকর্তা ও কর্মচারী বোর্ডে বদলী হইবেন এবং তাহারা বোর্ড কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং উক্তরূপ বদলীর পূর্বে তাহারা যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন বোর্ড কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত সেই একই শর্তে তাহারা বোর্ডের চাকুরীতে নিয়োজিত থাকিবেন;
- (অ) গঠিত কল্যাণ তহবিল এবং যৌথ বীমা তহবিলের সকল সম্পদ, অধিকার, সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার, ক্ষেত্রমত, এই আইনের অধীন গঠিত কল্যাণ তহবিল এবং যৌথ বীমা তহবিলে হস্তান্তরিত হইবে;
- (খ) বিদ্যমান কল্যাণ অধিদপ্তর, অতঃপর বিলুপ্ত অধিদপ্তর বলিয়া উলি-খিত. বিলুপ্ত হইবে এবং বিলুপ্ত অধিদপ্তরের—
- (অ) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার বোর্ডের উপর হস্তান্তরিত হইবে এবং বোর্ড উহার অধিকারী হইবে;
- (আ) সকল ঋণ, দায় ও দায়িত্ব বোর্ডের ঋণ ও দায়-দায়িত্ব হইবে;
- (ই) কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারী কর্মকর্তা কর্মচারী হিসাবে বোর্ডের নিয়ন্ত্রণাধীনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং সরকার বা সংশ্লিষ্ট আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ কর্তৃক তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য আইন-কানুন পরিবর্তিত না হওয়া পর্যন্ত তাহাদের পদোন্নতিসহ চাকুরীর অন্যান্য শর্তাবলী পূর্ববৎ বহাল থাকিবে।
- (গ) সংস্থাপন মন্ত্রণালয়ের এস, আর ও নং ১৮২-আইন/৯৭, তারিখ ৯ই শ্রাবণ, ১৪০৪ বাংলা মোতাবেক ২৪শে জুলাই, ১৯৯৭ ইংরেজী তারিখের রিজলিউশন (জবংডব্লিউঃরডহ), অতঃপর রিজলিউশন বলিয়া উলিখিত, রহিত হইবে এবং উক্ত রিজলিউশন রহিত হইবার সঙ্গে সঙ্গে উহার অধীন গঠিত জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সাহায্য তহবিলের নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি এই আইনের অধীন গঠিত কর্মচারী কল্যাণ তহবিলে হস্তান্তরিত হইবে।
- (ঘ) সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬ই পৌষ, ১৪০২ বাংলা মোতাবেক ৩০শে ডিসেম্বর, ১৯৯৫ ইংরেজী তারিখের সিদ্ধান্ত প্রস্তুত নং সম (কল্যাণ) ডাবি- উডি ৬/৯২-৩৯২, অতঃপর সিদ্ধান্ত প্রস্তুত বলিয়া উলিখিত, রহিত হইবে এবং উক্ত সিদ্ধান্ত প্রস্তুত রহিত হইবার সঙ্গে সঙ্গে উহার অধীন গঠিত তহবিলের নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি এই আইনের অধীন গঠিত কর্মচারী কল্যাণ তহবিলে হস্তান্তরিত হইবে।
- (২) উপ-ধারা ১ (ক) এর অধীন উক্ত গুণফরহদহপব রহিত হওয়া সত্ত্বেও—
- (ক) উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- (খ) উক্ত Ordinance এর অধীন প্রণীত সকল বিধি, প্রদত্ত সকল আদেশ, জারীকৃত সকল প্রজ্ঞাপন বা নোটিশ এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে,

রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত, প্রদত্ত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফসিল

(ধারা ১৬ দৃষ্টব্য)

মূল বেতন	মাসিক কল্যাণ অনুদানের পরিমাণ	
১৫০০/-টাকার অধিক	কিন্তু ১৬০০/-টাকার উপরে নহে	টাকা ৪২৫/-
১৬০০/-টাকার অধিক	কিন্তু ১৭০০/-টাকার উপরে নহে	টাকা ৪৫০/-
১৭০০/-টাকার অধিক	কিন্তু ১৮০০/-টাকার উপরে নহে	টাকা ৪৭৫/-
১৮০০/-টাকার অধিক	কিন্তু ১৯০০/-টাকার উপরে নহে	টাকা ৫০০/-
১৯০০/-টাকার অধিক	কিন্তু ২০০০/-টাকার উপরে নহে	টাকা ৫২৫/-
২০০০/-টাকার অধিক	কিন্তু ২১০০/-টাকার উপরে নহে	টাকা ৫৫০/-
২১০০/-টাকার অধিক	কিন্তু ২২০০/-টাকার উপরে নহে	টাকা ৫৭৫/-
২২০০/-টাকার অধিক	কিন্তু ২৩০০/-টাকার উপরে নহে	টাকা ৬০০/-
২৩০০/-টাকার অধিক	কিন্তু ২৪০০/-টাকার উপরে নহে	টাকা ৬২৫/-
২৪০০/-টাকার অধিক	কিন্তু ২৫০০/-টাকার উপরে নহে	টাকা ৬৫০/-
২৫০০/-টাকার অধিক	কিন্তু ২৬০০/-টাকার উপরে নহে	টাকা ৬৭৫/-
২৬০০/-টাকার অধিক	কিন্তু ২৭০০/-টাকার উপরে নহে	টাকা ৭০০/-
২৭০০/-টাকার অধিক	কিন্তু ২৮০০/-টাকার উপরে নহে	টাকা ৭২৫/-
২৮০০/-টাকার অধিক	কিন্তু ২৯০০/-টাকার উপরে নহে	টাকা ৭৫০/-
২৯০০/-টাকার অধিক	কিন্তু ৩০০০/-টাকার উপরে নহে	টাকা ৭৭৫/-
৩০০০/-টাকার অধিক	কিন্তু ৩১০০/-টাকার উপরে নহে	টাকা ৮০০/-
৩১০০/-টাকার অধিক	কিন্তু ৩২০০/-টাকার উপরে নহে	টাকা ৮২৫/-
৩২০০/-টাকার অধিক	কিন্তু ৩৩০০/-টাকার উপরে নহে	টাকা ৮৫০/-
৩৩০০/-টাকার অধিক	কিন্তু ৩৪০০/-টাকার উপরে নহে	টাকা ৮৭৫/-
৩৪০০/-টাকার অধিক	কিন্তু ৩৫০০/-টাকার উপরে নহে	টাকা ৯০০/-
৩৫০০/-টাকার অধিক	কিন্তু ৩৬০০/-টাকার উপরে নহে	টাকা ৯২৫/-
৩৬০০/-টাকার অধিক	কিন্তু ৩৭০০/-টাকার উপরে নহে	টাকা ৯৫০/-
৩৭০০/-টাকার অধিক	কিন্তু ৩৮০০/-টাকার উপরে নহে	টাকা ৯৭৫/-
৩৯০০/-টাকার অধিক		টাকা ১০০০/-

খন্দকার ফজলুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

কল্যাণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২ চৈত্র ১৪১২/১৬ মার্চ ২০০৬

এস, আর, ও নং ৪৮-আইন/২০০৬।—বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ (২০০৪ সনের ১নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৯ জানুয়ারি, ২০০৪ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “অনুদান” অর্থ আইনের ধারা ১৬ এর অধীন প্রদেয় অনুদান বা অর্থ;
- (খ) “আইন” অর্থ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ (২০০৪ সনের ১নং আইন);
- (গ) “কর্মচারী” অর্থ আইনের ধারা ২ (খ) এ বর্ণিত কর্মচারী;
- (ঘ) “কমিটি” অর্থ বোর্ড কর্তৃক আইনের ধারা ১১ এর অধীন গঠিত কোন কমিটি;
- (ঙ) “চাঁদা” অর্থ আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর অধীন প্রদেয় চাঁদা;
- (চ) “তফসিল” অর্থ আইনের ধারা ১৬ এ বর্ণিত তফসিল;
- (ছ) “নির্ধারিত ফরম” অর্থ বিধি ১৯ এর অধীন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম;
- (জ) “প্রিমিয়াম” অর্থ আইনের ধারা ২০ এর উপ-ধারা (১) এর অধীন প্রদেয় প্রিমিয়াম;
- (ঝ) “বোর্ড” অর্থ আইনের ধারা ২(এ৩) এ বর্ণিত বোর্ড;
- (ঞ) “বিশেষ অনুদান” অর্থ বিধি ১৫ এর অধীনে প্রদেয় অনুদান বা অর্থ;
- (ট) “মহা-পরিচালক” অর্থ বোর্ডের মহা-পরিচালক; এবং

(ঠ) “হিসাব রক্ষণ কর্মকর্তা” অর্থ মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা।

৩। বোর্ডের তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।—(১) বোর্ডের তহবিলের অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত কোন তফসিলি ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) বোর্ডের চেয়ারম্যান কর্তৃক মনোনীত বোর্ডের প্রধান কার্যালয়ে কর্মরত উপ-পরিচালকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা এবং মহা-পরিচালক কর্তৃক মনোনীত বোর্ডের একজন

উপ-পরিচালক এর যৌথ স্বাক্ষরে অনূর্ধ্ব ৫,০০০ (পাঁচ হাজার) টাকার চেকের মাধ্যমে উপ-বিধি (১) এ বর্ণিত ব্যাংক হিসাব পরিচালনা ও অর্থ উত্তোলন করিতে পারিবে এবং উহার জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবে, তবে ৫,০০০ (পাঁচ হাজার) টাকার উর্দ্ধের কোন চেকসহ অন্যান্য লেন-দেন চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক এবং মহা-পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৩) বোর্ডের তহবিলের আয় ব্যয়ের হিসাব বোর্ড কর্তৃক প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

৪। আঞ্চলিক কমিটির তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।—(১) আঞ্চলিক কমিটির তহবিলের অর্থ তৎকর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) আঞ্চলিক কমিটির তত্ত্বাবধানে, উক্ত আঞ্চলিক এলাকার জন্য, বোর্ডের তহবিল, আঞ্চলিক কমিটির তহবিল, কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিল নামে প্রতিটির জন্য স্বতন্ত্র ব্যাংক হিসাব থাকিবে।

(৩) বোর্ডের বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক এবং সংশ্লিষ্ট বিভাগের আঞ্চলিক কমিটির সভাপতি কর্তৃক মনোনীত বোর্ডের সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে কর্মরত কোন কর্মকর্তা যৌথ স্বাক্ষরে উপ-বিধি (১) এ বর্ণিত ব্যাংক হিসাব পরিচালনা ও অর্থ উত্তোলন করিতে পারিবে এবং উহার জন্য আঞ্চলিক কমিটি ও বোর্ডের নিকট দায়ী থাকিবে।

(৪) আঞ্চলিক কমিটির তহবিলের আয় ব্যয়ের হিসাব বোর্ড কর্তৃক প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(৫) বোর্ডের তহবিল বাবদ বরাদ্দকৃত অর্থ যে উদ্দেশ্যে বরাদ্দ করা হইয়াছে কেবল সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে।

(৬) বোর্ডের তহবিল হইতে আঞ্চলিক কমিটির অনুকূলে বরাদ্দকৃত অর্থ যে উদ্দেশ্যে বরাদ্দ করা হইয়াছে কেবল সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে।

(৭) কল্যাণ তহবিল হইতে আঞ্চলিক কমিটির অনুকূলে বরাদ্দকৃত অর্থ যে উদ্দেশ্যে বরাদ্দ করা হইয়াছে কেবল সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে।

(৮) যৌথ বীমা তহবিল হইতে আঞ্চলিক কমিটির অনুকূলে বরাদ্দকৃত অর্থ যে উদ্দেশ্যে বরাদ্দ করা হইয়াছে কেবল সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে।

৫। কর্মচারী কল্যাণ তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।—(১) কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) বোর্ডের চেয়ারম্যান কর্তৃক মনোনীত বোর্ডের প্রধান কার্যালয়ে কর্মরত উপ-পরিচালকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা এবং মহা-পরিচালক কর্তৃক মনোনীত বোর্ডের একজন উপ-পরিচালক এর যৌথ স্বাক্ষরে অনূর্ধ্ব ৫,০০০ (পাঁচ হাজার) টাকার চেকের মাধ্যমে উপ-বিধি (১) এ বর্ণিত ব্যাংক হিসাব পরিচালনা ও অর্থ উত্তোলন করিতে পারিবে এবং উহার জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবে, তবে ৫,০০০ (পাঁচ হাজার) টাকার উর্দ্ধের কোন চেকসহ অন্যান্য লেন-দেন চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক এবং মহা-পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৩) কর্মচারী কল্যাণ তহবিলের আয় ব্যয়ের হিসাব বোর্ড কর্তৃক প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(৪) সরকারের সংশ্লিষ্ট এখতিয়ারাধীন হিসাব রক্ষণ কর্মকর্তা বিধি ১০ এ বর্ণিত মুখ্য খাতে জমাকৃত অর্থ প্রতি মাসে উপ-বিধি (১) এ বর্ণিত তফসিলি ব্যাংকের কল্যাণ তহবিল হিসাবে জমা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক-কে ক্ষমতা প্রদান করিবেন এবং উক্ত খাতে জমাকৃত অর্থ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে প্রদান করা হইয়াছে এবং অর্থিক বৎসর শেষে উক্ত খাতে কোন স্থিতি নাই, ইহার নিশ্চয়তা বিধান করিবেন।

৬। যৌথবীমা তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।—(১) যৌথবীমা তহবিলের অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) বোর্ডের চেয়ারম্যান কর্তৃক মনোনীত বোর্ডের প্রধান কার্যালয়ে কর্মরত উপ-পরিচালকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা এবং মহা-পরিচালক কর্তৃক মনোনীত বোর্ডের একজন উপ-পরিচালক এর যৌথ স্বাক্ষরে অনূর্ধ্ব ৫,০০০ (পাঁচ হাজার) টাকার চেকের মাধ্যমে উপ-বিধি (১) এ বর্ণিত ব্যাংক হিসাব পরিচালনা ও অর্থ উত্তোলন করিতে পারিবে এবং উহার জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবে, তবে ৫,০০০ (পাঁচ হাজার) টাকার উর্দ্ধের কোন চেকসহ অন্যান্য লেন-দেন চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক এবং মহা-পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৩) যৌথ বীমা তহবিলের আয় ব্যয়ের হিসাব বোর্ড কর্তৃক প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(৪) সরকারের সংশ্লিষ্ট এখতিয়ারাধীন হিসাব রক্ষণ কর্মকর্তা বিধি ১১ এ বর্ণিত মুখ্য খাতে জমাকৃত অর্থ প্রতি মাসে উপ-বিধি (১) এ বর্ণিত তফসিলি ব্যাংকের যৌথ বীমা তহবিল হিসাবে জমা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক-কে ক্ষমতা প্রদান করিবেন এবং উক্ত খাতে জমাকৃত অর্থ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে প্রদান করা হইয়াছে এবং অর্থিক বৎসর শেষে উক্ত খাতে কোন স্থিতি নাই, ইহার নিশ্চয়তা বিধান করিবেন।

৭। কর্মচারী কল্যাণ তহবিলের চাঁদা আদায় পদ্ধতি।—(১) আইনের ধারা ১ এর উপ-ধারা (৩) অধীন যে সকল কর্তৃপক্ষ, সংস্থা, প্রতিষ্ঠান বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে আইনের আওতাধীন, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কর্মচারী হিসাবে ঘোষণা করা হইয়াছে বা

হইবে, উক্ত কর্মচারীগণের প্রদেয় চাঁদা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, সংস্থা, প্রতিষ্ঠান বা স্বায়ত্তশাসিত সংস্থা সরাসরি ক্রস চেকের মাধ্যমে চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বরাবরে প্রেরণ করিবে।

(২) গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তা নিজে এবং নন-গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এ নির্ধারিত পরিমাণ মাসিক চাঁদা বেতন বিল হইতে কর্তনপূর্বক কর্মচারী কল্যাণ তহবিলে জমা প্রদান করিবেন।

(৩) কোন কর্মচারী বৈদেশিক চাকুরীতে প্রেষণে নিয়োগ বা বদলী হইলে বা লিয়ন সংরক্ষণপূর্বক বৈদেশিক নিয়োগ লাভ করিলে বৈদেশিক চাকুরীতে বা বৈদেশিক নিয়োগে নিয়োজিত থাকাকালীন সময়ের চাঁদা ট্রেজারী চালানোর মাধ্যমে বিধি-১০ এ উলিখিত মুখ্যখাতে জমা প্রদান করিবেন এবং বৈদেশিক চাকুরী বা বৈদেশিক নিয়োগে যাওয়ার অব্যবহিত পূর্বে উক্ত কর্মচারী যে হিসাব রক্ষণ কর্মকর্তার এখতিয়াধীন ছিলেন তাহার নিকট ট্রেজারী চালানোর এক কপি প্রেরণ করিবেন।

(৪) কোন কারণে যদি চাঁদা বেতন বিল হইতে কর্তন করা না হইয়া থাকে অথবা কোন কর্মচারীর অসাবধানতা, অবহেলা বা অন্য কোন কারণে চাঁদার কোন অংশ প্রদত্ত থাকে, তাহা হইলে বিধি-৭ এর উপ-বিধি (৩) এ উলিখিত মুখ্য খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে এবং যে সময়ের জন্য উক্ত চাঁদা প্রদত্ত ছিল সেই সময়ে উক্ত কর্মচারী যে হিসাব রক্ষণ কর্মকর্তার এখতিয়াধীন ছিলেন তাহার নিকট জমাকৃত চালানোর এক কপি প্রেরণ করিবেন।

৮। যৌথবীমা তহবিলের প্রিমিয়াম আদায় পদ্ধতি।—(১) আইনের ধারা ১ এর উপ-ধারা (৩) এর অধীন যে সকল কর্তৃপক্ষ, সংস্থা, প্রতিষ্ঠান বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে আইনের আওতাধীন, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কর্মচারী হিসাবে ঘোষণা করা হইয়াছে বা হইবে, উক্ত কর্মচারীগণের প্রদেয় প্রিমিয়াম সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, সংস্থা, প্রতিষ্ঠান বা স্বায়ত্তশাসিত সংস্থা সরাসরি ক্রস চেকের মাধ্যমে চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বরাবরে প্রেরণ করিবে।

(২) যৌথ বীমা তহবিলের প্রিমিয়ামের হার হইবে কর্মচারীর মূল বেতনের শতকরা ০.৭০ ভাগ অথবা ৪০ টাকা, উভয়ের মধ্যে যারা সর্বনিম্ন।

(৩) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী ব্যতীত প্রত্যেক কর্মচারীকে বেতন বিল হইতে কর্তনপূর্বক তহবিলের প্রিমিয়াম প্রদান করিতে হইবে।

(৪) কোন কর্মচারী বৈদেশিক চাকুরীতে প্রেষণে নিয়োগ বা বদলী হইলে বা লিয়ন সংরক্ষণপূর্বক বৈদেশিক নিয়োগ লাভ করিলে বৈদেশিক চাকুরীতে বা বৈদেশিক নিয়োগে নিয়োজিত কালীন সময়ের প্রিমিয়াম ট্রেজারী চালানোর মাধ্যমে বিধি-১১ এ উলিখিত মুখ্যখাতে জমা প্রদান করিবেন এবং বৈদেশিক চাকুরী বা বৈদেশিক নিয়োগে যাওয়ার অব্যবহিত পূর্বে উক্ত কর্মচারী যে হিসাব রক্ষণ কর্মকর্তার এখতিয়াধীন ছিলেন তাহার নিকট ট্রেজারী চালানোর এক কপি প্রেরণ করিবেন।

(৫) কোন কারণে প্রিমিয়াম যদি বেতন বিল হইতে কর্তন করা না হইয়া থাকে অথবা কোন কর্মচারীর অসাবধানতা, অবহেলা বা অন্য কোন কারণে চাঁদার কোন অংশ অপ্রদত্ত থাকে তাহা হইলে উপ-বিধি (৪) এ উলিখিত খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে তাহা জমা করিতে হইবে এবং যে

সময়ের জন্য উক্ত প্রিমিয়াম অপ্রদত্ত ছিল সেই সময়ে উক্ত কর্মচারী যে হিসাব রক্ষণ কর্মকর্তার এখতিয়ারাধীন ছিলেন তাহার নিকট জমাকৃত চালানোর এক কপি প্রেরণ করিবেন।

৯। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের যৌথ বীমার প্রিমিয়াম আদায় পদ্ধতি।—(১) আইনের ধারা ২০ এর উপ-ধারা (১) এ অব্যাহতিপ্রাপ্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বিধি ৮(২) এ বর্ণিত হারে প্রিমিয়ামের পরিমাণ হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত বেতন বিল বিরণীর ভিত্তিতে বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে এবং উক্ত প্রদেয় অর্থ কর্মচারীর যৌথ বীমা তহবিলের অনুকূলে মঞ্জুরী প্রদানের জন্য সরকারের নিকট দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত অর্থের মঞ্জুরী পাওয়ার পর হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক চেয়ারম্যান উক্ত অর্থ উত্তোলন করিবেন এবং যৌথ বীমা তহবিলে উহা জমা করিবেন।

১০। কল্যাণ তহবিলের আদায়কৃত চাঁদা জমা প্রদান।—বিধি ৭ এর অধীনে কর্তনকৃত টাকা সংশ্লিষ্ট এখতিয়ারাধীন হিসাব রক্ষণ কর্মকর্তাগণ পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং ৬/১০৫১/০০০০/৮২৪১ এর মুখ্য খাতে ও কল্যাণ তহবিলের হিসাব কোডে জমা দিবেন।

১১। যৌথ বীমা তহবিলের আদায়কৃত প্রিমিয়াম জমা প্রদান।—বিধি ৮ এর অধীনে কর্তনকৃত টাকা সংশ্লিষ্ট এখতিয়ারাধীন হিসাব রক্ষণ কর্মকর্তাগণ পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং ৬/১০৫১/০০০০/৮২৪৬ এর মুখ্য খাতে ও যৌথবীমা তহবিলের হিসাব কোডে জমা দিবেন।

১২। কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমা তহবিলের প্রিমিয়াম অফেরতযোগ্য।—(১) কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিলে প্রদানকৃত চাঁদা ও প্রিমিয়াম অফেরতযোগ্য। কোন কর্মচারী মৃত্যুবরণ করিলে, অবসর গ্রহণ করিলে, চাকুরী হইতে পদত্যাগ করিলে, চাকুরী হইতে অপসারিত বা চাকুরীচ্যুত হইলে তিনি বা তাহার পরিবার তাহার চাকুরীকালীন সময়ে কল্যাণ তহবিল এবং যৌথ বীমা তহবিলে যে চাঁদা ও প্রিমিয়াম প্রদান করিয়াছেন তাহা ফেরত পাওয়ার অধিকারী হইবেন না।

১৩। বোর্ডের তহবিল হইতে প্রদেয় অনুদান।—(১) আইনের ধারা ১৬ এর অধীন কল্যাণ তহবিল হইতে প্রদেয় অনুদান আইনের ধারা ১৭ এর অধীনে যৌথবীমা তহবিল হইতে এককালীন অর্থ এবং বিধি ১৫ এর অধীনে কল্যাণ তহবিল হইতে প্রদেয় বিশেষ অনুদান ব্যতীত বোর্ডের তহবিল হইতে নিম্নোক্ত উদ্দেশ্যে বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত পরিমাণ অনুদান বা অর্থ প্রদান করা যাইবে, যথা :

- (ক) শিক্ষাবৃত্তি,
- (খ) চিকিৎসা সাহায্য,
- (গ) দাফন বা অশ্মেষ্টিক্রিয়া,
- (ঘ) জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য সাহায্য প্রদান,
- (ঙ) সমাজ উন্নয়নমূলক কার্যক্রম এবং কর্মচারীদের আর্থ-সামাজিক উন্নয়নে সাহায্য, এবং

(৮) স্টাফ বাস কর্মসূচী।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অনুদান বা অর্থ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

(৩) বোর্ডের তহবিল হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ ডাক, তার ও টেলিফোন, বাংলাদেশ রেলওয়ে, বিডিআর এবং পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত সরকারের অসামরিক খাত হইতে বেতন প্রাপ্ত সকল নন-গেজেটেড তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর দুই সপ্তাহের ৬ষ্ঠ শ্রেণী হইতে তদূর্ধ্ব শ্রেণীতে অধ্যয়নের জন্য বৎসরে ১(এক) বার শিক্ষা বৃত্তি প্রদান করা যাইবে।

(৪) বোর্ডের তহবিল হইতে ডাক, তার ও টেলিফোন, বাংলাদেশ রেলওয়ে, বিডিআর এবং পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অসামরিক খাত হইতে বেতনপ্রাপ্ত সকল নন-গেজেটেড তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর চিকিৎসা সাহায্যের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ প্রদান করা যাইবে।

(৫) বোর্ডের তহবিল হইতে ডাক, তার ও টেলিফোন, বাংলাদেশ রেলওয়ে, বিডিআর ও পুলিশ বিভাগের কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অসামরিক খাত হইতে বেতনপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর নিজ বা তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল পরিবারের অন্যান্য সদস্যদের মৃত্যুজনিত কারণে মৃতদেহ দাফন বা অশ্মাঙ্কিতক্রিয়ার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ প্রদান করা যাইবে এবং ১০(দশ) কিলোমিটারের অধিক দূরত্বে মৃতদেহ পরিবহনের জন্য অতিরিক্ত অর্থ সাহায্যও প্রদান করা যাইবে।

(৬) কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা প্রদান করা যাইবে। কর্মচারীদের জটিল ও ব্যয়বহুল রোগে দেশে বিদেশে চিকিৎসা সাহায্যের জন্য আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষা করিয়া সাহায্য মঞ্জুরীর সুপারিশ করার লক্ষ্যে মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে সভাপতি করিয়া একটি স্থায়ী মেডিকেল বোর্ড থাকিবে এবং চূড়ান্ত সাহায্য মঞ্জুরীর জন্য সচিব, সংস্থাপন মন্ত্রণালয়কে সভাপতি করিয়া সাহায্য মঞ্জুরীর একটি উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা কমিটি থাকিবে। স্থায়ী মেডিকেল বোর্ড ও ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সম্পাদিত হইবে।

(৭) মহিলা কর্মচারীদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য প্রতিষ্ঠিত মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা মহানগরী ও বিভাগীয় পর্যায়ে চালু রাখা এবং উহার কার্যক্রম সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত কর্মচারীদের বিষয়ে বোর্ড যেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিবে সেইরূপভাবে মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালিত হইবে।

(৮) কর্মচারীদের দ্বারা গঠিত ক্লাব, কমিউনিটি সেন্টার, এসোসিয়েশনের নির্মাণ বা সম্প্রসারণের জন্য এবং সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংক্রান্ত কর্মকাণ্ডের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ প্রদান করা যাইবে।

(৯) কর্মচারীদের সময়মত কর্মস্থলে যাতায়াত সুবিধা প্রদানের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত সংখ্যক যানবাহনের ব্যবস্থা করা যাইবে। সরকারী কর্মচারীদের অফিসে সময়মত যাতায়াত নিশ্চিত করার জন্য ঢাকা মহানগরী, শহরতলী, পার্শ্ববর্তী জেলা, বিভাগীয় ও জেলা পর্যায়ে স্টাফ বাস কর্মসূচী

চালু রাখা এবং সম্প্রসারণ ও স্টাফ বাস কর্মসূচীতে কর্মরত কর্মচারীদের সম্পর্কে বোর্ড যেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিবে সেইরূপভাবে স্টাফ বাস কর্মসূচী পরিচালিত হইবে।

১৪। কল্যাণ তহবিল হইতে প্রদেয় অনুদান।—(১) মৃত কর্মচারীর পরিবারের একাধিক সদস্য থাকার ক্ষেত্রে আইনের ধারা ১৬ এর অধীন প্রদেয় অর্থ তাঁহার পরিবারের সকল সদস্যদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন সদস্যকে প্রদান করিতে হইবে। উক্ত ক্ষমতাপত্র কর্মচারীর বিভাগীয় বা অফিস প্রধান অথবা কর্মচারীর স্থায়ী বা বর্তমান বাসস্থানের এলাকার ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশন এর কমিশনার কর্তৃক প্রতীক্ষাক্রমিত হইতে হইবে। যদি এই ক্ষমতাপত্র কোন সদস্য দাখিল করিতে না পারেন তাহা হইলে উক্ত অনুদান বিভাগীয় বা অফিস প্রধান কর্তৃক মনোনীত পরিবারের সদস্যকে প্রদান করিতে হইবে।

(২) কোন কারণবশতঃ পরিবারের সদস্যদের সম্মতি বা ক্ষমতাপত্র গ্রহণ সম্ভব না হইলে এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস বা বিভাগীয় প্রধানের সুপারিশ অনুযায়ী আবেদনকারীকে তাঁর প্রাপ্য অংশ প্রদান করা যাইবে।

(৩) মাসিক কল্যাণ অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

১৫। কল্যাণ তহবিল হইতে প্রদেয় বিশেষ অনুদান।—(১) আইনের অধীনে প্রদেয় অনুদানের অতিরিক্ত হিসাবে নিম্নবর্ণিত ক্ষেত্রে, বিশেষ অনুদানসমূহ, বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রদান করা যাইবে, যথাঃ—

- (ক) চিকিৎসা অনুদান,
- (খ) শিক্ষাবৃত্তি,
- (গ) দাফন ও অল্লেখ্যক্রিয়া।

(২) উপ-বিধি (১) এ উলিখিত বিশেষ অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

(৩) কর্মচারীর নিজের বা তাঁহার পরিবারের সদস্যদের চিকিৎসা বাবদ ৪(চার) মাসের মূল বেতনের সমপরিমাণ বা সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) টাকা ইহার মধ্যে যাহা সর্বনিম্ন সর্বাধিক উক্ত পরিমাণ অর্থ চিকিৎসা অনুদান হিসাবে প্রদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, অবসরপ্রাপ্ত কর্মচারীর বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর হওয়া পর্যন্ত তিনি বা তাঁহার পরিবারে উলিখিত সদস্যগণ এই অনুদানের সুবিধা প্রাপ্য হইবেন। মৃত কর্মচারীর ক্ষেত্রে তিনি জীবিত থাকিলে যে তারিখে তাঁহার বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর হইত, ঐ তারিখ পর্যন্ত তাঁহার পরিবারের উলিখিত সদস্যগণ এই অনুদানের সুবিধা প্রাপ্য হইবে।

(৪) মৃত বা অবসরপ্রাপ্ত কর্মচারীর সন্তানদের নবম শ্রেণী হইতে তদূর্ধ্ব শ্রেণীতে অধ্যয়নের ক্ষেত্রে শিক্ষা বৃত্তির জন্য অনধিক ২(দুই) সন্তানকে বৎসরে ১(এক) বার তফসিল অনুযায়ী শিক্ষাবৃত্তি প্রদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, অবসরপ্রাপ্ত কর্মচারীর বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর পূর্ণ হওয়া পর্যন্ত তিনি বা তাঁহার পরিবারের উলিখিত সদস্যগণ এই অনুদানের সুবিধা প্রাপ্য হইবেন। মৃত কর্মচারীর ক্ষেত্রে তিনি জীবিত থাকিলে যে তারিখে তাঁহার বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর হইত, ঐ তারিখ পর্যন্ত তাঁহার পরিবারের উলিখিত সদস্যগণ এই অনুদানের সুবিধা প্রাপ্য হইবে।

(৫) কোন কর্মচারী অবসর গ্রহণের পর ৬৭ (সাতষষ্টি) বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত তাঁহার মৃত্যু বা তাঁহার পরিবারের কোন সদস্য মৃত্যুবরণ করিলে মৃতদেহ দাফন বা অল্লেখ্যক্রিয়া বাবদ

৩০০০ (তিন হাজার) এবং মৃতদেহ ১০(দশ) কিলোমিটারের অধিক দূরত্বে পরিবহনের জন্য ২০০০ (দুই হাজার) টাকাসহ মোট ৫০০০ (পাঁচ হাজার) টাকা সাহায্য প্রদান করা যাইবে।

১৬। যৌথবীমা তহবিল হইতে প্রদেয় অনুদান গ্রহণ সংক্রান্ত মনোনয়ন।—(১) আইনের ধারা ১৭ এ বর্ণিত যৌথ বীমা তহবিল এর অর্থ গ্রহণের জন্য কোন কর্মচারী তাঁহার পরিবারের সদস্যদের মধ্যে এক বা একাধিক সদস্যকে বা অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে নির্ধারিত মনোনয়ন ফরমে মনোনীত করিতে পারিবে। কর্মচারী জীবিত অবস্থায় ইচ্ছা করিলে মনোনয়ন বাতিল, পরিবর্তন বা সংশোধনপূর্বক নতুনভাবে মনোনয়ন করিতে পারিবে এবং সেইক্ষেত্রে মনোনয়ন ফরম পূরণ করিয়া বোর্ডের নিকট দাখিল করিতে হইবে। বোর্ড কর্তৃক উক্ত মনোনয়ন বাতিল, পরিবর্তন বা সংশোধন সংক্রান্ত ফরম প্রাপ্তির তারিখ হইতে উহা কার্যকর হইবে।

(২) একাধিক সদস্য বা ব্যক্তিকে মনোনয়ন করার ক্ষেত্রে যৌথবীমার সমুদয় অর্থকে অস্ভুজুক্ত করিয়া মনোনয়নপ্রাপ্ত প্রত্যেকের প্রাপ্য অংশ মনোনয়ন পত্রে উল্লেখ করিতে হইবে। মনোনয়ন পত্রে উলিখিত প্রাপ্য অংশ অনুযায়ী মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে যৌথবীমা অর্থ মঞ্জুর করা যাইবে।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী পূরণকৃত মনোনয়ন ফরমের তিনটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে। উক্তরূপে প্রস্তুতকৃত মনোনয়ন ফরমের একটি কপি বোর্ড বরাবরে প্রেরণ করিতে হইবে। ইহা ছাড়া মনোনয়ন ফরমের একটি কপি সংরক্ষণের জন্য অফিস প্রধানের নিকট প্রেরণ করিতে হইবে এবং একটি কপি কর্মচারী নিজে সংরক্ষণ করিবেন।

- (জ) ৮ম অংশ- প্রতিস্বাক্ষরকারী অফিসারের মন্ড্রব্য অনুবেদনকারী অফিসার পূরণ করিবেন ও স্বাক্ষর দিবেন।
- (ঝ) ৯ম অংশ - অতিরিক্ত মন্ড্রব্য বিশেষ ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ পূরণ করিবেন।
- (ঞ) ১০ম অংশ-মন্ত্রণালয়/বিভাগের মন্ড্রব্য মন্ত্রণালয়/বিভাগ পূরণ করিবেন।
ব্য

১.৬ বার্ষিক গোপনীয় ফরম-১ একটি প্রয়োজনীয় দলিল। ১ম শ্রেণীর গেজেটেড অফিসারদের ডোসিয়ারের একটা অংশ ইহা নিয়া গঠিত।

ইহার উদ্দেশ্য নিম্নরূপ :

- (ক) সিভিল সার্ভিসের জবাবদিহিত্ব নিশ্চিতকরণ।
- (খ) অফিসারদের কার্য সম্পাদনের ক্রমপঞ্জিত রেকর্ড তৈরীকরণ।
- (গ) ইহা কার্যসম্পাদনের ক্ষেত্রে উন্নতি সাধনের একটি উপায়।
- (ঘ) নিয়োগ, বদলী, প্রশিক্ষণ, কর্মজীবনের উন্নতি বিধান এবং অন্যান্য কর্মচারী সংক্রান্ড সিদ্ধান্তের বিষয়ে ইহা অত্যাৱশ্যক তথ্য সরবরাহ করে।
- (ঙ) কর্মজীবন সংক্রান্ড পরিকল্পনার ক্ষেত্রে ইহা একটি গুরুত্বপূর্ণ দলিল।

সাধারণ নীতি নির্দেশ :

- ১.৭ বার্ষিক গোপনীয় অনুবেদন বাৎসরিকভাবে লিখিত হয়। কিন্তু অনুবেদনাধীন অফিসারদের সব সময় পরিচালনা, নির্দেশনা, প্রশিক্ষণ ও পরামর্শদান উর্ধ্বতন অফিসারগণের অবশ্য পালনীয় দায়িত্ব। যেখানে শোধরানোর কাজ আবশ্যক অথবা কোন প্রশংসা করা প্রয়োজন, তাহা তখনি করিতে হইবে এবং অনুবেদনকারী অফিসার বৎসরের শেষে শুধু তাঁহার মূল্যায়ন রেকর্ড করার জন্য বসিয়া থাকিবেন না। তত্ত্বাবধান একটি নিরবিচ্ছিন্ন কর্তব্য।
- ১.৮ অনুবেদনকারী অফিসার অনুবেদনের মানের নিরপেক্ষতা, বস্তুনিষ্ঠতা ও সমরূপতা অবশ্যই নিশ্চিত করিবেন। অনুবেদনকারী অফিসার :-
- (ক) যথাসম্ভব বস্তুনিষ্ঠ হইবেন।
- (খ) সুস্পষ্ট ও সরাসরি মন্ড্রব্য করিবেন এবং মন্ড্রব্যে অস্পষ্টতা ও পাশ কাটাইয়া যাওয়াকে পরিহার করিবেন।
- (গ) যথাসম্ভব সর্বদিক নজরে রাখিবেন।

(ঘ) অতিরঞ্জিত ও স্থূল অবমূল্যায়ন পরিহার করিবেন।

- ১.৯ অনুবেদন ব্যবস্থার প্রতি সুস্থ মানসিকতা গড়িয়া তোলা প্রতিবেদনকারী অফিসারের উপর একটি আরোপিত দায়িত্ব। ইহা সরকারী অফিসারদের তাঁহাদের সম্পাদিত কর্মের জবাবদিহিতা নিশ্চয়তা বিধানের একটি উপায়। বিশেষ বিশেষ দোষত্রুটি চিহ্নিতকরণ, সকল দিক সনাক্তকরণ এবং ত্রুটিমুক্তির ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের ব্যাপারেও ইহাকে একটি সৎ প্রচেষ্টা হিসাবে ধরা যায়।

১.১০ * বাদ

- ১.১১ কোন বিরূপ মন্ড্র্য না থাকিলে, অনুবেদনকারী অফিসারকে ৩য়-১০ম অংশ দেখানো যাইবেনা এবং ইহা গোপনীয় হিসাবে বিবেচিত হইবে।

ঘটনা (ইন্সিডেন্ট) নথি ও হুসিয়ারি

- ১.১২ বিরূপ মন্ড্র্য করার পূর্বে অনুবেদনকারী অফিসার অবশ্যই :

(ক) প্রাথমিক অপরাধের বেলায় প্রথমতঃ সংশ্লিষ্ট অফিসারের কৃত ভুল/বিচ্যুতি মৌখিকভাবে তুলিয়া ধরিবেন এবং সংশোধনের জন্য পরামর্শ দিবেন।

(খ) পুনরাবৃত্ত অথবা ইচ্ছাকৃত অপরাধ/ত্রুটি/বিচ্যুতির জন্য লিখিতভাবে সতর্ক করিবেন। এই হুসিয়ারি খোলাখুলি, দৃঢ় ও সুস্পষ্ট হইবে।

- ১.১৩ রিপোর্টকৃত ত্রুটি ইতিমধ্যে অনুবেদনকারী অফিসারের দৃষ্টিগোচর করা হইয়াছে কিনা এবং অনুবেদনকারী অফিসার এইগুলি সংশোধনের জন্য পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা সেই বিষয়ে অনুবেদনকারী অফিসার অংশ ৬ এ তাহা উল্লেখ করিবেন।

- ১.১৪ অনুবেদনকারী অফিসার একটা ঘটনা নথিতে (ইন্সিডেন্ট ফাইল) অনুবেদনকারী অফিসারের কাজকে প্রভাবিত করে এমন সব ঘটনার রেকর্ড রাখিবেন।

* সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম(সিআর/সিপি-৩)-১৬/৮৪-২৩(২০০), তারিখঃ ৫-৫-১৯৮৫ দৃষ্টব্য।

অনুবেদনের ধারা

- ২.১ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ইহার প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন গেজেটেড অফিসারদের ক্ষেত্রে অনুবেদনকারী অফিসার, প্রতিস্বাক্ষরকারী অফিসার অথবা অন্যান্য উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসাবে কে কে থাকিবেন তাহা ঠিক করিয়া প্রতিষ্ঠানের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন পেশের ধারা প্রজ্ঞাপিত করিবেন।

- ২.২ (ক) অনুবেদনকারী অফিসার তাঁহার অধীনে নূন্যপক্ষে ৩ মাস কাল চাকুরী করিয়াছেন এমন ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ লেখার বিষয়ে দায়ী থাকিবেন।

(খ) একজন অনুবেদনকারী অফিসারের অধীনে কোন অফিসারের চাকুরীকাল ৩ মাস পূর্ণ না হইলে, তাঁহার বার্ষিক গোপনীয় অনুবেদন তাঁহার পূর্বের অনুবেদনকারী অফিসার লিখিবেন।

পূর্বের অনুবেদনকারী অফিসারকে না পাওয়া গেলে প্রতিস্বাক্ষরকারী অফিসার বার্ষিক গোপনীয় অনুবেদন পূরণ করিবেন।

(গ) অনুবেদনকারী অফিসারের :

- (১) মৃত্যু,
- (২) কারাবাস অথবা সাময়িকভাবে বরখাস্ত,
- (৩) অবসর গ্রহণ, ইস্‌ডুফা, বরখাস্ত,
- (৪) দীর্ঘকাল বিদেশে অবস্থান।

এর বেলায় প্রতিস্বাক্ষরকারী অফিসার কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন পূরণ করা হইবে।

২.৩ (ক) প্রতিবৎসর ১৫ই অক্টোবরের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর প্রত্যেক অনুবেদনকারী অফিসারকে পরবর্তী ৩১শে জানুয়ারীর মধ্যে ঐ বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন পেশ করার জন্য স্মরণ করাইয়া দিবে। প্রতিস্বাক্ষরকারী অফিসারকে একই সাথে মার্চের ১৫ তারিখের মধ্যে তাঁহাদের অনুবেদন পেশ করার জন্য বলা হইবে।

(খ) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী অফিসারদেরকে একই সময়ে সরকারের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের সেইসব অফিসারের নাম ও পদবী সম্পর্কে জানানো হইবে, যাহাদের নিকট নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন প্রেরণ করিতে হইবে।

২.৪ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর ক্ষেত্রে :

(ক) আর আই ও অর্থ অনুবেদনকারী অফিসার, যিনি অনুবেদনকারী অফিসারের (ও আর ইউ) অব্যবহিত উপরের প্রশাসনিক কর্তৃপক্ষ। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ লেখা তাঁহার দায়িত্ব।

(খ) প্রতিস্বাক্ষরকারী অফিসার (সি এস ও) অনুবেদনকারী অফিসারের অব্যবহিত উপরের সেই প্রশাসনিক কর্তৃপক্ষ যিনি পরবর্তীজনের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখিবেন।

২.৫ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর জন্য কেবলমাত্র নির্বাচিত পদের ক্ষেত্রে অনুবেদনের ধারার একটি উদাহরণ নিম্নে দেওয়া হইল :

অনুবেদনাধীন অফিসার	অনুবেদনকারী অফিসার	প্রতিস্বাক্ষরকারী অফিসার
(ক) অতিরিক্ত সচিব (বিভাগের ভারপ্রাপ্ত নহেন)	সচিব	মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী
(খ) যুগ্ম-সচিব (বিভাগের ভারপ্রাপ্ত নহেন)	সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব	মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী
(গ) উপ-সচিব	যুগ্ম-সচিব/অতিরিক্ত সচিব	সচিব
(ঘ) ডেপুটি কমিশনার	কমিশনার	মন্ত্রী পরিষদ সচিব
(ঙ) শাখা প্রধান	উপ-সচিব	যুগ্ম-সচিব
(চ) উপ-পরিচালক	অতিরিক্ত পরিচালক	পরিচালক

(ছ) জেলা প্রকৌশলী
(জেলা বোর্ড)

ডেপুটি কমিশনার

কমিশনার/সচিব, স্থানীয় সরকার

২.৬ যে সকল ক্ষেত্রে অন্যান্য কর্তৃপক্ষকে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর ৯ নং অংশে অতিরিক্ত মন্ডব্য করিতে হইবে, সেই ক্ষেত্রে অধিদাপ্তরিক সূত্রেও অনুশাসন প্রদান করা হইবে।

অনুবেদন জমা দেওয়ার সময়সূচী

- ২.৭ (ক) অনুবেদনকারী অফিসার যে সব অফিসারের অনুবেদন লিখিবেন, তাহাদের নাম, পদবী, তাঁহার নিয়ন্ত্রণাধীন চাকুরীর মেয়াদের বিবরণ সম্বলিত একটি তালিকা প্রতিস্বাক্ষরকারী অফিসারের নিকট প্রতি বৎসর ৩১শে ডিসেম্বরের মধ্যে পেশ করিবেন।
- (খ) অনুবেদনকারী অফিসার ৩য়-৭ম অংশ যথাযথ পূরণসহ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ অবশ্যই ৩১ জানুয়ারীর মধ্যে পেশ করিবেন।
- (গ) প্রতিস্বাক্ষরকারী অফিসার ১৫ই মার্চের মধ্যে অবশ্যই তাঁহার অংশের কাজ সমাপ্ত করিবেন।
- (ঘ) প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষকে ৩১শে মার্চের মধ্যেই অতিরিক্ত মন্ডব্য লিখিতে হইবে।
- ২.৮ নির্ধারিত সময় সূচীর মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন পেশ করার ব্যর্থতা সংশ্লিষ্ট অনুবেদনাধীন অফিসার/অনুবেদনকারী অফিসার/প্রতিস্বাক্ষরকারী অফিসারের গুরুতর ত্রুটি বলিয়া বিবেচিত হইবে এবং সেইসব অফিসারদের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাহা গুরুত্ব সহকারে নোট করবেন।

বার্ষিক গোপনীয় অনুবেদনগুলির নাড়া-চাড়া করার প্রক্রিয়া

- ২.৯ (ক) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম কোন পর্যায়েই ব্যবহারের সময় ভাঁজ করা যাইবে না, এবং ফরম ভর্তি খামের গায়ে, 'গোপনীয়' ও 'ভাঁজ করা যাইবে না' কথাগুলি লিখিয়া চিহ্নিত করিতে হইবে।
- (খ) সিনিয়র সার্ভিস পুল এবং সংস্থাপন মন্ত্রণালয়/ক্যাডারভুক্ত অফিসারদের বার্ষিক গোপনীয় অনুবেদনের ২ কপি করিয়া বার্ষিক গোপনীয় দলিল অধিশাখার ভারপ্রাপ্ত উপ-সচিবের নিকট তাঁহার নামে পাঠাইতে হইবে।
- (গ) অন্যান্য বিভাগীয় বার্ষিক গোপনীয় অনুবেদন দুই কপিতে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের সংশ্লিষ্ট সংস্থাপন শাখায় পাঠাইতে হইবে, যাহা পরে কেন্দ্রীয় রেকর্ডের জন্য একটি কপি সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।
- ২.১০ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ মোহাফেজখানা হইতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নেওয়া কিংবা অপসারণ করা যাইবে না। সুপিরিয়র সিলেকশন বোর্ডের ক্ষেত্রে কোন বিষয়ে কোন প্রতিবেদন প্রয়োজন হইলে, উপ-সচিবের স্বাক্ষরের তলব পত্র প্রেরণ করিতে হইবে। কোন কোন বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রয়োজন তিনি তাহা উল্লেখ

করিবেন। ঐ বৎসর সমূহের বার্ষিক গোপনীয় অনুবেদনের প্রমাণীকৃত সারাংশ তখন সীলমোহরকৃত খামে পাঠানো হইবে। তলবকারী পক্ষকে উক্ত সারাংশ ব্যবহার শেষে উহা অবশ্যই ফেরৎ পাঠাইতে হইবে।

অনুবেদনের পদ্ধতি

জীবনবৃত্তান্ত ফরমঃ ১ম অংশ

৩.১ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর ১ম অংশ প্রতি বৎসর ১৫ই নভেম্বরের মধ্যে অনুবেদনাধীন অফিসার কর্তৃক পূরণ ও স্বাক্ষরিত হইবে।

বার্ষিক স্বাস্থ্য প্রতিবেদনঃ ২য় অংশ

৩.২ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর ২য় অংশ ৩১শে ডিসেম্বরের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার কর্তৃক (এ এম ও) পূরণ ও স্বাক্ষরিত হইবে। অনুবেদনের এই অংশ সম্পন্ন করার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ প্রয়োজনঃ

(ক) অনুবেদনকারী অফিসার তাঁহার নিয়ন্ত্রণাধীন যে সকল গেজেটেড অফিসারের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করিতে হইবে তাঁহাদের নাম ও বিবরণ ১লা নভেম্বরের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসারকে লিখিতভাবে জানাইবেন। এই পত্র যোগাযোগের একটি কপি জেলার সিভিল সার্জন/স্বাস্থ্য সার্ভিসের মহা পরিচালকের বরাবরে পাঠাইতে হইবে।

(খ) ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার সর্বশেষ ২১শে নভেম্বরের মধ্যে প্রত্যেকের ব্যক্তিগত স্বাস্থ্য পরীক্ষার জন্য তারিখ, সময় ও স্থান নির্দেশপূর্বক একটি কর্মসূচী তৈরী করিবেন। ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার/সিভিল সার্জন লিখিতভাবে এই কর্মসূচী অনুবেদনকারী অফিসারকে জানাইবেন। অনুবেদনকারী অফিসার তখন ইহা অনুবেদনাধীন অফিসারকে জানাইবেন।

(গ) ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার ৩১শে ডিসেম্বরের মধ্যে ফরমের ২য় অংশ যথাযথ পূরণ করিয়া বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ অনুবেদনাধীন অফিসারকে ফেরত দিবেন।

(ঘ) নির্ধারিত তারিখের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার অনুবেদন সম্পন্ন করিতে ব্যর্থ হইলে সংগে সংগেই ইহা সিভিল সার্জন/স্বাস্থ্য সার্ভিসের মহা পরিচালককে জানাইতে হইবে। ২য় অংশ পূরণে ব্যর্থ হইলে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন ছাড়াই অনুবেদনকারী অফিসার বার্ষিক গোপনীয় অনুবেদন (বা গো অ) সম্পন্ন করিবেন। ইহা পরবর্তী কোন তারিখে ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসারের প্রয়োজনীয় কৈফিয়তসহ প্রেরণ করা যাইবে।

(ঙ) সময়সীমা বজায় রাখা সংক্রান্ত ব্যর্থতার কারণে কর্তৃত্বপ্রাপ্ত স্বাস্থ্য অফিসারের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গৃহীত হইতে পারে।

৩.৩ কর্তৃত্বপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার অর্থে

অনুবেদনাধীন অফিসারদের অবস্থান	পদমর্যাদা	ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার
(ক) ঢাকা রাজশাহী ও চট্টগ্রামে নিয়োজিত অফিসারদের জন্য	যুগ্ম সচিব ও তদূর্ধ্ব	মেডিক্যাল কলেজের একজন অধ্যাপক (কলেজের অধ্যক্ষ/সুপারিনটেন্ডেন্টকে

		জানাইতে হইবে)।
	সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসার	মেডিক্যাল কলেজের একজন সহযোগী অধ্যাপক (কলেজের অধ্যক্ষ/সুপারিন- টেন্ডেন্টকে জানাইতে হইবে)।
(খ) জেলা ও মহকুমা সদর দপ্তরে নিয়োজিত অফিসারদের জন্য	সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসার	জেলার সিভিল সার্জন/ডেপুটি সিভিল সার্জন।
(গ) খাদ্য সদর দপ্তরে নিয়োজিত অফিসারদের জন্য	সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসার	নিকটস্থ থানা পলগা চিকিৎসার কেন্দ্র/ স্বাস্থ্য কমপেটেন্স এর ভারপ্রাপ্ত অফিসার।

৩.৪ সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম সচিবের স্বাস্থ্য পরীক্ষার অন্যান্য নিয়ম মাসিক ব্যবস্থার সহিত একত্রিত
ও ই সি জি প্রতিবেদন অন্তর্ভুক্ত হইবে।

৩.৫ একজন অফিসারের স্বাস্থ্যগত যোগ্যতা (ফিটনেস) নিম্নোক্তভাবে নির্ণীত হইবে :

- (ক) 'ক' শ্রেণী একজন অফিসার কোন গুরুতর শারীরিক ত্রুটির কারণে নিশ্চিতভাবে অক্ষম
হইয়া পড়েন নাই।
- (খ) 'খ' শ্রেণী একজন অফিসার কোন গুরুতর শারীরিক অসুবিধায় ভুগিতেছে যাহা তাকে
আংশিকভাবে অক্ষম করিয়াছে। কিন্তু তিনি বিশেষ ধরনের কর্ম যেমন বসিয়া
করিতে পারে এমন কর্ম, সম্পাদনে সক্ষম।
- (গ) 'গ' শ্রেণী একজন অফিসার সম্পূর্ণভাবে অক্ষম হইয়া পড়িয়াছেন।

৩.৬ অনুবেদনাধীন অফিসার স্বাস্থ্য পরীক্ষা অনুবেদনের বিষয়ে আপত্তি উপস্থাপন করিলে স্বাস্থ্য
সার্ভিসের মহা পরিচালক কর্তৃক তদুদ্দেশ্যে গঠিত স্বাস্থ্য বোর্ডের নিকট উক্ত অনুবেদন উপস্থাপন
করা হইবে।

কাজের বিবরণ : ৩য় অংশ

৩.৭ বার্ষিক গোপনীয় অনুবেদনের অবশিষ্ট অংশ সমাপ্ত করার পূর্বে অনুবেদনকারী অফিসারকে ৩য়
অংশ পূরণ করিতে হইবে। এই অংশে সমীক্ষাধীন সময়ের সম্পাদিত কার্যের সংক্ষিপ্ত বিবরণ
থাকিবে।

৩.৮ এই অংশ পূরণের বেলায় :

(ক) অনুবেদনাধীন অফিসারের উপর অর্পিত দায়িত্বগুলির মধ্যে শুধুমাত্র প্রধান প্রধান কাজগুলি
উল্লেখ করণ।

(খ) সংক্ষিপ্ত বাক্যে প্রত্যেকটি কাজ নির্দিষ্টভাবে উল্লেখ করণ। যেমন "৩১শে মে'র মধ্যে
তাহাকে বাজেট তৈরী করিতে হয়"।

“তাহাকে বাৎসরিক ৪০০টি বার্ষিক গোপনীয় অনুবেদন রক্ষণাবেক্ষণ করিতে ও হালনাগাদ রাখিতে হয়।”

“তিনি ৬ জন থানা সম্প্রসারণ অফিসারের কাজ তদারক করেন”। “তিনি বিভিন্ন মুখী উৎস হইতে প্রশিক্ষণ সুবিধাদি দানের প্রস্তুত সংক্রান্ত তথ্য গ্রহণ করেন ও জানাইয়া থাকেন”।

(গ) যেখানে প্রযোজ্য, নির্ধারিত সময়সীমার মধ্যে কাজের পরিমাণগত লক্ষ্য উল্লেখ করেন।

৩.৯ কোন অফিসার বিশেষ দক্ষতার দরকার এমন কাজ (টেকনিক্যাল) করিয়া থাকিলে কাজের বিবরণ অংশে এইরূপ কাজের বিষয়ে সুনির্দিষ্ট উল্লেখ থাকিতে হইবে। কোন চাকুরীর ক্ষেত্রে কর্মসম্পাদনের নির্দিষ্টমান অথবা গুণাবলীর শর্ত থাকিলে, যাহা বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-১ এর ৩য় অংশে বিশেষ উল্লেখের দাবীদার, সেই সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর তাহাদের অধীনস্থ অনুবেদনকারী অফিসারগণকে অবহিত করার জন্য প্রশাসনিক অনুশাসন জারী করিবেন।

৩.১০ ৩য় অংশ পূরণ করার জন্য গত বৎসর কি কাজ দেওয়া হইয়াছিল এবং পরবর্তী বৎসরের জন্য কি সংশোধনী প্রয়োজন প্রতি বৎসরের শুরুতে এই বিষয়ে পর্যালোচনা করা বাঞ্ছনীয় হইবে। যে যে ক্ষেত্রে সম্ভব, সেইখানে কার্য সম্পাদনের লক্ষ্য ও মান স্থির করা উচিত। এই সমীক্ষা অনুবেদনকারী অফিসার ও অনুবেদনাধীন অফিসারের মধ্যে যৌথ পরামর্শের উপর ভিত্তি করিয়া তৈরী হইবে এবং সিদ্ধান্তসমূহ বৎসরের প্রারম্ভে কাজের বিবরণের আকারে কার্যকলাপ নথিতে লিপিবদ্ধ করিতে হইবে।

৩.১১ অনুবেদনাধীন অফিসার তাহার উপর অর্পিত দায়িত্ব কতদূর সুষ্ঠুরূপে সম্পাদন করিয়াছেন তাহা নির্দেশের জন্য ৬ষ্ঠ অংশে যে লেখচিত্র দেওয়া হইবে তাহার সহিত ৩য় অংশে প্রদত্ত কাজের বিবরণের একটি যোগসূত্র থাকিবে।

ব্যক্তিত্ব-বৈশিষ্ট্য ও কার্যসম্পাদনের মূল্যায়ন ও মান নিরূপণ : ৪র্থ ও ৫ম অংশ

৩.১২ ৪র্থ ও ৫ম অংশ অনুবেদনকারী অফিসার পূরণ করিবেন। ৪র্থ অংশে ৮টি ব্যক্তিত্ব-বৈশিষ্ট্যের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ নম্বরের মধ্যে মান নির্ধারিত হইবে। ৫ম অংশে ১২ প্রকারের কার্য সম্পাদনের ক্ষেত্রে সর্বোচ্চ ৬০ নম্বরের মধ্যে মান নির্ধারিত থাকিবে। অতএব সর্বোচ্চ প্রাপ্য ১০০ নম্বরের ভিত্তিতে অনুবেদনাধীন অফিসারের মান নির্ণীত হইবে।

৩.১৩ ৪র্থ অংশে ৮টি দফা এবং ৫ম অংশে ১২টি দফার প্রত্যেকটির জন্য ৫ পয়েন্টের মানক্রম রহিয়াছে। যে কোন দফায় সর্বোচ্চ ৫ এবং সর্বনিম্ন ১ মান অর্জন করা যাইতে পারে। অনুবেদনকারী অফিসার সেই মানের বিপরীতে ঘরে অনুসন্ধান দিবেন যাহাকে তিনি যথাযথ মনে করেন।

৩.১৪ ৪র্থ ও ৫ম অংশে বর্ণিত দফার প্রত্যেকের বিপরীতে অর্জিত নম্বরের যোগফল ১৪ নম্বর কলামে অনুবেদনাধীন অফিসারের সামগ্রিক মূল্যায়নের ভিত্তি তৈরী করে। একজন অফিসারের সামগ্রিক মান সম্পর্কে মোটামুটি একটি ধারণা দেওয়াই এই মূল্যায়নের উদ্দেশ্য। অনুবেদনকারী অফিসার কর্তৃক প্রদত্ত সামগ্রিকভাবে মূল্যায়ন ও সুপারিশ অনুবেদনের মূল অংশে প্রদত্ত

বর্ণনামূলক মূল্যায়ন অর্থাৎ ৬নং অংশের ‘লেখচিত্র’ ও ৭ম অংশের “সুপারিশ” এর সংগে সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

৩.১৫ “অসাধারণ” মূল্যায়ন কেবলমাত্র অত্যন্ত ব্যতিক্রমী ক্ষেত্রে পাওয়া যাইবে। এইরূপ অফিসার কোন প্রতিষ্ঠানের গেজেটেড অফিসারদের সর্বোচ্চ শতকরা পাঁচ ভাগের মধ্যে হইবেন। একজন অফিসার “অসাধারণ” বলিয়া তখনই বিবেচিত হইবেন যখন তিনি কর্তব্য নিষ্ঠ, অসাধারণ জন সেবা অথবা এমন কৃতিত্বপূর্ণ কাজের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন, যাহার ফলশ্রুতিতে এই প্রতিষ্ঠানের জন্য বিশেষ সাফল্য আসিতে পারে।

৩.১৬ : ৬ষ্ঠ অংশ

৩.১৬ অনুবেদনাধীন অফিসারের লেখচিত্র বার্ষিক গোপনীয় অনুবেদন এর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ, যাহা অনুবেদনকারী অফিসারকে অত্যন্ত সতর্কতা, বস্তুনিষ্ঠতা ও গভীর অসুস্থিতির সহিত পূরণ করিতে হইবে। এই ফরমের ৪র্থ ও ৫ম অংশে বিধৃত হয় নাই এমন সব মূল্যায়নযোগ্য তথ্য এই অংশ সরবরাহ করিবে বলিয়া ধরিয়া লওয়া হয়।

৩.১৭ “লেখচিত্র” নিম্নরূপ ৫টি অংশে বিভক্ত :

(ক) ব্যক্তিত্ব : তাহার কাজের প্রভাব বিস্তার করে এমন ব্যক্তিগত বৈশিষ্ট্যের বিষয় এইখানে উল্লেখ করিতে হইবে। মামুলী বাহ্যিক বৈশিষ্ট্য যেমন, অনুবেদনাধীন অফিসারের শারীরিক গঠন, চেহারা এইসব বিষয়ের উল্লেখ না করিয়া তাহার ব্যক্তিত্ব সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করিতে হইবে।

(খ) পেশাগত সামর্থ্য : এই ফরমের ৩য় অংশে বর্ণিত কাজের সুনির্দিষ্ট প্রেক্ষাপটে ইহার বর্ণনা করিতে হইবে। দায়িত্ব পালনে পেশাগত বৈশিষ্ট্য (অর্থাৎ জ্ঞান, দক্ষতা, সমর্থ, গভীর আগ্রহ) এবং সম্পাদিত কাজের গুণাগুণের উপর মন্তব্য করা উচিত।

(গ) আনুগত্য ও নির্ভরযোগ্যতা : আনুগত্য বলিতে প্রতিষ্ঠানের প্রতি আনুগত্য ও দায়িত্ব-স্বীকৃতি বোঝায়, যাহা উর্ধ্বতন অধস্তন সকলের প্রতিই প্রযোজ্য। ব্যক্তিগত পর্যায়ে উর্ধ্বতনের প্রতি ব্যক্তিগত আনুগত্য অথবা কেবল উর্ধ্বতনের তোষণ বিবেচ্য বিষয় নয়। নির্ভরযোগ্যতা বলিতে অর্পিত দায়িত্ব পালনে ও ফল লাভের ক্ষেত্রে আস্থাভাজন হওয়া বুঝায়।

(ঘ) অন্য কোন বিষয় : অন্য কোন সবল ও দুর্বল দিক যাহা উপরোক্ত চারটি শিরোনামে আসে নাই, তাহা এই স্থানে লেখা যাইত।

(ঙ) অফিসারের প্রতি উপদেশ : অনুবেদনকারী অফিসার অনুবেদনাধীন অফিসারের সদা সর্বদা পথ নির্দেশ, পরামর্শ ও শিক্ষাদান করিবেন বলিয়া প্রত্যাশা করা যায়। ইহা তদারকি কর্মের অবিচ্ছেদ্য অংশ। অনুবেদনকারী অফিসার এই অংশে অনুবেদনাধীন অফিসারকে সর্বাধিক ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি এবং কিরূপে উহা সম্পাদন করা যাইবে, সেই বিষয় প্রয়োজনীয় উপদেশ দিবেন।

৩.১৮ (ক) “লেখচিত্র” টাইপ করা পছন্দনীয়।

(খ) এই অংশের শেষে অনুবেদনকারী অফিসার তাহার স্বাক্ষর দিবেন এবং তাহার নাম, পদবী ও তারিখ লিখিবেন।

(গ) ৪র্থ ও ৫ম অংশে প্রদত্ত মূল্যায়ন প্রথমে অনুবেদনাধীন অফিসারকে দেখাইতে হইবে। অনুবেদনকারী অফিসার বস্তুত্বপূর্ণ ও আনুষ্ঠানিক রীতিতে অনুবেদন সম্পর্কে খোলাখুলি আলোচনা করিবেন এবং যেইখানে প্রয়োজন ব্যাখ্যা করিবেন।

(ঘ) অনুবেদনকারী অফিসারের সহিত আলোচনার পর অনুবেদনকারী অফিসার ও অনুবেদনাধীন অফিসার উভয়েই কাগজের একেবারে নিচে স্বাক্ষর দিবেন, গোটা অক্ষরে তাঁহাদের নাম ও পদবী লিখিবেন ও তারিখ দিবেন। অনুবেদনকারী অফিসার তাঁহার অফিসের সীলমোহর দিবেন।

সুপারিশ-৭ম অংশ

৩.১৯ এই অংশ অনুবেদনকারী অফিসার পূরণ করিবেন। তিনি সুপারিশে তাহার নাম, পদবী, তারিখ ও অফিসের সীলমোহরসহ স্বাক্ষর দিবেন।

৩.২০ ৭ম অংশের ১নং কলামের বিপরীতে লিপিবদ্ধ সংক্ষিপ্ত মন্তব্যসমূহ অনুবেদনকারী অফিসারের সুপারিশের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে। নিম্নোক্ত বিষয়গুলি মনে রাখিতে হইবে :

(ক) কর্মজীবনে ব্যক্তি বিশেষ বিভিন্ন প্রকার কাজে যেমন, ক্ষেত্রকর্ম, ব্যবস্থাপনা, তত্ত্বাবধায়ন, পরিকল্পনা প্রণয়ন, নীতি বিশ্লেষণ, নিয়ামক প্রশাসন, সাচিবিক কাজ ইত্যাদি ক্ষেত্রে বিশেষ প্রবণতা প্রদর্শন করে। অনুবেদনকারী অফিসার কোন অফিসারের যোগ্যতা, প্রবণতা ও বিশেষজ্ঞ সুলভ দক্ষতার উপর ভিত্তি করিয়া কোন নির্দিষ্ট ধরনের কাজের জন্য তাঁহার উপযুক্ততা সম্পর্কে মন্তব্য করিবেন।

(খ) অনুবেদনকারী অফিসার অনুবেদনাধীন অফিসারের প্রবণতা ও দক্ষতার নিরিখে অনুবেদনাধীন অফিসারের পরবর্তী নিয়োগের উপযুক্ততা সম্পর্কে ইঙ্গিত প্রদান করিবেন। এই ধরনের সুপারিশ লেখার সময় অনুবেদনকারী অফিসারকে প্রচলিত সরকারী বিধি, প্রবিধি ও পদ্ধতিগুলি বিবেচনা করিতে হইবে।

(গ) যেইখানে অনুবেদনাধীন অফিসারের ব্যক্তিগত উন্নতিবিধান প্রশিক্ষণের উপর নির্ভর করে, কি প্রকারের চাকুরীকালীন প্রশিক্ষণ তাঁহার জন্য প্রয়োজন সেই বিষয়ে অনুবেদনকারী অফিসার বিস্তারিত মন্তব্য করিবেন। সুনির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সের, দেশে হউক কিম্বা বিদেশে হউক, ব্যবস্থার জন্য সুপারিশ করা যাইতে পারে।

(ঘ) আয়ের অধিক ব্যয় বহুল জীবন যাপনকারী বলিয়া জনমত বা পরিচয়, অনুবেদনকারী অফিসারের মন্তব্যের ভিত্তি হইবে। যে অফিসারের ন্যায়পরায়ণতা বা সততা নিন্দার অতীত, তাঁহার সম্পর্কে প্রশংসাবাদী থাকা উচিত।

৩.২১ আরও পদোন্নতির জন্য স্পষ্ট সুপারিশ বা অন্য কিছু মন্তব্য থাকিলে অনুবেদনকারী অফিসার যে ঘরটিকে যথাযথ সুপারিশের বলিয়া বিবেচনা করিবেন, তাহা ছাড়া অন্য ঘরগুলি কাটিয়া বাদ দিয়া তাহাতে তিনি অনুস্বাক্ষর দিবেন।

৩.২২ সুবিধাজনক বদলী, কর্মজীবনের বিশেষ দক্ষতালাভ, স্বাস্থ্যগত অবস্থা অথবা ছেলে মেয়ের পড়াশুনা বিবেচনাপূর্বক বিশেষ বদলী ইত্যাদি বিষয়ে মতামত অন্যান্য সুপারিশের অন্তর্ভুক্ত করা যাইতে পারে।

প্রতিস্বাক্ষরকারী অফিসারের মন্তব্য : ৮ম অংশ

- ৩.২৩ প্রতিস্বাক্ষরকারী অফিসার নিম্নোক্ত বিষয়গুলি সম্পাদন করিয়া গোপনীয় অনুবেদন ফরম-১ এর ৮ম অংশ পূরণ ও স্বাক্ষর করিবেন :
- (ক) অনুবেদনাধীন অফিসার সম্পর্কে তাঁহার নিজের 'লেখচিত্র' তৈরী করা।
- (খ) অনুবেদনকারী অফিসার সম্পর্কে সামগ্রিকভাবে মূল্যায়নের বিষয়ে নিজস্ব মূল্য নিরূপণ করা।
- (গ) অনুবেদনাধীন অফিসার সম্পর্কে তাঁহার ব্যক্তিগত সুপারিশ পেশ করা।
- ৩.২৪ অনুবেদনকারী অফিসার সম্পর্কে ব্যক্তিগত ধরণের উপর ভিত্তি করিয়া প্রতিস্বাক্ষরকারী অফিসার ৪র্থ-৭ম অংশে প্রদত্ত অনুবেদনকারী অফিসারের মন্ড্রব্য বিচার করিবেন। পরে তিনি তাঁহার মন্ড্রব্য লিপিবদ্ধ করিবেন।
- ৩.২৫ প্রতিস্বাক্ষরকারী অফিসার যদি মনে করেন যে অনুবেদনকারী অফিসারের বিশেষ কোন মন্ড্রব্য ভুল আছে এবং বিষয়টি অবলুপ্ত হওয়া উচিত অথবা তিনি অন্য কোন মন্ড্রব্য যোগ করিতে চান তাহা হইলে তিনি এই অংশে উহা লিখিবেন।
- ৩.২৬ বার্ষিক গোপনীয় অনুবেদন অতিরিক্ত মন্ড্রব্যের জন্য সংশ্লিষ্ট/নির্ধারিত কর্তৃপক্ষের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নিকট প্রতিস্বাক্ষরকারী অফিসারের স্বাক্ষর ছাড়া প্রেরণ করা যাইতে পারে, প্রতিস্বাক্ষরকারী অফিসার যদি-
- (ক) মারা যান
- (খ) কারারুদ্ধ কিংবা সাময়িকভাবে বরখাস্ত হন
- (গ) অবসরপ্রাপ্ত হন, পদত্যাগ করেন কিংবা চাকুরীচ্যুত হন
- (গ) দীর্ঘদিন বিদেশে অবস্থান করেন।

অতিরিক্ত মন্ড্রব্য : নবম অংশ

- ৩.২৭ তৃতীয় ব্যক্তির মতামত নেওয়ার দরকার পড়িলে, সেই ক্ষেত্রে এই স্থানটি অতিরিক্ত মন্ড্রব্যের জন্য রাখা হইয়াছে। তিনি পদমর্যাদায় প্রতিস্বাক্ষরকারী অফিসারের উর্ধ্বতন হইতে পারেন। উর্ধ্বতন অনুবেদনকারী অফিসার এর নিকট পাঠানোর প্রয়োজন রহিয়াছে, এইরূপ ক্ষেত্রগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর প্রজ্ঞাপন মারফত জানাইয়া দিবেন। অনুবেদনাধীন অফিসারের সম্পাদিত কোন কাজের কারিগরী অংশের মূল্যায়নের প্রয়োজন হইয়া পড়িলে বিষয়টি একজন উর্ধ্বতন কারিগরী অফিসারের নিকট পেশ করা যাইতে পারে।

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের জন্য অনুশাসন : ১০ অংশ

- ৩.২৮ কোন কোন ক্ষেত্রে, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অনুবেদনাধীন অফিসারের কার্য সম্পাদনের উপর নিজস্ব মূল্যায়ন রেকর্ড করিয়া রাখিতে পারেন। এই জন্য দশম অংশে নির্ধারিত স্থান ব্যবহার করা যাইতে পারে।
- ৩.২৯ দশম অংশে মন্ড্রব্য লিপিবদ্ধ করার সময় অফিসারের কর্মজীবন পরিকল্পনার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ অনুবেদনের পূর্ববর্তী অংশ সমীক্ষা করিতে পারেন এবং সেইক্ষেত্রে

অনুবেদনাধীন অফিসারের মান নির্ণয়ে অপ্রত্যাশিত পরিবর্তনজনিত কারণে তাহার কর্মজীবন সম্ভাবনাকে বিঘ্নিত করার আশংকা রহিয়াছে সেইরূপ ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৩.৩০ সংশ্লিষ্ট অফিসারের সর্বশেষ অনুবেদন গৃহীত হইয়াছে কিনা দেখার জন্য মন্ত্রণালয়/বিভাগ প্রতিবৎসর মার্চ মাসের প্রথম সপ্তাহে প্রতিটি ডোসিয়ার পরীক্ষা করিয়া দেখিবেন। পাওয়া না গেলে মন্ত্রণালয়/বিভাগ উক্ত বিচ্যুতির ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে স্মরণ করাইয়া দিবেন এবং বিভাগীয় কার্যক্রম গ্রহণের জন্য ও ব্যবস্থা করিবেন।

বার্ষিক গোপনীয় অনুবেদনের উপর দরখাস্ত

৪.১ ১৫নং কলামে সামগ্রিকভাবে মূল্যায়ন “চলতিমানের নিম্নে” অথবা “সম্প্রসঙ্গজনক নহে” এবং ৪র্থ অংশের ১ম-৮ম কলামে ও ৫ম অংশের ১ম-১২শ কলামে প্রদত্ত মান ১ বিরূপ মন্তব্য বলিয়া বিবেচিত হইবে।

৪.২ অনুবেদনকারী অফিসার কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য করা হইলে, অনুবেদনকারী অফিসার তখন অনুবেদনাধীন অফিসারকে বার্ষিক গোপনীয় অনুবেদনের সংশ্লিষ্ট উদ্ধৃতি সরবরাহ করিবেন। অনুবেদনাধীন অফিসার ১৫ই ফেব্রুয়ারির মধ্যে তাহার দরখাস্ত (যদি তিনি তাহা করিতে চাহেন) অবশ্যই পেশ করিবেন। অনুবেদনকারী অফিসার দরখাস্তে তাহার মন্তব্যসহ বার্ষিক গোপনীয় অনুবেদনটি ফেব্রুয়ারি মাসের শেষ তারিখের মধ্যে প্রতিস্বাক্ষরকারী অফিসারের নিকট প্রেরণ করিবেন। অনুবেদনকারী অফিসারের সহিত একমত হইলে প্রতিস্বাক্ষরকারী অফিসার উল্লিখিত মন্তব্যের অনুমোদন করিয়া অনুবেদনাধীন অফিসারের দরখাস্ত ও অনুবেদনকারী অফিসারের মন্তব্যসহ বার্ষিক গোপনীয় অনুবেদনটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য প্রেরণ করিবেন। প্রতিস্বাক্ষরকারী অফিসার অনুবেদনকারী অফিসারের সহিত একমত না হইয়া অনুবেদনাধীন অফিসারকে ‘চলতি মান’ মূল্যায়ন করিলে, এবং প্রতিস্বাক্ষরকারী অফিসার কর্তৃক লিখিত লেখচিত্র যদি অনুবেদনকারী অফিসার কর্তৃক লিখিত বিরূপ মন্তব্যকে অস্বীকার/বাতিল করে, তখন বিরূপ মন্তব্য বিলুপ্ত বলিয়া বিবেচিত হইবে।

৪.৩ প্রতিস্বাক্ষরকারী অফিসার কিংবা অন্য কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য করা হইলে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে অনুবেদনাধীন অফিসারকে বার্ষিক গোপনীয় অনুবেদনের কেবলমাত্র প্রাসংগিক অংশের উদ্ধৃতি প্রদান করিতে হইবে। ইহা সংশ্লিষ্ট এজেন্সির কমপক্ষে উপ-সচিব পদমর্যাদার একজন অফিসার স্বাক্ষরিত উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে হইতে হইবে। বিরূপ মন্তব্য সংক্রান্ত আনুষ্ঠানিক পত্র পাইয়া অনুবেদনাধীন অফিসারকে অবশ্যই সত্তর প্রাপ্তিস্বীকার করিতে হইবে। অনুবেদনাধীন অফিসার যদি মনে করেন, বিরূপ মন্তব্যের পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে যিনি উপানুষ্ঠানিক পত্র পাইয়াছেন/সেই অফিসারের নামোল্লেখপূর্বক তাহার দৃষ্টি আকর্ষণ করিয়া সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের প্রধানদের নিকট দরখাস্ত পেশ করিতে পারেন। মন্ত্রণালয়/বিভাগ অনুবেদনাধীন অফিসারের দরখাস্তের উপর প্রতিস্বাক্ষরকারী অফিসার/উর্ধ্বতন কর্তৃপক্ষের মন্তব্য চাহিবেন। দরখাস্তের উপর মন্ত্রণালয়/বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং ইহা স্বাভাবিক প্রশাসনিক ধারায় অনুবেদনাধীন অফিসারকে জানাইয়া দেওয়া হইবে।

- ৪.৪ ৩০শে জুনের মধ্যে অনুবেদনাধীন অফিসারের দরখাস্ত বিরূপ মন্ড্রব্যকারী প্রতিস্বাক্ষরকারী অফিসার বা অন্য কোন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা উচিত হইবে। উহাতে বিরূপ মন্ড্রব্যকারী কর্তৃপক্ষকে ১৫ দিনের মধ্যে দরখাস্তে উপর তাহার মন্ড্রব্য লিখিয়া পাঠাইবার নির্দেশ থাকিবে। নির্দিষ্ট তারিখের মধ্যে উক্ত মন্ড্রব্য পাওয়া না গেলে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক দরখাস্ত তাহার যোগ্যতার ভিত্তিতে বিবেচিত হইবে।
- ৪.৫ বিরূপ মন্ড্রব্য সম্বলিত বার্ষিক গোপনীয় অনুবেদনকে বিবেচনায় আনা যাইবে না যতক্ষণ না লিখিতভাবে অনুবেদনাধীন অফিসারকে তাহা জানানো হয় এবং তাহার দরখাস্ত থাকিলে উহার উপর সিদ্ধান্ত নেওয়া হয়।
- ৪.৬ যদি কোন অফিসার পর পর দুই বৎসর ধরিয়া একই অনুবেদনকারী অফিসারের নিকট হইতে বিরূপ মূল্যায়ন পাইয়া থাকেন, তাহা হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাহাকে অন্য একজন অনুবেদনকারী অফিসারের অধীনে নিযুক্ত করিবেন।
- ৪.৭ অনুবেদনকারী অফিসার, যিনি তাঁহার 'আনুগত্য' অথবা 'সততার' ক্ষেত্রে বিরূপ মন্ড্রব্যের জন্য মর্মান্বিত হন তাঁহার অনুবেদনকারী অফিসারের এই মন্ড্রব্যের সমর্থনে প্রমাণ উপস্থাপনের দাবী করিতে পারেন।
- ৪.৮ অনুবেদনকারী অফিসারকে দরখাস্ত পেশের বেলায় অপ্রাসঙ্গিক বিষয়, মিথ্যা অভিযোগ অথবা কোন প্রকার অশিষ্ট ভাষা অবশ্যই পরিহার করিতে হইবে, যাহা বিভাগীয় শাস্তিঞ্জালক ব্যবস্থার আওতায় পড়িতে পারে।
- ৪.৯ অনুবেদনকারী অফিসারের মন্ড্রব্যের বিরুদ্ধে দরখাস্তে অনুবেদনকারী অফিসারের পক্ষপাত অথবা অন্য কোন অসদুদ্দেশ্যের প্রমাণ যুক্তিতে গ্রহণযোগ্য হইলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিস্বাক্ষরকারী অফিসারকে জানাইয়া দেওয়া হইবে।
- ৪.১০ বিরূপ মন্ড্রব্য বাতিল করিয়া অথবা ইহা বহাল রাখিয়া চূড়ান্ত সিদ্ধান্ত অনুবেদনাধীন অফিসারের দরখাস্ত প্রাপ্তির ১ মাস অথবা ৩১শে আগষ্ট যাহাই পূর্বে হয় এর মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক নেওয়া হইবে।

বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-২-এর জন্য নির্দেশাবলী

- ৫.১ সচিব এবং মন্ত্রণালয়/বিভাগের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব/যুগ্ম সচিবের কার্য সম্পাদন মূল্যায়নের জন্য বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-২ তৈরী করা হইয়াছে। এইরূপ ক্ষেত্রে উপদেষ্টা/মন্ত্রী বা মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী কর্তৃক অনুবেদন পেশ করিতে হইবে।
- ৫.২ অনুবেদনাধীন অফিসার উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রীর অধীনে কমপক্ষে একাধারে ৬ মাসকাল চাকুরী করিলে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-২ পূরণ করা হইবে।
- ৫.৩ প্রতি বৎসর ১৫ই নভেম্বরের মধ্যে অনুবেদনাধীন অফিসার এই ফরম এর প্রথম অংশ পূরণ ও স্বাক্ষর করিবেন।
- ৫.৪ ক্ষমতা প্রাপ্ত স্বাস্থ্য অফিসার কর্তৃক এই ফরম এর ২য় অংশ এই অনুশাসনের ৩.২ অনুচ্ছেদ অনুসারে ৩১শে ডিসেম্বরের মধ্যে পূরণ করিতে হইবে।

- ৫.৫ উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রীর নিকট বার্ষিক গোপনীয় অনুবেদন জমা দেওয়ার পূর্বে অনুবেদনাধীন অফিসারকে ১৫ই জানুয়ারীর মধ্যে ৩য় অংশ পূরণ করিতে হইবে।
- ৫.৬ ৪র্থ অংশ সংশ্লিষ্ট উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে পূরণ ও স্বাক্ষর করিতে হইবে। ফরম পূরণের পথ নির্দেশনা বার্ষিক গোপনীয় অনুবেদনের ফরম ২ এর ৫ ও ৬ পৃষ্ঠায় দেওয়া আছে।
- ৫.৭ সরকার প্রধান পঞ্চম অংশ পূরণ করিবেন, যাহার আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট সচিবালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে। ৬ষ্ঠ অংশ এইরূপ গৃহীত ব্যবস্থাবলীর বিষয় লিপিবদ্ধ হইবে।
- ৫.৮ অনুবেদনাধীন অফিসারের বিরুদ্ধে উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক রেকর্ডকৃত বিরূপ মন্তব্য অনুবেদন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট অফিসারকে জানাইতে হইবে। এইরূপ যোগাযোগ সংস্থাপন সচিব কর্তৃক স্বাক্ষরিত হইবে। (অনুবেদনাধীন অফিসার যদি সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব হন, তাহা হইলে মন্ত্রী পরিষদ সচিব কর্তৃক উহা স্বাক্ষরিত হইবে)।
- ৫.৯ যদি অনুবেদনাধীন অফিসার উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক বিরূপ মন্তব্যের জন্য মর্মান্বিত হন, তাহা হইলে তিনি এই বিষয় পূর্ণ ব্যাখ্যাসহ নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণের অনুরোধ জানাইয়া সরকার প্রধানের নিকট দরখাস্ত প্রেরণ করিতে পারেন।
- (ক) তাঁহার বর্তমান পদ হইতে অনতিবিলম্বে বদলী,
- (খ) হাই কোর্ট/সুপ্রিম কোর্টের এক বা একাধিক বিচারপতির সম্মুখে গঠিত বোর্ডের দ্বারা পূর্ণ তদন্ত।
- ৫.১০ অনুবেদনাধীন অফিসারের নিকট হইতে প্রাপ্ত দরখাস্ত সম্পর্কে সরকার প্রধান চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

সংযুক্তি-১

বার্ষিক গোপনীয় অনুবেদন যোগাযোগ মাধ্যম ও কর্মপঞ্জী

ক্রমিক নং	সময়	এজেন্সী	কার্যাবলী
১। (১)	১৫ই অক্টোবর	মন্ত্রণালয়/বিভাগ অধিদপ্তর	প্রত্যেক অনুমোদনকারী অফিসারকে পরবর্তী ৩১শে জানুয়ারীর মধ্যে বার্ষিক গোপনীয় প্রতিবেদন জমা দেওয়ার জন্য স্মরণ করাইয়া দেওয়া।
(২)	ঐ	উপরোক্ত ক্রমিকের অনুরূপ	যাহাদের নিকট বার্ষিক গোপনীয় প্রতিবেদন পাঠাইতে হইবে, অনুবেদনকারী অফিসার/প্রতি স্বাক্ষরকারী অফিসারকে তাহাদের নাম ও পদবী জানাইয়া দিতে হইবে।
২। (১)	১লা নভেম্বর	অনুবেদনকারী অফিসার	ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসারকে অনুবেদনকারী অফিসারদের স্বাস্থ্য পরীক্ষার জন্য কর্মসূচী তৈরী করার জন্য অনুরোধ করা, সিভিল সার্জনকে উহার কপি দেওয়া।

(২)	ঐ	ঐ	অনুবেদনকারী অফিসারের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় (অনুবেদন) সূচনা করা।
(৩)	১৫ই নভেম্বর	অনুবেদনাধীন অফিসার	১ম অংশ পূরণ।
(৪)	২১শে নভেম্বর	ক্ষমতাপ্রাপ্ত স্বাস্থ্য অফিসার	স্বাস্থ্য পরীক্ষার কর্মসূচী অনুবেদনকারী অফিসারকে জানাইবেন।
(৫)	৩১শে ডিসেম্বর	ঐ	স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন করা, ২য় অংশ পূরণ ও অনুবেদনকারীকে হস্তান্তর।
৩। (১)	৩১শে ডিসেম্বর	অনুবেদনকারী অফিসার	অনুবেদনাধীন অফিসারের বিবরণ প্রতি স্বাক্ষরকারী অফিসারের নিকট পেশ করা।
(২)	৩১শে জানুয়ারী	ঐ	৩য়-৭ম অংশ সম্পূর্ণ করা।
(৩)	১৫ই ফেব্রুয়ারী	অনুবেদনাধীন অফিসার	অনুবেদনকারী অফিসার কর্তৃক প্রতি স্বাক্ষরকারী অফিসারের নিকট দরখাস্ত পেশ।
(৪)	ফেব্রুয়ারীর শেষ দিন	অনুবেদনকারী অফিসার	দরখাস্ত থাকিলে দরখাস্তের উপর প্রতিবেদনকারী অফিসারের মন্ড্রব্যসহ প্রতি স্বাক্ষরকারী অফিসারের নিকট পেশ।
(৫)	১৫ই মার্চ	প্রতি স্বাক্ষরকারী অফিসার	(ক) ৮ম অংশ পূরণ এবং মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পেশ।
	৩১শে মার্চ		(খ) উর্ধ্বতন অফিসারের অনুবেদনাধীন অফিসারের (কারিগরী উর্ধ্বতন অফিসার হইতে পারেন) নিকট তাহার মন্ড্রব্যের জন্য প্রেরণ। এই পদক্ষেপ বাধ্যবাধকতা মূলক।
(৬)	৩০শে এপ্রিল	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	(১) দশম অংশ পূরণ। (২) প্রতি স্বাক্ষরকারী অফিসারের বিরূপ মন্ড্রব্য উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে প্রতিবেদনাধীন অফিসারকে জানানো।
(৭)	২১শে মে	অনুবেদনাধীন অফিসার	প্রতি স্বাক্ষরকারী অফিসারের বিরূপ মন্ড্রব্যের বিরুদ্ধে দরখাস্ত পেশ।
(৮)	২১শে জুলাই	প্রতি স্বাক্ষরকারী অফিসার	পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে অফিসারের দরখাস্তের উপর মন্ড্রব্য প্রেরণ।
(৯)	৩১শে আগস্ট	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	দরখাস্তের উপর কার্য নিষ্পন্নকরণ এবং বার্ষিক গোপনীয় প্রতিবেদন সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ।

বার্ষিক কার্যাবলী সম্পূর্ণ

চাকুরীর রেকর্ডপত্র (ডোসিয়ার) রক্ষণাবেক্ষণের অনুশাসন

ডোসিয়ার

১। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক তাহাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অফিসারের ক্ষেত্রে সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

২। গেজেটেড অফিসারদের উপর প্রশাসনিক ক্ষমতা প্রয়োগকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর প্রত্যেক মন্ত্রণালয়ে একটি 'ডোসিয়ার শাখা' সংগঠিত করিবে যাহারা ডোসিয়ার রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে দায়ী থাকিবে।

৩। একজন অফিসারের প্রত্যেক ডোসিয়ারে নিম্নোক্ত কাগজপত্র থাকিবে :-

(ক) ১ম অংশ

(১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন।

(খ) ২য় অংশ

(১) ও এস আর ফরম-১ (চাকুরীতে যোগদানের সময় অফিসার কর্তৃক পেশ করিতে হইবে)।

(২) ও এস আর ফরম-২ (প্রতি ৫ বৎসরে পেশ করিতে হইবে)।

(৩) ও এস আর ফরম-৩ (ও এস আর ফরম-১ ও এস আর ফরম-২ হইতে তথ্য স্থানান্তরকরণ এবং সংস্থাপন বিভাগ/মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক নিয়মিতকালের ব্যবধানে হাল নাগাদ করিতে হইবে)।

(৪) কোর্স প্রতিবেদন, বিভাগীয় শাসিদ্ধ প্রতিবেদন ইত্যাদি।

৪। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক রক্ষিত সকল অফিসারের ডোসিয়ার নিম্নোক্তরূপে শ্রেণীবিন্যাস হইবে :-

(ক) সক্রিয় ডোসিয়ার : সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর কর্তৃক তাহাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের বিষয়ে এইগুলি রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(খ) নিষ্ক্রিয় ডোসিয়ার : এইগুলি ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের বেলায় সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক রক্ষণাবেক্ষণ করিতে হইবে। এইগুলি ডোসিয়ারের রেকর্ডের প্রতিলিপি (ডুপিগটকেট)। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরে রক্ষিত ডোসিয়ার হারাইয়া গেলে/না পাওয়া গেলে অফিসারের সক্রিয় ডোসিয়ার প্রস্তুত করার জন্য নিষ্ক্রিয় ডোসিয়ারগুলি ব্যবহৃত হইবে।

ও এস আর ফরম-১ এর জন্য অনুশাসন

৫। এই ফরম সরকারী চাকুরীতে প্রথম নিয়োগের পর প্রত্যেক ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে। এই ফরমে অফিসারের ব্যক্তিগত ও পারিবারিক তথ্যের বিবরণ থাকে। সরকারী কর্মচারী নিয়োগের অব্যবহিত পরে প্রথম যেইখানেই যোগদান করুন না কেন, প্রথম

নিয়োগের তারিখ হইতে এক মাসের মধ্যে ফরমটি পূরণ ও প্রশিক্ষণ ইনিষ্টিটিউট অথবা অফিস প্রধানের নিকট পেশ করিতে হইবে। ফরমটি ২ কপিতে পূরণ করিতে হইবে। এক কপি সংস্থাপন বিভাগের জন্য অন্য কপিটি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরে জন্য। এই ফরম প্রশিক্ষণ ইনিষ্টিটিউটে প্রধান সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নিকট প্রেরণ করিবেন। কোন অফিসার নিয়োগের পরই যখন তার নিজ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরে যোগদান করার জন্য যে অফিসে যোগদান পেশ করিবেন, সেইখানে ফরমের দুই কপি জমা দিবেন। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এক কপি রাখিবেন এবং অন্য কপিটি সংস্থাপন বিভাগে কেন্দ্রীয় রেকর্ড অফিসে প্রেরণ করিবেন। সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অফিসারের বেলায়, যাহারা সরাসরি উক্ত বিভাগে যোগদান করেন, সেই অফিসারগণ ফরম সেইখানে জমা দিবেন। কিন্তু অফিসার যখন প্রথমে প্রশিক্ষণ ইনিষ্টিটিউটে যোগদান করেন, তখন অফিসার কর্তৃক যথাযথভাবে পূরণকৃত দুই কপি ফরম ইনিষ্টিটিউট প্রধান গ্রহণ করিবেন এবং এক মাসের মধ্যে এইগুলি সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

ও এস আর ফরম-২ এর জন্য অনুশাসন

৬। অফিসারগণ চাকুরীতে যোগদানের পর প্রয়োজনীয় তথ্যাদি ঠিক রাখার জন্য প্রতি পাঁচ বৎসর পর পর চাকুরী ও অন্যান্য বিবরণী এই ফরমে লিপিবদ্ধ করিবেন। ও এস আর ফরম-১ এর অনুরূপ এই ফরম ২ কপিতে পূরণ করিতে হইবে। এক কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে অন্য কপিটি নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরে প্রেরণ করিতে হইবে। সংস্থাপন বিভাগের সরাসরি প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অফিসারের ক্ষেত্রে, তাহার ফরম যথাযথ ভাবে পূরণ করিয়া সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

ও এস আর ফরম-৩ এর জন্য অনুশাসন

৭। এই ফরম কেবল সংস্থাপন বিভাগের কেন্দ্রীয় রেকর্ড অফিসে ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের সক্রিয় ডোসিয়ারে রক্ষণাবেক্ষণ করা হইবে। সংস্থাপন বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ফরম ১ ও ২ এ বর্ণিত তথ্যের ভিত্তিতে এই ফরমের তথ্য স্থানান্তর করিবে। সংস্থাপন বিভাগে অথবা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর, ক্ষেত্র অনুসারে, এই ফরমে স্থানান্তরিত প্রত্যেকটি দফা এই বিষয়ে দেখাশোনাকারী ও ক্ষমতাপ্রাপ্ত অফিসার কর্তৃক তাহার স্বাক্ষর ও তারিখসহ প্রমাণীকৃত হইতে হইবে।

৮। সার্ভিসে রেকর্ড ফরম ১, ২ ও ৩ সংশ্লিষ্ট অফিসারের সক্রিয় ডোসিয়ারের অংশ তৈরী করিবে। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর তাহাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অফিসারের এই সকল রেকর্ড রক্ষণাবেক্ষণের বিষয়ে দায়ী থাকিবে। পক্ষান্তরে নিষ্ক্রিয় ডোসিয়ার, যেইখানে ও এস আর ফরম-৩ অন্ডর্ভুক্ত নয়, তাহা সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক রক্ষণাবেক্ষণ করিতে হইবে। ও এস আর ফরম-১, ২ ও ৩ সহজে সনাক্তকরণের জন্য তিনটি ভিন্ন রং এর কাগজে মুদ্রিত হইয়াছে।

ডোসিয়ার রক্ষণাবেক্ষণ

১। যখনই কোন সরকারী প্রয়োজনে একজন অফিসারের ডোসিয়ার দেখা দরকার হইবে, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের রেকর্ড কক্ষ হইতে ডোসিয়ারের কেবল দ্বিতীয় অংশ বাহির করিয়া আনা যাইবে। এইখানে উল্লেখ করা যাইতে পারে যে, সাধারণতঃ যেই তথ্য প্রয়োজন হয়, তাহার অধিকাংশই ডোসিয়ারের দ্বিতীয় অংশে পাওয়া যাইবে। কোন অফিসারের বার্ষিক গোপনীয় প্রতিবেদন আলোচনা করার কোন সুনির্দিষ্ট প্রয়োজন হইলে, বার্ষিক গোপনীয় প্রতিবেদন এর সংশ্লিষ্ট অংশের উদ্ধৃতি প্রস্তুত করিয়া বিবেচনার জন্য পেশ করা হইবে। উদ্ধৃতিগুলি অবশ্যই ডোসিয়ার শাখায় ফেরত দিতে হইবে।

৯৭৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

স্মারক নং সম (সিআর-৩) গোপঃ ৯/২০০৬-৩

তারিখঃ ১৮-১-২০০৯ খ্রিঃ

পরিপত্র

বিষয় : মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/উপদেষ্টা/সমমর্যাদা সম্পন্ন ব্যক্তির দায়িত্বকাল শেষে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) অনুস্বাক্ষর এবং প্রতিস্বাক্ষরকরণ।

লক্ষ্য করা যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/উপদেষ্টা/সমমর্যাদা সম্পন্ন ব্যক্তির দায়িত্বকাল শেষে অনেক সময় তাঁদের নিকট হতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এসিআর অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করানো সম্ভব হয় না। ফলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কর্মরত কর্মকর্তাদের এসিআর গ্রহণে সমস্যা সৃষ্টি হয়।

০২। বিধায় সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/উপদেষ্টা/সমমর্যাদা সম্পন্ন ব্যক্তির দায়িত্বপালন শেষে ১ (এক) বছর কাল পর্যন্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করতে পারবেন।

(রহমত উলাহ মোঃ দস্তগীর)

উপ-সচিব (সিআর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

স্মারক নং সম (সিআর-৩)-সিএসও নির্ধারণ-৪/২০০৬-৪৮

তারিখ : ১১-০৬-২০০৮ খ্রিঃ

পরিপত্র

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা, এসাইনমেন্ট অফিসার, প্রটোকল অফিসার এবং তাঁর কর্তৃক প্রতিস্বাক্ষরিতব্য যুগ্ম-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের ক্ষমতা অর্পণ।

মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা, এসাইনমেন্ট অফিসার, প্রটোকল অফিসার এবং তাঁর কর্তৃক প্রতিস্বাক্ষরিতব্য যুগ্ম-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে :

১. প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় এবং এর অধীনস্থ সংস্থায় কর্মরত যুগ্ম-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের এসিআর প্রতিস্বাক্ষর করবেন মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার পক্ষে তাঁর কার্যালয়ের মুখ্য সচিব।
২. মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ সংস্থায় কর্মরত যুগ্ম-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের এসিআর অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করবেন স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের সচিব।
৩. মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার একাল্ড সচিবদের বার্ষিক গোপনীয় অনুবেদন সদয় হয়ে প্রধান উপদেষ্টা নিজেই অনুস্বাক্ষর করবেন; এক্ষেত্রে প্রতিস্বাক্ষরের প্রয়োজন হবে না।
৪. প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রটোকল অফিসার এর বার্ষিক গোপনীয় অনুবেদন প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব অনুস্বাক্ষর পূর্বক মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার প্রতিস্বাক্ষরের জন্য উপস্থাপন করবেন।
৫. মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার সহকারী একাল্ড সচিব ও এসাইনমেন্ট অফিসার এর বার্ষিক গোপনীয় অনুবেদন মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার একাল্ড সচিব-১ অনুস্বাক্ষরপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার প্রতিস্বাক্ষরের জন্য উপস্থাপন করবেন।

০২। সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম (সিআর-৩) সিএসও নির্ধারণ ৪/২০০৬-০৬, তারিখ ০৯-০১-২০০৭ এবং সম (সিআর-৩) সিএসও নির্ধারণ ৪/২০০৬-০৭, তারিখ ১৫-০১-২০০৮ মূলে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র দুটি এতদ্বারা বাতিল করা হলো।

(রহমত উলাহ মোঃ দস্তগীর)

উপ-সচিব (সিআর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

নং সম (সিআর-৩) অধিশাখা পুনঃ ০১/২০০৬-৩৫

তারিখঃ ২৫ চৈত্র, ১৪১৪ বাং
০৮ এপ্রিল, ২০০৮ খ্রিঃ

পরিপত্র

বিষয় : এক পঞ্জিকা বছরে একাধিক বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল প্রসংগে।

একজন অনুবেদনাধীন কর্মকর্তার এক পঞ্জিকা বছরে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে অংশ এসিআর দাখিলের বিষয়ে প্রায়ই বিভিন্ন ধরনের জিজ্ঞাসা উত্থাপিত হয়ে থাকে; বিধায় এ বিষয়ে সরকার নিম্নরূপ নির্দেশনা জারী করেছে :

- (ক) একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক পঞ্জিকা বছরে একই কর্মস্থলে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে অনূন্য ৬ (ছয়) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তা তার সারা বছরের এসিআর অনুস্বাক্ষর করতে পারবেন।
- (খ) বিশেষ এসিআর গ্রহণের ক্ষেত্রে অনূন্য ৩ (তিন) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তার নিকট থেকে খন্ড এসিআর গ্রহণ করা যাবে।
- (গ) একই পঞ্জিকা বছরে কোন অনুবেদনাধীন কর্মকর্তার কর্মস্থল একাধিক হলে তাঁকে পৃথক পৃথক খন্ড এসিআর দাখিল করতে হবে। তবে সে ক্ষেত্রেও একজন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে তাঁর কর্মকাল অনূন্য ৩ (তিন) মাস হতে হবে।
- (ঘ) এসিআর দাখিলের ক্ষেত্রে অনুবেদন ফরমের ২য় অংশের ১৪নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে অনুবেদনাধীন কর্মকর্তার কর্মকালের প্রকৃত মেয়াদ লিপিবদ্ধ করতে হবে।

রহমত উলাহ মোঃ দস্তগীর

উপ-সচিব (সিআর)

ফোন : ৭১৬৫৯৭১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

স্মারক নং সম (সিআর-৩) গোপঃ ৯/২০০৬-১৩৬

তারিখ : ১৬ আশ্বিন, ১৪১৪ বাং
০১ অক্টোবর, ২০০৭ খ্রিঃ

পরিপত্র

বিষয় : বার্ষিক গোপনীয় অনুবেদন লিখনে অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক অনুস্মরণীয় নির্দেশাবলী।

এসিআর ফরম যথাযথভাবে পূরণ, লিখন, প্রতিস্বাক্ষরকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে বিভিন্ন সময় এ মন্ত্রণালয় থেকে পরিপত্র/প্রজ্ঞাপন জারী করা হয়। কিন্তু লক্ষণীয় হলো যে, বিলম্বে এসিআর দাখিল, লিখন, প্রতিস্বাক্ষরের প্রবনতাসহ নানা ধরনের ত্রুটি-বিচ্যুতি এখনো ব্যাপকভাবে রয়ে গেছে। ফলে অনুবেদনাধীন কর্মকর্তাদের ডোসিয়ার সংরক্ষণ, চাকুরী স্থায়ীকরণ, পদোন্নতি, সিলেকশন গ্রেড প্রদান ও বৈদেশিক নিয়োগের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হচ্ছে; যা কোন অবস্থাতেই কাম্য নয়। এ অবস্থা হতে উত্তোরণের লক্ষ্যে সরকার আলোচ্য ত্রুটি-বিচ্যুতি ও সময়মত এসিআর দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর না করার বিষয়টিকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর অসদাচরণের সংজ্ঞায় অল্ভূর্ত্ত করা উদ্যোগ নিয়েছে।

০২। এমতাবস্থায়, এসিআর ফরম যথাযথভাবে এবং যথাসময়ে পূরণপূর্বক দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকরণের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো :

- (১) এসিআর লিখন সংশ্লিষ্ট প্রত্যেক কর্মকর্তাকে স্পষ্টভাবে নাম, পরিচিতি নম্বর, তারিখ লিখতে হবে ও সীল ব্যবহার করতে হবে। বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার পূর্ববর্তী পদবীসহ হাল পদবী ব্যবহার করতে হবে।
- (২) এসিআর ফরম পূরণ ও লিখনে কোন প্রকার ওভার রাইটিং/কাটাকাটি/মোছামুছি/ফ্লুইড ব্যবহার করা যাবে না। বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট অংশটুকু একটানে কেটে অনুস্বাক্ষরসহ নতুন করে লেখা যাবে।
- (৩) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী উভয় কর্মকর্তাকে প্রদত্ত নম্বর অংকে লেখার পাশাপাশি কথায় লেখা নিশ্চিত করতে হবে।
- (৪) অনুবেদনাধীন কর্মকর্তা এসিআরের ১৪নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে প্রকৃত কর্মকাল সঠিকভাবে উল্লেখ করবেন এবং অনুবেদনকারী কর্মকর্তা বিষয়টি নিশ্চিত হয়ে অনুস্বাক্ষর করবেন।
- (৫) অনুবেদনাধীন কর্মকর্তা স্বাস্থ্য পরীক্ষাসহ প্রতিবছর ৩১শে জানুয়ারীর মধ্যে এসিআর ফরম যথাযথভাবে পূরণপূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- (৬) অনুবেদনকারী কর্মকর্তা প্রতি বছর ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে দাখিলকৃত এসিআর ফরম

- যথাযথভাবে অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- (৭) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা প্রাপ্ত এসিআর ফরম যথাযথভাবে প্রতিস্বাক্ষর শেষে আবশ্যিক-ভাবে ৩১শে মার্চের মধ্যে সিআর অধিশাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- (৮) অনুবেদনকারী কর্মকর্তার প্রদত্ত নম্বর হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ৭ম অংশে মন্ডব্য কলামে নম্বর হ্রাস-বৃদ্ধির স্বপক্ষে যৌক্তিক কারণ লিপিবদ্ধ করবেন।
- (৯) অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে বিরূপ মন্ডব্য প্রদানের ক্ষেত্রে তাঁকে অবশ্যই লিখিতভাবে সতর্ক করে সংশোধনের সুযোগ দিতে হবে। বিরূপ মন্ডব্যের স্বপক্ষে যৌক্তিকতা উল্লেখ করতে হবে।
- (১০) কোন অনুবেদনাধীন কর্মকর্তাকে অসাধারণমান অথবা চলতিমানের নীচে মূল্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে এর স্বপক্ষে মন্ডব্য কলামে যৌক্তিকতা প্রদর্শন করতে হবে।
- (১১) যথাযথ মূল্যায়ন এড়ানোর জন্য এমন কাউকে দিয়ে এসিআর লেখনো যাবে না যার অধীনে তিন মাস কাজ করার সুযোগ হয়নি।

রহমত উলাহ মোঃ দস্তগীর
উপ-সচিব (সিআর)
ফোন : ৭১৬৫৯৭১।

৯৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

নং সম (সিআর-৩)-গোপঃ ৯/২০০৬-১৪

তারিখ : ৩০ ফাল্গুন, ১৪১৩ বাং
১২, ফেব্রুয়ারি ২০০৭ খ্রি:

পরিপত্র

বিষয় : বার্ষিক গোপনীয় অনুবেদনে অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর কথায় লিখন এবং পরিচিতি নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করা।

সংস্থাপন মন্ত্রণালয়ের পরিপত্র নং সম(সিআর/সিপি-৩)-১৭/৯৫-২৬ (১২৫); তারিখঃ ১৩/০৩/১৯৯৭ইং এর অনুবৃত্তিক্রমে সরকার প্রথম শ্রেণীর কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনের অনিয়ম নিরসনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (১) অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর অংকে লিখার পাশাপাশি কথায় লিখতে হবে।
- (২) প্রযোজ্য ক্ষেত্রে অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার পরিচিতি নম্বর উল্লেখ করতে হবে।
- (৩) গোপনীয় অনুবেদন লিখনের ক্ষেত্রে কোন প্রকার ফুইড ব্যবহার বা কাটাছেড়া করা যাবে না, অসাধনতাবশত ভুলের ক্ষেত্রে তা এক টানে কেটে অনুস্বাক্ষর দিতে হবে।

(রহমত উলাহ মোঃ দস্তগীর)

উপ-সচিব (সিআর)

ফোন : ৭১৬৫৯৭১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং সম(সিআর/সিপি-৩)-১৭/৯৫-২৬(১২৫)

তারিখ : ২৯ চৈত্র, ১৪০৩ বাং
১৩ মার্চ, ১৯৯৭ ইং

পরিপত্র

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের বিভিন্ন অংশ অসম্পূর্ণ, ভাঁজ করা, ওভার-রাইটিং, কাটাকাটি, মোছামুছি এবং পরিচিতি নম্বর ব্যবহার প্রসংগে।

উপরোক্ত বিষয়সমূহের প্রতি নির্দেশক্রমে সকল পর্যায়ের অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের সদয় দৃষ্টি আকর্ষণ করিয়া জানানো যাইতেছে যে, সরকারী সিদ্ধান্তে আলোকে বিভিন্ন সময়ে উপরোল্লিখিত বিষয়সমূহের প্রতি সচেতন করা ইয়া করণীয় সম্পর্কে অবহিত করা সত্ত্বেও নিম্নে বর্ণিত বিষয়ের ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করা যাইতেছে :

- (ক) অধিকাংশ অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের অগ্রগামী পত্রে, মুখপত্রে ও এতদসংক্রান্ত অন্যান্য পত্রে তাহাদের নিজের কিংবা পত্রে উল্লেখিত অন্যান্য কর্মকর্তার নামের পার্শ্বে পরিচিতি নম্বর উল্লেখ করেন না।
- (খ) অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ২য় অংশ সঠিকভাবে পূরণ করা হয় না। ক্ষেত্র বিশেষে অনেক কলাম খালিও রাখা হয়। তদুপরি অনেক কলামে প্রদত্ত জীবন বৃত্তান্ত কাটাকাটি, ওভার-রাইটিং ও মোছামুছি করিয়া থাকেন, কিন্তু ইহার পার্শ্বে অনুস্বাক্ষর করেন না। অথচ অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ তাহা লক্ষ্য না করিয়া নিজ নিজ অংশ পূরণ করিয়া থাকেন।
- (গ) অনেক ক্ষেত্রে লক্ষ্য করা গিয়াছে যে, অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ তাহাদের প্রদত্ত মূল্যায়ন/নম্বর ওভার-রাইটিং করেন কিংবা ফ্লুইড দ্বারা পূর্বের নম্বর মুছিয়া নুতন নম্বর লিখিয়া থাকেন। কিন্তু ইহার পার্শ্বে তাহাদের অনুস্বাক্ষর করেন না। ফলে উক্ত মূল্যায়নের যথার্থতা সম্পর্কে স্বভাবতই প্রশ্ন উঠে এবং অত্র অধিশাখাকে বিব্রতকর অবস্থায় পড়িতে হয়।
- (ঘ) বিভিন্ন সময় বিভিন্ন দপ্তর হইতে ভাঁজ করা অবস্থায় গোপনীয় অনুবেদন ফরম প্রেরণ করা হয়। ইহা এসিআর ফরম পূরণ সংক্রান্ত অনুশাসনমালার ২.৯.এ. ধারার পরিপন্থী।

২। এমতাবস্থায় উপরে বর্ণিত বিষয়সমূহের ত্রুটি-বিচ্যুতি ও অনিয়ম সংশোধন ও নিরসনের জন্য নিম্নে বর্ণিত পরামর্শ অনুসরণীয় :—

- (ক) অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ বার্ষিক গোপনীয় অনুবেদন

সংক্রান্ত অগ্রগামী পত্রে, মুখপত্রে এবং এতদসংক্রান্ত সকল চিঠিপত্রে উল্লেখিত কর্মকর্তার নামের এবং নিজ নামের পার্শ্বে পদবী ও পরিচিতি নম্বর অবশ্যই উল্লেখ করিতে হইবে।

- (খ) অনুবেদনাধীন কর্মকর্তাগণ তাহাদের জন্য নির্ধারিত অনুবেদন ফরমের ২য় অংশের সকল কলাম সঠিকভাবে পূরণ করিবেন। তাহাদের দ্বারা প্রদত্ত জীবন বৃত্তান্ত কিছুতেই কাটাকাটি, ওভার-রাইটিং ও মোছামুছি করা যাইবে না, করিলে অবশ্যই ইহার পার্শ্বে অনুস্বাক্ষর করিতে হইবে।
- (গ) অনুবেদনকারী কর্মকর্তাগণ অবশ্যই লক্ষ্য করিবেন এবং নিশ্চিত হইবেন যে, অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক ২য় অংশের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হইয়াছে কিনা। করিয়া নিশ্চিত হইবার পরই তাহাদের জন্য নির্ধারিত ৩য় অংশ হইতে ৬ষ্ঠ অংশের কলাম সঠিকভাবে পূরণ করিবেন। তাহারা ৬ষ্ঠ অংশের শেষ প্রান্তে নির্ধারিত জায়গায় নিজ নামের পার্শ্বে পরিচিতি নম্বর উল্লেখ করিবেন এবং সীল ব্যবহার করিবেন।
- (ঘ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ অবশ্যই লক্ষ্য করিবেন যে, অনুবেদনাধীন ও অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক তাহাদের জন্য নির্ধারিত অংশের সকল কলাম যাহাতে সঠিকভাবে পূরণ হয়। নির্ধারিত ৭ম অংশের সকল কলাম সঠিকভাবে পূরণ করিয়া নির্ধারিত জায়গায় নিজ নামের পার্শ্বে সীল ব্যবহার করিবেন।
- (ঙ) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন/নম্বর কোনক্রমেই কাটাকাটি, ওভার-রাইটিং ও মোছামুছি করা যাইবে না, করিলে অবশ্যই ইহার পার্শ্বে অনুস্বাক্ষর করিতে হইবে।
- (চ) বার্ষিক গোপনীয় অনুবেদন কোনক্রমেই ভাঁজ করা অবস্থায় প্রেরণ করা যাইবে না। এই অবস্থায় “গোপনীয়” কভারে সীল-গালা করিয়া বার্তা বাহক কিংবা রেজিস্টার্ড ডাকে প্রেরণ করিতে হইবে।

অএএব, ১নং অনুচ্ছেদে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ২নং অনুচ্ছেদে প্রদত্ত পরামর্শ সতর্কতার সাথে অনুসরণ করার জন্য মন্ত্রণালয়ে/বিভাগে এবং তাহাদের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংযুক্ত অফিস/বিধিবদ্ধ সংস্থা/বিভাগ/জেলা/থানা পর্যায়ে এবং বিভিন্ন জায়গায় প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণকে অবহিত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের/নির্দেশ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়ের/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক মহোদয়গণকে আদিষ্ট হইয়া বিশেষভাবে অনুরোধ জানান যাইতেছে।

কাজী আবু মুছা
সহকারী সচিব
ফোন : ৮৬৫৯৭১
৩৯৩৩।

৯৮৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর-৩ শাখা

নং সম(সিআর-৩)-২০/২০০১(অংশ-১)-৪০

তারিখ : ১৯ ভাদ্র, ১৪১২ বাং
০৩ সেপ্টেম্বর, ২০০৫ খ্রিঃ

প্রজ্ঞাপন

বিষয় : অবসর গ্রহণ/চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ শেষ হওয়া কর্মকর্তা কর্তৃক এসিআর লিখন এবং প্রতিস্বাক্ষরকরণ সংক্রান্ত।

লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা অবসরে গমন করার এবং কোন কোন ক্ষেত্রে চুক্তিভিত্তিক কর্মকর্তার চুক্তির মেয়াদ শেষ হওয়ায় তাঁদের নিকট থেকে এসিআর এ অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর নেয়া সম্ভব হয় না। বিষয়টি পর্যালোচনা করে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অবসর গ্রহণ অথবা চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর ০১ (এক) বছর কাল পর্যন্ত তিনি বার্ষিক গোপনীয় অনুবেদন লিখতে বা প্রতিস্বাক্ষর করতে পারবেন।

এ. এস. এম. আবদুল হালিম

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআরসিপি-৩ শাখা

নং সম(সিআরসিপি-৩)-৯/৯৯-২৪

তারিখ : ৬ শ্রাবণ, ১৪১০ বাং
২১ জুলাই, ২০০৩ খ্রিঃ

বিষয় : সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত বস্ত্তসংক্ষেপ/প্রতিবেদন ব্যবহার শেষে ফেরত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের চাকুরীতে স্থায়ীকরণ, সিলেকশন গ্রেড প্রদান, পদোন্নতি ইত্যাদি বিষয় বিবেচনার প্রয়োজনে অত্র মন্ত্রণালয়ের এপিডি অনুবিভাগের এবং বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে অত্র অধিশাখা থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনের বস্ত্তসংক্ষেপ/প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। Instructions For Filling Up ACR Form-1 & ACR Form-2 এর ২.১০ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী চাহিদা প্রদানকারী মন্ত্রণালয়কে বার্ষিক গোপনীয় অনুবেদনের বস্ত্তসংক্ষেপ/প্রতিবেদন ব্যবহার শেষে অবশ্যই অত্র অধিশাখায় ফেরত পাঠাতে হবে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না।

বর্ণিত অবস্থায় অত্র অধিশাখা কর্তৃক প্রেরিত সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনের বস্ত্তসংক্ষেপ/প্রতিবেদন ব্যবহার শেষে উপরোক্ত অনুশাসনমালার ২.১০ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী অত্র অধিশাখায় ফেরত পাঠানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

(এম. এইচ. ফরহাদ খান)

উপ-সচিব

সিআরসিপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআরসিপি-৩ শাখা

নং সম (সিআর/সিপি-৩)-০৯/০১(অংশ-০৯)(৬০০)

তারিখ : ৬ চৈত্র, ১৪০৯
২০ মার্চ, ২০০৩ খ্রিঃ

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন যথাযথভাবে পূরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসঙ্গে।

Instructions For Filling Up ACR Form-1 & ACR Form-2 এর ২.৭ নং অনুচ্ছেদের বিওসি নং উপ অনুচ্ছেদের বিধান অনুযায়ী অনুবেদনকারী কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমে তাঁর নির্ধারিত অংশ পূরণপূর্বক ৩১শে জানুয়ারীর মধ্যে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট পেশ করবেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ১৫ই মার্চের মধ্যে অবশ্যই তাঁর অংশের কাজ সমাপ্ত করবেন। নিয়ম অনুযায়ী ৩১শে মার্চের মধ্যে প্রতি পূর্ববর্তী বছরের ACR মন্ত্রণালয়ে/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছানোর কথা থাকলেও কিছু কিছু ক্ষেত্রে এর ব্যত্যয় লক্ষ্য করা যাচ্ছে। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণপূর্বক দাখিল, অনুস্বাক্ষর, প্রতিস্বাক্ষরের ক্ষেত্রে অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা প্রত্যেকেরই পৃথক পৃথক ভূমিকা রয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রেই অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা স্ব স্ব দায়িত্ব সমাপনাল্পেই নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল করেন না।

২। বার্ষিক গোপনীয় অনুবেদন সরকারী কর্মকর্তাদের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। নির্ধারিত সময়ের মধ্যে এই অনুবেদন দাখিল করা সরকারী কর্মকর্তাদের পেশাগত দায়িত্বের একটি অংশ হিসেবে বিবেচিত। যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন ক্যাডার নিয়ন্ত্রণকারী/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট না পৌঁছার কারণে অনুবেদনাধীন কর্মকর্তার চাকুরী স্থায়ীকরণ, পদায়ন, সিলেকশন গ্রোড ও পদোন্নতি প্রদান, বৈদেশিক নিয়োগ ইত্যাদি বিষয়ে সিদ্ধান্তগ্রহণে ব্যাঘাত সৃষ্টি হয়, যা আদৌ কাম্য নয়।

৩। Instructions For Filling Up ACR Form-1 & ACR Form-2 এর ২.৮ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন পেশ করার ব্যর্থতা সংশ্লিষ্ট অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার 'গুরুতর ত্রুটি' (Major Default) বলে বিবেচিত হয়।

বর্ণিত অবস্থায়, সংশ্লিষ্ট সকল অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে বার্ষিক গোপনীয় অনুবেদনের স্ব স্ব অংশের দায়িত্ব যথাযথভাবে সম্পাদনপূর্বক প্রতি পরবর্তী বছরের ৩১শে মার্চের মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন সংস্থাপন মন্ত্রণালয়ে/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

(এম. এইচ. ফরহাদ খান)
উপ-সচিব, সিআরসিপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআরসিপি-৩ শাখা

নং সম (সিআরসিপি-৩)-০৬/২০০২-১১৬

তারিখ : ২৪ মাঘ, ১৪০৯
০৬ ফেব্রুয়ারি, ২০০৩
প্রিঃ

বিষয় : বিদেশস্থ বাংলাদেশ দুতাবাসসমূহের বিভিন্ন উইং এ কর্মরত অন্যান্য ক্যাডারের (পররাষ্ট্র ব্যতীত) কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) লেখার ব্যাপারে অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নির্ধারণ।

বিদেশস্থ বাংলাদেশ দুতাবাসসমূহের বিভিন্ন উইং এ কর্মরত অন্যান্য ক্যাডারের (পররাষ্ট্র ব্যতীত) কর্মকর্তাগণ প্রেষণে কাজ করে থাকেন। এ সমস্‌ড় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নির্ধারণ করে না দেয়ার কারণে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদানের বিষয়ে কিছু শৃঙ্খলা ও নিয়মনীতির ব্যত্যয় হচ্ছে বলে মন্ত্রণালয় অবগত হয়েছে। সরকার বিষয়টি যথাযথ গুরুত্ব সহকারে পর্যালোচনাশ্‌ড় নিম্নলিখিত সিদ্ধান্তগ্রহণ করেছেন :

- (ক) বিদেশস্থ বাংলাদেশ দুতাবাসসমূহের বিভিন্ন উইং এ কর্মরত পররাষ্ট্র ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাগণের এসিআর মিশন প্রধান/দুতাবাস প্রধান অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে স্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হবেন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব। যেমন : কাউন্সিলর (শ্রম), প্রথম সচিব (শ্রম), দ্বিতীয় সচিব (শ্রম) এর ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হবেন সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। এরূপ অন্যান্য পদের ক্ষেত্রেও একই নিয়ম অনুসৃত হবে।
- (খ) যে সমস্‌ড় মিশন বা দুতাবাসে চার্জ দ্য অ্যাফেয়ার্স (CDA) দায়িত্বে থাকবেন তাঁরা কোন এসিআর লিখবেন না।
- (গ) প্রকৃত অনুবেদনকারী কর্মকর্তা (RIO) ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা (CSO) ব্যতিরেকে নিজ পছন্দমত অন্য কোন অনুবেদনকারী কর্মকর্তা (RIO) ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা (CSO) থেকে এসিয়ার গ্রহণের কোন বিষয় মিশন/দুতাবাস লক্ষ্য করলে বিষয়টি সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করবে। সংস্থাপন মন্ত্রণালয় এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। উপরে বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(এম. এইচ. ফরহাদ খান)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সিআর/সিপি অধিশাখা

সিআর/সিপি শাখা-৩

নং সম/সিআর/সিপি-৩/০৮/২০০২-০৯

তারিখ : ১৫ জানুয়ারি, ২০০২ খ্রিঃ

পরিপত্র

বিষয় : ৫২ বছর ও তদূর্ধ্ব বয়সের কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর রেকর্ডের জন্ম তারিখ যাচাই।

লক্ষ্য করা যাচ্ছে যে, চাকুরীর রেকর্ডে সঠিক জন্ম তারিখ উল্লেখ না থাকার কারণে বেসামরিক চাকুরীতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন জারীর ক্ষেত্রে বিবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে। এ সকল সমস্যা নিরসনের উদ্দেশ্যে বেসামরিক পদে সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় কর্মরত ৫২ বছর ও তদূর্ধ্ব বয়সের সকল কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর রেকর্ডে উলিখিত জন্ম তারিখ যাচাইয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য অধীনস্থ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় কর্মরত ৫২ বছর ও তদূর্ধ্ব বয়সের বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের (সহকারী সচিব হতে সচিব পর্যন্ত) প্রবেশিকা/এস.এস.সি./সমমানের পরীক্ষার সনদপত্রের ফটোকপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/বিভাগের কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আগামী ১৬/০২/২০০২ তারিখের মধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ের সিআর/সিপি অধিশাখায় প্রেরণ করতে হবে।
- (খ) মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন ক্যাডারের ৫২ বছর ও তদূর্ধ্ব বয়সের কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগের কর্মচারীদের ও অন্যান্য কর্মকর্তাদের এবং অধীনস্থ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় কর্মরত ৫২ বছর ও তদূর্ধ্ব বয়সের সকল কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর রেকর্ডের সংগে প্রবেশিকা/এস.এস.সি./সমমানের পরীক্ষার সনদপত্রে উলিখিত জন্ম তারিখ যাচাই করে সঠিক জন্ম তারিখ নিশ্চিত করবে এবং এতদসংক্রান্ত একটি বাস্তবায়ন প্রতিবেদন আগামী ১৬-০২-২০০২ তারিখের মধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে (সিআর/সিপি অধিশাখায়) প্রেরণ করবে।

২। সংশ্লিষ্ট সকলকে উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রকিব উদ্দিন আহমেদ

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর/সিপি-৩ শাখা।

নং সম(সিআর/সিপি-৩)-৬/৯৯(অংশ-১)-২৪(২৫০)

তারিখ : ৭ জ্যৈষ্ঠ ১৪০৮
২১ মে ২০০১ খ্রিঃ

পরিপত্র

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী অফিসারগণের বার্ষিক গোপনীয় অনুবেদনে পরিচিতি নম্বর ব্যবহার এবং অগ্রায়ন পত্রে সুস্পষ্টভাবে বিষয়/বিষয়বস্তু সহ টেলিফোন নম্বর উল্লেখ করা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রতি সকল পর্যায়ে অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী অফিসারদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। ইতোপূর্বে অনেকবার পরিপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সত্ত্বেও দেখা যায় যে, কোন কোন অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী অফিসার অনুবেদন ফরমে তাহাদের পরিচিতি নম্বর প্রদান করেন না। ফলে তথ্যাদি সঠিকভাবে ডোসিয়ারে সংরক্ষণ দুরূহ হয়ে পড়েছে। এছাড়া অনুবেদনের সংশ্লিষ্ট অংশ পূরণ করে যে অগ্রায়ন পত্রের মাধ্যমে জমা দিয়ে থাকেন তার অনুলিপি ও শাখায় প্রেরণ করেছেন তাতেও পরিচিতি নম্বর উল্লেখ করেন না। এর ফলে যে উদ্দেশ্যে এই অগ্রায়ন পত্রের প্রচলন করা হয়েছে তা পুরাপুরি সফল হচ্ছে না।

২। উপরোক্ত বিষয়টি ছাড়াও অপর একটি বিষয় অত্যন্ত জরুরী যে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণের অগ্রায়ন পত্রে অনেকেই বিষয়/বিষয়বস্তু অস্পষ্টভাবে উল্লেখ করে থাকেন। যেমন, এসিআর প্রেরণকারী অফিসার অগ্রায়ন পত্রে “পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য” উলেখ করে থাকেন। কিন্তু তার স্থলে “অনুস্বাক্ষরের জন্য/প্রতিস্বাক্ষরের জন্য” উলেখ করলে বিষয়টি সুস্পষ্ট হতে পারে এবং তাৎক্ষণিকভাবে এ অফিসের পক্ষে পদক্ষেপ নিতে সুবিধা হয়।

৩। অনুরূপভাবে জরুরী অবস্থায় সংশ্লিষ্ট অফিসারের সাথে তড়িৎগতিতে যোগাযোগ করার ক্ষেত্রে অনেক সময়ই অসুবিধার সম্মুখীন হতে হয়। সেই ক্ষেত্রে অগ্রায়ন পত্রে অফিসারদের অফিসের এবং বাসার টেলিফোন নম্বর উল্লেখ থাকলে তড়িৎগতিতে যোগাযোগ করা সম্ভব হতে পারে।

৪। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টির উপর যথাযথ গুরুত্ব আরোপ করে সকল ক্ষেত্রে বার্ষিক গোপনীয় অনুবেদনে এবং এতদসংক্রান্ত অগ্রায়ন পত্রে অফিসারদের পরিচিতি নম্বর প্রদান এবং অগ্রায়ন পত্রের উদ্দেশ্য সুস্পষ্টভাবে উল্লেখ এবং জরুরী অবস্থার জন্য টেলিফোন নম্বর উল্লেখ করার জন্য সকল অনুবেদনাধীন অফিসার/অনুবেদনকারী অফিসার ও প্রতিস্বাক্ষরকারী অফিসারগণকে অবহিত করার নিমিত্তে নির্দেশ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব/বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

(সৈয়দ নকীব মুসলিম)

উপ-সচিব

(সিআর/সিপি)

ফোন : ৮৬১৫৭৯১।

৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

পরিপত্র

নং সম(সিআর/সিপি-৩)-৬/৯৯(অংশ-১)-২৭(১২৫)

তারিখ : ১৫ শ্রাবণ ১৪০৭
৩০ জুলাই, ২০০০ খ্রিঃ

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনে এবং এতদসংক্রান্ত পত্রালাপে পরিচিতি নম্বর ব্যবহার প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রতি সকল পর্যায়ের অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, সংশ্লিষ্ট ব্যাপারে করণীয় সম্পর্কে বিভিন্ন সময়ে এবং সর্বশেষ ২৬/৮/৯৯ তারিখের সম(সিআর/সিপি-৩)-২/৯৭-৪৬(১২৫) নং পরিপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ তাঁহাদের জন্য নির্ধারিত অংশের কাজ সমাপনান্বেষণে স্বাক্ষর ও তারিখ দেওয়ার পর সীলমোহর এবং পরিচিতি নম্বর ব্যবহার করেন না। এমনকি বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত বিষয়ে যোগাযোগকারী কর্মকর্তাগণও অনেক সময় পত্রে উল্লেখিত কর্মকর্তার নামের পার্শ্বে এবং নিজের নামের পার্শ্বে পরিচিতি নম্বর ব্যবহার করেন না। ফলে উক্ত যোগাযোগ অর্থহীন হইয়া পড়ে এবং সংশ্লিষ্ট বিষয়ে যথাসময়ে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয় ও জটিলতার সৃষ্টি হয়। বার্ষিক গোপনীয় অনুবেদনের অবস্থান, কার্যক্রম গ্রহণে বিলম্বকারীকে সনাক্ত করিয়া যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য এবং একই নামে একই পদবীতে একাধিক কর্মকর্তা থাকায় পরিচিতি নম্বর ব্যবহারের প্রচলন করা হইয়াছে। অনুসরণীয় বিষয়গুলি যথাসময়ে সঠিকভাবে প্রতিপালিত না হওয়ার কারণে অনেক কর্মকর্তা যথাসময়ে প্রাপ্য সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত হইতেছেন যাহা কাহারও কাম্য নয়।

এমতাবস্থায়, উপরে বর্ণিত বিষয়সমূহের উপর যথাযথ গুরুত্ব আরোপ করিয়া সকল ক্ষেত্রে পরিচিতি নম্বর ব্যবহার নিশ্চিত করা এবং ২৬/৮/৯৯ তারিখের পরিপত্রে (অনুলিপি সংযুক্ত) প্রদত্ত পরামর্শ সতর্কতার সহিত অনুসরণ করার জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংযুক্ত অফিস/বিধিবদ্ধ সংস্থা/বিভাগ/জেলা/থানা পর্যায়ে এবং বিভিন্ন জায়গায় প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণকে অবহিত করিবার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের/নির্দেশ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব/বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে বিশেষভাবে অনুরোধ জানান যাইতেছে।

(মোঃ রশিদুল আলম)

অতিরিক্ত সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

সংযুক্ত : ৪ (চার) পাতা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

পরিপত্র

নং সম(সিআর/সিপি-৩)-৬/৯৯(অংশ-১)-১৬(৬০০)

তারিখ : ১৩ বৈশাখ ১৪০৭
২৬ এপ্রিল, ২০০০ খ্রিঃ

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণে বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি ও অনিয়ম পরিহার করিয়া ১৯৯৯ সালের এবং ১৯৯৮ সালসহ তৎপূর্ব বৎসরগুলির (যাহাদের বকেয়া আছে) বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রচলিত বিধান অনুসারে বৎসরাস্তে প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখিত ও প্রতিস্বাক্ষরিত হইয়া ৩১শে ডিসেম্বরের মধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছার কথা থাকিলেও প্রাপ্তির হার তেমন একটা সন্তোষজনক নয়। বার্ষিক গোপনীয় অনুবেদন একটি গুরুত্বপূর্ণ দলিল। সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সার্ভিস ক্যারিয়ার গঠনে সহায়ক এই গুরুত্বপূর্ণ 'বার্ষিক গোপনীয় অনুবেদন' সম্পর্কে অনেকেই উদাসীন। প্রায়ই দেখা যাইতেছে যে, প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের জন্য বর্তমানে প্রচলিত বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের নির্ধারিত অংশগুলি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সঠিকভাবে পূরণ করেন না। অনেক ভুল-ত্রুটি, অস্পষ্ট লেখা, এড়াইয়া যাওয়ার প্রবণতা, অসামঞ্জস্যতা ও অনিয়ম অব্যাহত থাকায় সঠিক তথ্য লিপিবদ্ধকরণে ও যথাসময়ে সঠিক সিদ্ধান্তগ্রহণে জটিলতার সৃষ্টি হইতেছে। এই সব বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় হইতে ইতিপূর্বে বিভিন্ন সময়ে পরিপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সত্ত্বেও নিম্নে বর্ণিত ত্রুটি-বিচ্যুতি ও অনিয়মগুলি পরিলক্ষিত হইতেছে :

- (ক) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ১ম পৃষ্ঠায় বৎসর/সময় প্রায়ই ঠিকমত লেখা হয় না।
- (খ) কিছু কিছু ক্ষেত্রে গোপনীয় অনুবেদন ফরমের ১ম পৃষ্ঠায় অনুবেদনাধীন কর্মকর্তার পরিচিতি নম্বর লেখা হয় না। ভুল পরিচিতি নম্বরও কোন কোন ক্ষেত্রে লিখা হইয়া থাকে।
- (গ) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৩নং পৃষ্ঠায় উল্লেখিত আইটেমগুলি বিশেষ করিয়া ১৪নং কলামটি ক্ষেত্র বিশেষে সঠিকভাবে লেখা হয় না।
- (ঘ) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৩নং ও ৫নং পৃষ্ঠায় সর্বনিম্নে ডান পার্শ্বে অনুবেদনাধীন ও অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক তারিখসহ স্বাক্ষরের নীচে সীল অনেক সময় ব্যবহার করা হয় না।
- (ঙ) অনেক ক্ষেত্রে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের সময় কাটাকাটি, মোছামুছি করিলেও পার্শ্বে অনুস্বাক্ষর করা হয় না।
- (চ) বিভিন্ন পর্যায় হইতে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের কপি কোন কোন ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় না এবং অগ্রায়ন পত্রে অনুবেদনাধীন কর্মকর্তার নামের সহিত পরিচিতি নম্বর দেওয়া হয় না।

২। উপরে বর্ণিত ট্রাষ্টি-বিদ্যুতি ও অনিয়ম সম্পর্কে সচেতন থাকিয়া নিম্নে বর্ণিত পরামর্শ/সিদ্ধান্ত অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা যাইতেছে :

- ১। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ১ম পৃষ্ঠায় বৎসর/সময় সঠিকভাবে লিখিতে হইবে।
- ২। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ১ম পৃষ্ঠায় অনুবেদনাধীন কর্মকর্তার পরিচিতি নম্বর নির্ভুল ও স্পষ্টভাবে লিখিতে হইবে।
- ৩। সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরের জন্য এক খন্ড অনুবেদন হইলে একটি এবং একাধিক খন্ডে হইলে কেবলমাত্র শেষ খন্ডে স্বাস্থ্য প্রতিবেদন সংগ্রহ করিতে হইবে। প্রথম খন্ডে স্বাস্থ্য প্রতিবেদনের স্থানে 'শেষ খন্ডে স্বাস্থ্য প্রতিবেদন দেওয়া হইবে' কথাটি লিখিয়া অনুবেদনাধীন কর্মকর্তা স্বাক্ষর ও সীল দিবেন।
- ৪। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৩নং পৃষ্ঠার সকল কলাম বিশেষ করিয়া ১৪নং কলাম সঠিক এবং স্পষ্টভাবে লিখিতে হইবে।
- ৫। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৩য় ও ৫ম পৃষ্ঠায় সর্বনিম্নে ডান পার্শ্বে অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা (যেখানে যাহার জন্য প্রযোজ্য) কর্তৃক তারিখসহ স্বাক্ষর ও সীল ব্যবহার করিতে হইবে।
- ৬। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের সময় কাটাকাটি, মোছামুছি ও ফ্লুইড ব্যবহার করা যাইবে না। কাটাকাটি ও মোছামুছি করিলে অবশ্যই পার্শ্বে অনুস্বাক্ষর করিতে হইবে।
- ৭। বিভিন্ন পর্যায় হইতে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের কপি অবশ্যই সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।
- ৮। অগ্রায়ন পত্রে অনুবেদনাধীন কর্মকর্তার নামের সহিত পরিচিতি নম্বর উল্লেখ করিতে হইবে।
- ৯। অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নম্বর প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক কমাইলে বা বাড়াইলে অনুবেদন ফরমের ৩য় ও ৪র্থ অংশের কোন কোন আইটেমের সাথে তিনি একমত নহেন তাহা ৭ম অংশে উল্লেখ করিয়া নম্বর প্রদান করিবেন।
- ১০। বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৫ম অংশের লেখচিত্রে অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক এমন কিছু বক্তব্য (যদি থাকে) তুলিয়া ধরিবেন যাহা আগে ৩য় ও ৪র্থ অংশে প্রতিফলিত হয় নাই।
- ১১। লেখচিত্রে, মন্তব্য এবং প্রদত্ত নম্বর অনেক ক্ষেত্রে পরস্পর বিরোধী/অসামঞ্জস্যপূর্ণ হওয়ার ক্ষেত্রে অত্যন্ত সচেতনভাবে সামঞ্জস্যতা রক্ষা করিতে হইবে।
- ১২। (ক) অনুবেদনাধীন কর্মকর্তাঃ তাহার জন্য নির্ধারিত অংশের সকল আইটেম নির্ভুল, সঠিক ও স্পষ্টভাবে পূরণ করিয়া অবিলম্বে অগ্রায়ন পত্রের মাধ্যমে অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং উক্ত অগ্রায়নপত্রের কপি সংস্থাপন মন্ত্রণালয়ে এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।
(খ) অনুবেদনকারী কর্মকর্তাঃ অনুবেদনাধীন কর্মকর্তার দাখিলকৃত অনুবেদনের সকল

অংশ সঠিকভাবে পূরণ করা হইয়াছে কিনা নিশ্চিত হইয়া তাঁহার জন্য নির্ধারিত অনুবেদন সঠিকভাবে পূরণপূর্বক অবিলম্বে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট অগ্রায়ন পত্রের মাধ্যমে দাখিল করিবেন। উক্ত অগ্রায়ন পত্রের কপি সংস্থাপন মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

- (গ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাঃ অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তার অনুবেদন সঠিকভাবে পূরণ করা হইয়াছে কিনা নিশ্চিত হইয়া তাঁহার জন্য নির্ধারিত অংশ সঠিকভাবে পূরণপূর্বক অবিলম্বে অগ্রায়ন পত্রের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। উক্ত অগ্রায়ন পত্রের কপি অনুবেদনকারী ও অনুবেদনাধীন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

অতএব, সংশ্লিষ্ট অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে এই মর্মে অবহিত করা যাইতেছে যে, বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণকালে অত্র পরিপত্রের ১নং অনুচ্ছেদের ক হইতে চ-এ বর্ণিত ট্রাষ্টি-বিদ্যুতি ও অনিয়ম সম্পর্কে সচেতন থাকিয়া ২নং অনুচ্ছেদের ১ হইতে ১২-তে বর্ণিত পরামর্শ/সিদ্ধান্তসমূহ অনুসরণ করিয়া ১৯৯৯ সালের এবং ১৯৯৮ সালসহ তৎপূর্বের বৎসরগুলির (যাহাদের বকেয়া আছে) বার্ষিক গোপনীয় অনুবেদন অবিলম্বে সংস্থাপন মন্ত্রণালয়/ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

হীরালাল বালা
অতিরিক্ত সচিব।

৯৯৩

সংস্থাপন মন্ত্রণালয়
শাখা : সিআর/সিপি-৩।
পরিপত্র

নং সম(সিআর/সিপি-৩)-২/৯৭-৪৬(১২৫)

তারিখ : ১১ ভাদ্র ১৪০৬
২৬ আগস্ট, ১৯৯৯ খ্রিঃ

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনে এবং এতদসংক্রান্ত পত্রালাপে পরিচিতি নম্বর ব্যবহার প্রসঙ্গে।

সূত্র : (১) সংস্থাপন মন্ত্রণালয়ের ৭/৪/৯১ তারিখের সম(সিআর/সিপি-৩)-১৬/৯১-২১(৭০০),

(২) ২৮/৭/৯১ তারিখের সম(সিআর/সিপি-৩)-১৬/৯১-৪১(৭০০) এবং

(৩) ১৩/৩/৯৭ তারিখের সম(সিআর/সিপি-৩)-১৭/৯৫-২৬(১২৫) নং পরিপত্র।

নির্দেশক্রমে উপরোক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি সকল পর্যায়ে অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের সদয় দৃষ্টি আকর্ষণ করিয়া জানানো যাইতেছে যে, উপরোক্ত বিষয়ে করণীয় সম্পর্কে (১) ও (২) নং সূত্রোলিখিত পরিপত্রের মাধ্যমে (অনুলিপি সংযুক্ত) সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ তাঁহাদের জন্য নির্ধারিত অংশের কাজ সমাপনানুশীলন স্বাক্ষর ও তারিখ দেওয়ার পর সীলমোহর এবং পরিচিতি নম্বর ব্যবহার করেন না। বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত বিষয়ে যোগাযোগকারী কর্মকর্তাগণও অনেক সময় পরিচিতি নম্বর ব্যবহার করেন না। ফলে উক্ত যোগাযোগ অর্থহীন হইয়া পড়ে এবং সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ও জটিলতার সৃষ্টি হয়। ইহা ছাড়াও বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের বিভিন্ন অংশ অসম্পূর্ণ রাখা, ফরম ভাঁজ করা অবস্থায় প্রেরণ, বিভিন্ন স্থানে অনুস্বাক্ষর ব্যতীত ওভার রাইটিং, কাটাকাটি, মোছামুছি, ফুইড ব্যবহারকরণ এবং পরিচিতি নম্বর ব্যবহার না করার কারণে সৃষ্ট জটিলতা সম্পর্কে ৩নং সূত্রোলিখিত পরিপত্রের মাধ্যমে (অনুলিপি সংযুক্ত) সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হইয়াছে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টির উপর যথাযথ গুরুত্ব আরোপ করিয়া সকল ক্ষেত্রে পরিচিতি নম্বর যথা ব্যবহার নিশ্চিত করা এবং সূত্রোলিখিত পরিপত্রসমূহে প্রদত্ত পরামর্শ সতর্কতার সহিত অনুসরণ করার জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংযুক্ত অফিস/বিধিবদ্ধ সংস্থা/বিভাগ/জেলা/থানা পর্যায়ে এবং বিভিন্ন জায়গায় প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণকে অবহিত করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের/নির্দেশ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক মহোদয়গণকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানান যাইতেছে।

সংযুক্তঃ বর্ণনামতে ৩ (তিন)টি পরিপত্র।

কাজী আবু মুছা
সহকারী সচিব
ফোন : ৮৬৫৯৭১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৯৯৪

সংস্থাপন মন্ত্রণালয়
শাখা : সিআর/সিপি-৩।

পরিপত্র

নং সম(সিআর/সিপি-৩)-১৬/৯৫-০২(৭০০)

তারিখ : ২২ পৌষ ১৪০৫
০৫ জানুয়ারী, ১৯৯৯ খ্রিঃ

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের ১৯৯৮ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনের জন্য স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত।

বর্তমানে প্রচলিত বিধান অনুসারে প্রতি বৎসর ৩১শে ডিসেম্বরের মধ্যে প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করাইয়া বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমে সংশিষ্ট অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের মূল্যায়নসহ সর্বশেষ ৩১শে মার্চের মধ্যে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছানোর কথা। ইতোমধ্যে স্বাস্থ্য অধিদপ্তর তাহাদের ১৭-১২-৯৮ তারিখের স্বঃঅধিঃ/বাঃস্বাঃপঃ/৯৮/১৪৪৪৮/১(১৫০) নং স্মারকের মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধীনস্থ দপ্তরসমূহের প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের স্বাস্থ্য পরীক্ষার জন্য হাসপাতাল/কেন্দ্র নির্ধারণ করিয়া সংশিষ্ট সকলকে অবহিত করিয়াছে (স্মারকপত্রসহ তালিকা-১ ও ২ সংযোজিত)।

অতএব, স্বাস্থ্য অধিদপ্তরের তালিকায় বর্ণিত হাসপাতাল/কেন্দ্রসমূহ হইতে সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/পরিদপ্তর/সংযুক্ত অফিস/সংস্থায় কর্মরত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন ত্বরান্বিত করাইবার ব্যবস্থা গ্রহণের/নির্দেশ প্রদানের জন্য সকল মন্ত্রণালয়, বিভাগ ও অন্যান্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

সংযোজিতঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারকপত্র,

তালিকা- ১ ও ২।

কাজী আবু মুছা
সহকারী সচিব (সিআর/সিপি-৩)
সংস্থাপন মন্ত্রণালয়
ফোনঃ ৮৬৫৯৭১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

নং-স্বাঃঅধিঃ/বাঃস্বাঃপঃ/৯৮/১৪৪৪৮

তাং : ১৭-১২-৯৮ইং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা প্রসংগে।

সূত্র : নং-এমইএইচ/১এম-০৯/৮৪/১০৫৬(১০০), তারিখ : ০৩-১২-৮৪ ইং।

- ১। উপরে উলিখিত স্বাস্থ্য মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী ঢাকা শহরের জন্য সংযুক্ত তালিকাভুক্ত হাসপাতালগুলিতে (সংযুক্ত তালিকা-১) সংশ্লিষ্ট অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণকে (সংযুক্ত তালিকা-২) বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অফিসসমূহের প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের ১৯৯৮ সনের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা করার জন্য অনুমোদন করা হইল। সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলির অধীন শুধুমাত্র ঢাকা শহরের দপ্তর/অধিদপ্তর/অফিসগুলিকে যথাযথভাবে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্দেশ দিতে অনুরোধ করা হইল।
- ২। প্রথম শ্রেণীর কর্মকর্তা যাহারা চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর, বরিশাল, খুলনা, বগুড়া, ফরিদপুর, কুমিল্লা, দিনাজপুর শহরের অফিসগুলিতে কর্মরত আছেন, তাহারা সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল-এ অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণ কর্তৃক (সংযুক্ত তালিকা-২) বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করিবেন। স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে আর সমস্‌ড নিয়ম অপরিবর্তিত থাকিবে।
- ৩। প্রথম শ্রেণীর কর্মকর্তা যাহারা উপরোক্ত মেডিকেল কলেজ হাসপাতালের সংশ্লিষ্ট জেলাগুলি ছাড়া অন্যান্য জেলায় কর্মরত আছেন তাহারা জেলা পর্যায়ে হাসপাতালগুলিতে বিভাগীয় স্বাস্থ্য পরিচালক/সিভিল সার্জনগণ অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণ কর্তৃক (সংযুক্ত তালিকা-২) স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা নিবেন। যাহারা থানা পর্যায়ে কর্মরত আছেন তাহারা স্থানীয় থানা স্বাস্থ্য প্রকল্পে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করিবেন।
- ৪। নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণকে, তাহাদের অধীনস্থ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের তালিকা সংশ্লিষ্ট পরিচালক/বিভাগীয় স্বাস্থ্য পরিচালক/সিভিল সার্জন/থানা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট যথাযথভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। যাহাতে সুষ্ঠুভাবে বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা যায়।
- ৫। যে সকল মন্ত্রণালয় ও উহার অধীনস্থ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকায় (তালিকা-১) নির্ধারণ করা হইয়াছে তাহাদের মধ্যে যে সকল কর্মকর্তাগণের পদ মর্যাদা যুগ্ম-সচিব ও তাহাদের উপরের পর্যায়ে শুধুমাত্র সে সকল কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় নির্ধারণ করা হইল।
- ৬। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকিবে।

স্বাক্ষর/-১৭-১২-৯৮

পরিচালক

(হাসপাতাল ও ক্লিনিকসমূহ)

মহা-পরিচালকের পক্ষে-

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তালিকা-১

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ দপ্তরসমূহের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত হাসপাতালের তালিকা।

ক্রমিক নং	হাসপাতাল/প্রতিষ্ঠানসমূহের নাম	মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম
১।	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	১। মন্ত্রিপরিষদ বিভাগ ২। পররাষ্ট্র মন্ত্রণালয় ৩। অর্থ বিভাগ ৪। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ৫। নৌ-পরিবহন বিভাগ ৬। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৭। পরিবেশ ও বন মন্ত্রণালয় ৮। বিশেষ কার্যাদি (কল্যাণ) মন্ত্রণালয় ৯। পাট মন্ত্রণালয় ১০। ভূমি সংস্কার বোর্ড
২।	জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	১। রাষ্ট্রপতির সচিবালয় ২। প্রধানমন্ত্রীর সচিবালয় ৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় ৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ৫। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়। ৬। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ৭। মূল্যায়ন, পরিদর্শন ও পরিবীক্ষন বিভাগ ৮। নির্বাচন কমিশন সচিবালয় ৯। সরকারী কর্ম কমিশন সচিবালয় ১০। তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ১১। পরিকল্পনা বিভাগ ১২। বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় ১৩। জাতীয় সংসদ সচিবালয়।
৩।	সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা	১। আইন ও বিচার মন্ত্রণালয় ২। সংস্থাপন মন্ত্রণালয় ৩। স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ৪। পূর্ত মন্ত্রণালয় ৫। শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় ৬। খাদ্য মন্ত্রণালয় ৭। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ৮। পরিসংখ্যান বিভাগ ৯। শিল্প মন্ত্রণালয় ১০। বস্ত্র মন্ত্রণালয় ১১। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ১২। নিপোর্ট ১৩। শিশু ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় ১৪। যমুনা বহুমুখী সেতু বিভাগ ১৫। ব্যাংকিং বিভাগ।

ক্রমিক নং	হাসপাতাল/প্রতিষ্ঠানসমূহের নাম	মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম
৪।	স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিডফোর্ড হাসপাতাল, ঢাকা।	১। শিক্ষা মন্ত্রণালয় ২। ভূমি মন্ত্রণালয় ৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ৪। মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় ৫। বাণিজ্য মন্ত্রণালয় ৬। তথ্য মন্ত্রণালয়
৫।	বক্ষব্যাপি শিক্ষায়তন ও হাসপাতাল, ঢাকা।	১। পানি সম্পদ মন্ত্রণালয় ২। সমাজ কল্যাণ মন্ত্রণালয় ৩। কৃষি মন্ত্রণালয় ৪। রেল পথ বিভাগ
৬।	পশু হাসপাতাল ও পূর্ণবাসন প্রতিষ্ঠান, ঢাকা।	১। জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ২। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ৩। সড়ক ও সড়ক পরিবহন বিভাগ ৪। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ৫। বহিঃ সম্পদ বিভাগ

স্বাক্ষর/-১৭-১২-৯৮
পরিচালক
(হাসপাতাল ও ক্লিনিকসমূহ)
মহা-পরিচালকের পক্ষে-
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তালিকা-২

বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষার জন্য অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণের তালিকা

অনুমোদিত কর্মকর্তাগণের পদবী	যে সকল কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষা করা হইবে তাহাদের তালিকা
১। অধ্যাপক, মেডিকেল কলেজ হাসপাতাল	১। যুগ্ম-সচিব ও তাঁহাদের উপরের পর্যায়ের কর্মকর্তাগণ।
২। সহযোগী অধ্যাপক, মেডিকেল কলেজ হাসপাতাল।	২। বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ। (যে সকল স্থানে মেডিকেল কলেজ হাসপাতাল বর্তমান।)
৩। বিভাগীয় স্বাস্থ্য পরিচালক।	৩। বিভাগীয় পর্যায়ের সকল কর্মকর্তাগণ। (যে সকল স্থানে মেডিকেল কলেজ হাসপাতাল নাই।)
৪। সিভিল সার্জন	৪। জেলা পর্যায়ের কর্মকর্তাগণ।
৫। থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।	৫। থানা পর্যায়ের সকল কর্মকর্তাগণ।

স্বাক্ষর/-১৭-১২-৯৮
পরিচালক
(হাসপাতাল ও ক্লিনিকসমূহ)
মহা-পরিচালকের পক্ষে-
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর/সিপি-৩ শাখা

নং-সম(সিআর/সিপি-৩)-২৮/৯৩-৮২(৫০) তারিখ : ২৭-১০-৯৩ ইং/ ১২-৭-১৪০০ বাং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন ত্বরান্বিত করার উদ্দেশ্যে
“কর্ম মূল্যায়ন দিবস” নির্ধারণ।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের ২২-৯-৯৩ ইং তারিখের পরিপত্র নং- সম(সিআর/সিপি-৩)-২৮/৯৩-৭০(৫০)।

সূত্রালিখিত পরিপত্র মারফত প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগকে বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, প্রতিস্বাক্ষরকরণ ও প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত মন্ডব্য প্রদানের জন্য যথাক্রমে জানুয়ারী মাসের যে কোন দিন, মার্চ মাসের প্রথমার্ধের যে কোন দিন এবং মার্চ মাসের দ্বিতীয়ার্ধের যে কোন দিনকে “কর্ম মূল্যায়ন দিবস” হিসাবে নির্ধারণ করতঃ অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হইয়াছিল। কতিপয় মন্ত্রণালয়/বিভাগ উহা করিয়াছে, আবার কোন কোন মন্ত্রণালয়/বিভাগ “কর্ম মূল্যায়ন দিবস” বলিতে কি বুঝায় তাহা জানিতে চাহিয়াছে।

২। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এর অবগতির জন্য জানানো যাইতেছে যে, “কর্ম মূল্যায়ন দিবস” বলিতে বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, প্রতিস্বাক্ষর ও প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত মন্ডব্য লিপিবদ্ধ করণ সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন করিয়া প্রয়োজনবোধে এই কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন করিবার জন্য নির্ধারিত দিন সমূহকে বুঝান হইয়াছে। এই সকল সুনির্দিষ্ট দিনে মন্ত্রণালয়/বিভাগ সমূহের কর্মকর্তাগণ বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত কাজকে সমাধিক গুরুত্ব দিবেন এবং ঐ সকল দিবসের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট বৎসরের গোপনীয় অনুবেদন লিখন, প্রতিস্বাক্ষরকরণ ও প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত মন্ডব্য প্রদান সম্পন্ন করিবেন এবং অনুবেদন যথাস্থানে প্রেরণ করিবেন।

কাজী আবুল কাশেম
উপ-সচিব সিআর/সিপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর/সিপি-৩ শাখা

নং-সম(সিআর/সিপি-৩)-২৮/৯৩-৭০(৫০) তারিখ : ২২-৯-৯৩ ইং/ ৭-৬-১৪০০ বাং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন ত্বরান্বিত করার উদ্দেশ্যে
“কর্ম মূল্যায়ন দিবস” নির্ধারণ।

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি ০৭-০৮-৯৩ তারিখে অনুষ্ঠিত সভায় এই মর্মে সুপারিশ করিয়াছেন যে, প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, প্রতিস্বাক্ষরকরণ ও প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত মন্ডব্য প্রদানের জন্য যথাক্রমে জানুয়ারী মাসের যে কোন দিন, মার্চ মাসের প্রথমার্ধের যে কোন দিন এবং মার্চ মাসের দ্বিতীয়ার্ধের যে কোন দিনকে “কর্ম মূল্যায়ন দিবস” হিসাবে নির্ধারণ করিবেন।

২। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো যাইতেছে।

৩। উপরোক্ত উদ্দেশ্যে কর্ম মূল্যায়ন দিবস নির্ধারণ করতঃ সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করিবার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হইল।

মুহম্মদ আহসান আলী সরকার
অতিরিক্ত সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩

নং-সম(সিআর/সিপি-৩)-৪৬/৯৩-৩৮(৭৫)

তারিখ : ২৯-৫-৯৩ ইং/ ১৫-২-১৪০০ বাং

বিষয় : জেলার আইন শৃংখলা এবং অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে জেলা প্রশাসকদের সফলতা/ব্যর্থতার বিষয়টি বার্ষিক গোপনীয় অনুবেদনে অন্ডভুক্তকরণ সংক্রান্ত।

মন্ত্রিপরিষদ বিভাগের ৫-৫-৯৩ ইং তারিখের মপবি/জেপ্র-৪/৯(৬৬)/৯২(অংশ-১)/১০৯ নম্বর পরিপত্রে ১৯৯৩ সাল হইতে জেলার আইন শৃংখলা এবং অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে সাফল্য/ব্যর্থতার বিষয়টি জেলা প্রশাসকগণের বার্ষিক গোপনীয় অনুবেদনে অন্ডভুক্ত করণের সরকারী সিদ্ধান্ত সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হইয়াছে।

২। উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের জন্য বর্তমানে প্রচলিত বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমটি ৫ম অংশ (লেখচিত্রে) অন্যান্য বিষয়ের সহিত উল্লেখিত বিষয়টির উপর মন্ড্র্য লিপিবদ্ধ করার জন্য বিভাগীয় কমিশনারগণকে সনির্বদ্ধ অনুরোধ জানানো যাইতেছে।

কাজী আবুল কাশেম
উপ-সচিব সিআর/সিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩

নং-সম(সিআর/সিপি-৩)-৪১/৯৩-২৭(২২৫)

তারিখ : ০১-৪-৯৩ ইং/ ১৮-১২-১৩৯৯ বাং

বিষয় : বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের (ও এস ডি) বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন সংক্রান্ত।

নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাইতেছে যে, নিয়মিত পদ না থাকা, বিদেশে প্রশিক্ষণ গ্রহণের উদ্দেশ্যে অথবা প্রশাসনিক কারণে কোন কর্মকর্তাকে যখন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ও এস ডি) হিসাবে পদস্থ করা হয় এবং তাঁহাকে নিয়মিত কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিতে হয় না সে সকল ক্ষেত্রে এবং সেই সময়ের জন্য কোন বার্ষিক গোপনীয় অনুবেদন প্রয়োজন হইবে না মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

অতএব, অনুগ্রহপূর্বক, উপরোক্ত সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়নের নিমিত্তে সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ দপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহে কর্মরত কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাইতেছে।

কাজী আবুল কাশেম
উপ-সচিব সিআর/সিপি

১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১৪/৯৩-১৯(২৩০)

তারিখ : ০৮-৩-৯৩ ইং/ ২৪-১১-১৩৯৯ বাং

বিষয় : দেশের অভ্যন্তরে প্রশিক্ষণার্থী/অধ্যয়নরত থাকা অবস্থায় সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন প্রসংগে।

নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাইতেছে যে, দেশের বাহিরে অথবা অভ্যন্তরে প্রশিক্ষণার্থী/অধ্যয়নরত থাকা অবস্থায় সরকারী কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন লিখনের প্রয়োজন নাই মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। তবে কর্মকর্তার প্রশিক্ষণ সংক্রান্ত সরকারী আদেশ, প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন/প্রত্যয়ন পত্র প্রভৃতি তাঁহার ডোসিয়ারে সংরক্ষণ করিতে হইবে।

অতএব, অনুগ্রহপূর্বক, উপরোক্ত সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়নের নিমিত্তে সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ দপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহে কর্মরত সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাইতেছে।

আবদুল মান্নান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-৪৭/৯২-১৭(৫০)

তারিখ : ০৩-৩-৯৩ ইং/ ১৯-১১-১৩৯৯ বাং

বিষয় : চুক্তিভিত্তিতে নিয়োজিত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ সম্পর্কিত।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে সম্প্রতি এই মর্মে প্রশ্ন উত্থাপিত হয়েছে যে, চুক্তিভিত্তিতে নিয়োজিত সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখনের প্রয়োজন আছে কিনা।

২। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, সাধারণত অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তিকে একটি নির্দিষ্ট মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়ে থাকে। সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তি, তাঁর বিশেষ কর্ম বা অভিজ্ঞতার প্রেক্ষিতে নির্দিষ্ট সময়সীমার জন্য চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত হন। এরূপ নিয়োগের ক্ষেত্রে, নিয়োগপ্রাপ্ত পদে সংশ্লিষ্ট কর্মকর্তার কোনরূপ লিয়েন থাকে না। তদুপরি চুক্তিভিত্তিতে নিয়োজিত কর্মকর্তাদের পদোন্নতি, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর বেতন স্কেল প্রভৃতির কোন ব্যবস্থা নেই।

৩। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লেখার কোন প্রয়োজনীয়তা নেই।

কাজী আবুল কাশেম
উপ-সচিব সিআর/সিপি

১০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩ ।

নং-সম(সিআর/সিপি-৩)-৩৮/৯২-৬(৫০)

তারিখ : ১৪-১-৯৩ ইং/ ১-১০-১৩৯৯ বাং

বিষয় : বিভিন্ন ক্যাডার হইতে উপ-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যাইতেছে যে, সম্প্রতি বিভিন্ন ক্যাডার হইতে উপ-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত যে সকল কর্মকর্তা মন্ত্রণালয় অথবা কোন আধা সরকারী সংস্থায় পদস্থ হইয়াছেন তাঁহাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংস্থাপন মন্ত্রণালয়ে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে ।

অতএব অনুগ্রহপূর্বক, মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার উপরোক্ত শ্রেণীর কর্মকর্তাদের সরকারী চাকুরীতে যোগদানের সময়কাল হইতে অদ্যাবধি বার্ষিক গোপনীয় অনুবেদনগুচ্ছ (পরিচিতি নম্বর থাকিলে তা উল্লেখপূর্বক), পূরণকৃত পি ডি এস ফরম ও কর্মকর্তার সার্ভিস রেকর্ড ফরমসহ স্বয়ংসম্পূর্ণ ডোসিয়ার অত্র মন্ত্রণালয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য তাঁহাকে অনুরোধ জানান হইল ।

কাজী আবুল কাশেম
উপ-সচিব সিআর/সিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১২/৯২-৫৩(৭০০)

তারিখ : ২৫-৬-৯২ ইং/ ১১-০৩-১৩৯৯ বাং

বিষয় : সি আর/সিপি অধিশাখায় বার্ষিক গোপনীয় অনুবেদন, যোগদান, দায়িত্ব অর্পণ ও গ্রহণ এবং অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের অনুলিপি ইত্যাদি প্রেরণ সম্পর্কিত।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সিআর/সিপি অধিশাখার কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন, যোগদান পত্র, দায়িত্ব অর্পণ ও গ্রহণ পত্র, অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের অনুলিপি প্রেরণ ইত্যাদি বিষয়ে নিম্নরূপে ত্রুটি বিচ্যুতির কারণে প্রচুর সময়ের অপচয় ও জটিলতা সৃষ্টি হইতেছে :-

(ক) সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন উপ-সচিব (সিআর/সিপি), সংস্থাপন মন্ত্রণালয় এর বরাবর পাঠানোর প্রচলিত নিয়ম থাকা সত্ত্বেও কখনও কখনও সরাসরি বিভিন্ন শাখায় পাঠানো হইয়া থাকে,

(খ) অপরদিকে কর্মকর্তাদের যোগদান পত্র দায়িত্ব অর্পণ ও গ্রহণ পত্র প্রভৃতির অনুলিপি অত্র অধি শাখায় প্রেরণ করা হইয়া থাকে,

(গ) অনুবেদনাধীন কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন, অনুবেদনাধীন কর্তৃক অনুবেদনকারী কর্মকর্তার নিকট, অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক ডোসিয়ার সংক্ষণকারী কর্তৃপক্ষের নিকট দাখিলের/প্রেরণের অগ্রায়ন পত্র সংশ্লিষ্ট শাখায় না পাঠাইয়া নিম্নস্বাক্ষরকারীর নিকট পাঠানো হইয়া থাকে।

(২) এমতাবস্থায়, উপরে বর্ণিত বিষয় সমূহের প্রতিকারকল্পে নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে :-

(ক) সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বি সি এস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের এবং প্রাক্তন সিনিয়র সার্ভিস পুল এর কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন কেবল মাত্র উপ-সচিব, (সিআর/সিপি), সংস্থাপন মন্ত্রণালয় এর বরাবরে প্রেরণ করিতে হইবে।

(খ) বদলীজনিত কারণে প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের যোগদান পত্র, দায়িত্ব অর্পণ ও গ্রহণ পত্র ইত্যাদি সিআর/সিপি অধিশাখায় পাঠাইবার প্রয়োজন নাই,

(গ) সাবেক এস এস পি এবং বি সি এস (প্রশাসন) ক্যাডারভুক্ত উপ-সচিব ও তদূর্ধ্ব কর্মকর্তাদের অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের অনুলিপি কেবল মাত্র সিনিয়র সহকারী সচিব (সিআর-১), সংস্থাপন মন্ত্রণালয় এবং বি সি এস (প্রশাসন) ক্যাডারভুক্ত উপ-সচিবের নিম্ন পর্যায়ের কর্মকর্তাদের অনুবেদন দাখিলের অগ্রায়ন পত্রের অনুলিপি কেবল মাত্র গবেষণা অফিসার (সিআর-২), সংস্থাপন মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করিতে হইবে,

(ঘ) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমে অনুবেদনাধীন, অনুবেদনকারী ও প্রতিবেদনকারী কর্মকর্তাগণ, তাঁহাদের স্বাক্ষর, সীল এবং পরিচিতি নম্বর অবশ্যই ব্যবহার করিবেন।

৩। অতএব, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাঁহাদের অধীনস্থ সকল অধিদপ্তর/সংযুক্ত অফিস/সংস্থা সমূহকে তাহাদের অধীনে কর্মরত সকল অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করিবার নির্দেশ প্রদানের জন্য সনির্বন্ধ অনুরোধ করা হইল।

কাজী আবুল কাশেম
উপ-সচিব (সিআর/সিপি)

১০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১৮/৯২-৩৩(৭০০)

তারিখ : ২৮-৪-৯২ ইং/ ১৫-১-১৩৯৯ বাং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের 'লেখচিত্র' যথাযথভাবে পূরণ সংক্রান্ত।

অত্যানুভূত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাইতেছে যে, ১৯৯০ সালে প্রচলিত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমের ৫ম অংশ (লেখচিত্রে) অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তার কর্মকালের উপর একটি লেখচিত্র প্রদানের নির্দেশ থাকা সত্ত্বেও প্রায়শই কিছু কিছু অনুবেদনের উক্ত অংশটি ফাঁকা/শূন্য অবস্থায় প্রতিস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করা হইতেছে। প্রতি স্বাক্ষরকারী কর্মকর্তাও ৫ম অংশের লেখচিত্রের ব্যাপারে কোন ব্যবস্থা না করিয়া রপ্টন মাসিক প্রতিস্বাক্ষর করিয়া উহা মন্ত্রণালয়ে প্রেরণ করিতেছে।

২। উল্লেখ্য যে, অনুবেদনকারী কর্মকর্তার চাকুরী স্থায়ীকরণ, টাইমস্কেল প্রদান, পদোন্নতি ও অন্যান্য বিষয়ে সিদ্ধান্তে ক্ষেত্রে লেখচিত্রের উপর যথেষ্ট গুরুত্ব প্রদান করা হইয়া থাকে। লেখচিত্রের অংশটুকু ফাঁকা থাকিলে স্বভাবতই সংশ্লিষ্ট কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হইয়া থাকেন অথচ এই বিষয়ে তাঁহার নিজের কিছুই করণীয় নাই। বিষয়টির গুরুত্ব অনুধাবন করিয়া অত্র মন্ত্রণালয়ের ১-৮-৯১ উং তারিখের সম(সিআর/সিপি-৩)-১/৯০-৪৩(৭০০) নং পরিপত্র মারফত সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সচেতন করা হইয়াছে। এতদসত্ত্বেও লেখচিত্রের অংশটুকু শূন্য রাখার প্রবণতা অব্যাহত আছে যাহা মোটেই কাম্য নহে।

৩। এমতাবস্থায়, ১-৮-৯১ ইং তারিখের পরিপত্র, অনুবেদন ফরমের কভার পৃষ্ঠার ১৩ নং নির্দেশ এবং বর্তমান পরিপত্রে উল্লেখিত বিষয়াদি বিবেচনা করিয়া গোপনীয় অনুবেদন ফরমের ৫ম অংশ যথাযথভাবে পূরণ পূর্বক বার্ষিক গোপনীয় অনুবেদন পেরণের জন্য সকল অনুবেদনকারী/ প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে সনির্বন্ধ অনুরোধ জানানো যাইতেছে।

কাজী আবুল কাশেম
উপ-সচিব (সিআর/সিপি)

১০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১/৯০-৪৫(৭০০)

তারিখ : ১০-৮-৯১ ইং/ ২৫-৪-১৩৯৮ বাং

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদনে আবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের প্রদত্ত লেখচিত্র, সুপারিশ ও মন্ড্র্য স্পষ্টভাবে লিপিবদ্ধ করার প্রয়োজনীয়তা।

ইহা লক্ষ্য করা যাইতেছে যে, অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ অনুবেদনাধীন কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদনে লেখচিত্র, সুপারিশ ও মন্ড্র্য ইত্যাদি যেভাবে লিপিবদ্ধ করে থাকেন তাহা অধিকাংশ ক্ষেত্রেই অস্পষ্ট, অসামঞ্জস্যপূর্ণ এবং একাধিক অর্থপূর্ণ। এর ফলশ্রুতিতে অনুবেদনাধীন কর্মকর্তাগণের সঠিক মূল্যায়ন করা সম্ভবপর হয় না। ফলে পদোন্নতি, উচ্চতর দায়িত্ব প্রদান এবং অন্যান্য কার্যক্রম সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হইতে হয়।

২। লেখচিত্র, সুপারিশ ও মন্ড্র্য ইত্যাদি অত্যন্ড্র অর্থপূর্ণ, সুস্পষ্ট এবং অনুবেদনে প্রদত্ত নম্বরের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া একান্ড্র বাঞ্ছনীয়। বার্ষিক গোপনীয় অনুবেদন লেখার সময় উপরোল্লিখিত বিষয়াদির উপর বিশেষ ও সতর্ক দৃষ্টি রাখার জন্য নির্দেশক্রমে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধিনন্ড্র সকল দপ্তর, পরিদপ্তর, বিধিবদ্ধ সংস্থা এবং সংযুক্ত অফিসকে সকল অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাইতেছে।

সৈয়দ আবদুর রশিদ
উপ-সচিব (সিআর/সিপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১/৯০-৪৩(৭০০)

তারিখ : ০১-৮-৯১ ইং/ ১৬-৪-১৩৯৮ বাং

বিষয় : বার্ষিক গোপনীয় অনুবেদনে 'লেখচিত্র' যথাযথভাবে পূরণ।

ইহা লক্ষ্য করা যাচ্ছে যে, ১৯৯০ সালে প্রচলিত অনুবেদন ফরমে অনুবেদক কর্তৃক অনুবেদনাধীন কার্যক্রমের উপর একটি লেখচিত্র দেওয়ার সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও মাঝে মাঝে কিছু কিছু অনুবেদনের 'লেখচিত্র' কলামটি ফাঁকা অবস্থাতেই মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা এ ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ না করে রুটিন মাসিক প্রতিস্বাক্ষর করে তার দায়িত্ব শেষ করছেন। এতে অনুমিত হয় সমন্ড্র বিষয়টি যান্ত্রিকভাবে সম্পন্ন হচ্ছে।

২। সরকার লেখচিত্রের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করে থাকেন। প্রতিবেদনাধীন কর্মকর্তাদের চাকুরী স্থায়ীকরণ, উচ্চতর বেতন স্কেল প্রদান, পদোন্নতি ও অন্যান্য বিষয়ে সিদ্ধান্তের ক্ষেত্রে 'লেখচিত্রের' উপর যথেষ্ট গুরুত্ব প্রদান করা হইয়া থাকে। এমতাবস্থায় এ সি আর ফরমের নির্দিষ্ট কলামে 'লেখচিত্র' ফাঁকা রাখা অনভিপ্রেত বলিয়া গণ্য করা হবে।

৩। বর্ণিত অবস্থায়, কোনক্রমেই এ সি আর ফরমে 'লেখচিত্র' কলাম ফাঁকা/শূন্য রেখে কোন অনুবেদনকারী কর্মকর্তা যাতে বার্ষিক গোপনীয় অনুবেদন ভবিষ্যতে না লিখেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণও যাতে এ ধরনের 'লেখচিত্র' ফাঁকা অবস্থায় কোন অনুবেদন প্রতিস্বাক্ষর করে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ না করেন, সে জন্য নির্দেশক্রমে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে সজাগ দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

সৈয়দ আবদুর রশিদ

১০০৫

উপ-সচিব সিআর/সিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১৬/৯১-৪১(৭০০)

তারিখ : ২৮-৭-৯১ ইং/ ১২-৪-১৩৯৮ বাং

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদনে প্রতিবেদনকারী কর্মকর্তার পরিচিতি নম্বর উল্লেখের প্রয়োজনীয়তা।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের ৭-৪-৯১ ইং/২৩-১২-৯৭ বাং তারিখের স্মারক নং : সম(সিআর/সিপি-৩)১৬/৯১-২১(৭০০)।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সংশ্লিষ্ট সকল পর্যায়ের বার্ষিক গোপনীয় অনুবেদনকারী কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করিয়া জানানো যাইতেছে যে, সরকারী সিদ্ধান্তে আলোকে উল্লেখিত স্মারকটি জারী সত্ত্বেও দেখা যাইতেছে যে, অনুবেদনাধীন ও অনুবেদনকারী কর্মকর্তাগণ অত্র অধিশাখার সাথে গোপনীয় অনুবেদন সংক্রান্ত পত্রালাপে বহু ক্ষেত্রে পরিচিতি নম্বর উল্লেখ করিতেছেন না। ফলে সরকার যে উদ্দেশ্যে বিষয়টি চালু করিয়াছে তাহা ব্যর্থ হইতে চলিয়াছে। একই নামে এমনকি পদবীতে একাধিক কর্মকর্তা থাকায়, অত্র অধিশাখায় অনুবেদনাধীন ও অনুবেদনকারী কর্মকর্তাগণের নিকট হইতে প্রাপ্ত অগ্রগামী পত্রের অনুলিপির উপর কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হইতেছে না।

২। অনেক ক্ষেত্রে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা বদলীজনিত কারণে বর্তমান কর্মস্থলে অধিষ্ঠিত কর্মকর্তা অনুবেদনাধীন/অনুবেদনকারী কর্মকর্তাদের নিকট হইতে প্রাপ্ত পূরণকৃত বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমগুলো অন্যত্র বদলী ও কর্মরত সংশ্লিষ্ট অনুবেদনাধীন প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট একটি পত্রের মাধ্যমে প্রেরণ করিয়া থাকেন এবং অগ্রগামী পত্রের একটি অনুলিপি অত্র অধিশাখায় দিয়া থাকেন। সে ক্ষেত্রেও দেখা যায় কর্মকর্তাগণের পরিচিতি নম্বর উল্লেখ থাকে না। ফলে এ ধরনের পত্রের উপরও অত্র অধিশাখা কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিতেছে না।

৩। বিষয়টির উপর যথাযথ গুরুত্ব আরোপ করিয়া সকল ক্ষেত্রে পরিচিতি নম্বর উল্লেখ করার জন্য সকল অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণকে সজাগ ও সতর্ক দৃষ্টি রাখার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধিনস্থ সকল দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, বিধিবদ্ধ সংস্থা এবং সংযুক্ত অফিসকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাইতেছে।

সৈয়দ আবদুর রশিদ

উপ-সচিব সিআর/সিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১৪/৯১-৩৪(৭০০)

তারিখ : ১৭-৬-৯১ ইং/ ২-৩-১৩৯৮ বাং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন যথাসময়ে প্রেরণ এবং উহাতে বিরূপ মন্তব্য লিপিবদ্ধ করণ সংক্রান্ত।

ইহা গভীর উৎকর্ষার সহিত লক্ষ্য করা যাইতেছে যে, প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন সংক্রান্ত নির্দেশিকার ২. ৭ এ, ২. ৭ বি, ২. ৭ সি এবং ২. ৭ ডি অনুশাসন মোতাবেক যথাসময়ে অনুবেদন উপস্থাপন/লিখন/প্রতিস্বাক্ষর করতঃ নির্ধারিত সময়ে অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হইতেছে না। অনেক ক্ষেত্রে অনুবেদন প্রেরণে ২/৩ বৎসরও বিলম্ব করা হইতেছে। অত্র মন্ত্রণালয় হইতে পর পর তাগিদ প্রদান সত্ত্বেও অনুবেদনাধীন কর্মকর্তা/অনুবেদনকারী কর্মকর্তা/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা/মন্তব্য প্রতিবেদী কর্মকর্তা নির্ধারিত সময়ে অনুবেদন প্রেরণের ব্যাপারে সচেতন হইতেছে না। অনেকক্ষেত্রে অস্বাভাবিক বিলম্বে প্রেরিত অনুবেদনে বিরূপ মন্তব্য থাকে যাহাতে বিলম্বে প্রেরণের কারণে অনুবেদন লিখন সংক্রান্ত নির্দেশিকা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় না। ফলে নানা রকম বিব্রতকর অবস্থার সম্মুখীন হইতে হয়।

২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে সরকার এতদবিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

(ক) সে সকল অনুবেদনাধীন কর্মকর্তা সময়মত ডাক্তারী পরীক্ষা রিপোর্টসহ এসিআর ফরম-১ পূরণ পূর্বক অনুবেদনকারী কর্মকর্তার কাছে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করিতে ব্যর্থ হইবেন তাহাদেরকে বিলম্বে দাখিলের জন্য সন্দেহজনক ব্যাখ্যা প্রদান করিতে হইবে।

(খ) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে নিজ নিজ দায়িত্ব পালনে সক্ষম না হইলে সন্দেহজনক ব্যাখ্যাসহ গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের কাছে পেশ করিবেন।

(গ) অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী/মন্তব্য প্রতিবেদী কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক ব্যাখ্যা ছাড়া অস্বাভাবিক বিলম্বে লিখিত অনুবেদনে বিরূপ মন্তব্য থাকিলে উহা অকার্যকর বলিয়া গণ্য করা হইবে। (অনুর্ধ্ব ২ বৎসর)

(ঘ) সন্দেহজনক ব্যাখ্যা ছাড়া বিলম্বে অনুবেদন দাখিল, লিখন ও প্রতিস্বাক্ষর করা হইলে এসিআর ফরম পূরণ নির্দেশিকার ২.৮ অনুচ্ছেদ অনুসারে গুরুতর বিচ্যুতি হিসাবে গণ্য করা হইবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাদের ডোসিয়ারে ইহার রেকর্ড রাখা হইবে যাহাতে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উপযুক্ত সময়ে ইহা অবহিত হইতে পারেন।

৩। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধিনস্থ সকল দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, বিধিবদ্ধ সংস্থা এবং সংযুক্ত অফিসকে সংশ্লিষ্ট সকল অনুবেদনাধীন কর্মকর্তা অনুবেদনকারী কর্মকর্তা, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা এবং মন্তব্য প্রতিবেদী কর্মকর্তাকে উপরোক্ত শর্তসমূহ সতর্কতার সহিত অনুসরণ করার পরামর্শ দানের জন্য অনুরোধ করা যাইতেছে।

মোহাম্মদ নজরুল ইসলাম

১০০৭

অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২৭—

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-৮/৯১(অংশ-১)-৩০(৭০০) তারিখ : ৩০-৫-৯১ ইং/ ১৫-২-১৩৯৮ বাং

বিষয় : প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত।

ইদানিং প্রায়ই লক্ষ করা যাইতেছে যে, প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাদের বিলম্বে প্রেরিত বার্ষিক গোপনীয় অনুবেদনে এবং আংশিক অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট থাকে না অথচ স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ব্যতিরেকে কোন অনুবেদন গ্রহণযোগ্য নয়। সরকার বিষয়টি যথাযথ গুরুত্ব সহকারে পর্যালোচনা করতঃ নিম্ন লিখিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

(১) বার্ষিক গোপনীয় অনুবেদন কোন কারণে বকেয়া পড়িলেও উহাতে অবশ্যই কর্মকর্তার স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট থাকিতে হইবে।

(২) খন্ডকালীন আংশিক অনুবেদনের ক্ষেত্রে কেবলমাত্র বৎসরের শেষ প্রান্তে অংশে স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট থাকিলেই চলিবে। বৎসরের শেষ প্রান্তে অংশ ব্যতীত বাকী অংশ/অংশগুলির অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজন হইবে না।

(৩) খন্ডকালীন/আংশিক অনুবেদন বকেয়া পড়িলে সেক্ষেত্রেও ২নং সিদ্ধান্ত বলবৎ হইবে।

৩। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অনতিবিলম্বে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় পরামর্শ/নির্দেশ দিতে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধিনস্থ সকল দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, বিধিবদ্ধ সংস্থা এবং সংযুক্ত অফিসকে নির্দেশ মোতাবেক অনুরোধ জ্ঞাপন করা যাইতেছে।

সৈয়দ আবদুর রশিদ
উপ-সচিব (সিআর/সিপি)

১০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা : সিআর/সিপি-৩।

নং-সম(সিআর/সিপি-৩)-১৪/৯১-২০(৭০০)

তারিখ : ০২-৪-৯১ ইং/ ১৮-১২-১৩৯৭ বাং

বিষয় : বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্ড্র্য লিপিবদ্ধ করণ।

সরকার গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিয়াছেন যে, বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্ড্র্য লিপিবদ্ধ করার পূর্বে বিরূপ মন্ড্র্যদাতা কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন পূরণ সংক্রান্ত নির্দেশিকার ১.১২ এ, ১.১২ বি, ১.১৩ এবং ১.১৪ অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণ করা হয় না। এমনকি অনুবেদনাধীন কর্মকর্তার 'আনুগত্য (Loyalty) অথবা ন্যায়পরায়নতা (Integrity) এর উপর প্রদত্ত বিরূপ মন্ড্র্য অনুশাসনের ৪.৭ ধারা মোতাবেক প্রতিষ্ঠিত (Substantiale) করা হয় না (বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন সংক্রান্ত নির্দেশিকার অনুশাসন ১.১২ এ, ১.১২ বি, ১.১৩, ১.১৪ এবং ৪.৭ এর উদ্বৃত্তাংশ সংযুক্ত। ফলে প্রদত্ত বিরূপ মন্ড্র্যের কার্যকারিতা অক্ষুণ্ণ থাকে না এবং নানা রকম জটিলতা সৃষ্টি হয়।

4.	“C-1” type	Class II and III Government servants drawing basic pay from TK. 4701—6000 in the pay scale of TK. 3300—6940.
5.	“D-2” type	Government servants drawing basic pay from TK. 6001—8690 in the pay scale of TK. 5100—10360.
6.	“D-1” type	Government servants drawing basic pay from TK. 8691—13090 in the pay scale of TK. 6800—13090.
7.	“E” type	Government servants drawing basic pay from TK.13091—15480.
8.	“F” type	Government servants drawing basic pay from TK. 15481—19250.
9.	Superior type	Government servants drawing basic pay from TK. 19251 and above.”

২। ইহা আগামী ১ জুলাই ২০০৬ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মহিউদ্দিন আহমেদ

উপ-সচিব(প্রঃ-১)।

১০৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : বাংলাদেশ বরাদ্দ বিধি, ১৯৮২ এর বিধি-৭ এর অনুবলে সরকারি আবাসন বরাদ্দ কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে অনুসরণীয় পদ্ধতি।

যেহেতু ঢাকা মহানগর এলাকায় সরকারি আবাসনের স্বল্পতার কারণে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের আবাসন সংকট বিদ্যমান এবং এ সংকটে যাতে সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দযোগ্য সীমিত আবাসনের মধ্য হতে স্বচ্ছতা ও ন্যায়সংগতভাবে বাসস্থান বরাদ্দ পেতে পারেন সে লক্ষ্যে বরাদ্দ বিধি, ১৯৮২ এর বিধি-৭ এর যথাযথ প্রয়োগ সমীচীন, সেহেতু পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাসা বরাদ্দের ক্ষেত্রে উক্ত বিধির অনুসরণে প্রাধিকার তালিকা প্রণয়নে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(ক) নির্দিষ্ট ফরমে আবেদনপত্র প্রাপ্তির সাথে সাথে আবেদনকারী যে শ্রেণীর বাসার প্রাপ্যতা রয়েছে সে শ্রেণীর তালিকায় তাঁর নাম অন্তর্ভুক্ত করতঃ তালিকায় তাঁর অবস্থান নিশ্চিতকরণের জন্য প্রাপ্ত নম্বর প্রদান করতে হবে। নিম্নোক্ত বিষয়ের উপর প্রাপ্ত নম্বর নির্ধারণ করতে হবে।

১।	আবেদনের তারিখ থেকে ১ বছর ও তদূর্ধ্ব সময়ের জন্য (প্রতি মাসের জন্য ১ পয়েন্ট ধার্য হবে)।	প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ১২
২।	মহিলা কর্মকর্তা (যাদের স্বামী সরকারি চাকুরীজীবী নন কিংবা সরকারি চাকুরীজীবী হলে ঢাকার বাহিরে চাকুরীরত)।	৩
৩।	বিশেষ পদে কর্মরত সরকারি কর্মকর্তা (মন্ত্রী/সচিবগণের PS/APS/PRO ইত্যাদি) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সরকারি আবাসন পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী।	১০
৪।	ঢাকার বাহিরে ১০ বছর ও তদূর্ধ্ব কাজ করে ঢাকায় বদলী হয়ে আসলে (১-৯ বছর পর্যন্ত প্রতি বছরের জন্য-১ পয়েন্ট)।	১০
	মোট নম্বর	৩৫

- (খ) অনুচ্ছেদ 'ক' তে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রাধিকার তালিকায় অবস্থানকারীদের পয়েন্ট গ্রেডের ভিত্তিতে পর্যায়ক্রমে বাসস্থান বরাদ্দ করতে হবে।
- (গ) আবেদন দাখিলের ৩০ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে বাসা বরাদ্দের বিষয়ে তার আবেদনের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করতে হবে।
- (ঘ) মিরপুর পাইকপাড়া এবং উত্তরায় অবস্থিত আবাসন পরিদপ্তরের সাইট অফিসে আবেদনকারীগণ দরখাস্ত জমা দিতে পারবেন।
- (ঙ) একজন বরাদ্দ প্রাপক বরাদ্দ গ্রহণের তারিখ হতে ৩ বছরের মধ্যে একই এলাকায় বদলী বরাদ্দের জন্য আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না।
- (চ) একজন আবেদনকারীর বেতনগত যোগ্যতা অনুযায়ী বাসার প্রাপ্যতা নির্ধারিত থাকবে। কোন অবস্থাতেই নিম্ন শ্রেণীর বাসার জন্য বরাদ্দ প্রদান করা হবে না (বরাদ্দ বিধির ধারা ৫(১) ব্যতীত)।
- (ছ) সুনির্দিষ্ট এলাকা উল্লেখপূর্বক বাসা বরাদ্দের দরখাস্ত করতে হবে। একটি দরখাস্তে ১টির বেশী এলাকা উল্লেখ করা যাবে না।

সরকারি আবাসন বরাদ্দের ক্ষেত্রে এই পদ্ধতি অবিলম্বে কার্যকর হবে।

সচিব
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

১০৩৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(একই নম্বর ও তারিখ সম্বলিত প্রতিস্থাপক পরিপত্র)
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
(শাখা প্রশাসন-২)

নং শাখা-২/২এম-২৮/৯৫/৬৫৭

তারিখঃ ১৮ অক্টোবর, ২০০৬।

পরিপত্র

সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিতেছে যে, Bangladesh Allocation Rules, 1982- এর ধারা-১৫(২) এবং ১৫(৩)-এর আওতায় কোন বরাদ্দ প্রাপক যে সময়কাল সরকারি বাসায় বসবাস করবেন সেই সময়কালের জন্য স্বাভাবিক ভাড়া হিসেবে তাকে চাকুরীরত থাকাকালীন সময়ের অথবা পূর্ণ অবসরে যাওয়ায় অব্যবহিত পূর্বে বাড়ি ভাড়া ভাতা বাবদ যে পরিমাণ অর্থ প্রাপ্য হতেন সেই পরিমাণ অর্থ এবং তাঁর শেষ মূল বেতনের ৭.৫/৫.০ শতাংশ হারে বাড়িভাড়া ও অন্যান্য কর, বিল, ইত্যাদি সরকারকে পরিশোধ করতে হবে।

২। Bangladesh Allocation Rules, 1982-এর ধারা-১৫-এর বিধানে বর্ণিত সময়কালের অতিরিক্ত যে কোন মেয়াদে সরকারি বাসায় বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপক/বসবাসকারী পরিবারকে প্রামাণিক হারে (Standard rent) বাড়িভাড়া ও অন্যান্য কর, বিল ইত্যাদি সরকারকে পরিশোধ করতে হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

আখতার আহমেদ
যুগ্ম-সচিব (প্রশাসন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-২
প্রজ্ঞাপন

তারিখঃ ১৩-০৫-১৪১৪বাং/২৮-০৮-২০০৭ইং।

এস,আর,ও নং-২১৩-আইন/২০০৭—Fundamental Rules এর rule 45 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Bangladesh Allocation Rules, 1982 তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত Rules এর rule 15 এর sub-rule (7) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (7) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(7) Notwithstanding anything contained in any other provisions of this rule, an allottee leaving his headquarters for training or higher studies may retain the accommodation on payment of rent for a period of one year with the permission of the director in case he is compelled to leave his family in the accommodation. He shall have to obtain permission from the government for retention of that accommodation beyond one year”।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মুন্সী সফিউল হক
উপ-সচিব (প্রশাসন-১)।

১০৩৭

অধ্যায়—১০

বিবিধ

১০৩৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা

নং সম(এসপি)-৫২/২০০১-৪৬৬

তারিখ : ১৫-০৬-২০০৪ খ্রিষ্টাব্দ
১-০৩-১৪১১ বঙ্গাব্দ

পরিপত্র

সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের অধীনস্থ সকল দপ্তর ও সংস্থায় সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদে জনবল নিয়োগ স্থগিত রাখার জন্য সংস্থাপন মন্ত্রণালয় হতে ২১-১০-২০০১ তারিখে একটি পরিপত্র জারি করা হয়। পরবর্তীতে ২৯-১২-২০০৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ২১-১০-২০০১ তারিখের পরিপত্রের মাধ্যমে আরোপিত স্থগিতাদেশ প্রত্যাহার করায় সরকারি সিদ্ধান্তে সংস্থাপন মন্ত্রণালয়কে জানানো হয়। সংস্থাপন মন্ত্রণালয়ের ৮-০১-২০০৪ তারিখের পরিপত্রের মাধ্যমে ২১-১০-২০০১ তারিখের সাময়িক স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়। উন্নয়ন প্রকল্পে শূন্যপদের বিপরীতে জনবল নিয়োগের কোন স্থগিতাদেশ কখনোই জারি করা হয়নি। উল্লিখিত ২১-১০-২০০১ তারিখের আদেশেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে উন্নয়ন প্রকল্পের শূন্যপদে নিয়োগের ব্যবস্থা অব্যাহত রাখা হয়েছিল। ফলে সরাসরি পূরণযোগ্য উন্নয়ন প্রকল্পের শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে কোন স্থগিতাদেশ জারি হওয়া বা এরূপ কোন আদেশ অব্যাহত থাকার প্রশ্ন উঠেনা। প্রকল্পে লোক নিয়োগ পূর্ববৎ যথারীতি চালু থাকবে।

মোসাম্মৎ হামিদা বেগম
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা

নং সম(এসপি)-১০৭/৯৯-১৫

তারিখ : ১৭-০১-২০০০ খ্রিষ্টাব্দ
৪-১০-১৪০৬ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয় : শূন্যপদ পূরণের নিমিত্তে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ সংক্রান্ত।

সূত্র : এ মন্ত্রণালয়ের পরিপত্র

- (১) এমই (এসপি)-৪৪/৮৮(খন্ড)-৩৫ তারিখ : ১২-১-৮৯/২৯-৯-১৩৯৫।
- (২) এমই (এসপি)-৪৪/৮৮-২৮২ তারিখ : ১১-৫-১৯৯১/২৭-১-১৩৯৮।
- (৩) সম(এসপি)-২৪/৯৪-৪৫৭(২৫০) তারিখ : ১২-৭-৯৪/২৮-৩-১৪০১।

প্রশাসনিক পুনর্বিন্যাসের কারণে উদ্বৃত্ত কর্মচারী আত্মীকরণ এবং ভবিষ্যত সম্ভাব্য প্রশাসনিক পুনর্বিন্যাস এর জন্য শূন্যপদ সংরক্ষণের নিমিত্তে সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর এবং তদাধীনস্থ দপ্তরসমূহ ও সকল স্বায়ত্তশাসিত, আধা স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের রাজস্ব খাতভুক্ত পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের পদ্ধতি প্রচলিত আছে। তবে নিম্নবর্ণিত পদগুলোর ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্রের প্রয়োজন হয় নাঃ—

- (ক) ক্যাডার সার্ভিসভুক্ত সকল পদ।
- (খ) প্রতিরক্ষা কর্মবিভাগের বেসামরিক কর্মচারী ব্যতীত সকল পদ।
- (গ) বি ডি আর, আনসার এবং পুলিশ বাহিনীর সকল পদ, বাহিনী বহির্ভূত সহায়ক এবং করণিক কর্মচারীর পদ ব্যতীত।
- (ঘ) স্বায়ত্তশাসিত সংস্থার আওতাধীন ন্যাশনালাইজড এন্টারপ্রাইজসমূহের সকল পদ, যেমনঃ মিল কারখানাসমূহ পরিচালনার সাথে সংশ্লিষ্ট পদসমূহ।
- (ঙ) সরকার পরিচালিত আর্থিক প্রতিষ্ঠানসমূহ যথাঃ ব্যাংক, বীমা, ইনভেস্টমেন্ট কর্পোরেশন এবং হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ইত্যাদি।

২। সরকারের আকার সীমিতকরণ, ব্যয় সংকোচন এবং ভবিষ্যৎ প্রশাসনিক পুনর্বিন্যাসের লক্ষ্যে ১৯৯৪ সাল হতে উপর্যুক্ত ক্ষেত্রে মঞ্জুরিকৃত পদের ২০% শূন্যপদ সংরক্ষণের নীতিমালা অনুসরণ করা হচ্ছে।

৩। ২০০৬ সালের মধ্যে দেশকে নিরক্ষরতা মুক্তকরণ এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদানের সরকারি সিদ্ধান্তে প্রেক্ষিতে এখন হতে নিম্নবর্ণিত পদ পূরণে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হবে না।

- (ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদ।
- (খ) সরকারি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদ।
- (গ) থানা শিক্ষা অফিসার পদ।
- (ঘ) সহকারী থানা শিক্ষা অফিসার পদ।

৪। শূন্যপদ পূরণের ক্ষেত্রে ইতঃপূর্বে জারিকৃত সকল আদেশ নির্দেশ এই সংশোধনী সাপেক্ষে কার্যকর থাকবে।

এস, এম, আশরাফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

১০৪০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা

নং সম(এসপি)-৫৮/৯৯/২১০-৫০

তারিখ : ১০ মে ১৯৯৯ খ্রিঃ
২৭ বৈশাখ ১৪০৬ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয় : রাজস্বখাতভুক্ত পদে সরাসরি নিয়োগের নিমিত্তে ছাড়পত্রের বৈধতার মেয়াদ নির্ধারণ সংক্রান্ত।

- সূত্র : (ক) এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং এমই(এসপি)-৪৪/৮৮(খন্ড)-৩৫
তারিখ : ১২-১-৮৯।
(খ) এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং এমই(এসপি)-৪৪/৮৮(খন্ড)-৪৪৯
তারিখ : ১৩-৬-৮৯।
(গ) এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র নং এমই(এসপি)-৪৪/৮৮-১৮৪
তারিখ : ১৫-৩-৯২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের বরাতে জানানো যাইতেছে যে, মন্ত্রণালয়/বিভাগ ও ইহার অধীনস্থ বিভাগ/জেলা প্রশাসন/দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিতসংস্থা/কর্পোরেশন-সমূহে বিদ্যমান রাজস্বখাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদসমূহ পূরণের পূর্বে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের বিধান রহিয়াছে।

২। বেশ কিছু দিন যাবৎ লক্ষ্য করা যাইতেছে যে, ছাড়পত্র প্রদানের পর শূন্য পদ পূরণে অহেতুক বিলম্ব ঘটিতেছে। এই অহেতুক সময় ক্ষেপণে বিভিন্ন ধরনের প্রশাসনিক জটিলতা সৃষ্টি হইতেছে।

৩। বর্ণিত পরিস্থিতিতে, প্রশাসনিক জটিলতা এড়াইবার জন্য এবং প্রশাসনকে গতিশীলকরণের স্বার্থে, রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদসমূহ পূরণার্থে ছাড়পত্র আদেশ সংগ্রহের পর নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে শূন্যপদসমূহ পূরণ করিতে হইবে :

- (ক) সরকারি কর্মকমিশন সচিবালয়ের মাধ্যমে পূরণীয় পদসমূহের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ দুই বৎসর হইবে। তবে সরকারি কর্মকমিশন সচিবালয় যদি কোনো কারণে সুবিধাজনক সময় সীমার মধ্যে সুপারিশ প্রেরণ করিতে অসমর্থ হয়, তবে সুপারিশ প্রেরণের পর হইতে এক বৎসরের মধ্যে পদসমূহ পূরণ করিতে হইবে।
- (খ) মন্ত্রণালয়/বিভাগ ও ইহার অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তর/বিভাগ/জেলা প্রশাসন/থানা প্রশাসন, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং কর্পোরেশন কর্তৃক সরাসরি নিয়োগের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ হইবে সর্বোচ্চ এক বৎসর।
- (গ) নির্দিষ্ট সময় সীমার ভিতরে পদ পূরণে অসমর্থ হইলে নতুন করিয়া ছাড়পত্র গ্রহণ করিতে হইবে। তবে এক্ষেত্রে সরকারি কর্মকমিশন সচিবালয়ের সুপারিশ পুনরায় গ্রহণের প্রয়োজন হইবে না।
- (ঘ) ছাড়পত্রের বৈধতার মেয়াদের মধ্যে নিয়োগ প্রদানের সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া চূড়ান্ত নিয়োগপত্র প্রদান করিতে হইবে।

৪। সংস্থাপন মন্ত্রণালয়ের পূর্বানুমোদন/ছাড়পত্র প্রাপ্ত সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ বর্ণিত সময় সীমা অতিক্রান্ত হইবার পর পূরণ করা হইলে তাহা বিধি সম্মত হইবে না। এখন হইতে বিধি বহির্ভূতভাবে এইরূপ নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতনভাতাদি পরিশোধ না করিবার জন্য সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তাদেরকে অনুরোধ জানানো যাইতেছে।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

ডঃ শাহ মোহাম্মদ ফরিদ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-১

পরিপত্র

নং অম/অবি/বাউ-১/১এম(১)/৯৫/২৬,

তারিখ : ২৮-৯-১৪০২বাং
১১-০১-১৯৯৬ইং

বিষয় : চাকুরী প্রার্থী ইত্যাদিদের নিকট হইতে পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আদায়কৃত অর্থের জমাদান।

লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান চাকুরী প্রার্থী ইত্যাদিদের নিকট হইতে পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে অর্থ আদায় করিয়া থাকে। প্রচলিত নিয়ম অনুযায়ী সরকারি দপ্তর কর্তৃক আদায়কৃত এই ধরনের অর্থ সরকারী কোষাগারে ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব তহবিলে জমা হওয়ার কথা এবং প্রার্থী নির্বাচন তথা বাছাই পরীক্ষাসহ এতদসংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট সরকারি দপ্তর/সংস্থার বাজেট বরাদ্দ হইতে মিটানোর কথা। কিন্তু এই বিষয়ে কোন কোন ক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হইতেছে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, চাকুরী প্রার্থী ইত্যাদিদের নিকট হইতে পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে সরকারী দপ্তর কর্তৃক আদায়কৃত অর্থ অবশ্যই “৬৫ কর ব্যতীত বিবিধ প্রাপ্তি-অন্যান্য প্রাপ্তি” খাতে জমা করিতে হইবে এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব তহবিলে নিজস্ব আয় হিসাবে জমা করিতে হইবে। প্রার্থী নির্বাচনের লক্ষ্যে বাছাই পরীক্ষা অনুষ্ঠানসহ এতদসংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অনুমোদিত বাজেট বরাদ্দ হইতে মিটাইতে হইবে।

মোঃ মহিউদ্দীন খান
সিনিয়র সহকারী সচিব।

১০৪২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা।

পরিপত্র

নং সম/(এসপি)-২৪/৯৪-৪৫৭(২৫০)

তারিখ : ১২-৭-১৯৯৪ইং
২৮-০৩-১৪০১বাং

বিষয় : সম্ভাব্য প্রশাসনিক পুনর্বিন্যাসের আলোকে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং ইহার অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর এবং সংযুক্ত অফিসের সাংগঠনিক কাঠামো, কার্যপরিধি ও নিয়োজিত জনবল পুনর্বিন্যাস ও সুষমকরণের জন্য বর্তমানে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত একটি কমিটির কার্যক্রম চলিতেছে। তদপ্রেক্ষিতে উক্ত কমিটির সম্ভাব্য সুপারিশের আলোকে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের সাংগঠনিক কাঠামো তথা মঞ্জুরীকৃত পদ সংখ্যার হ্রাস-বৃদ্ধি ঘটিতে পারে। ফলে বর্তমানে শূন্য কোন পদ পূরণ করা হইলে এবং পরবর্তীতে কমিটির সুপারিশের কারণে উক্ত পদ বিলুপ্ত হইয়া গেলে নিয়োগের স্বল্প দিনের মধ্যে সংশ্লিষ্ট জনবলের চাকুরীচ্যুতির আশংকা রহিয়াছে। এমতাবস্থায় কমিটির সুপারিশ চূড়ান্ত না হওয়া পর্যন্ত শূন্য পদ পূরণ করা সমীচীন হইবে না।

উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে কমিটির সুপারিশ চূড়ান্ত ও ইহার উপর সরকারি সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত কেবলমাত্র অপরিহার্য ও অত্যাবশ্যিক ক্ষেত্র ছাড়া কোন শূন্য পদপূরণের জন্য ছাড়পত্র চাহিয়া সংস্থাপন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ না করিবার জন্য অনুরোধ করা যাইতেছে। ইহা ছাড়া অনুরূপ প্রস্তুত প্রেরণ করিবার ক্ষেত্রে অত্র মন্ত্রণালয়ের ১১-৫-১৯৯১ইং তারিখের সম(এসপি)-৪৪/৮৮-২৮২ নংস্মারকের (অনুলিপি সংযুক্ত) উল্লিখিত প্রতিটি তথ্য যথাযথ ভাবে সন্নিবেশ করতঃ উক্ত পদ পূরণের অপরিহার্যতার যৌক্তিকতা প্রদর্শন করিবার জন্যও অনুরোধ জানানো যাইতেছে।

শাহ মোহাম্মদ সানাউল হক
সহকারী সচিব (উদ্বৃত্ত)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৩ শাখা

নং সম/(বিধি-৩)/প্রেষণ-১/৯৩-১৮(৩০০)

তারিখ : ১৪-৪-৯৩ইং
৪-১-১৪০০বাং

পরিপত্র

বিষয় : বিভিন্ন কর্পোরেশন/বিধিবদ্ধ সংস্থার চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/সদস্য/পরিচালকগণকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।

স্বশাসিত/বিধিবদ্ধ সংস্থার পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/সদস্য/পরিচালক-গণকে প্রশাসনিক বা শৃঙ্খলাজনিত কারণে স্বপদ থেকে প্রত্যাহার করে অনেক সময় বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ করার প্রয়োজন হয় বিধায় এরূপ কর্মকর্তাগণকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা

হিসাবে নিয়োগের ক্ষেত্রে অত্র মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

প্রশাসনিক বা শৃঙ্খলাজনিত কারণে বিভিন্ন কর্পোরেশন/বিধিবদ্ধ সংস্থার পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/সদস্য/পরিচালকগণকে তাঁদের মূল সংস্থায় (Parent Organisation) স্ব স্ব পদ মর্যাদার বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসাবে নিয়োগ করা যেতে পারে। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/সদস্য/পরিচালক/সমতুল্য কর্মকর্তাগণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয় এবং সদস্য/পরিচালক/সমতুল্য কর্মকর্তাগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় এরূপ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে নিয়োগাদেশ জারী করবে। এসকল কর্মকর্তাগণের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগাদেশ বেতন ভাতাদি প্রদানের উদ্দেশ্যে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তার পদ সৃষ্টির মঞ্জুরী আদেশ হিসেবেও গণ্য হবে।

মোতাহার হোসেন
যুগ্ম-সচিব (বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাষ্ট্রপতির সচিবালয়
মন্ত্রিপরিষদ বিভাগ
পরিপত্র

নং মপবৈ-২৫/(৮)/৮৮/৪০৫(৩৮)-মপশা

তারিখ : ২রা ভাদ্র ১৩৯৫
১৭ই আগস্ট ১৯৮৮

বিষয় : মুক্তিযোদ্ধাদের সনদপত্র প্রসংগে।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, মুক্তিযোদ্ধাদের সনদপত্রে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যানের স্বাক্ষর এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মহামান্য রাষ্ট্রপতির প্রতিস্বাক্ষর থাকিতে হইবে। এইরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধাদের সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

২। মুক্তিযোদ্ধাদের সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠানের চাকুরীর ক্ষেত্রে বা তাহাদিগকে অন্য কোন সুযোগ-সুবিধা প্রদানসহ সকল ব্যাপারে শুধুমাত্র উপরোক্তভাবে স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রই মুক্তিযোদ্ধার সনদপত্র হিসাবে বিবেচিত হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

১০৪৪

মোঃ মুজিবুল হক
মন্ত্রিপরিষদ সচিব।

১০৪৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাষ্ট্রপতির সচিবালয়
মন্ত্রিপরিষদ বিভাগ

পরিপত্র

নং মপবৈ-২৫(৮)/৮৮/১১৫(৮৮)-মপশা

তারিখ : ১লা ফাল্গুন ১৩৯৫
১৩ই ফেব্রুয়ারী ১৯৮৮

বিষয় : মুক্তিযোদ্ধাদের সনদপত্র।

সূত্র : অত্র বিভাগের পরিপত্র নং মপবৈ-২৫(৮)৮৮/৪০৫(৩৮)-মপশা, তারিখ : ২রা ভাদ্র, ১৩৯৫/
১৭ই আগস্ট, ১৯৮৮।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র নং মপবৈ-২৫(৮)/
৮৮/৪০৫(৩৮)-মপশা তারিখ : ২রা ভাদ্র, ১৩৯৫/১৭ই আগস্ট, ১৯৮৮ (অনুলিপি সংযুক্ত) জারীর
তারিখের পূর্বে (অর্থাৎ ১লা ভাদ্র, ১৩৯৫/১৬ই আগস্ট, ১৯৮৮ তারিখ পর্যন্ত) যখন যে নিয়মে
মুক্তিযোদ্ধাদের সনদপত্র প্রদান করা হইত সেই নিয়মে যদি সনদপত্র যথাযথভাবে স্বাক্ষরিত ও
প্রতিস্বাক্ষরিত হইয়া থাকে, তাহা হইলে উহা মুক্তিযোদ্ধাদের সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে। তবে
১৭-৮-১৯৮৮ তারিখে জারীকৃত অত্র বিভাগের উপরোক্ত পরিপত্র জারীর তারিখ হইতে (অর্থাৎ ২রা
ভাদ্র, ১৩৯৫/১৭ই আগস্ট, ১৯৮৮ তারিখ হইতে) মুক্তিযোদ্ধাদের যে সনদপত্র প্রদান করা হইবে উহা
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যানের স্বাক্ষর এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান
উপদেষ্টা মহামান্য রাষ্ট্রপতির প্রতিস্বাক্ষর ব্যতীত কোনক্রমেই গ্রহণযোগ্য হইবে না।

এ, এফ, এম, সরওয়ার কামাল
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শাখা জেএ-২

নং সম(জেএ-২)/১৫/৮৯-৭১২

তারিখ : ৯ অগ্রহায়ন ১৩৯৭
২৪ নভেঃ ১৯৯০ইং

স্মারকপত্র

বিষয় : বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সরকারি/আধা-সরকারি সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরের জেলা
পর্যায়ের দপ্তর প্রধানগণের জেলা সদর হইতে অনুপস্থিতি প্রসংগে।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সরকারি/আধা-সরকারি সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরের জেলা
পর্যায়ের দপ্তর প্রধানগণের জেলা সদরে অনুপস্থিতি সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহের উদ্দেশ্যে সরকার
নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

- (ক) সংস্থাপন মন্ত্রণালয়ের ১১-৩-১৯৮৯ইং তারিখের, সম(জেএ-২)-১৫/৮৯-৫৬/১(১০০)
নং স্মারকমূলে দেশের প্রতিটি জেলার জেলা প্রশাসকের দপ্তরে গঠিত “ছুটি সেল” এর
নাম পরিবর্তন করিয়া “ছুটি ও তথ্য সেল” করা হইল। এই সেলগুলি জেলা পর্যায়ের

সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত বিভিন্ন সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরের দপ্তর প্রধানগণের যে কোন কারণে জেলা সদর হইতে অনুপস্থিত থাকা সম্পর্কিত তথ্যের ভাণ্ডার হিসাবে কাজ করিবে।

- (খ) জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা জজ ব্যতিরেকে, জেলা পর্যায়ে কর্মরত সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সকল অফিস প্রধানগণ নিজ নিজ যাবতীয় ছুটি, ভ্রমণ অথবা অন্য কোন কারণে স্থায়ী জেলাসদর ত্যাগের পূর্বেই জেলা প্রশাসকের দপ্তরের গঠিত ছুটি ও তথ্য সেলে প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত ছক (পরিশিষ্ট-ক) অনুযায়ী নিয়মিতভাবে প্রেরণ করিবেন।

২। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ তাহাদের অধীনস্থ সরকারি/আধা-সরকারি সংস্থা/স্বায়ত্তশাসিত বিভিন্ন সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরের জেলা পর্যায়ের দপ্তর প্রধানগণের নিকট উপরোক্ত সরকারি সিদ্ধান্তসমূহ সুষ্ঠুভাবে পালনের জন্য অবিলম্বে প্রেরণ করিবে।

৩। জেলা প্রশাসকগণ তাহাদের কার্যালয়ে “ছুটি ও তথ্য সেল” এর কার্যক্রম সম্পর্কে ব্যক্তিগতভাবে লক্ষ্য রাখিবেন। মহামান্য রাষ্ট্রপতি অথবা মাননীয় মন্ত্রী মহোদয়ের যে কোন জেলায় সফরকালে সংশ্লিষ্ট জেলা প্রশাসক পর্যায়ের দপ্তর প্রধানগণের অনুপস্থিতিতে সম্পর্কে “ছুটি ও তথ্য সেল” এ সংগৃহীত তথ্যের ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতি বা মাননীয় মন্ত্রী মহোদয়গণকে অবহিত করিবেন।

কে এম রাব্বানী
সচিব

কর্মকর্তার নাম, পদবী, কার্যালয়ের ঠিকানা ও টেলিফোন নং	জেলা সদর হইতে/স্থায়ী দপ্তর হইতে অনুপস্থিতির মেয়াদ				অনুপস্থিতির কারণ						মন্ডব্য	
	যাওয়া		সম্ভব্য ফিরিয়া আসার		ছুটি			ভ্রমণ		অন্যান্য		
	তারিখ	সময়	তারিখ	সময়	ছুটি কাহার কাছে হইতে নেওয়া হইয়াছে	স্টেশন ত্যাগের অনুমতি দেওয়া হইয়াছে কি না	ছুটিতে থাকাকালীন ঠিকানা ও টেলিফোন নং	গন্ডব্য স্থান	উদ্দেশ্য	গন্ডব্য স্থান		উদ্দেশ্য

কর্মকর্তার স্বাক্ষর

(সীল)

- দ্রষ্টব্য :** ১। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের “ছুটি ও তথ্য সেল” এ প্রতিবেদন জমাপূর্বক তথ্য প্রদানকারী কর্মকর্তা রিসিট গ্রহণ করিবেন। অন্যথায় কোনরূপ তথ্য প্রদান ছাড়াই তিনি কর্মস্থল ত্যাগ করিয়াছেন বলিয়া ধরা হইবে।
- (২) ছকের সকল কলাম যথাযথভাবে পূরণ করিতে হইবে। অপূর্ণ প্রতিবেদন জেলা প্রশাসক/ভারপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানকারী কর্মকর্তাকে তাৎক্ষণিক সঠিকভাবে পূরণের জন্য ফেরৎ দিবে।

১০৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা : ৬১.১.৫.০.৬.৯২-৭৯৫(৫৫)

তারিখ : ১৪-১০-১৯৯২ইং
২৯-৬-১৪৯৯বাং

পরিপত্র

বিষয় : প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরিত কার্যাবলী নিষ্পত্তি প্রসংগে।

প্রধানমন্ত্রীর কার্যালয় একটি বিভাগ হিসাবে বর্তমানে কার্যক্রম পরিচালনা করে আসছে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের মতই স্বাভাবিক নিয়মে প্রধানমন্ত্রীর কার্যালয়ে কার্য নিষ্পত্তি হয়ে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য অত্র কার্যালয়ে প্রতিনিয়তই বিভিন্ন বিষয়ে সার-সংক্ষেপ/প্রস্তুত আসে এবং এ সকল সার-সংক্ষেপ প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত নিষ্পত্তির জন্য ব্যবস্থা গৃহীত হয়। কিন্তু অনেক সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে অত্র কার্যালয়ে প্রক্রিয়াজাত করার সময় না রেখে সার-সংক্ষেপ/প্রস্তুত প্রেরণ করা হয়। সার-সংক্ষেপ/প্রস্তুত অত্র কার্যালয়ে পৌঁছানোর পূর্বে বা সাথে সাথে উর্ধ্বতন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদের টেলিফোনে ও ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ পূর্বক তাগিদ দেয়া হয়। অনেক সময় মন্ত্রণালয়/বিভাগের উর্ধ্বতনদের দ্বারা সার-সংক্ষেপ স্বাক্ষরিত হবার অনেক পর তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে পৌঁছানো হয়।

২। এ প্রসংগে বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারীকৃত পত্র সংখ্যা ৫১.১১০.২.০.৬.৯২-৬০(১০০০) তাং ৩১-৩-১৯৯২ইং ১৭-১২-১৯৯৮বাং এর অনুচ্ছেদ-৭ এ কলামে বিশেষ ভাবে দৃষ্টি দেয়া যেতে পারে। বিদেশ ভ্রমণের প্রস্তুতের সহিত কি কি বিষয়সমূহ প্রেরণ করা প্রয়োজন উক্ত অনুচ্ছেদে উহা পরিষ্কারভাবে বিধৃত থাকা সত্ত্বেও প্রায় ক্ষেত্রে দেখা যায় ইহার ব্যত্যয় ঘটছে। তদুপরি বিভিন্ন চিঠিপত্র/সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বরাবরে প্রেরণ না করে অন্যান্য কর্মকর্তাদের নামে প্রেরিত হয়। ফলে সংশ্লিষ্ট প্রস্তুতাবলীর অবস্থান নিশ্চিত করা এবং বিষয়গুলি যথাযথ পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণে ক্ষেত্র বিশেষে বিব্রতকর অবস্থার সূচনা হয়।

৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত বিষয়গুলি যথাযথভাবে প্রক্রিয়াজাত এবং দ্রুত নিষ্পত্তিতে সহায়তা করার জন্য এখন থেকে নিম্নরূপ ব্যবস্থাদি অনুসরণ করতে হবে :

- (ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সাধারণভাবে প্রক্রিয়াজাত করার প্রয়োজনীয় সময় রেখে অত্র কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করবে। সার-সংক্ষেপ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষরের পর অত্র কার্যালয়ে প্রেরণে বিলম্ব পরিহারে বিশেষভাবে সচেতন হতে হবে।
- (খ) অত্র কার্যালয়ে প্রেরিত চিঠিপত্র/সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বরাবরে প্রেরণ করতে হবে। বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট মহাপরিচালক/পরিচালক এর দৃষ্টি আকর্ষণ করতঃ তা প্রেরণ করা যাবে।
- (গ) বিদেশ ভ্রমণসহ যে সকল ক্ষেত্রে সীমাবদ্ধতা আছে সে সকল সার-সংক্ষেপ প্রয়োজনীয় সংলগ্নীসহ উক্ত সময় সীমার ন্যূনতম ৭ দিন পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে অত্র কার্যালয় থেকে জারীকৃত পত্র সংখ্যা-৫১.১১০.২.০.৬.৯২-৬০(১০০০) তাং ৩১-৩-১৯৯২ইং ১৭-১২-১৯৯৮বাং এর অনুচ্ছেদ ৭ এ উলিখিত প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুতের সহিত অবশ্যই প্রেরণ করতে হবে।

(ঘ) অত্যন্ড জরুরী ক্ষেত্রে সময় সীমা উত্তীর্ণ হওয়ার ৩ দিন পূর্বে অত্র কার্যালয়ের সংশ্লিষ্ট মহাপরিচালক/পরিচালক পর্যায়ে উপযুক্ত কর্মকর্তাদের মাধ্যমে স্মরণ করানো যেতে পারে। এ সকল ব্যাপারে অত্র কার্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ, তাঁদের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারীদের সাথে যোগাযোগ বাঞ্ছনীয় নয়।

৪। সরকারের কার্য নিষ্পত্তিতে সহায়তা প্রদান এবং বিলম্ব এড়ানোর নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে উল্লেখিত ব্যবস্থাাদি অনুসরণের সবিনয় অনুরোধ জানানো যাচ্ছে।

মোঃ বদিউজ্জামান
মহাপরিচালক (প্রশাসন)।

১০৪৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা

নং সম(এসপি)-৪৪/৮৮-১৮৪

তারিখ : ১৫-০৩-৯২ খ্রিঃ
১-১২-৯৮ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয় : মন্ত্রণালয়/বিভাগ এবং ইহার অধীনস্থ দপ্তর সমূহের শূন্য পদ পূরণের পূর্বে ছাড়পত্র গ্রহণ প্রসংগে।

সূত্র : অত্র মন্ত্রণালয়ের পরিপত্র নং

- (১) এমই (এসপি)-৪৪/৮৮(খন্ড)-৩৫ তারিখ : ১২-০১-৮৯ইং।
- (২) এমই (এসপি)-৪৪/(খন্ড)-৪৪৯ তারিখ : ১৩-৬-১৯৮৯ইং।
- (৩) এমই (এসপি)-৪৪/৮৮-২৮২ তারিখ : ১১-৫-৯১ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে আদিষ্ট হইয়া জানান যাইতেছে যে, মন্ত্রণালয়/বিভাগ এবং ইহার অধীনস্থ দপ্তরসমূহে বিদ্যমান সকল প্রকার (সরাসরি ও পদোন্নতির মাধ্যমে পূরণ যোগ্য) শূন্য পদ পূরণের পূর্বে সংস্থাপন মন্ত্রণালয় হইতে ছাড়পত্র গ্রহণের যে নির্দেশাবলী জারী করা হইয়াছিল সেইগুলি পরীক্ষা করিয়া সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, এখন হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ যোগ্য পদসমূহ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের প্রয়োজন হইবে না।

২। অতএব, মন্ত্রণালয় ও বিভাগসমূহকে এখন হইতে ছাড়পত্র গ্রহণের প্রস্তুত প্রেরণের সময় কেবলমাত্র সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।

৩। সরকারি নির্দেশানুসারে সংস্থাপন মন্ত্রণালয়ের পূর্বানুমোদন/ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ পূরণ করা হইলে তাহা বিধি সম্মত হইবে না। বিধায় এইরূপ অবৈধভাবে নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের বেতন পরিশোধ না করিবার জন্য সংশ্লিষ্ট প্রধান/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তাগণকে অনুরোধ জানানো যাইতেছে।

মোঃ আবদুল গণী
উপ-সচিব (উদ্বৃত্ত)।

১০৪৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা

নং সম(এসপি)-৪৪/৮৮-২৮৩

তারিখ : $\frac{১১-০৫-৯১ \text{ ইং}}{২৭-০১-৯৮ \text{ বঙ্গাব্দ}}$

বিষয় : শূন্যপদ পূরণের জন্য ঘটনা উত্তর অনুমোদন/ভূতাপেক্ষ ছাড়পত্র প্রদানের প্রস্তুত প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : অত্র মন্ত্রণালয়ের স্মারক নং এমই(এসপি)-৪৪/৮৮(খন্ড)-৪৪৯ তারিখ : ৩০-০২-৯৬বাং/
১৩-০৬-৮৯ইং।

উপরোক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারের সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও কোন কোন মন্ত্রণালয়/বিভাগ ও তাদের অধীনস্থ দপ্তরসমূহ তাদের নিয়ন্ত্রণাধীনে বিদ্যমান শূন্য পদ পূরণের পূর্বে সংস্থাপন মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন/ছাড়পত্র গ্রহণ ছাড়াই কর্মচারী নিয়োগ করে ঘটনা উত্তর অনুমোদন/ছাড়পত্র প্রদান করার জন্য অনুরোধ জানায়। এ ধরনের অনুরোধ সরকারি আদেশ, সার্কুলার ও নির্দেশের প্রতি অবজ্ঞার শামিল এবং এ ধরনের অনিয়মের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীরা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ১৯৮৫ এর আওতায় শাস্তি পাবার যোগ্য।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও তাদের অধীনস্থ দপ্তরসমূহকে এ ধরনের অনিয়ম ও বিধি বহির্ভূত কার্যক্রম থেকে বিরত থাকার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে এবং এখন থেকে এ ধরনের ঘটনা উত্তর অনুমোদন/ভূতাপেক্ষ ছাড়পত্র গ্রহণের কোন প্রস্তুত অত্র মন্ত্রণালয়ে বিবেচনা না করিবার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সেমতে এ ধরনের অনিয়ম ও বিধি বহির্ভূত কাজের যেন পুনরাবৃত্তি না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সকলের সতর্ক দৃষ্টি রাখিতে অনুরোধ জানানো যাচ্ছে।

মোঃ হেলাল উদ্দিন খান
উপ-সচিব (উদ্বৃত্ত)।

বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭

১৯৮৭ সনের ২নং আইন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩নং অনুচ্ছেদের বিধানকে পূর্ণরূপে কার্যকর করিবার
উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু সংবিধানের ৩ অনুচ্ছেদের বিধানাবলী পূর্ণরূপে কার্যকর করিবার এক্ষণে তৎসংক্রান্ত বিষয়ের জন্য বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় :

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরনামা ঃ—(১) এই আইন “বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭” নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

২। সংজ্ঞাঃ—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে “অনুচ্ছেদ” অর্থে সংবিধানের অনুচ্ছেদ বুঝাইবে।

৩। প্রবর্তন কার্যকরী ব্যবস্থা ঃ—(১) এই আইন প্রবর্তনের পর বাংলাদেশের সর্বত্র তথা সরকারি অফিস, আদালত, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বিদেশের সাথে যোগাযোগ ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে নথি ও চিঠিপত্র, আইন আদালতের সওয়াল জবাব এবং অন্যান্য আইনানুগত কার্যাবলী অবশ্যই বাংলায় লিখিত হইবে।

(২) ৩(১) উপ-ধারায় উল্লেখিত কোন কর্ম স্থলে যদি কোন ব্যক্তি বাংলা ভাষা ব্যতীত অন্য কোন ভাষায় আবেদন বা আপীল করেন তাহা হইলে উহা বেআইনী ও অকার্যকর বলিয়া গণ্য হইবে।

(৩) যদি কোন কর্মকর্তা বা কর্মচারী এই আইন অমান্য করেন তাহা হইলে উক্ত কার্যের জন্য তিনি সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধির অধীনে অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং তাহার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃংখলা ও আপীল বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। বিধি প্রণয়নের ক্ষমতা ঃ—সরকার সরকারি গেজেট বিজ্ঞপ্তি দ্বারা এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১০৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসভা বৈঠক শাখা

নং মপবি/মসশা/বিবিধ-৫/২০০৩-৪৭০

তারিখঃ ১৬ মে ২০০৭
২ জ্যৈষ্ঠ ১৪১৪

বিষয় : মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকে উপস্থাপনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ প্রসংগে।

রুলস অব বিজনেস ১৯৯৬ এর চতুর্থ অধ্যায়ে মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকের কার্য-পদ্ধতি বিস্তারিত বর্ণনা করা হয়েছে। কোন কোন ক্ষেত্রে মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকের জন্য কার্যপত্র প্রেরণ, মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত সংরক্ষণ, সংশ্লিষ্টদের অবহিতকরণ, বাস্তবায়ন অনুসরণ এবং উত্তরসূরির নিকট হস্তান্তর বিষয়ে রুলস অব বিজনেস ১৯৯৬ এ বর্ণিত বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২। মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠক সংশ্লিষ্ট বিষয়সমূহের ক্ষেত্রে এ বিষয়ে প্রচলিত বিধি-বিধান/রীতসমূহের বিবরণী (সংযুক্ত) অনুসরণকরতঃ মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকে উপস্থাপনের জন্য সার-সংক্ষেপ প্রস্তুতকরণ, সিদ্ধান্ত সংরক্ষণ, সংশ্লিষ্টদের অবহিতকরণ, বাস্তবায়ন অনুসরণ এবং উত্তরসূরির নিকট হস্তান্তর বিষয়ে যথাযথ কার্য ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ সফিকুল ইসলাম
যুগ্ম-সচিব (মন্ত্রিসভা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ শাখা

নং সম/উনি১-৫৭/৮৬-১৮(১০০)

তারিখঃ ১৩ই জানুয়ারী ১৯৮৭
২৮ পৌষ ১৩৯৩

অফিস স্মারক

বিষয় : সরকারি কর্মকর্তাদের নিয়োগ/বদলির বিষয়ে অবাঞ্ছিত তদবীর/সুপারিশ সংক্রান্ত।

গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক কর্মকর্তা বর্তমানে কর্মস্থল থেকে বদলির আদেশ জারী করার পরও নতুন কর্মস্থলে যোগদান করেন না। বরং যাতে নতুন কর্মস্থলে যোগদান করতে না হয় এজন্যে কালক্ষেপণ করেন এবং বদলি বাতিলের জন্য অবাঞ্ছিত তদবীরের আশ্রয় নেন। তাছাড়া অনেক কর্মকর্তা বিশেষ স্থানে বা বিশেষ পদে যাওয়ার জন্যও তদবীরের আশ্রয় নেন। এ ধরনের তদবীর ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালার আওতায় অসদাচারণ বলে গণ্য করা হয় এবং তা শাস্তিযোগ্য অপরাধ। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট সকল কর্মকর্তার দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে এবং এ ধরনের তদবীরের আশ্রয় নেয়া থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। যাহারা এ ধরনের তদবীরের আশ্রয় নেবেন, ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালার আওতায় তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার বার্ষিক গোপনীয় প্রতিবেদনেও তা সন্নিবেশিত করা হবে।

মোঃ শামসুল হক চিশ্তী
সচিব।

১০৪৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সওব্য-২

অফিস স্মারক

নং সম(সওব্য-২)-০১/২০০৯-১৭৪

তারিখ : ১৪ আষাঢ় ১৪১৬
২৮ জুন ২০০৯

বিষয়ঃ কম্পিউটারের সাথে সংগতি রেখে সাঁটলিপিকার/স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক এর পরিবর্তিত পদবীর নিয়োগযোগ্যতা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : সম(সওব্য-২)-০১/২০০৯-১৫৬/১

তারিখ : ১১-০৬-২০০৯

সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও বিভিন্ন সরকারী অফিসে জনবল কাঠামোতে নিয়োজিত সাঁটলিপিকার/স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক এর পরিবর্তিত পদবীর জন্য নিম্নরূপ নিয়োগযোগ্যতা নির্ধারণ করা হলো :

বর্তমান পদবী	পরিবর্তিত পদবী	নিয়োগযোগ্যতা
সাঁটলিপিকার/ স্টেনোগ্রাফার	সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর	সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহার সম্পর্কিত অংশ পরিবর্তন করে কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ নির্ধারণ করা হলো : (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।
সাঁট-মুদ্রাক্ষরিক	সাঁট-মুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর	সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহার সম্পর্কিত অংশ পরিবর্তন করে কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ নির্ধারণ করা হলো : (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।

অফিস সহকারী- কাম-মুদ্রাক্ষরিক	অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহার সম্পর্কিত অংশ পরিবর্তন করে কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ নির্ধারণ করা হলো : (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।
মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী	সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহার সম্পর্কিত অংশ পরিবর্তন করে কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ নির্ধারণ করা হলো : (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।
মুদ্রাক্ষরিক	কম্পিউটার মুদ্রাক্ষরিক	সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের ব্যবহার সম্পর্কিত অংশ পরিবর্তন করে কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ নির্ধারণ করা হলো— (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।

০২। পরিবর্তিত পদসমূহের বেতনস্কেল ও পদোন্নতি সোপান অপরিবর্তিত থাকবে এবং নতুন নামকরণের ফলে সংশ্লিষ্ট নিয়োগবিধির তফসিলে প্রাসঙ্গিক পরিবর্তন আনতে হবে।

বিশ্বনাথ বণিক
উপ-সচিব (সওব্যা-১)
ফোন : ৭১৬৫৪৭১

১০৫১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সওব্য-২
প্রজ্ঞাপন

নং সম(সওব্য-২)-০১/২০০৯-১৭৩

তারিখঃ ১৪ আষাঢ় ১৪১৬
২৮ জুন ২০০৯

সরকার সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও বিভিন্ন সরকারী অফিসে জনবল কাঠামোতে নিয়োজিত সাঁটলিপিকার/স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদবী নিম্নরূপভাবে পরিবর্তন করিলেন :

ক্রমিক নং	বর্তমান পদবী	পরিবর্তিত পদবী
(১)	সাঁটলিপিকার/ স্টেনোগ্রাফার	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর
(২)	সাঁট-মুদ্রাক্ষরিক	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর
(৩)	অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
(৪)	মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী
(৫)	মুদ্রাক্ষরিক	কম্পিউটার মুদ্রাক্ষরিক

শর্তাবলী :

(ক) পরিবর্তিত পদসমূহের বেতন-স্কেল ও পদোন্নতি সোপান অপরিবর্তিত থাকিবে;

০২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ লুৎফুর রহমান
যুগ্ম-সচিব(সওব্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ অধিশাখা

নং সম(বিধি-৪)-সংশোধন(বিরতি)-৫/২০০৯-২৩৭

তারিখঃ ০১ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ
১৫ জুন ২০০৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সরকার ১৯ জুন, ২০০৯ তারিখ শুক্রবার দিবাগত রাত ১১.০০ ঘটিকায় ঘড়ির কাঁটা সারাদেশে ১ ঘন্টা এগিয়ে নিয়ে ঐ সময় রাত ১২.০০ ঘটিকা করে বাংলাদেশে আলো সংরক্ষণ সময় (Daylight Saving Time) ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেমতে ৮ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে জারিকৃত সম(বিধি-৪)-ছুটি-১১/২০০০-১৪৯ নং বিজ্ঞপ্তিতে যোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতির জন্য নির্ধারিত সময় বেলা ১.০০ হতে ১.৩০ ঘটিকার স্থলে ২.০০ হতে ২.৩০ মিনিট নির্ধারণ করা হল। উক্ত বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে। আগামী ২০ জুন, ২০০৯ তারিখ থেকে ঘড়ির কাঁটা এগিয়ে আনার সিদ্ধান্ত বলবৎ থাকাকালীন সময় পর্যন্ত এই সময়সূচি বহাল থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইব্রাহীম খলীল
উপ-সচিব।

১০৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ অধিশাখা
www.moestab.gov.bd

নং সম(বিধি-৪)-সংশোধন(সময়)-৬/২০০৯-৩৯১

তারিখ : ৩০ আশ্বিন ১৪১৬ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০০৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : ঢাকা মহানগরীর সকল সরকারি, বেসরকারি অফিস, বিধিবদ্ধ সংস্থা, আর্থিক প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকালীন সময়সূচী নির্ধারণ।

যানজট নিরসনের একটি পদক্ষেপ হিসেবে ঢাকা মহানগরীর সকল সরকারি, বেসরকারি অফিস, বিধিবদ্ধ সংস্থা এবং আর্থিক ও শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকালীন সময়সূচী জনস্বার্থে সরকার নিম্নরূপভাবে নির্ধারণ করেছে :

ক্রমিক নং	অফিস/প্রতিষ্ঠানের নাম	কর্মকালীন সময়সূচী
১.	সরকারি, আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা।	সকাল ৯.০০ হতে বিকেল ৫.০০ টা
২.	ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান।	সকাল ১০.০০ হতে বিকেল ৬.০০ টা
৩.	বেসরকারি অফিস/প্রতিষ্ঠান।	সকাল ১০.০০ হতে বিকেল ৬.০০ টা
৪.	ঢাকা মহানগরীর সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান :	
	(ক) প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কিন্ডার গার্টেনসহ)।	সকাল ৯.৩০ হতে বিকেল ৪.১৫ টা
	(খ) ঢাকা মহানগরীর ইংলিশ মিডিয়াম স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল, প্রাথমিকস্কেডুল সংযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় (School & College)।	ক্লাশ শুরুর সময় হবে সকাল ৭.৩০ টা হতে ৮.৩০ টার মধ্যে। একই এলাকায় অবস্থিত একাধিক শিক্ষা প্রতিষ্ঠান স্থানীয় এলাকার যানজট পরিস্থিতি বিবেচনা করে পরস্পরের মধ্যে আলোচনা ও সমঝোতার মাধ্যমে সকাল ৭.৩০ টা হতে ৮.৩০ টা পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ক্লাশ আরম্ভের পৃথক পৃথক সময়সূচী নির্ধারণ করতে পারবে। তবে কোনক্রমেই এক শিফটের জন্য পাঠদান সময় ০৬ ঘন্টার এবং ডবল শিফটের জন্য পাঠদান সময় ০৫ ঘন্টার কম হবে না।

০২। পরিবর্তিত কর্মকালীন এ সময়সূচি নিম্নোক্ত তারিখ হতে কার্যকর হবে :—

(১)(ক) সরকারি, আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, (খ) ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এবং (গ) বেসরকারি অফিস/প্রতিষ্ঠান ১৮ অক্টোবর, ২০০৯/০৩ কার্তিক ১৪১৬ রোজ রবিবার হতে ; এবং

(২)(ক) প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কিন্ডার গার্টেনসহ) এবং (খ) ঢাকা মহানগরীর ইংলিশ মিডিয়াম স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল, প্রাথমিকস্‌ডর সংযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় (School & College) ০১ নভেম্বর ২০০৯/ ১৭ কার্তিক, ১৪১৬ রোজ রবিবার হতে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইব্রাহীম খলীল
উপ-সচিব।

১০৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-৪/১/২০০৭-বিধি/১৩৯

তারিখ : ৯ আশ্বিন ১৪১৫
২৪ সেপ্টেম্বর ২০০৮

পরিপত্র

বিষয় : Rules of Business, 1996 এর বিধান লঙ্ঘন করে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার বিভিন্ন পদে পদায়ন সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারি কার্যাবলী বণ্টন ও পরিচালনার জন্য Rules of Business, 1996 প্রণীত হয়েছে এবং সরকারি কার্যপরিচালনায় তা পূর্ণাঙ্গরূপে অনুসরণ করা প্রজাতন্ত্রের সকল কর্মচারীর জন্য বাধ্যতামূলক। উক্ত বিধি-বিধান লঙ্ঘন অনাকাঙ্ক্ষিত এবং শৃঙ্খলা পরিপন্থি।

২। Rules of Business, 1996 এ মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে পরামর্শ সংক্রান্ত বিস্তারিত উল্লেখ রয়েছে। উক্ত Rules এর rule-12-এ সুনির্দিষ্ট কয়েকটি বিষয়সহ নিম্নোক্ত বিষয়সমূহ সংস্থাপন মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করার সুস্পষ্ট নির্দেশনা রয়েছে :

12. Consultation with Ministry of Establishment.—

(iv) initial appointment to all posts of NPS-IX and above in the Ministries/Divisions which are outside the purview of the Bangladesh Public Service Commission;

(vi) Posting of Non-Secretariat officers in the Ministries/Divisions or Attached Departments.

৩। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা Rules of Business, 1996 এর rule-12 অমান্য করে জাতীয় বেতন স্কেল-৯ (NPS-IX) ও তদুর্ধ্বের যে সকল পদ বাংলাদেশ সরকারি কর্ম-কমিশনের আওতা বহির্ভূত সে সকল পদে সংস্থাপন মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ না করে সরাসরি প্রাথমিক নিয়োগ করেছে। এছাড়া সংস্থাপন মন্ত্রণালয়ের সাথে কোনরূপ পরামর্শ গ্রহণ না করেই নন-সেক্রেটারিয়েট অফিসারগণকে মন্ত্রণালয়/বিভাগ বা সংযুক্ত দপ্তর/সংস্থায় পদায়ন করেছে, যা স্পষ্টতই বিধি লঙ্ঘন তথা শৃঙ্খলা পরিপন্থি।

৪। তদুপরি Rules of Business, 1996 এর Schedule-V এর ক্রমিক ৪ অনুযায়ী উপসচিব হতে সচিব পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণের সচিবালয়ে নিয়োগের বিষয় সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করার কথা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ এর ব্যত্যয় ঘটিয়ে সরাসরি এ সকল পদে পদায়ন/নিয়োগ করেছে। এক্ষেত্রেও Rules of Business, 1996 এর লঙ্ঘন ঘটছে।

৫। এমতাবস্থায়, সরকারের কার্যপরিচালনা পদ্ধতি যথাযথ অনুসরণ করে প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে বিধি-নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরামর্শ গ্রহণপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণার্থে Rules of Business, 1996 এ বর্ণিত rule-12 সহ আন্তঃমন্ত্রণালয় পরামর্শ সম্পর্কিত সংশ্লিষ্ট বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য এবং সাংবিধানিক ক্ষমতাবলে প্রণীত Rules of Business, 1996 এর বিধি-বিধানসমূহ ভবিষ্যতে যাতে লঙ্ঘন করা না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলী ইমাম মজুমদার
মন্ত্রিপরিষদ সচিব।

১০৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১) এস-১৫/২০০২-৪৩০(৫০০)

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪১১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০০৪ খ্রিঃ

পরিপত্র

বিষয় : সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা শিথিলকরণ প্রসঙ্গে।

বিভিন্ন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থী/অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর নির্ধারিত বয়স সীমা শিথিলকরণের লক্ষ্যে প্রায়শঃ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে সংস্থাপন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগকে মতামত প্রদানের অনুরোধ জানানো হয়। এ প্রসঙ্গে জানানো যাচ্ছে যে, প্রকৃতপক্ষে শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে অন্য কোন বিধির আওতায় বা প্রকল্পে নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে পেনশন বা এ জাতীয় অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের উদ্দেশ্যে বিভাগীয় প্রধান এবং অন্যান্য নিয়োগকারী কর্তৃপক্ষ প্রার্থীর বয়স প্রমার্জন করতে ক্ষমতাবান। বর্তমানে যেহেতু চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বয়স সীমা কেন্দ্রীয়ভাবে সরকার কর্তৃক নিয়ন্ত্রিত এবং তা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নিয়োগ বিধিতে সুনির্দিষ্টভাবে উল্লেখিত, সেহেতু বিভাগীয় প্রধান বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীর বয়স সীমা প্রমার্জনের কোন বিধিগত সুযোগ নেই।

লোকমান হাকিম
যুগ্ম-সচিব (বিধি)
সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
নিরাপত্তা শাখা-২

নং স্বঃমঃ নিরাপত্তা-২/২০০৮ (নিরাপত্তা-২)/১০১৯

তারিখঃ ৩০-৪-২০০৯

বিষয় : বাংলাদেশ সচিবালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও নিশ্চিতকরণের লক্ষ্যে সচিবালয়ের প্রবেশের “প্রবেশ পত্র” বৃকে ঝুলিয়ে প্রদর্শনকরণ।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা শাখা-২ এর স্মারক নং নিরাপত্তা-২/২০০৮(নিরা-২)/৭৬৯
তারিখ : ০১-০৪-২০০৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে গত ১৭-৩-২০০৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্তে মোতাবেক বাংলাদেশ সচিবালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও নিশ্চিতকরণের নিমিত্ত আইন শৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করার লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীকে সচিবালয়ে প্রবেশের “প্রবেশ পত্র” বৃকে ঝুলিয়ে প্রদর্শন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত
৩০-৪-২০০৯
খান মোহাম্মদ বিলাল
উপ-সচিব।

১০৫৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১৬/১/৯১-বিধি/১৩৮

তারিখ : ১৭ ভাদ্র ১৪১৬
০১ সেপ্টেম্বর ২০০৯

পরিপত্র

বিষয় : কর্মকর্তাদের অফিসে পরিধেয় পোষাক।

সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের অফিসে পরিধেয় পোশাকের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ মে ১৯৮২ তারিখের ১৬/১/৮২-বিধি নং সার্কুলার সংশোধনক্রমে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, সকল পুরুষ কর্মকর্তা মার্চ—নভেম্বর সময়ে আনুষ্ঠানিক বাধ্যবাধকতা ব্যতিরেকে স্যুট-টাই পরিধান না করিয়া অফিসে প্যান্ট, শার্ট (অর্ধ/পুরাহাতা) পরিধান করিবেন।

২। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

এম আবদুল আজিজ এনডিসি
মন্ত্রিপরিষদ সচিব।

বাঃসঃমুঃ-২০০৯/১০-২৭১৯ কম (বি)—১০,০০০ বই, ২০১০।